


क कराव भी कवना अकाशकत वास्त्री व शिका अधरक पीनेक गांत्र । प्राप्त व वक्क व प्रारंभ अतरभवान जगवान । धामा भोरक भागपदास्य कथा काक मिका प्रांग कतान थान भागायात अन्होन् इत्। स्ट्रांट्रहरूना अहाराख यथन कतिहरूनार जयन जारहण्य समाय भनीमी छ शिवरजना भगामकारण किमराज राषरत जीत गढणांगळ करमाकरणन। ত আচেতনা মহাপ্রভাগ শিক্ষায় ও আদর্শে অনুপ্রাণিত राज्य भाषा कट्याहिका।

া শবিনাজ গোস্বামী বিনচিত "শ্রীচেডনা চরিতামৃত" নুৰাদ কৰে সানা পথিনীকে আজ ভগৰৎ-চেতনায় উদ্বন্ধ । মহাপ্রভারত এক অতি অন্তরন্ত পার্যদ কুমকুপাঞ্জীমতি यिन एफिरनमास क्षेत्री शक्षाम। এই श्रम्रिट श्रीम Sri Caitanya Caritamrita এর বাংলা অনুবাদ। তন প্রতিটি শ্লোকের শবদার্থ, অনুবাদ এবং বিশ্বদ তাহপর্য म अकार्षिक व्ययस्थ। याता वीरिवर्णना महाशकृत स्वयक्त টি প্রস্তের মাধ্যমে তারা শ্রীচৈতনা মহাপ্রভ এবং তার কত তত্ত্ব মধামধ্য জানাসম করতে সক্ষম হবেন।



শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বিরচিত

# মধ্যলীলা প্রথম খণ্ড



কৃষ্ণকৃপাশ্ৰীমূৰ্তি

শ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদ

আন্তর্জাতিক ককভাবনামত সংযের প্রতিষ্ঠাতা আচার্য

শ্রীওক-সৌরাসৌ জনতা

শ্রীল কৃষদাস কবিরাজ গোস্বামী কৃত

# শ্রীচৈতন্য-চরিতামৃত

মাসিক হরেকৃক সমাচার

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ । জয়াহৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ ॥

## জগদ্খক শ্রীল ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ রচিত গ্রন্থাবলী :

শ্রীমন্তগবদ্গীতা যথাযথ গীতার গান ত্রীমন্তাগবত (বারো খণ্ড) শ্রীচৈতন্য-চরিতামৃত (চার খণ্ড) গীতার রহস্য প্রীটেতন্য মহাপ্রভুর শিকা **ভক্তিরসাম্**তসিদ্ধ শ্রীউপদেশামৃত কপিল শিক্ষামৃত কুতীদেবীর শিক্ষা খ্রীঈশোপনিখদ লীলা পুরুষোত্তম শ্রীকৃষ্ণ আদর্শ প্রশ্ন আদর্শ উত্তর আয়জ্ঞান লাভের পছা জীবন আসে জীবন থেকে বৈদিক সাম্যবাদ কৃষ্যভক্তি সর্বোত্তম বিজ্ঞান অমৃতের সন্ধানে ভগবানের কথা कान कथा ভক্তি কথা ভক্তি রত্মাবলী ভক্তিবেদান্ত রত্বাবলী वृक्तिरयाश देवस्थ्य द्वाकावनी ভগবং-দর্শন (মাসিক পত্রিকা) হ্রেকৃষ্ণ সংকীর্তন সমাচার (মাসিক পত্রিকা)

#### वित्मेथ अनुमद्धारमत जना निम्न ठिकामात्र वाशास्याश कतन :

ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট বৃহৎ মৃদদ্দ ভবন পোঃ শ্রীমারাপুর (৭৪১ ৩১৬) নদীয়া, পশ্চিমবঙ্গ

অন্ধন্তা অ্যাপার্টমেণ্ট, ফ্রাটি ১ঈ, দোতলা, ১০ গুরুসদয় রোড, কলকাতা ৭০০ ০১৯

# শ্রীচৈতন্য-চরিতামৃত

মধ্যলীলা (প্রথম খণ্ড ঃ ১ম-১৪শ পরিচ্ছেদ)

কৃষ্ণকৃপাশ্রীমূর্তি শ্রীল অভয়চরপারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভূপাদ আন্তর্জাতিক কৃষ্ণভাষনামৃত সংযোৱ প্রতিষ্ঠাতা ও আচার্য কর্তৃক

মূল বাংলা প্লোকের প্লোকার্য, সংকৃত ল্লোকের শব্দার্থ ও অনুবাদ এবং বিশদ ভাৎপর্য সহ ইংরেজী Sri Caltanya-Caritamrita বাংলা অনুবাদ

অনুবাদক ঃ শ্রীমৎ ভক্তিচারু স্বামী মহারাজ



ভক্তিবেদাস্ত বুক ট্রাস্ট

শ্রীমারাপুর, কলকাতা, মুম্বাই, নিউইয়র্ক, লম্ এঞ্জেলেস, লখন, সিডনি, প্যারিস, রোম, হংকং

## Sri Caitanya Caritamrita

Madhya Lila-Volume One (Bengali)

## প্রকাশক : ভক্তিবেদান্ত বুক ট্রাস্টের পক্ষে শ্যামরূপ নাস প্রকাচারী

প্রথম সংস্করণ	2	১৯৮৮-৩,০০০ কপি
দিতীয় সংস্করণ		১৯৮৯২,০০০ কলি
তৃতীয় সংস্করণ	1	১৯৯১—৩,০০০ কপি
<b>इ</b> जूर्थ भरक्षत्रव	2	১৯৯৩—৩,৫০০ কপি
शंधम मरकत्रं	2	১৯৯৪—৪,০০০ কপি
यक मरश्रवण		১৯৯৫৩,০০০ কপি
সংশোধিত সপ্তম সংস্করণ		২০০৩—২,০০০ কপি

গ্রন্থ : ২০০৩ ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট কর্তৃক সর্বস্থত সংরক্ষিত

মুদ্রণ ঃ
শ্রীমায়াপুর চন্দ্র প্রেস
বৃহৎ মৃদক্ষ ভবন
শ্রীমায়াপুর ৭৪১ ৩১৩
নদীয়া, পশ্চিমবঞ্চ

E-mail: shyamrup@pamho.net

Web: www. krishna.com

# সূচীপত্ৰ

পরিচ্ছেদ	विसम् •	পূঠা
	ভূমিকা	₹
প্রথম	ত্রীটেতন্য মহাপ্রভুর শেষলীলার সংক্ষিপ্ত বিবরণ	3
<b>বিতী</b> য়	ত্রীটোতন্য মহাপ্রভুর প্রেমোঝাদ	25
তৃতীয়	মহাপ্রভুর সন্যাস প্রহণের পর অনৈতগৃহে প্রসাদমেকন	202
চতুর্থ	শ্রীল মাধবেন্দ্রপুরীর ভগবন্ততি	249
পথ্যম	সাক্ষিগোপালের কাহিনী	205
यर्थ	শার্বভৌম ভট্টাচার্য উদ্ধার	239
সপ্তম	বাস্দেব বিপ্র উদ্ধার এবং মহাপ্রভুর দক্ষিণ ভারত ভ্রমণ	660
অন্তম	গ্রীচৈতন্য মহাপ্রভু এবং রামানন্দ রাজের কথোপকখন	889
নক্ষ	শ্রীচৈতন্য মহাপ্রভুর দক্ষিণ ভারতের তীর্থ পর্যটন	495
দশ্য	শ্রীচৈতন্য মহাপ্রভুর জগন্নাথপুরীতে প্রত্যাবর্তন	
	এবং বৈষ্ণবসহ মিলন	৬৮৭
একাদশ	প্রীচেতন্য মহাপ্রভুর বেড়া-কীর্তন লীলা	405
चानन	গুণ্ডিচা মন্দির মার্জন	500
<b>बरग्रांम</b> ण	শ্রীজগরাথদেবের রথাগ্রে শ্রীচেতন্য মহাপ্রভুর নৃত্য	624
চতুর্দশ	হেরা-পঞ্চমী যাত্রা	828
	অনুক্রমণিকা	290
	श्रीम श्रेष्ट्रशास्त्र मः क्रिश्च कीवनी	2009

# ভূমিকা

প্রীল কৃষ্ণদাস কবিরাজ গোষামীয় প্রীচৈতন্য-চরিতামৃত শ্রীকৃষ্যাচেতনা মহাপ্রমূর জীবনী ও শিক্ষা সম্বাদীয় মুখা গ্রন্থ। আন্ত থেকে প্রায় পাঁচশ বছর আগে যে মহান সামাজিক ও ধর্মীয় আন্দোলন ভারতবর্বের তথা সারা পৃথিবীর ধর্মীয় ও দার্শনিক চিন্তাধারাকে প্রভাক ও পরোক্ষভাবে প্রভাবিত করেছিল, শ্রীচেতনা মহাপ্রভূ সেই আন্দোলনের সূচনা করেন। এই মহৎ গ্রন্থের জনুবাদক ও ভাষ্যকরে এবং আন্তর্জাতিক কৃষ্যভাবনামৃত সংখ্যের প্রতিষ্ঠাতা-আন্তর্ম শ্রীল অভ্যাচরণারবিক্য ভক্তিবেলাও স্বাদী প্রভূগাদের গুরুম্ব প্রচার ফলে শ্রীচেতনা মহাপ্রভূর প্রভাব সারা পৃথিবীব্যাপী বিস্তার লাভ করেছে।

শ্রীচৈতনা মহাপ্রভূকে একজন মহান ঐতিহা সমন্বিত ব্যক্তি বলে বিবেচনা করা হয়।
কিন্তু, আধুনিক ঐতিহাসিক তাৎপর্বের পরিপ্রেক্ষিতে মানুষকে তার কালের পটভূমিকায়
দর্শন করা হয়—তা এখানে ধার্থ হয়েছে, কেন না শ্রীচৈতনা মহাপ্রভূ এমনই একজন

পুরুষ ঘিনি ইতিহাসের সংকীর্ণ গণ্ডির অনেক অনেক উর্দ্ধে।

পাশ্চাত্যের দেশগুলিতে মানুষ যখন নতুনের সদানে অজ্ঞানার উদ্দেশে। পাড়ি দিয়ে নতুন মহাদেশ ও মহাসমূদ্র আবিষ্কার করার উদ্দেশ্যে পৃথিবী প্রদক্ষিণ করছিল এবং আড় ব্রহ্মাণ্ডের আকৃতি সম্বদ্ধে অধ্যয়ন করছিল, তথন ভারতবর্ষে শ্রীকৃষ্ণাট্যতন্য মহাপ্রকু মানুমকে অন্তর্মুখী করে বিজ্ঞানসম্মত পদ্বায় তার চিত্তায় স্বরূপের উপলব্ধির জন্য এক পারমার্থিক আন্দোলনের সূচনা করেছিলেন।

প্রীকৃষাতৈতন্য মহাপ্রভুর জীবনীর সব চাইতে প্রামাণিক তথা হচ্ছে মুরারি ওপ্ত ও প্ররাপ দামোদর গোস্বামীর কড়চা। বৈদ্য মুরারি ওপ্ত ছিলেন প্রীচেতনা মহাপ্রভুর একজন অন্তরম পার্বদ। তিনি প্রীচেতনা মহাপ্রভুর সন্নাস প্রহণ পর্যন্ত তার জীবনের প্রথম চবিশ বছরের কার্যকলাপ বিস্তারিতভাবে লিপিবদ্ধ করে গেছেন। প্রীচেতনা মহাপ্রভুর ভৌমলীলার বাকি চবিশ বছরের কার্যকলাপ প্রীচেতনা মহাপ্রভুর আর একজন অন্তরম পার্যদ শ্রীল স্বর্ধাপ দামোদর গোস্বামী তার কড়চায় লিপিবদ্ধ করে গেছেন।

শ্রীচৈতন্য-চরিতামৃত আদিলীলা, মধালীলা ও অস্তালীলা—এই তিনটি ভাগে বিভক। আদিলীলা রচিত হয়েছে শ্রীমুরারি গুপ্তের কড়চার ভিত্তিতে এবং মধালীলা ও অস্তালীলা

রচিত হয়েছে শ্রীল স্বরূপ দামোদরের কড়চার ভিত্তিতে।

আদিলীলার প্রথম হাদশটি পরিচ্ছেদ হচ্ছে সমগ্র গ্রন্থটির ভূমিকা। বৈদিক শারের প্রমাণ উল্লেখ করে কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রতিষ্ঠা করেছেন থে, কলিযুগে শ্রীচেতনা মহাপ্রভূ হচ্ছেন ভগবানের অবতার। এই কলিযুগ তরু হচ্ছেন গাঁচ হাজার বছর পূর্বে এবং অভ্যাদ, ভভামি, কলহ—এগুলি হচ্ছে এই যুগের বৈশিষ্টা। গ্রন্থকার আরও প্রমাণ করেছেন যে, প্রীচেতনা মহাপ্রভূ শ্রীকৃষ্ণ থেকে অভিন্ন এবং তিনি বিশ্লেষণ করেছেন যে, অধ্যপতিত কলিযুগে অধ্যপতিত জীবদের সংকীর্তন প্রচারের মাধ্যমে অকাভরে কৃষ্ণশ্রেম প্রদানের জন্য তিনি অবতরণ করেছিলেন। আ ছাড়া, গ্রাদশ পরিছেন সমন্থিত ভূমিকানা কৃষ্ণদাস কবিরাজ এই জগতে শ্রীচেতনা মহাপ্রভূর অবতরপের গাঁচ কারণ প্রকাশ করেছেন এবং সেই সঙ্গে তাঁর অংশ-অবভার, মুখা পর্যাবদ ও তার শিক্ষার সংক্ষিপ্রসারও করিনা করেছেন। আদিলীলার অবশিষ্ট অংশ ক্রয়োদশ পরিছেদ থেকে সপ্তদশ পরিছেদে গ্রন্থকার শ্রিটিতনা মহাপ্রভূর দিবা জন্মলীলা এবং তার সম্যাদ প্রচাহন পূর্ববতী গার্হস্থালীলা উল্লেখ

করেছেন। এর মধ্যে রয়েছে বালালীলার চপলতা, বিদ্যাভ্যাস, বিবাহলীলা, দার্শনিক তর্কমুদ্ধ, ব্যাপকভাবে সংকীর্তন আন্দোলন প্রচার এবং মুসলমান শাসকের উৎপীড়নের প্রতিবাদে আইন অমান্য আন্দোলন। মধালীলার বিব্যাক্য় সব চাইতে দীর্ঘ। এই অংশটিতে একজন সম্যামীরূপে, শিক্ষকরূপে, দার্শনিকরূপে, গুরুরূপে ও অধ্যাদ্যাদ্যাদীরূপে সারা ভারত জুড়ে মীচিতনা মহাপ্রভুর ঘটনাবছল ক্রমণ-বৃত্তান্ত সবিস্তারে বর্ণিত হয়েছে। এই ছ্যা বছরে প্রীচিতনা মহাপ্রভু তার প্রধান প্রধান শিব্যাদের কাছে তার শিক্ষা প্রদান করেছেন। তথাকার দিনে অধ্যতবাদী, বৌদ্ধ এবং মুসলমান আদি বছ বিখ্যাত দার্শনিক ও ধর্মীয় নেতাদের তিনি তর্কে পরাস্ত করে ভাদের হাজার হাজার অনুগামী ও শিব্যাসহ তাদের আধানাৎ করেছেন। পুরীতে শ্রীজগলাতদেকের রথযাত্রার সময় শ্রীচিতনা মহাপ্রভুর অলৌকিক নাটকীয় বিবরণও প্রশ্বনে এই অধ্যায়ে অন্তর্ভুক্ত করেছেন।

অন্তালীলার নীলাচলে প্রসিদ্ধ জগনাথ মলিরের নিকটে শ্রীচেতনা মহাপ্রভূর শেষ আঠারো বছরের নির্জনলীলা বর্ণিত হয়েছে। তাঁর অস্তালীলার শ্রীচেতনা মহাপ্রভূত ভগবৎ-প্রেমের সমাধিতে গভীর থেকে গভীরতর অবস্থায় প্রবেশ করেছেন, যা প্রাচ্য এবং পাশ্চাভোর ধর্ম ও সাহিত্যের ইতিহাসে এর আলে কখনও দেখা যায়নি। শ্রীচেতনা মহাপ্রভূর নিতা বর্ধমান দিব্য উন্মাদনার কথা তাঁর নেই সময়কার নিতা সহচর স্বরূপ দামোদর গোস্বামীর সাবলীল বর্ণনাম চিত্রিত হয়েছে, যা আধুনিক মনতথ্যবিদ এবং

প্রপদনাদীদের অনুসন্ধান ও অভিজ্ঞতার অতীত।

এই মহাকাব্যটির রচয়িতা শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর জন্ম হয় ১৫০৭ খ্রিস্টাপে। তিনি জিলেন শ্রীচেতন্য মহাপ্রতুর অন্তর্গ অনুবাদ আমা শ্রীধ রঘুনাথ দাস গোস্বামীর দিয়া। সর্বত্যাণী মহাপুরুর রঘুনাথ দাস গোস্বামী স্বরূপ দামোদর গোস্বামীর মুখে শ্রীচেতন্য মহাপ্রতুর সমগ্র কার্বকলাপের বর্ণনা তনে তার স্মৃতিপটে গোঁথে রেবেছিলেন। শ্রীচেতন্য মহাপ্রতু ও শ্রীল স্বরূপ দামোদরের অপ্রকটের পর, তাদের বিরহ বেদনা সহ্য করতে না পেরে রঘুনাথ দাস গোস্বামী গোর্থন পর্বত থেকে ঝাপ দিয়ে আত্মহত্যা করার বাসনা নিয়ে কুলাবনে খান। কিন্তু কুলাবনে শ্রীচেতনা মহাপ্রতুর সব চাইতে অন্তর্গ দুই শিয় রূপ গোস্বামী ও সনাতন গোস্বামীর সঙ্গে তার সাক্ষাৎ হয়। তারা তাকে তার আত্মহত্যার পরিকল্পনা থেকে নিরম্ভ করেন এবং শ্রীচেতন্য মহাপ্রতুর অন্তর্গীলা তাদের কাছে প্রকাশ করতে অনুপ্রাণিত করেন। সেই সময় কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীও কুলাবনে ছিলেন এবং শ্রীক রাজ্বাথ দাস গোস্বামীর কুপায় তিনি শ্রীচেতন্য মহাপ্রতুর দিবা শ্রীবন-চরিত পূর্ণরূপে হলরাজম করতে সঞ্চম হয়েছিলেন।

ইতিমধ্যে কয়েক জন ভক্ত ও পণ্ডিত ইনিচতন্য মহাপ্রভুব জীবনী সম্বন্ধে কয়েকটি প্রশ্ন পরাধিকেন। সেগুলির মধ্যে রয়েছে শ্রীসুরারিগুপ্তের শ্রীচৈতনা চরিত, শ্রীল লোচন দাস ঠাকুরের চৈতনা-মঞ্চল এবং শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের চৈতনা-ভাগবত। পরম প্রছেয়া শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরকে সেই সময় শ্রীচেতনা মহাপ্রভুর জীবনী সম্বন্ধে সব চাইতে অভিজ্ঞ ব্যক্তি বলে বিবেচিত হত। তিনি যথন সেই গুরুত্বপূর্ণ প্রস্থাটি রচনা কর্মিলেন, তখন গ্রন্থটি আয়তনে অত্যন্ত বড় হয়ে যাবার ভয়ে তিনি চৈতনা মহাপ্রভুর জীবনের বর্ণনা করেননি, বিশেষ করে জাঁর শেষ জীবনের শীলাওলি।

সেই সমন্ত লীলা খনতে আগ্রহী কৃদাবনের ভক্তরা মহাঝা খ্রীল কৃষ্ণদাস গোস্বামীকে অনুরোধ করেন সেই সমস্ত লীলাগুলি সকিস্তারে বর্ণনা করে একটি গ্রন্থ মচনা করতে। তাদের অনুরোধে এবং বৃদাবনের মদনমোহন বিগ্রহের অনুমতি ও আশীর্বাদ নিয়ে তিনি গ্রীচেতন্য-চরিতামুক্ত রচনা করতে করু ফরেন। জীবন-চরিত রূপে এবং প্রীচেতন্য মহাপ্রভূর দর্শন ও শিখা সমন্নিত এই প্রছটি যেহেতু উৎকর্ষতায় অতুলনীয়া, তাই এই প্রস্থাটিকে শ্রীচৈতন। মহাপ্রভুর জীবনী সম্বন্ধে সর্বশ্রেষ্ঠ গ্রন্থ বলে বিবেচনা করা হয়।

গ্রীল কৃষ্ণদাস কবিবাজ গোস্বামী যখন এই গ্রন্থটি রচনা করতে ওরু করেন, ভখন ঠান বয়স প্রায় একশ্য কাছাকাছি এবং তার শরীর অত্যন্ত জরাগ্রন্ত ও দুর্বল। সেই সখছে তিনি লিখেছেন—

লিখিতে কাঁপরে কর, "আমি বৃদ্ধ জরাতুর, मदन किছू ज्यतन ना इस । ना उनिए। श्वरा, ना रमिक्ता नग्नल, তবু নিখি'—এ বড় বিসম হ"

(क्षा क्षा अंश व्यं व्यं)

কিন্ত তা সংখ্য তিনি এই বচনা সম্পূর্ণ করেছেন। এই মহান গ্রন্থটি মধ্য ফুগের ভারতীয় সাহিত্যের একটি অমূলা রক্স এবং সাহিত্য জগতের একটি বিশাম।

গ্রীচৈতন্য-চরিতামৃতের এই সংকরণটি ভারতীয় ধর্ম ও দার্শনিক চিন্তাধারাকে সারা পৃথিবী জুড়ে প্রচারকারী এই যুগের সর্বশ্রেষ্ঠ পরমার্থবিং ও শিক্ষাওক কৃষ্ণকৃপাশ্রীমৃতি শ্রীল অভরচরণরেবিশ ভক্তিবেদান্ত স্থামী প্রভুগাদের ইংরেজী অনুবাদ ও ভাষ্যের বাংলা সংস্করণ। তার ভাষা তার গুরুদেব খ্রীল ভকিসিদান্ত সর্যতী গোসামী প্রভূপাদের অনুভাষা এবং শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের অমৃতপ্রবাহ ভাষোর ভিত্তিতে রচিত। শ্রীচেতন্য মহাপ্রভুর বাণীর মহান প্রচারক শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোসোমী প্রভূপাদ ভবিষ্যধাণী করেছিলেন, একদিন আসবে যখন সারা পৃথিবীর মানুয শ্রীচেতনা-চরিতামৃত পাঠ করার জন্য বাংলা ভাষা শিখবে।

কৃষ্ণকৃপাশ্রীমৃতি শ্রীল অভয়চরণারবিদ ভতিবেদান্ত সামী প্রভূপাদ শ্রীচৈতনা মহাপ্রভূর প্রস্পরার অতর্ভুক্ত এবং শ্রীচেত্না মহাগ্রভুর অনুমামীদের প্রধান প্রধান গ্রন্থভুলি তিনি প্রথম সুসংবদ্ধভাবে ইংয়েজী ভাষার অনুবাদ করেন। বাংলা ও সংস্কৃত ভাষার তাঁর পাতিত্য এবং শ্রীচেডনা মহাপ্রভূর শিক্ষা সম্বন্ধে অভাস্ত গভীরভাবে অকাত হওয়ার ফলে ইংরেজী ভাষায় এই সমস্ত গ্রন্থতালি অনুবাদ করার যোগাতো তার অতুলনীয়। যে সরল এবং সাবলীল ভঙ্গিতে তিনি এই অতি কঠিন দার্শনিক তত্ত্ব অনুবাদ করেছেন তা ভারতীয় ধর্ম ও দর্শন সম্বন্ধে সম্পূর্ণ অনভিক্ত পাঠকও অনায়াসে এই সুগভীর তত্ত্ব হৃদয়সম ভরতে পারে।

ভক্তিবেদান্ত বুক ট্রাস্ট কর্তৃক প্রকাশিত চতুর্থ থতে সম্পূর্ণ বহু রঙ্গিন চিত্রে শ্রীচৈতনা মহাপ্রভূর বিবিধ লীলা ধর্ণিত হয়েছে একং তা নিঃসলেহে সুমেধা, সংস্কৃতি-সম্পন্ন ও পারমার্থিক জীবনে আগুহী মানুষদের কাছে এক অমূল্য সম্পদরূপে আদরণীয় হবে।

## প্রথম পরিচ্ছেদ

# শ্রীচৈতন্য মহাপ্রভুর শেষলীলার সংক্ষিপ্ত বিবরণ

এই পরিচেনে প্রীচেতন্য মহাপ্রভূব সমস্ত মধাদীলার ও শেষলীলার প্রথম ছয় বংসরের লীলাসমূহ সুত্রের আকারে বর্ণিত হয়েছে। *যঃ কৌমারহরঃ* শ্লোপন্ট পাঠ করে শ্রীচৈতন্য মহাপ্রভূ যে তাব প্রকাশ করেন, তা খ্রীল কাপ গোস্বামীর প্রিয়ঃ সোহয়ং কৃষ্ণঃ শ্লোকে স্পর্তীকৃত হওয়ায় ঐতিহতন মহাপ্রভূ শ্রীল রূপ গোদামীর প্রতি বিশেষভাবে কৃপা করে।। এই পরিচেদে শ্রীল রূপ গোস্বামী, সনাতন গোস্বামী ও জীব গোস্বামীর বিরচিত সমস্ত প্রস্তের উল্লেখ করা হরেছে। প্রীচৈতনা মহাপ্রস্তু রামকেনি-প্রামে খ্রীল রূপ-সনাবনকে केंग्री केंग्रिका।

#### খোক ১

गमा श्रमानान खार्थ भाग भर्व खार वा वा স ত্রীচৈতনাদেবো মে ভগবান সংপ্রসীদতু ॥ ১ ॥

যস্য—খার, প্রমাদাৎ—কুপার প্রভাবে; অজঃ অপি—অজ্ঞান খাক্তিও; সদাঃ—কাচিবেই, সর্বজ্ঞতাম্—পর্বশ্রতা; ব্রজ্ঞেৎ—প্রাপ্ত হতে পারে; সঃ—সেই; শ্রীচৈতন্য-দেবঃ—খ্রীচৈতনা মহাপ্রভূ: মে—আমার উপর, ভগবান্—পরনেশার ভগবান, সংপ্রদীদভূ—তাঁর আহৈতুকী कुला वर्षण कड़न।

#### অনুবাদ

অন্ত ব্যক্তিও বাঁর প্রসাদে অচিরেই সর্বজ্ঞতা লাভ করে, সেই পরমেশ্বর ভগবান শ্রীচৈতনা মহাপ্রড আমার উপর তার অহৈত্তী কৃপা বর্ষণ করুন।

वत्म श्रीकृष्णरेहळना-निष्ठामत्मी मरशिमर्छो । स्त्रीर**्डाफर** श्रुष्भवरखे हिट्डी भएमे डरमान्सी ॥ २ ॥

বংশ- আমি বন্দনা করি; শ্রী-কৃষ্ণ-চৈতন্য-শ্রীকৃষ্ণচৈতন্য মহাগ্রভূকে; নিজানন্দৌ-এবং শ্রীনিত্যানন প্রভূকে: সহ উদিতৌ—একসঙ্গে খাঁরা উদিত হয়েছেন; সৌডু-উদয়ে—গৌড়ের পুর্বনিগতে, পুস্পরত্তৌ—সূর্য ও চন্দ্র একরে; চিত্রৌ—আম্চর্যরূপে, শম্-দৌ—বল্যাপশ্রদ; ত্যা। নুদৌ—অন্ধবার বিনাপকারী।

#### व्यन्तान

पिमाहिलतल भीड़माल गुन्नलंश मूर्ग ७ हज्ज्यतल आन्डर्यताल डिविड, मजनमाडा, खीरवत গলান অন্ধকার বিনাশকারী ত্রীকৃষ্ণতৈতন্য ও জ্রীনিত্যানন্দকে আমি বন্দনা করি।

《劉] 30

## জনতাং সূরতৌ পজোর্মম মন্দমতেগতী। মংসর্বস্থপদাস্তোজৌ রাধামদনমোহনৌ ॥ ৩ ॥

ভ্রমতাম্—সর্বভোভাবে জরগৃত্ত হোন: সুরতৌ—সর চাইতে কৃপামর, অথবা মাধুর্যপ্রেমে অনুরত্ব: পঙ্গোঃ—পঙ্গু: মম—আমার: মন্দ-মতঃ—মূত; গাতী—আশ্রত্ব: মহ—আমার: সর্বশ্ব—সর্বথ; পদ-অস্ত্রোভৌ—খার জ্ঞীপাদপর: রাধা-মদন-মোহনৌ—জ্ঞীমতী রাধারাদী ও মদন্যোহন।

অনুবাদ

আমি পদু ও মন্দর্গতি; যাঁরা আমার একমাত্র গতি, যাঁদের শ্রীপাদপদ্ম আমার সর্বস্থ ধন, সেঁই পরম কুপালু শ্রীশ্রীরাধা-মদনমোহন জনযুক্ত হোন।

শ্লোক ৪

দীব্যদ্বৃন্দারণ্যকল্পদ্রশ্রশ্যন্থঃ-শ্রীমদ্রগারসিংহাসনস্থৌ । শ্রীমদ্রাধাশ্রীলগোবিন্দদেবৌ প্রেষ্ঠালীভিঃ সেব্যমানৌ শ্মরামি ॥ ৪ ॥

দীন্যং—জ্যোতির্মায়; বৃদ্ধা-অরণ্য—কৃত্বাবন; কর্ম্প্রম—ক্ষর্তৃত্ব, অধঃ—নীঞ; শ্রীমং— সব চাইতে সৃদ্ধর; রশ্ব-আগার—এক রক্তনির্মিত মন্দিরে; সিংহ-আসন-স্থৌ—সিংহাসনে উপবিষ্ট, শ্রীমং—অত্যপ্ত সৃদর; রাধা—শ্রীমতী রাধারাণী, শ্রীল-গোবিন্দ-দেখৌ—এবং শ্রীগোবিন্দদেব; প্রেষ্ঠ-আলীভিঃ—সব চাইতে অন্তরস পার্যদদের দ্বারা; সেব্যমানৌ—সেবিত হাঞ্চন; স্মরামি—গার্টি স্করণ করি।

অনুবাদ

জ্যোতির্মায় শোভাবিশিষ্ট কৃত্যাবনে কল্পকৃতলে, রকুমন্দিরে সিংহাসনের উপনে অবস্থিত আশ্রীরাধা-গোবিন্দকে প্রিয়সনীরা সেবা করছেন। আমি তাঁদের স্থান্থ করি।

্ৰোক ৫

শ্রীমান্রাসরসারম্ভী বংশীবটতটস্থিতঃ । কর্মন বেণুস্থনৈর্গোপীর্গোপীনাথঃ শ্রিয়েহস্তু নঃ ॥ ৫ ॥

শ্রীমান্—পরম শোন্তামর বিশ্রহং রাস—রাসন্তোরং রস-আরম্ভী—রসের প্রবর্তকং বংশীবট—বংশীবট নামক বিখাতি স্থান; তট—যমুনার তারেং স্থিতঃ—অবস্থিত হয়ে; কর্যন্—
আকর্ষণ করছেন; বেদু-সনৈঃ—বংশীকানি হারা; গোপীঃ—সমস্ত গোপিকা; গোপী-মাথঃ
—গোপীনাথ; শ্রিরে—এই প্রেম-সম্পত্তির হারা; অন্ত—হ্যেক; নঃ—আমাদের প্রতি।

ভানবাদ

মমুনার তীরে বংশীরটের তলাে রাসরস-প্রবর্তক শ্রীগোপীনাথ বংশীগানি ছারা সমস্ত গোপীদের আকর্ষণ করছেন। তিনি আমাদের মঙ্গল বিধান করুন।

গ্লোক ৬

জয় জয় গৌরচন্দ্র জয় কৃপাসিন্ধু। জয় জয় শচীসূত জয় দীনবন্ধু॥ ৬॥

শ্লোকার্থ

কৃপার সমুদ্র প্রীগৌরচন্দ্রের জন্ম হোক। দীনবদ্ধ শ্রীশচীনন্দনের জন হোক।

শ্ৰোক ৭

জয় জয় নিত্যানন জয়াধৈতচন্দ্র । জয় শ্রীবাসাদি জয় গৌরভক্তবৃন্দ ॥ ৭ ॥

হোকার্থ

শ্রীনিত্যানন্দ প্রভূ ও শ্রীতাদৈত প্রভূর জয় হোক এবং শ্রীবাস ঠাকুর প্রমূখ গৌরভক্তবৃদ্দের ভায় হোক।

শ্লোক ৮

পূর্বে কহিলুঁ আদিলীলার সূত্রগণ । যাহা বিস্তারিয়াছেন দাস-কুদাবন ॥ ৮ ॥

শ্লোকার্থ

আমি পূর্বে আদিলীলা সূত্রের আকারে বর্ণনা করেছি, যা শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর লিভানিতভাবে বর্ণনা করেছেন।

শ্লোক ৯

অতএব তার আমি সূত্রমাত্র কৈলুঁ। যে কিছু বিশেষ, সূত্রমধ্যেই কহিলুঁ॥ ৯॥

শ্লোকার্থ

৩টি আমি সেই সমস্ত ঘটনা সূত্রের আকারে বর্ণনা করেছি এবং বিশেষ বিশেষ ঘটনাগুলি সূত্রের মধ্যেই বর্ণনা করেছি।

শ্লোক ১০

এবে কহি শেষলীলার মুখ্য সূত্রগণ। প্রভুর অশেষ লীলা না যায় বর্ণন ॥ ১০ ॥ 8

CHIMINE

ন্তীচৈতন্য মহাপ্রভূর অন্তহীন লীলা বর্ণনা করা সম্ভব নয়, ডবে এখন আমি শেষলীলার মুখ্য ঘটনাওলি সূত্রের আকারে বর্ণনা করছি।

(制本 ラン-ラシ

তার মধ্যে যেই ভাগ দাস-বৃন্দাবন ।
'চৈতন্যমন্তলে' বিস্তারি' করিলা বর্গন ॥ ১১ ॥
সেই ভাগের ইহাঁ সূত্রমাত্র লিখিব।
তাহাঁ যে বিশেষ কিছু, ইহাঁ বিস্তারিব ॥ ১২ ॥

শ্লোকার্থ

শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর শ্রীতৈতন্যমঙ্গল গ্রন্থে যে-সমন্ত লীলা বিস্তারিতভাবে বর্ণনা করেছেন, সেওলি আমি কেবল সূত্রের আকারে বর্ণনা করব এবং বিশেষ বিশেষ ঘটনাওলি আমি এখানে বিস্তারিতভাবে বর্ণনা করব।

শ্লৌক ১৩

চৈতন্যলীলার ব্যাস—দাস কুনাবন । তাঁর আজ্ঞায় করোঁ তাঁর উচ্ছিস্ট চর্বণ ॥ ১৩ ॥

লোকার্থ

শ্রীটৈতন্য মহাপ্রভুর লীলা বর্ণনাকারী শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর হচ্ছেন শ্রীল ব্যাসদেবের অবতার। তাঁরই আজ্ঞায় আমি কেবল তাঁর উচ্ছিষ্ট চর্বণ করছি।

গ্লোক ১৪

ভক্তি করি' শিরে ধরি তাঁহার চরণ। শেষলীলার সূত্রগণ করিয়ে বর্ণন ॥ ১৪ ॥

শ্লোকার্থ

ভক্তিভবে তাঁর শ্রীপাদপদ্ম মন্তকে ধারণ করে, আমি এখন শ্রীচৈতন্য মহাপ্রভুর শেহনীলার বিষয়বস্তু সূত্রাকারে বর্ণনা করব।

শ্ৰোক ১৫

চবিশ বংসর প্রভুর গৃহে অবস্থান । তাহাঁ যে করিলা লীলা—'আদি-লীলা' নাম ॥ ১৫ ॥

শ্ৰোকাৰ্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূ চবিশ বংসর গৃহে অবস্থান করেছিলেন এবং সেই সময় তিনি যে দীলাবিলাস করেছিলেন তাকে বলা হয় আদিলীলা। গ্রোক ১৬

চবিশ বংসর শেষে যেই মাঘমাস। তার শুক্রপক্ষে প্রভু করিলা সন্নাস॥ ১৬॥

শ্ৰোকাৰ্থ

চবিশ বৎসর শেষে মাঘ মাসের গুরুপক্ষে শ্রীচৈতন্য মহাপ্রভু সন্ন্যাস গ্রহণ করেন।

শ্লোক ১৭

সক্ষাস করিয়া চবিশ বৎসর অবস্থান । তাঁহা যেই লীলা, তার 'শেষলীলা' নাম ॥ ১৭ ॥

শ্লোকার্থ

সন্মাস গ্রহণ করার পর শ্রীটৈতনা মহাপ্রভু আরও চবিশ বংসর এই জড় জগতে অবস্থান করেছিলেন। সেই সময়ে তাঁর যে শীলা তাকে বলা হয় শেষলীলা।

গ্ৰোক ১৮

শেষলীলার 'মধ্য' 'অন্তা',— দুই নাম হয় । লীলাভেদে বৈষ্ণব সৰ নাম-ভেদ কয় ॥ ১৮ ॥

শ্ৰোকাৰ্থ

শেষলীলার মধ্য ও অন্তা নামক দৃটি ভাগ। লীলাভেদে বৈঞ্চবেরা এই বিভাগ করেছে।

শ্লোক ১৯

তার মধ্যে ছয় বংসর—গমনাগমন। নীলাচল-গৌড়-সেতৃবদ্ধ-বৃন্দাবন ॥ ১৯ ।ঃ

শ্লোকার্থ

শেষ চবিশ বৎসরের প্রথম হয় বৎসর জীচৈতন্য মহাপ্রকু নীলাচল, গৌড়, সেতৃবন্ধ,
দুদাবন আদি ভারতের সর্বত্র শ্রমণ করেছিলেন।

শ্লোক ২০

তাঁহা যেই দীলা, তার 'মধ্যলীলা' নাম । তার পাছে দীলা—'অন্তঃলীলা' অভিধান ॥ ২০ ॥

<u>শ্লোকার্থ</u>

সেঁই সমস্ত স্থানে মহাপ্রভুর যে সমস্ত লীলা সেগুলিকে বলা হয় মধ্যলীলা এবং তারপর গে সমস্ত লীলা সেগুলিকে বলা হয় অস্ত্যলীলা।

(डाक का)

শ্লোক ২১

'আদিলীলা', 'মধ্যলীলা', 'অন্ত্যলীলা' আর । এবে 'মধ্যলীলার' কিছু করিয়ে বিস্তার ॥ ২১ ॥

শ্লেকার্থ

প্রীটেডনা মহাপ্রভূর লীলা আদিলীলা, মধালীলা ও অত্যালীলা—এই তিনটি ভাগে বিভঞ। এখন আমি বিস্তারিভভাবে মধ্যলীলার বর্ণনা করব।

শ্রোক ২২

অস্টাদশবর্ষ কেবল দীলাচলে স্থিতি। আপনি আচরি' জীবে শিখাইলা ভক্তি ॥ ২২ ॥

গ্লোকার্থ

আঠারো বছর ধনে প্রীচেতনা মহাপ্রভু জগনাধপুরীতে অবস্থান করেছিলেন প্রবং স্বনং আচরণ করে সমস্ত জীবদের ভগবন্তব্যি শিক্ষাদান করেছিলেন।

শ্রোক ২৩

তার মধ্যে ছয় বংসর ভক্তগণ-সঙ্গে । প্রেমভক্তি প্রবর্তহিলা নৃত্যগীতরজে ॥ ২৩ ॥

শ্লোকার্থ

তার মধ্যে ছয় বংসর প্রীচেওন্য মহাপ্রকু তার ভক্তদের সঙ্গে নৃত্য-গাঁত করার মাধ্যমে প্রেমভক্তি প্রবর্তন করেছিলেন।

শ্লোক ২৪

নিত্যানন্দ গোসাঞিরে পাঠাইল গৌড়দেশে। তেঁহো গৌড়দেশ ভাসাইল প্রেমরসে॥ ২৪॥

শ্ৰোকাৰ্থ

শ্রীটেডন্য মহাপ্রতু শ্রীনিত্যানন্দ প্রভূকে জগদ্ধাথপুরী দেকে বসদেশে পাঠিয়েছিলেন, তখন বদদেশের নাম ছিল গৌড়দেশ এবং শ্রীনিত্যানন্দ প্রভূ অপ্রকৃত ডক্তিরদের বারা সারা দেশ প্লাবিত করেছিলেন।

শ্লোক ২৫

সহজেই নিত্যানন কৃষ্ণপ্রেমোদাম। প্রতু-আজায় কৈল যাহাঁ তাহাঁ প্রেমদান ॥ ২৫ ॥

গ্লোকার্থ

শ্রীনিত্যানন্দ প্রভূ স্বাচাবিকভাবে ভগবং-প্রেমে আত্মহারা। আর তখন শ্রীচৈতন্য মহাপ্রভূর দারা আদিষ্ট হয়ে তিনি যেখানে সেখানে কৃষ্যপ্রেম দান করলেন। শ্লোক ২৬

তাহার চরণে মোর কোটি নমস্কার। চৈতন্যের ভক্তি যেঁহো লওয়াইল সংসার ॥ ২৬ ॥

হোকাৰ্গ

শ্রানিত্যানন্দ প্রভূর শ্রীপাদপত্তে আমি অসংখ্য প্রথতি নিবেদন করছি, খিনি সারা প্রদাহক শ্রীতিতন্য মহাপ্রভূর ভব্তি প্রদান করেছেন।

শ্লোক ২৭

তৈতন্য-গোসাঞি যাঁরে বলে 'বড় ভাই'। তেঁহো কহে, মোর প্রভু—তৈতন্য-গোসাঞি ॥ ২৭ ॥

<u>ক্লোকার্থ</u>

গ্রীতিতনা মহাপ্রভু শ্রীনিত্যানন্দ প্রভুকে বড় ডাই বল্গতেন, আর সেই শ্রীনিত্যানন্দ প্রভু

শ্লোক ২৮

যদাপি আপনি হয়ে প্রভূ বনরাম। তথাপি তৈতন্যের করে দাস-অভিমান ॥ ২৮ ॥

য়োকার্থ

গণিও শ্রীনিত্যানন্দ প্রভু স্বরং বলরাম, তবুও তিনি নিজেকে প্রীতৈতন্য মহাপ্রভুর দাস বলে মনে করতেন।

গ্লোক ২৯

'চৈতন্য' সেব, 'চৈতন্য' গাও, লও 'চৈতন্য'-নাম । 'চৈতন্যে' যে ভক্তি করে, সেই মোর প্রাণ ॥ ২৯ ॥

খোকার

শ্রীনিজানদ প্রভু সকলকে শ্রীচৈতন্য মহাপ্রভুর সেবা করতে, শ্রীচৈতন্য মহাপ্রভুর নাম গ্রাহণ করতে, শ্রীচৈতন্য মহাপ্রভুব মহিমা স্বীর্তন করতে অনুরোধ করেছিলেন। শ্রীনিজ্যানদ প্রভু বলেছিলেন, "যে শ্রীচৈতন্য মহার্প্রভুকে ভক্তি করে, সে আসার প্রাণের মধ্যে প্রিয়াশ

শ্লোক ৩০

এই মত লোকে চৈতন্য-ভক্তি লওয়াইল। দীনহীন, নিন্দক, সবারে নিস্তারিল ॥ ৩০ ॥

মোক কঃ]

য়োকার্থ

এভাবেই শ্রীনিত্যানন্দ প্রভু ভাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের কাছে শ্রীচৈতন্য মহাপ্রভুন শ্রীপাদপদ্মের প্রতি ঐকান্তিক ভক্তি দান করলেন। তার ফলে দীন-হীন, অধঃপতিত ও নিন্দুকদের পর্যন্ত তিনি নিস্তার করলেন।

শ্লোক ৩১

তবে প্রভু ব্রজে পাঠাইল রূপ-সনাতন । প্রভু-আজ্ঞায় দুই ভাই আইলা বৃন্দাবন ॥ ৩১ ॥

হোকার্থ

তারপর প্রীচৈতন্য মহাপ্রস্থ শ্রীল রূপ গোস্বামী ও দ্রীল সনাতন গোস্বামী দুই ভাইকে শ্রীধাম কুমাবনে থেতে আদেশ দিলেন। তার আদেশে তারা তখন শ্রীধাম কুমাবনে গিয়েছিলেন।

শ্লোক ৩২

ভক্তি প্রচারিয়া সর্বতীর্থ প্রকাশিল। মদনগোপাল-গোবিন্দের সেবা প্রচারিল। ৩২ ॥

হোকার্থ

বৃন্দাবনে গিয়ে এই দুই ভাই ভগবন্তক্তি প্রচার করেছিলেন এবং বহু লুগু তীর্থ উদ্ধার করেছিলেন। তাঁরা বিশেষভাবে শ্রীশ্রীমদনমোহন ও শ্রীশ্রীগোবিন্দজীর সেবা প্রবর্তন করেছিলেন।

শ্ৰোক ৩৩

নানা শাস্ত্র আনি' কৈলা ভক্তিগ্রন্থ সার । মৃঢ় অধমজনেরে তিঁহো করিলা নিস্তার ॥ ৩৩ ॥

য়োকার্থ

শ্রীল রূপ গোস্বামী ও সনাতন গোস্বামী বৃন্দাবনে বহু শাস্ত্র নিয়ে এসেছিলেন এবং সেওলির সার সংগ্রহ করে ভগবন্তক্তি নিষয়ক বছু শাস্ত্র প্রণয়ন করেছিলেন। এভাবেই তারা সমস্ত মূর্য ও অধ্যপতিত মানুষদের উদ্ধার করেছিলেন।

তাৎপর্য

খ্রীন খ্রীনিবাস আচার্য গোরোছেন—

नानाभाक्ष-विधानरेगक-निभूषो मक्तर्य-मश्झाभरको लाकानाः हिज्कातिषो जिज्ज्ञान भारतो भत्रणान्यस्ते । त्राधाकृषः-भमात्रविक्षस्यकानरभग भवानित्को वरम क्रम-ममाज्ञानी त्रभूप्षी श्रीकीव-(भाभाभाको ॥ শীল রূপ গোস্বামী এবং শ্রীল সনাতন গোস্বামী প্রমুখ যাড়ুপ্রোস্বামীরা অত্যন্ত নিপুণতা সহকারে নানা শান্ত নিচার করে জনসাধারণের মঞ্চলের জনা ভগবন্ধজিরূপে সদ্ধর্ম প্রতিষ্ঠা করেছেন। অর্থাৎ, এই সমস্ত গোস্বামীরা বৈদিক শাস্ত্রের ভিত্তিতে ভাতি বিষয়ক বর গ্রাণ্ড রচনা করেছেন। ভগবন্ধজি কতকণ্ডলি আবেগপ্রবর্গ কার্যকলাপ নায়। সমস্ত বৈদিক শিক্ষার সাধ্যমর্থ যে ভগবন্তুজি, সেই সত্য প্রতিপন্ন করে ভগবন্দ্রীতার (১৫/১৫) ভগবান গলেছেন—বেদিক সার্থেরহমের বেদার। সমস্ত বৈদিক শাস্ত্রের উদ্দেশ্য হচ্ছে প্রাকৃষ্যকে জানা এবং ভগবন্ধজির মাধ্যমে বিজ্ঞাবে শ্রীকৃষ্যকে জানা যায়, তা বৈদিক প্রমাণের ভিত্তিতে শ্রাল রূপ গোস্বামী ও সনাতন গোস্বামী নিয়োগণ করেছেন। তারা এত সুন্দরভাবে তা প্রকাশ করেছেন যে, মহামুখ এবং অতি অধ্যংগভিত মানুষেরাও এই পদ্বা প্রবলম্বন করেছে পারে এবং ভগবন্ধজি অনুশীলন করার মাধ্যমে ভববন্ধন থেকে মুক্ত হচ্ছে পারে।

শ্লোক ৩৪

প্রভু-আজ্ঞায় কৈল সব শাস্ত্রের বিচার । ব্রজের নিগৃত ভক্তি করিল প্রচার ॥ ৩৪ ॥

শ্লেকাথ

শ্রীটেতন্য মহাপ্রভুর নির্দেশ অনুসারে সমস্ত শাস্ত্র বিচার করে তাঁরা ব্রজের নিগ্রু ভক্তি প্রচার করেছিলেন।

#### ভাহপর্য

াই উতি থেকে প্রমাণিত হয় যে, ভগবস্তুক্তি বৈদিক শাস্ত্র-সিদ্ধান্তের উপর প্রতিষ্ঠিত। তা প্রাকৃত সহজিনাদের লোক দেখানো কৃত্রিম আবেগ নথ। প্রাকৃত সহজিয়ারা বৈদিক শান্ত পাঠ করে না। ভারা হচ্ছে গাঁলা আর জীলোকদের হুতি আসক লম্পট। কখনও নাখনও তার। ভগবঞ্চন্তির অভিনয় করে এবং কপট অন্তা বিসর্ভন করে। অবস্থাই তাদের েই চোখের জলে সমস্ত শাস্ত্রীয় সিদ্ধান্ত ভেনে যায়। প্রাকৃত সহজিয়ারা বুঝতে পারে না যে, তারা খ্রীট্রেডনা মহাপ্রভুর আদেশ লক্ষন করছে। খ্রীট্রেডনা মহাপ্রভু বিশেষভাবে বলে গেছেন যে, বৃন্দাবনধান ও বৃন্দাবনলীলা হাদ্যাগ্রম করতে হলে যথেট শাস্তঞান খনোজন। সেই সপজে শ্রীমন্ত্রাগরতে (১/২/১২) বলা হয়েছে, ভজ্যা শ্রুতগৃহীত্যা। অগাং, ভগবছান্তি শ্রহণ করতে হয় বৈদিক আনের মাধামে। তক্তক্ষানাঃ মুন্যাঃ। বৈদিক শান্ত্রসিদ্ধান্ত অনগ করার ফলে ঐকান্তিক নিষ্ঠাসম্পন্ন ভক্তরা ভগবং-তর্ত্ববিজ্ঞান লাভ করেন (৩ জনা শ্রুতগৃহীতয়া)। সহজিয়াদের মনগড়া মত কথনই ভগবন্ধক্তি নয়। তবে শ্রীল অভিস্থিতাও সরস্বতী ঠাকুর সহজিয়ানের সম্পূর্ণরূপে মাস্তিক মায়াবাদীনের চেয়ে অনুকৃষ বলে বর্ণনা করেছেন। নির্বিশেষবাদীদের পরনেশ্বর ভগবান সম্বন্ধে কোন ধারণা নেই। সংখ্যাদের অবস্থা মায়াবাদী সন্মাসীদের অপেকা ভাল। সহক্রিয়ারা যদিও বৈনিক জ্ঞান মাধ্যাণে উৎসুক নয়, কিন্তু তবুও তারা অন্তত শ্রীকৃষ্ণকে পরমেশ্বর ভগবান বলে স্বীকার করে। তবে দুর্ভাগাবশত, তারা যে পছা প্রদর্শন করে, সেটি যথার্থ ভত্তিপথ না হওয়ার গণে জনসাধারণকে বিপথগামী করে।

(新诗 (6)

### শ্লোক ৩৫

## হরিস্তক্তিবিলাস, আর ভাগবতামৃত । দশম-টিপ্লনী, আর দশম-চরিত ॥ ৩৫ ॥

#### য়োকার্থ

খ্রাল স্নাতন গোন্ধামীপাদ হরিভক্তিবিলাস, ভাগবতাস্ত, দশর-টিপ্পনী ও দশম-চরিত প্রস্তুতি প্রস্তুত্ত বচনা করেছিলেন।

#### তাৎপর্য

ভাষান্তাকর গ্রাপ্তের প্রথম তবঙ্গে নথনা করা হয়েছে যে, শ্রীল সনাজন গোস্থানী প্রায়ান্তাকতের অর্থ মোলাবে হ্নায়জন করেছিলেন এবং আস্থানন করেছিলেন, তা নৈমনতের্ছাণী নামক প্রীয়ান্তাবিতের ভাষো প্রকাশ করেছেন। শ্রীল সনাজন যোগামী ও শ্রীল রূপ গোস্বামী সনাসরিভাবে শ্রীতেতন। মহাপ্রভুব কাছ থেকে যে জ্ঞান আহরণ তরেছেন, তা তারা অভ্যায় দক্ষতা সহকারে সারা পৃথিবী জুড়ে প্রভাগ করেছিলেন। শ্রীল সনাজন গোস্বামী তার বৈষ্ণাতাক্রী নামক প্রীয়ান্ত গরতের ভাষা সম্পাদন করাব জনা শ্রীল জ্ঞাব গোস্বামী করেছিলেন। শ্রীল শ্রীল জ্ঞাব গোস্বামী নামে তা সম্পাদন করাব জনা শ্রীল জ্ঞাব গোস্বামী করেছিলেন। শ্রীল সনাজন গোস্বামী বিষ্ণাতাক্রী লিপিকে করেছিলেন ১৪৭৬ শ্রামান প্রায়ামী নামান্ত করেছিলেন ১৫০৪ শ্রামণে গ

গ্রীল সনাতন গোপার্থী বচিত হরিভতিবিধাস গ্রন্থটি গ্রীল গোপারভট্ট গোস্বার্থী সংগ্রহ করেন একং ও। *বৈষ্ণকশ্বতি* নামে পবিচিত হয়। এই *বৈষণ্যশ্বতি* হয় কৃড়িটি নিলাসে সমাপ্ত। প্রথম বিলাসে বর্ণনা করা হয়েছে কিভাবে গুরু-শিবোর সম্পর্ক প্রতিষ্ঠিত হয় এবং মন্ত্র কি। বিভাগে *বিলাসে*—দীক্ষারীতির বর্ণনা রয়েছে। তৃতীয় বিলাসে— বৈধাৰ আহাৰ, শুটি, নিৰ্থৰ প্ৰযোগাৰ ভ্ৰমানকৈ কৰণ এবং সদ্ভক্ত প্ৰদত মন্ত্ৰ উচ্চাৰণ বৰ্ণনা করা হয়েছে। চতুর্য *বিলাসে*—সংধ্বর, হাদশ অঙ্গে তিলক ধারণ, অঙ্গে মুগ্রা ধারণ, ত্রপুমালা, কপ্রিটি এবং গুরুপুজা বর্ণনা করা হয়েছে। পদ্ধম *বিলাসে*—আসন, প্রাণায়াম, भाग उदर दिशु विध्य भाराधाम मिलात भूका गर्ममा कता श्राहर गर्भ विजास-जीविधास्त थापाञ्च जनः छोटक अन्य कदानात विभि वर्णना कता इरम्ग्रह। मश्चय किलारम—शै।विभूको পূজার যোগ্য পৃষ্প আহরণের বর্ণনা করা হয়েছে। অন্তম বিলাসে জীনুর্তির সন্মুখে ধুপ, দীপ, নৈবেদা, নৃত্য, গীতে, বাদা, নীরাজন, নমস্কার ও অপর্য়ধ ক্ষালন বর্ণনা করা হয়েছে। এবম বিলাসে—তুলসী চয়ন, বৈধবশ্ৰাপ্ত গৈবেল বৰ্ণনা কৰা হয়েছে। দশম निनारम—स्थवहरू (दिकाव दा भागू) अध्यक्ष वर्गना कवा एसाइ। अकामम विनासम— শ্রীষ্টির অর্চন, ইন্থরিনাম, ইনিনমের জপ নীর্ডন, নাম-অপবাধ ও তার মোচন, ভঞ্চিমাহাঝা ও শ্রধারতি সম্বন্ধে কর্না করা হয়েছে। সাদশ *বিলাসে* একাদশী-বিধি বর্ণনা করা ২য়েছে। ত্রয়োদশ *বিলাসে*—উপবাস এবং মহাহাদশী ব্রত পালনবিধি বর্ণনা করা হয়েছে। ४५५म दिलाएम - दिल्या भारम विचिध कुछा मचान्त्र दर्गना कहा शरप्राह । अध्यमम

নিলাসে—নিজনা একাননী, ভশুসুৱা ধানন, চাতুর্বাসা, কার্যান্তরী, পার্বেকাননী, প্রবেশ ধাননী, বামনবর্মী, বিজয়াদশ্রমী দালন করার বিভি বর্ণনা করা হছেছে। যোডদ *বিলামে*— অভিকরত বা দামোদর-রত বা উর্গরত পালন, মন্দিরে দীপদান, গোলদা-পূজা এবং বৰসাত্ৰা সংগ্ৰেপ বৰ্ণনা কৰা হয়েছে। সপ্তাৰণ বিজ্ঞানে—ইনিগ্ৰহপূজা, মহানত্ৰ-ক্ৰপ সপ্তাৰ वर्षना दल श्राह्म। अक्रिका सिवारम-श्रीतिभूत विश्वित निर्ध्य वर्षना कर श्राह्म। उन्हिन् 'লামে—জীবিগ্রহের প্রতিষ্ঠা এবং অভিয়েক বিশিব কাঁনা করা হয়েছে। বিশেষ্টি প্রসালের নির্মাণ এবং ঐকান্তিক ভারেদের কার্ট্রা সম্বাচ্চ করি করা হসেছে। ং গভজিবিলাস গ্রন্থের বিস্থারিত বিবরণ তীলে কুস্যালম কবিরাজ (গোপ্তার্মী, মধ্যালীলায়) ং ২ন/৩২≥ ৩৪৫) প্রদান করেছেন। শ্রীল গোপলেভট্ট গোস্বামী স্কেলিত এংশেরই নর্থনা ায় কৃষ্ণনাস করিলের গোস্বামী সেই শ্লোক কর্যটেতে প্রদান করেছেন। ব্রীল ক্রিসিরান্ত প্রবর্গতী ঠাকুলের মতে খ্রীল গোপালভট্ট মোম্বামী সংকলিও গ্রাহে বৈক্ষরস্থতির পূর্ব বিকাশ নজিত হয় বা। জীরণীকসুন্দরের আদেশে সনুসারে জীল সনতেন গোলামীর নিপুর গৃতি-> এছেব তংকালোচিত আংশিক বিষয়সমূহ নিৰ্দেশিত হয়েছে মাঞ্চ বৈদলকৃতি কাঞ্জনমন া, ইনিনাতন গোপামীর *শ্রীহনিভক্তিবিলাস* প্রকাশিত হলেই নৈফব-সমাভেন সমস্ত শব্দাধিক অভাব বিদূরিত হবে। *ত্রীহরিভক্তিবিলাস* গেলেই শ্রীদ্যাপালন্দ্রী পোধার্মী। ° ৮৭ *ভতিবিলাস* গ্রন্থ সর্যক্ষিপ্তভাবে রচিত হয়েছে বলে স্মার্ভ সমাজের প্রভাবে এই +'*ভবিলাস* গ্রন্থ দারা সমস্ত ব্যবহারিক কার্টের খীমাপো প্রভিমা যা। না। শ্রীসনাতন ্ত্রার্থ বৃত্তিত ও সংকলিত *হবিভক্তিবিলামের* টীকা দিগুল**িনী টীকান কিয়**নশ্বে, যা বর্তমান নালের ভাজিবিলাস গ্রন্থের দীকাকাপে প্রকাশিত হয়েছে, তা খ্রীগোপীনাথ পূজাধিবারীর সকলিত দিগ্দবিনী বলে কেউ কেউ প্রচার কবেন। এই স্থাগেলীনাণ বৃধাবনের শ্যানমঘণ্টীর সেপকার্যে নিযুক্ত ছিলেন এবং তিনি হঙ্গেন শ্রীগোলালভট্ট গোখানী প্রভুব ( कड़ाल भिसा।

্বের্রান্তর্গেও এথের দুই বাবে ভারবাধনিক সিদ্ধান্ত নির্কাপত হয়েছে। প্রথম বাবে চারাবাধনি করা হয়েছে। প্রথম বাবে করা হয়েছে। সেখানে ভারতার বর্ণনা করা হয়েছে, যথা—প্রিয় ভারত, প্রিয়ত্ত্বর বর্ণনা করা হয়েছে। সেখানে ভারতারে বর্ণনা করা হয়েছে, যথা—প্রিয় ভারত, প্রিয়ত্ত্বর বাবিনা করা হয়েছে। গোলোক-মাইন্যা-নির্কাপণ নামক নির্তীয় বাবে চিব ভারতের মহিমা বর্ণনা হয়েছে। তাতে বৈবাধা, জান, ভারতি, বৈকৃষ্ট, প্রেম, অভিন্ত লাভ ও ভারনানক—নাই সাতেটি অধ্যায় সামেছে। এই গ্রন্থটি মোট চোগানি অধ্যায়ে সম্পূর্ণ।

দশন উমনী ২৩৯ শ্রীমন্তাগবতের দেশে ছধের টাকা। এই গ্রন্থটিশ আর একটি নাম গৃংল্লিফার তোষনী টাকা। *ভাজিরত্বাকর প্রত্নে বর্ণন* করা হয়েছে যে, ১৪৭৬ শ্রাকে দশম টিমনী সম্পূর্ণ হয়।

#### গ্রোক ৩৬

এই সব গ্রন্থ কৈল গোসাঞি সনাতন ৷ রূপপোসাঞি কৈল যত, কে করু গণন ॥ ৩৬ ॥

[記 中語

3/0

শ্লোকার্থ

আমরা শ্রীল সনাত্তন গোরামী রচিত চারটি গ্রন্থের আলোচনা করেছি। তেমনই, শ্রীল কণ গোষামীও বত্ গ্রন্থ রচনা করেছেন, যা গণনা করে লেদ হলা যায় না।

> শ্লোক ৩৭ প্রধান প্রধান কিছু করিয়ে গণন। লক্ষ গ্রান্থে কৈল ব্রজবিলাস বর্ণন ॥ ৩৭ ॥

> > শ্লোকার্থ

ভাই আমি গ্রীল রূপ পোদামী রচিত প্রধান প্রধান গ্রন্থতা উল্লেখ করণ। তিনি শত সহস্র গ্রন্থে নৃন্দাবনে শ্রীকৃষের দীলানিলাসের বর্ণনা করেছেন।

শ্রোক ৩৮

রসামৃতসিন্ধ, আর বিদগ্ধমাধ**ব ।** উজ্জ্বলনীলমণি, আর সন্ধিতমাধ**ব ॥ ৩৮** ॥

শ্লোকার্থ

জ্ঞাল রূপ গোস্থামী প্রচিত প্রস্থৃগুলি হচ্ছে ভক্তিরনামৃতসিদ্ধ, বিদক্ষমাধ্ব, উজ্জ্বনীলয়ণি ও ললিতমাধ্ব।

প্রোক ৩৯-৪০

দানকেলিকৌমুদী, আর বহু স্তবাবদী । অস্টাদশ লীলাচ্ছন্দ আর পদ্যাবলী ॥ ৩৯ ॥ গোবিন্দ-বিরুদাবলী, তাহার লক্ষ্ণ । মধুরা-মাহাত্মা, আর নাটক-বর্ণন ॥ ৪০ ॥

হোকার্থ

শ্রীল রূপ গোস্থানী দানকেলিকৌনুদী, স্তবাধলী, দীলান্তদ, পদ্যাবলী, গোকিস বিরুদাবলী, মুগুরা-মাধ্যাত্মা এবং নাটক-বর্ণন আদি গ্রস্থণুলিও রচনা করেছেন।

(約本 8)

লযুতাগৰতামৃতাদি কে করু গণন । সর্বত্র করিল ব্রজবিলাস বর্ণন ॥ ৪১ ॥

শ্লোকার্থ

লঘুস্থানবতামৃত আদি গ্রন্থের বর্ণনা কে করতে পারে? সেই সমস্ত গ্রন্থে শ্রীল রূপ সোমামী পূলাবনে শ্রীকৃষ্ণের লীলানিলাসের কাহিনী বর্ণনা করেছেন।

#### তাৎপদ

শাল ভবিদিয়ান্ত সবসতী ঠাকুর এই সমস্ত গ্রন্থের বর্ণনা করেছেন। ভাজিরসামৃতসিলু চাছে এক মহান গ্রন্থ যাতে কৃষ্ণভাজি ও ভবিন্তম সম্বন্ধে বর্ণনা করা হয়েছে। এই প্রস্থ বাচিত হয় ১৪৬৩ শকান্দে। এই প্রস্থের চারটি বিভাগ, ফথান্দ্রে—পূর্ব-বিভাগ, দক্ষিণ-শভাগ, পশ্চিম-বিভাগ ও উত্তর-বিভাগ। পূর্ব-বিভাগে হার্মাভাব বর্ণনা করা হয়েছে। তাতে সামানভাতি, সাধনভাতি, ভারভাজি ও প্রেমভাজি—এই চারটি বহুনী রয়েছে।

শব্দিশ-বিভাগে সাধারণভাবে ভক্তিরস নিক্ষপিত হয়েছে। তাতে বিভাব, 'অনুভাব, সাহিক, ব্যভিগানী ও স্থানীভাব—এই পাঁচটি লহবী বয়েছে। পশ্চিম-বিভাগে ভগবন্ধন্তিব নৃহন্যস-সমূহের বর্গনা করা হয়েছে। এই অধ্যায়ের নাম 'মুখাডভিরস-নিক্ষপা'। তাতে গ'ণ, প্রীতি-ভক্তিরস বা দানা, প্রেয়ো-ভক্তিবস বা দখ্য, বাৎসভা-ভক্তিরস ও মধুর-ধজিরস—এই পাঁচটি লহবী রয়েছে।

উত্তর-বিভাগের নাম গৌণভজিরসাদি নিরূপণ এবং তাতে হাসা-ভজিবস, অনুত-র্ভান্তবস, বীর-ভজিরস, করণ-ভজিরস, বৌশ্র-ভজিরস, ভয়ানক-ভজিরস, বীভংস-র্ভান্তবস, মৈত্র-বৈবন্ধিতি ও রসাভাস—এই নথাটি লহবী বয়েছে। এটি হচেই লভিরসাখৃতসিম্বর একটি সংক্ষিপ্রসার।

বিদ্যালয়ৰ গ্ৰন্থটি শ্ৰীকৃষ্ণেৰ ব্ৰজনীলা বিষয়ক নটক। শ্ৰীল রূপ গোষামী এই গ্রন্থটি শ্রুলা করেন ১৪৫৪ শ্রুলাক। এই নাটকটির প্রথম অঙ্কের নাম—বেণুনাম-বিলাস, বিতীয় অঙ্কের নাম—বাধাসক, চতুর্গ ভাষের নাম—বেণুহরণ, প্রথম এঙ্কের নাম—বাধাসক, চতুর্গ ভাষের নাম—বেণুহরণ, প্রথম এঙ্কের নাম—বাধাপ্রসাধন, বর্ত অঙ্কের নাম—শর্কিছার এবং সপ্তয় অঙ্কের নাম—গ্রিটিবিহার।

উল্লেখিনাদি গ্রহাট অপ্রাকৃত মধ্য ব্রহারস বিষয়ক অসংকার গ্রহ। ভাজিকসামৃতাসিল্ব প্রে মধুর বন্দের বর্ণনা সংক্ষেপে করা হয়েছে, কিন্তু উন্জ্বনীজমাণি প্রহে তা বিস্তারিতভাবে আন্নাচনা করা হয়েছে। এই প্রহে বিভিন্ন ধরনের প্রেমিক, তাদের সহায়ক শ্রীকৃষ্ণের আনাহা প্রিয়ন্ত্রনাকর করি। করা হয়েছে। এখানে শ্রীমতী রাধারাদী ও অন্যান্য প্রেমিকাদের বর্ণনা করা হয়েছে এবং বিভিন্ন মৃক্ষেরীদের বর্ণনা করা হয়েছে। দৃতী, সবী এবং আর বর্ণনা করা হয়েছে। এই প্রহে কৃষ্ণপ্রেমের আনা শ্রীকৃষ্ণের অভান্ত প্রিয় তালের কথা বর্ণনা করা হয়েছে। এই প্রহে কৃষ্ণপ্রেমের কর্ণকান, অনুভাব, উদ্বাধর, সাধিক ও ব্যক্তিচারী-ভাব, স্থানীভাব, বিশ্রভান্ত, পূর্বরাগ, মান, প্রার্থিভান, প্রধান, সংক্ষেগ, বিয়োগ, স্থিতি, সন্তোগ (মুখ্য ও গৌণ)—এই সমন্ত বিষয়া বিশ্বনিভান, প্রধান করা হয়েছে।

তেমনই, লনিতমাধন গ্রন্থটি শ্রীকৃষ্ণের ভারকালীলা বিষয়ক নাটক। ১৪৫৯ শকামে শ্রী শ্রন্থটি বচিত হয়। এই নাটকের প্রথম অন্ধে সাধ্যকালীন উৎসবের কর্ননা করা প্রয়েছে। দিনীয়া অনে শন্তবৃদ্ধ-বধ কর্মনা করা হয়েছে। তৃতীয় অন্ধে কৃষ্ণ-প্রেমোশ্রন্থা শ্রীমতী বাধানাধীর কর্মনা করা হয়েছে। চতুর্থ অন্ধে শ্রীমতী ধাধারাশীর অভিসার কর্মনা করা

155 BA]

হয়েছে। লক্ষ্য অন্তে চন্দাৰলীকে লাভ করাৰ কর্মনা করা হয়েছে। ষষ্ঠ অন্তে গলি চাণ্ডের কে প্রভাগের কাহিনী বর্ণনা করা হয়েছে। সপ্তম আদে নব-কুদাবলে মিলনের বছনা করা সংবাছ। অন্তম আছে নক-কুলাবনে আনক উপভোগের বর্ণনা করা হয়েছে কৰে অংশ দিত্ৰ-সৰ্কৃত্তৰ বৰ্ণনা কলা ২য়েছে কৰা দশম আৰু মনোৱাই পূৰ্ব হওয়াৰ नर्गना कता रहाहरू। यह निहत्क यह मनति व्यव तहाहरू।

লগুলাগৰামুক গ্ৰন্থটি দৃটি ধৰে বিজক। প্ৰথম শক্তের নাম ক্ষমান্ত এবং দিতীয়া থকেব নাম ভাজামৃত। প্রথম খতে বৈদিক শব অমাদেব ওক্তর করি। করা হয়েছে। ভারণর হয়নোপ ইক্ষিয়, এর বিলাস, স্বাংশ ও আরেশভেনে তদেকাররেপ, তিবিধ এবতার (তিনটি প্রকাষেতার), তিনটি ওণাধতারের মধ্যে বিষুদ্ধ ও বিষ্ণুভত্তির নির্ধণতা এবং পঁচিশটি নীলাবতার (চতুবস্থা, নারদ, ববাহ, মৎসা, যন্তা, নরনারামাণ খবি, দেবহুতি পুত্র কলিল, দত্তপুরুষ, হয়প্রার, হংস, পুরিগার্ড, ঋষভ, পুণু, নুসিংহ, কুর্ম, ব্যব্তনি, গোহিনী, বামন, গরতবান, দাশবধি, কৃষ্ণাদ্ধৈপালন, কলবাম বা শেষ সম্বর্মণ, বাস্থাধিক, বৃদ্ধ ও কান্ধি) বর্ণিত সমোছে। তারপর টোদ্দটি মধ্যুর অবতার—যক্ত, বিভূ, সতাদেন, হবি, বৈকৃষ্ঠ, অজিত, বাখন, সাবভৌন, ক্ষত, বিযুক্তেন, ধর্মসেতু, সুধামা, যোগেশর ও বৃহস্তানু এবং চাৰটি বুবের চার যুগাৰতার ও ঠানের বর্ণ—ধ্যেত, রক্ত, শাম ও কৃষ্ণবর্গ (সংকরও শ্রীভেতনা সহাপ্রভুকরের পীতেবর্গ) বর্ণিত হয়েছে। তারপর বিভিন্ন কল ও সেই সমস্ত কল্পের অবতাৰ এবং আবেশ, প্রান্তব, বৈভব ও পর—এই চারটি অবস্থায় অবস্থিত অস্তার্টের বিচার, লীপাত্তেদে ভগবানের নামের মহিমার বৈচিত্রা এবং শক্তি ও শক্তিমানের মধ্যে পার্থকোণত কর্ণনা করা হয়েছে। তা ছাড়া ভগধানের নধ্যে প্রস্প্ত-বিরোধী গুণসন্থের অচিন্তা সমধ্যের কথা বর্ণনা করা হয়েছে।

ত্রীকৃষ্ণ ইচেনে আদিপুরুষ প্রধানার ভগবান এবং তার থেকে গ্রেম আর কেউ নেই। তিনি সমাস্ত অবভারদের অবভারী। বাদুভাগবতাসূতে বর্ণনা করা হয়োছে যে, তিনি সমগু একচালনের অংশী, সমস্ত ভবজাকেরা ওার অংশ একং তিনি সর্ব সমারের ইম্বর। নির্বিশেষ এম উল্ল অসকান্তি এবং ত্রীকৃষের বিভূষ নরনীলার মাধুর্য এবং অসমোধাত্ত বর্ণিত इसार्छ। छिर जगरए (रिक्केस्नारक) स्मर उ स्मरीम एछए लाई। खड़ खनारठ स्मरीरक বালা হয় আয়া এবং দেহ হচ্ছে ছড় প্রকাশ। কিন্তু চিৎ-জগতে এই নকম কোন পার্থকা নেই। স্ত্রীকৃষ্ণ হছেন জন্মরহিত এবং ওার আবির্তাব খন্যদি। ওার দীলা নিতা। ত্রীকৃষ্ণের নীলা দৃতালে বিভক্ত—প্রকট ও অপ্রকট। দৃষ্টাগুদরপ বলা যায়, ত্রীকৃষ্ণ থকা এই ওলাতে আবি হৃত হয়েছিলেন, একন তাব দীলা প্রবট ধরছেল। কিন্ত থবন তিনি অভূহিত হলেন, ডফা মনে করা উচিত নয় যে, তার সব কিছু শেব হয়ে গেছে, শেন না অপ্রবাটকপেও এখন তার দীলা চলতে থাকে। তার প্রকট লীলায় শ্রীকৃষ্ণ ও তার ভবনো বিভিন্ন হস আধাদন করেন। মথুবা, বৃদাবন ও ছারকাম ওার লীলা নিতা এবং কোন না কোন প্রস্থাত্তের কোভাও না কোগাও তাঁব সেই নিতানীলা নিক্তর বিলাস হচ্ছে।

**শোক ৪২** তার ভাতুম্পুত্র নাম—শ্রীজীবগোসাঞি। যত ভক্তিগ্রন্থ কৈল, তার অন্ত নাই ॥ ৪২ ॥

ভ্রাল কপ গোস্বামীর আতুম্পুত্র জ্রীল জীব গোস্বামী এত ভক্তিগ্রন্থ রচনা করেছেল যে. Case शंपना करत त्यम कता गाम ना।

> শ্লৌক ৪৩ শ্রীভাগৰতসন্দর্ভ-নাম গ্রন্থ-বিস্তার । ভক্তিসিদ্ধান্তের তাতে দেখাইয়াছেন পার ॥ ৪৩ ॥

> > শ্ৰোকাৰ্থ

গ্রীভাগবতসমতে ত্রীল জীব গোস্বামী গুগবন্ধক্তির চরম সিদ্ধান্ত নিরূপণ করেছেন। তাৎপর্য

৬"প্রত্যালর্ভ হট্টসন্দর্ভ নাথেও পরিচিত। উত্তসন্দর্ভ নামক প্রথম শিভাগে নিরাপিত হয়েছে ে প্রমূত্র সপক্ষে শ্রীমখ্রাগবত হচ্ছে সর্বশ্রেষ্ঠ প্রমাণ। ভগবংসকর্ত নানক দিওীয়া সালতে নির্বিশেষ ব্রহ্ম এবং ভারুমিটা প্রমাধার পার্থকা নিরূপিত হয়েছে এবং চিৎ-জগৎ ত জাও কলামমূক্ত বিশুদ্ধ সম্বের কর্মনা করা হয়েছে। অর্থাৎ গুদ্ধ সর্বের চিয়ায় স্থিতির করা ইয়েছে। স্কড় জগতের যে সম্বর্জন তা বজাও তারেওকার কলুমের গারা শুরুর্গাত হতে পারে। কি**শু কেউ বর্গা বিশুদ্ধ সত্তে** অধিষ্ঠিত হন, তথন আর ওঁলে এই শ্রেনা কল্পতি হওয়ার সম্ভাবনা আর্কে না। সেটি তদ্ধ সংখ্যে চিত্রয় স্তব। সেখানে প্রামেশন ভগনানের ও জীবেন শক্তির বর্ণনা করা হয়েছে এবং ভগনানের বৈভিত্রাময় গাঁগন্ত শক্তিরত বর্ণনা করা ইয়েছে। ভগবানের শক্তিসমূহকে চিং শক্তি, জীবশক্তি, ধক্পশক্তি ও মায়ালঙ্কি আদি বিভিন্ন ভাগে বিভক্ত কৰা হয়েছে। শ্রীবিহাহ খাবাকনার ি গার, শ্রীবিপ্তাহের সর্বশক্তিমন্তা, বিভূতা, সর্বাহ্রয়াতা, তার সৃঞ্ধ ও স্থুল শক্তিসমূহ, তার পশ্পাশ্য, নাপ-ওপ-জীলাময়ছে, অপ্রাকৃতত, পূর্ণ স্থরূপত্ব আদির কথাও কনা করা হয়েছে। · দ্বালে অপথ উল্লেখ করা হরেছে যে, তিৎ-ভগতে প্রয়েশন ভগবানের সঙ্গে সম্পর্কিত মান কিছুই অটিন্তা শক্তিসম্পা। ভবং চিৎ-দ্বাগৎ, ভগবানের পার্মদ ও ভগবানের তিন প্রকলে পাকি, সবই চিত্মধ। এই প্রপ্রে নির্বিশেষ রক্ষা ও পরবোশার ভগবাঢ়োর ভারতমা, ভগবাঢ়োর প্ৰাঃ, সকল বৈদিক জ্ঞানের উদ্দেশ্য, ভগবানের বক্তপশক্তি এবং সমস্থ গৈদিক জ্ঞানের ে। প্রেডা যে প্রক্রেম্বর ভর্মন, এই সম্ভ বিষয় আলোচনা করা হয়েছে।

় ীয় সন্দর্ভটির নাম পরমাধাসন্দর্ভ। এই প্রায়ে পর্যাধার সম্বর্গে বর্ণনা দলা হয়েছে। াং শবসাধা কিভাবে অসংখা জীবের সঙ্গে বিগ্রাজ করেন তা বলা হয়েছে এই মধ্ গণ দিশাবের এবেওমা, স্ক্রীন, মায়া, জগৎ, পরিগানবাদ, বিবর্ত-সন্যাধান, ক্রগ্রং ও পরমাগ্রাগ্র মিধ্য ১

লোক 88]

অননাত্ব এবং অগতের সভাতা সহয়ে বর্ণনা করা হয়েছে। এই সম্পর্কে জীধর আমির নত প্রদান করা হয়েছে। এই গ্রন্থে আবন্ধ বর্ণনা করা হয়েছে যে, পরমেশ্বর ভাগনান দ্বিও সমস্ত জড় গুণরহিত, তবুও তিনি সমস্ত জড় কার্যকলাপের নিয়ন্তা। লীলাবতারেরা ধে কিভাবে ভাভের বাসনায় সাড়া দেন তার এবং ভগবানের ছ্যাটি ঐশ্বর্যের বর্ণনা এতে করা হয়েছে।

চতুর্থ সন্দর্ভটির নাম কৃষ্ণসন্দর্ভ এবং এই প্রস্তে প্রমাণ করা হয়েছে যে, শ্রীকৃষ্ণ হছেন গ্রামেন্দর ভগবান। এতে কৃষ্ণলীলাসমূহ ও ক্যাবলী, পুলমাবজারের কর্তৃত্ব আদি বর্ণিও হয়েছে। এই প্রস্তে প্রমির মার্ড সমর্থন করা হয়েছে। সমন্ত শান্তে শ্রীকৃষ্ণের পরমার মার্ড সমর্থন করা হয়েছে। সমন্ত শান্তে শ্রীকৃষ্ণের পরমার মহিলাদের প্রমার বিভাগ বিশাস ও কলা অবভারেরা শ্রীকৃষ্ণের দিত্যের নিভাগ বিশাস করেন। শ্রীকৃষ্ণের বিভাগ, গোলোক নির্মাণ, বৃশাবন আদি শ্রীকৃষ্ণের নিভাগের বিভাগের ছিভাগের, গোলোক নির্মাণ, বৃশাবন আদি শ্রীকৃষ্ণের নিভাগের প্রস্তান, গোলোক ও কৃষ্ণাবলের প্রস্তিক্র নিভাগের বিশাসকর প্রমার বিশাসকর প্রস্তানীলা ও অপ্রকট লীলা, প্রকটি ও অপ্রকট লীলার সমন্বায়, গোকুলে শ্রীকৃষ্ণের প্রকাশ, গ্রামের মার্হিবীরা তাঁর স্বর্মপশন্তির প্রকাশ, তামের প্রেকেন্ত ব্রন্ধণোপিকাদের উৎকর্ম আদি বিশাসন্ত বর্ণিত হয়েছে। এই প্রস্তে গোপিকাদের নাম বর্ণনা করা হয়েছে এবং শ্রীমন্তী রাধারানীয় সর্বোহকর্মতা নির্মাপিত হয়েছে।

পঞ্চম সন্দর্ভের নাম ডক্তিসন্দর্ভ। এই গ্রন্থে আলোচনা কবা হয়েছে, কিভাবে সাক্ষাংভাবে ভগবভঞ্জি সম্পাদন করা মায় এবং কিভাবে অম্বর ও বাতিরেকভাবে সেবা সম্পাদন করা যায়। এই গ্রাহে সমস্ত শাস্ত্রের জ্ঞান, বৈদিক বদাশ্রম-ধর্মের আচরণ এবং ভগবন্ত তি মর্বভেষ্ঠ ধর্ম প্রকৃতি আলোচনা করা হয়েছে। এখানে খরাও উল্লেখ করা হয়েছে যে, ভগবন্ততিবিহীন ব্রাহ্মণও নিন্দনীয়। এই প্রশ্নে কর্মত্যাণ (ভন্নবানে তার্পিত কর্ম), অন্তাঙ্গযোগ ও মনোধর্ম-প্রসূত জানকে অথহীন পরিক্রম বলে অনুযোগ করা হয়েছে। এতে বিভিন্ন দেব-দেবীর পূজা থেকে ভগকন্তক-বৈক্ষাবের পূজার উৎকর্য প্রতিপথ হয়েছে। যার। ভগনানের ভক্ত নয় তাদের গেনি রকম গ্রাদ্ধা প্রদর্শন করা হয়নি। সেখানে আলোচনা করা হয়েছে, কিভাবে এই জনো জীবশুক্ত হওয়া যায়। দেবাদিদেব মহাদেবকে ভগবন্তস্তর্জনাপে বর্ণনা করা হয়েছে এক: ভল্ক ও ভল্কির নিজার নিরাপিত হয়েছে। সেখানে উল্লেখ করা হয়েছে থে, ভক্তির মাধ্যমে সব রকম সাফলা অর্জন করা যায়, কেন না ভগবস্তুক্তি জড় জগতের সমস্ত ওপের অতীত। সেখানে আরও আলোচনা কর। হয়েছে, কিভাবে ভণ্ডির মাধামে আগ্মার প্রকাশ হয়। ভণ্ডির মাধ্যমে চিন্মা আনন্দ লাভ এবং এমন কি অপূর্ণ ভগবঙ্গজির ফলে কিভাবে পরমেশ্বর ভগবানের শ্রীপাদপরে আশ্রয় লাভ করা যায় তাব বর্ণনাও করা হয়েছে এবং আহৈতুকী ভক্তির প্রশংসা করা হয়েছে এবং বিলেষণ বনা ২মেছে জন্তসঙ্গের প্রভাবে কিভাবে অহৈতুকী সেবার স্তরে উগত হওয়া যায়। সেখানে মহাভাগবত ও সাধারণ ভড়ের পার্থকা আলোচনা করা হরেছে এবং মনোধর্ম-প্রসূত জানের শক্ষণ, অহংগ্রহ্যেপাসনা বা নিজের পূজা করায় লক্ষণ, ভগবড়জির নক্ষণ, মনোকলিত সিদ্ধিৰ লক্ষণ, বৈধীভিন্তি স্থীকাৰ, শুক্তমেবা, মহাভাগৰও (মৃত্ত শুক্ত)
দশং তাঁও সেবা, বৈক্ষণসেবা, শ্ৰবণ, কীৰ্তন, ব্যৱদ, বন্দন, পাদসেবন, দাসা, সন্থা,
মাননিবেদন, সেবা-অপ্যাধ, অপ্যাধের ফল—এই সমস্ত বিষয় আলোচনা করা হয়েছে।
শান্যাগভিত্তি (সতংখ্যুর্ত স্থাবস্তুতি), কৃষ্ণভক্ত হত্যার বৈশিষ্ট্য এবং সিদ্ধির ক্রম সম্বন্ধেও
আলোচনা করা হয়েছে।

দর্ভ সন্দর্ভের নাম *প্রীতিসন্দর্ভ*। এখানে বর্ণনা কবা হয়েছে যে, ভরবং প্রীতির মাধামে সম্পূর্ণনাপে মুক্ত হয়ে জীবনের চরম উদ্দেশ্য সাধন করা যায়। এখানে সবিশেষ ও িনিশের বৃত্তির পার্থকা নিরূপণ করা হয়েছে এবং জীবগুক্তি ও জড় বন্ধনমুদ্রির আলোচনা কলা হয়েছে। এই প্রস্তে সর্বপ্রকার মৃত্তির মধ্যে ভগবৎ-প্রেম জনিত মৃত্তিকে সর্বোৎকৃত্ত বাবে শনিব করা হয়েছে এবং পরমেশ্বর ভগবানকৈ প্রত্যাসভাবে দর্শন করাকে পরম প্রযার্থ বার বর্ধনা করা হয়েছে। এখানে সদা মুক্তির সঙ্গে ক্রমপর্যায়ে লব্ধ মুক্তির পার্পকা ি। পিত হয়েছে। এক-সাক্ষকার ও ভগবৎ সাঞ্চাহকারকে জীবমুক্তি কলে বর্মনা করা ৩০.৫৯, এবে বাহ্যিক ও আভাস্তবীশ উভ্যান্ডাবে ভদনং সাঞ্চাংকার বে সর্বশ্রেষ্ঠ তা habiপ ঃ হয়েছে। ভগৰৎ-উপলব্ধিকে ব্ৰহ্মজ্ঞানের বং উপারের বিষয় বলে বর্ণনা করা ংক্তর এবং সালোকা, সামীপা ও সারাপ। মুক্তির তুলনামূলক ফলোচনা কবা হয়েছে। শানোক। মৃত্তির থেকে সামীপ। মৃতি শ্রেয়। ভাবছভির মৃতিত ও উপাধেয়ত্ব আলোচন। কণা থয়েছে এবং কিডাবে তা লাভ করা যায় ভাত ব্যাখ্যা করা হয়েছে। ভগবছুতির পর এইটিউত ইলে জীব যে চিন্সয় ওপে অধিষ্ঠিত হয়, সেই কথা এবং ভগবং-প্রেনের দ্যার্থ ছিতি সম্বক্ষেও আলোচনা করা হয়েছে। চিম্ম্য প্রেনের তটিমু লক্ষণ, তার উল্লেখ, ne helvie প্রেম ও ভগবং-প্রেমের পার্থকা, বিভিন্ন প্রকার রস এবং ব্রজ্ঞদেবীদের কামের শ্রমান প্রায়ের সপতে বর্ণনা করা হয়েছে। জ্ঞানের সঙ্গে ভঞ্জির মিশ্রণ, গোপীর প্রেমের দান ইংকর্যতা, ঐশ্বর্যপর ওক্তি ও মাধুর্যপর ওক্তির পার্থকা, গোভুলনাসীদের শ্রেষ্ঠতা, াদের থেকে শ্রীকৃষ্ণের স্থা গোপগনের, বাংসল্য রসে শ্রীকৃষ্ণের সঙ্গে সম্পর্কিত প্রোপ-শালীদের উৎকর্মতা এবং চবমে ব্রজ্ঞগোপীদের এবং তাদের মধ্যে আবার শ্রীমতী वाष्ट्राचीत श्राह्मत डेस्कर्यटा वर्षिड श्राह्म। स्मर्गात यात्र आर्लाम्मा कता श्राह्म আবলা করার মাধ্যমেও কিভাবে চিত্তা অনুভূতির বিকাশ হয় এবং এই অনুভূতি জড়-ল গা ংক কাম থেকে অনেক উৎকৃষ্ট। তা ছাঙা বিভিন্ন ধরনের দিবাঙাৰ, ভাবের উদ্দীপন, <sup>1</sup>দ্রবা প্রবাধনী, দীবোদান্ত আদি ভেদ, মাধুর্বপ্রেমের চরম আকর্মকতা, অনুভাব, সঞ্চাবী ছার্নাতার, পাঁচটি মুখারস ও সাওটি জৌগরস সপ্তপ্নে আলোচনা করা হয়েছে। পবিশেযে ক্যান্স, শাস্ত, দাসা, সংগ্র, বাৎসক্রা, মাধুর্য, সজেদ ও বিপ্রসন্ত, পূর্বরাগ, মান, প্রেমবৈচিত্তা, भवाम प्रवा शोभ ही जामालायील भिरम्भ वर्षना कर्ता स्टामारू।

> শ্লোক ৪৪ গোপালচম্পু-নামে অস্থমহাশূর। নিতালীলা স্থাপন যাহে ব্রজরস-পূর 1: ৪৪ ॥

্লাক প্রচা

#### য়োকার্থ

সব চাইতে প্রসিদ্ধ ও মহা প্রভাবশালী চিতায় এছ হতেই গোপালচম্পু। এই মতে বৃন্দাবনে শ্রীকৃষেরে নিত্য-লীলাবিলাস ও ব্রহ্মরস পূর্ণশ্লাপে বর্ণিত হয়েছে।

#### ভাৎপর্য

শ্ৰীন উভিনিদ্ধান্ত সৰম্বতী ঠাকুৰ তাৰ *অনুভাষো, গোণাল্যম্প সম্পর্কে* নিয়নিশিত তথা अमान काट्याप्न । शायाकरूप् धाएत पृष्ठि विकाश—पूर्वरूप् ७ ऐकारूप् पूर्व प्यान তেত্রিশটি পুনণ (পরিছেন) এবং উত্তর্জন্পতে সংহিত্রিশটি পুনণ রয়েছে। পূর্বজন্প রচিত হয় ১৫১০ শকাশে। এই গ্রন্থে নিম্নলিখিত বিষয়য়নির আলোচন। হয়েছে—১) বৃন্যাবন ५ (पारकाकः २) भूडमा वस्तीना, परभाग भारत्य बारमर्ग शालीशस्त्र गुरू शङ्मानभग, कुमा । यद्यानारमत । अन्न अन्न अन्न अन्न । अनुकर्णन भरवानः । म यस्यानात यथः । । জন্মোৎসক, ৫) নাম ও ধনুমেকে মিলন একং পুতনা বধ, ৬) উন্মানসীলা, শকটভন্ধন ও নামকরণ; ৭) তৃণাবর্তাসূর বধ, শ্রীকৃষের মৃতিকা ভক্ষা, শ্রীকৃষের বাল চাপলা ও होति, ৮) प्रविभयत, श्रीकृरका या यह्मापात अवश्वान, प्रविद्यात (५५), श्रीकृरका नप्तानीना, যমলার্জুন উদ্ধান ও মা মশোদার বিলাপ, ৯) বৃন্ধাবনে প্রবেশ, ১০) বংসাসুর বধ, বকাসুর বধ ও ব্যোমাসুর বধ; ১১) অঘাসুর বধ ও ব্রন্ধনোচন; ১২) গোওগমন; ১৬) রোচারণ ও কালীয়াদমন; ১৪) গর্দভাবূর বদ ও খ্রীকৃষ্ণের স্তুতি; ১৫) গ্রোপীগণের পূর্বানুয়াগ; ১৬) প্রলম্পানুর বধ ও দাবায়ি ভক্ষা; ১৭) গোপিকানের শ্রীকুমেল কাছে যাওয়ার প্রচেষ্টা, ১৮) গোর্ম্বন ধানণ, ১৯) জীকুজ্যের অভিযেক; ২০) বরুলের আলয় থেকে নাম মহারাছের প্রস্তাবর্তন এবং গোপীগণের গোলোক দর্শন; ২১) কাডায়র্বীপ্রত অনুষ্ঠান; ২১) যজ্ঞ অনুষ্ঠানে রভ ব্রাক্ষণদের পদ্মীরের কাছে অমতিক্ষা, ২৩) গোপীগণের মিলন, ১৪) গোপীবিহার, রাধা-ক্ষেত্র অন্তর্গার এবং গোপীগণের অবেষণ: ২৫) শ্রীকৃষ্ণের আবির্তান, ২৬। গোপীগারের সংকল্প, ২৭) জলকেনি, ২৮) সর্পের কবল বেকে নন্দ মহারাজ্যকে উদ্ধান; ২৯) নির্জন স্থানে বিনিধ লীলা; ৩০) শামচুড বধ ৫ হোরি, ৩১) 'অনিষ্টাসুৰ বন্ধ ৩২। কেশীদানৰ বহু ৩৩) নাৱদ সুনিৰ আগমন এবং কোন বংসার গ্রন্থ রচনা হয়েছিল ভার ধর্ণনা।

উত্তর্ভন্ত নামক বিত্রীয় বিভাগে মিপ্রলিখিত বিষয়ওলির আলোচনা করা হয়েছে—
১) প্রজ্ঞভূত্রির প্রতি অনুরান্ধ; ২) অজ্বরের ফুরজা; ৩) মগুরাপুরীর উল্পেশ্য জীক্ষান্ধর প্রদান, ৪) মগুরাপুরীর বর্ণনা; ৫) কলে বদ, ৬) নন্দ মহারাজের কৃষ্ণ বলরামের বিরহ ওলিত কট্ট; ৭) কৃষ্ণ ও বলরাম ছাজা নন্দ মহারাজের প্রজে প্রবেশ; ৮) কৃষ্ণ-এলবামের আল্যান; ১) ওলপুর আন্যান; ১০) উদ্ধারের ব্রজ্ঞাগমন; ১৩) জ্বরাসহা বন্ধন; ১৪) যবন স্থলাসনা কর; ১৪) বলরামের বিবাহ; ১৬) ক্রবিশীর বিবাহ; ১৭) সপ্রনিবাহ; ১৮) নবকাসুর বধ, পারিজাত হরণ ও ঘোল সহপ্র মহিনীর বিবাহ; ১৯) বালাসুর বিজ্ঞা; ২০) বলরামের ফুলাবনে আগ্রানের বর্ণনা, ২১) সৌজুল বধ; ২২) দ্বিবদ বধ ও হণ্ডিনাপুরের চিপ্র; ২০) কুরুক্তেরে আল্রা; ২৪) ব্রজ্বাস্থির ব্রজা; ২০) কুরুক্তেরে আল্রা; ২৪) ব্রজ্বাস্থিরের ক্রিনা, ২১) ক্রের্লাসনার ব্রজা; ২৫) উদ্ধারের সামের স্থলাকরে আল্রা; ২৪) ব্রজ্বাসীদের কুরুক্তেরে আল্রা; ২৫) উদ্ধারের সামের

নাকে , ২৬) রাজনাদের মোনে, ২৭) রাজসুর বজাং ২৮) শাল্ব বধং ২৯) বৃন্দাবনে লাগবৈট্যের বিবেচনা, ৩০) শ্রীকৃষ্ণের বৃন্দারনে পুনবাধ্যমন; ৩১) শ্রীমন্তী রাধাবাদী আনির বাধা সমাধ্যম; ৩২) ক্রাস্থানা; ৩৩) রাধা-মাধ্যের অধিনাস; ৩৪) রাধা কৃষ্ণের অধ্যমবদ্ধ ৩৫) শ্রীমান্তী বাধানাগাঁ ও শ্রীকৃষ্ণের বিবাহ; ৩৬) শ্রীমান্ত্রী বাধানাগাঁ ও শ্রীকৃষ্ণের বিবাহ; ৩৬) শ্রীমান্ত্রী বাধানাগাঁ ও শ্রীকৃষ্ণের বিবাহ; ৩৬) শ্রীমানাশাধ্যমান্ত্রী বাধানাগাঁ ও শ্রীকৃষ্ণের বিবাহ; ৩৬) শ্রীমানাশাধ্যমান্ত্রী বাধানাগাঁ ও শ্রীকৃষ্ণের বিবাহ; ৩৬)

ङ्गोक ८५

এই মত নানা গ্রন্থ করিয়া প্রকাশ । গোটী সহিতে কৈলা বৃন্দাবনে বাস 🛭 ৪৫ 🗈

য়োকার্থ

এতাৰেই প্ৰীল রূপ ঘোষামী, শ্রীল সনাতন গোষামী, তাঁদের ভাতৃতপুত্র শ্রীল জীব গোষামী এবং তাঁদের পরিবারের সমস্ত সদস্য কৃষ্ণাবনে বাস করে ভক্তি বিষয়ক বহু ওক্ত্রেপুর্ব গ্রন্থ প্রকাশ করেছেন।

> শ্লোক ৪৬ প্রথম বংসরে অদ্বৈতাদি ভক্তগুল । প্রভূরে দেখিতে কৈল, নীলাদ্রি গমন ॥ ৪৬ ॥

> > শ্লোকার্থ

िरिष्ठ इत्ता अञ्चलक निमान शहरणत अथग वस्तत श्रीयरिष्ठ आठार्य अङ् अनुष नम्ख छकता भवाश ५८० दर्गन कवात कना कथग्राणभूतीरक शिरप्रहित्सन।

> রোক ৪৭ রথষাত্রা দেখি' তাহী রহিলা চারিমাস। প্রভুসঙ্গে নৃত্যগীত পরম উল্লাস॥ ৪৭॥

> > स्थाकार्थ

ভাষাধ্যপূর্ণীয়ে বর্গমান্ত্রা মহোৎস্ব দেখে জারা চার মাস সেখানে ছিলেন এবং প্রীতিত্না লকাপানুধ সংস্থা নৃত্য-ক্রিন করে পরম আনন্দ উপস্থোগ করেছিলেন।

> শ্লোক ৪৮ বিদায় সময় প্রভু কহিলা সবারে। প্রতাক আসিবে সবে ওতিচা দেখিবারে॥ ৪৮॥

গ্ৰোকাৰ্থ

বিদাস স্থান বাঁটিডেলা মহাপ্রাভূ সমস্ত ভক্তদের অনুবোধ করে বলেছিলেন, "প্রতি বহসর অধ্যান্তর্গনারের ওতিয়া মন্দিরে যাওয়ার রথমাত্রা অনুষ্ঠান দর্শন করার জন্য ডোমরা মধ্যে।"

(#I ##]

#### ভাৎপর্য

সুন্দর্যালন ভতিচা নামে একটি মন্দির বামাছে। তিনটি বথে জীজন্মাথ, বলদের ও স্তুপ্রাক্তে পুরিরে মন্দির থেকে সুন্দরাচলে গুড়িলা মন্দিরে নিয়ো যাওয়া হয়। উড়িখায়ে এই রুধ্যাত্রা মধ্যেংসরের নাম জগনাতদেরের গুড়িলা গান। এই অনুষ্ঠানকে জন্মরা বলে রুথ্যাত্রা মধ্যেংসর, কিন্তু উড়িলাবাসীরা এই অনুষ্ঠানকে বলে গুড়িল্যাত্রা।

#### শ্লোক ৪৯

প্রভূ-আজায় ভক্তগণ প্রভাব্দ আসিয়া। ওতিচা দেখিয়া যান প্রভূরে মিলিয়া ॥ ৪৯ ॥

#### শ্লোকার্থ

শ্রীটেডনা মহাপ্রভুর আদেশ অনুসারে সমস্ত ভক্তরা প্রতি বংসর শ্রীটেডনা মহাপ্রভুকে দর্শন করতে আসতেন। তারা জগগ্নাগপুরীতে শ্রীজগধাথদেবের ওতিলয়াত্রা দর্শন করে চার মাস পর বৃহে ফিরে থেতেন।

## শ্লোক ৫০ বিংশতি বৎসর ঐছে কৈলা গতাগতি। অন্যোন্যে দুঁহার দুঁহা বিনা নাহি স্থিতি ॥ ৫০ ॥

#### শ্লোকার্থ

এভাবেই কুড়ি বছর ধরে গ্রনাগমদ হয় এবং তার ফলে পরিস্থিতি এত গভীর হয়ে ওঠে যে, মহাপ্রভু ও তাঁর গুক্তরা পরস্পরের সঙ্গে মিশিত না হয়ে থাকতে পারতেন না।

#### গ্লোক ৫১

শেষ আর মেই রহে দাদশ বৎসর। কৃষ্ণের বিরহলীলা প্রভুর অন্তর ॥ ৫১॥

#### শ্লোকার্থ

শেষ হাদশ বংসর মহাপ্রভূ অন্তরে ভৃষ্ণের বিরহনীলা আহাদন করে অভিবাহিত করেন। ভাহশর্ম

প্রীটিতনা মহাপ্রত্ন কৃষ্ণবিরহে প্রস্তাগোপিকাদের ভার অবলম্বন করেছিলেন। প্রীকৃষ্ণ ধর্মনা দেরতিকাদের ছেড়ে মধুরার চলে যান, তখন গোপিকারা নিবছে গভীর কৃষ্ণবিরহে আবুল হয়ে প্রন্থান করেছিলেন। এই বিরহভাব শ্রীটিডেন্য মহাপ্রত্ন ব্যাং আবাদন করেছিলেন এবং প্রচার করেছিলেন।

#### শ্ৰোক ৫২

লিরস্তর রাত্রি-দিন বিরহ-উদ্মাদে। হাসে, কান্দে, নাচে, গায় পরম বিধাদে॥ ৫২ ॥

#### শ্লোকার্থ

এডাবেই কৃষ্ণবিরহে শ্রীচৈতন্য মহাপ্রভু দিন-রাত উত্থাদের মডো আচরণ করতেন। কখনও তিনি হাসতেন, আবার কখনও কাদতেন; কখনও তিনি মাচতেন এবং কখনও তিনি গভীয় বিষাদে ক্রন্দন করতেন।

#### শ্লোক ৫৩

যে কালে করেন জগন্নাপ দরশন । মনে ভাবে, কুরুক্কেরে পাঞাছি মিলন ॥ ৫৩ ॥

#### শ্ৰোকাৰ্থ

গখন শ্রীটেডনা মহাপ্রকু জগ্যাখনেবকে দর্শন করতেন, তখন তিনি ব্রজগোপিকারা দীর্ঘ নিধাহেব পর কুরুক্ষেত্রে শ্রীকৃষ্ণকে দর্শন করে যে ভাব অনুভব করেছিলেন, সেই ভাব খণুত্রব করতেন।

#### ভাৎপর্য

গৃংগাংগ উপলক্ষে শ্রীকৃষ্ণ যথন কুনক্ষেত্রে যান, তখন প্রথাসীরাও দেখানে এনেছিলেন

। তখন শ্রীকৃষ্ণের সঙ্গে উদ্দের শ্রিলন হয়। শ্রীকৈতন্য মহাপ্রকৃর অন্তর সর্বদাই

শ্রীকিন্তে আকৃষ্ণ ছিল। কিন্তু যথন তিনি ক্রগায়াথ মনিবে শ্রীক্রগায়াথনেবকে দর্শন

শ্রীকিন্তে, তখন কুনিক্ষেত্রে জীকৃষ্ণকে দর্শন করে প্রস্তাগোপিকারা যে ভাব অনুভব

শ্রীকিনেন, সেই ভাবে সম্পূর্ণ মন্ত্র থাকতেন।

#### গ্ৰোক ৫৪

রথযাত্রায় আগে যবে করেন নর্তন। তাহা এই পদ মাত্র করয়ে গায়ন ॥ ৫৪॥

#### হোকাৰ্থ

বাধ্যারার সময়ে শ্রীটেডনা মহাপ্রভু যখন রখারো নৃত্য করতেন, তখন তিনি নিয়োক্ত খৃটি পদ গাইতেন।

#### গ্ৰোক ৫৫

"সেইত পরাণ-নাথ পাইনু। যাহা লাগি' মদনদহনে ঝুরি' গেনু ॥" ৫৫ ॥

#### শ্রোকার্থ

"আমি এখন আমার প্রাণন্থেকে পেয়েছি, বীর জন্য আমি মধনদহনে (কামাণিতে) দথ ছচ্ছিলাম।"

#### তাৎপর্য

দ্রীমন্ত্রাগ্রন্তে (১০/২৯/১৫) বর্ণনা করা হয়েছে—

कापर (क्रांथः स्थाः (सर्गेयकाः भीक्ष्मरभव ह । भिराः रती विषयका याति एक्परकाः हि दर्गा

"কাম, ক্রেণ, ভয়, স্নেই আদি প্রবৃত্তিগুলি প্রয়োগ করাব মাধ্যমে যদি প্রীকৃষ্ণের অনুগত হতনা মায়, তা হলে জীবন সার্থক হয়।" ব্রজগোপিকারা কামের হারা জীকৃষ্ণের ভজনা করেছিলেন। প্রীকৃষ্ণ ছিলেন এক অপূর্ব মাধ্যমন্তিও বালক, আন ওানা তার সালিখো ওার সক্রমুখ উপজ্যোগ করতে চেয়েছিলেন। তবে এই কাম প্রভৃ ফগাতের কাম থেকে ভিন্ন। আপাত্যক্ষিতে তা কাম বলে মান হালেও, প্রকৃতপক্ষে তা হচ্ছে ভাগান জীকৃষ্ণের প্রতি সর্বপ্রেই আকর্ষণ। স্থিতিতনা মহাপ্রভু ছিলেন সন্ন্যামী, তিনি তার মৃকতী পদ্ধী, বৃদ্ধা মাতা, গৃহ আদি মন কিছু পবিত্যাগ করেছিলেন। তিনি তারশাই ভাগতিক কামভাবের হারা প্রভাবিত হতে পারেন না। মৃতরাং, ভিনি যানন মননানহনে কথাটি ব্যবহার কাছেন, তান বৃধাতে হবে হে, শ্রীকৃষ্ণের প্রতি থার বিশুদ্ধ প্রেমেন প্রভাবে ক্যান্তিরহে থার মন্তর দগ্ধ হচিছেন। যালাই তাব সঙ্গে শ্রীজগায়ায়নেবের সান্ধাৎ হ্যোছে, গ্রা মন্দিনেই হোক এথবা ব্যথমান্ত্রা মনুষ্ঠানেই হোক, শ্রীটোতনা মহাপ্রভু তথন ভাবতেন, "এখন ক্রমি আমার শ্রালাথকে দিরে প্রয়েছি।"

#### শ্ৰোক ৫৬

## এই ধুয়া-গানে নাচেন দিতীয় প্রহর । কৃষ্ণ লঞা ব্রজে যাই—এভাব অন্তর ॥ ৫৬ ॥

#### প্লোকার্থ

শ্রীচৈতনা মহাপ্রকু দিবসের শেষার্মে (বিতীয়ে প্রহরে) 'সেইড পরাণ-নাথ পাইনু' খানটি গোয়ে নাচতেন এবং তিনি অন্তনে ভাবডেন, "আমি এখন কৃষ্ণকে বৃদ্যাবনে ফিরিয়ে নিয়ে ঘাছিং।" এই ভাষে তার হুদের সর্বদা পূর্ব কাকভ।

#### ভাৎপৰ্ন

ছিতিতন্য মহাপ্রভু সর্বনা শ্রীমতী রাধারাণীর ভাবে মথ থাকানে। শ্রীকৃষ্ণ বৃদ্ধানন থেকে মথুনায় চলে যাওয়ায়, শ্রীমতী রাধারাণী যে বিধহ অনুভব করেছিলেন, সর্বনা শ্রীমতী রাধারাণীর ভাবে মথ শ্রীচেতনা মহাপ্রভুও সেই ভাব অনুভব করেছিলেন। এই ভাব বিরহ জনিত ভগবং-প্রেম লাভের সহায়ক। শ্রীচেতনা মহাপ্রভু সকলকে শিক্ষা নিমেছিলেন থে, ভগবানের দর্শন লাভের জনা অত্যন্ত ব্যাকৃষ্ণ না হয়ে, বরং ভাবাবিষ্ট চিত্তে ওবি বিবহ অনুভব করা উচিঙ। প্রকৃতপক্ষে ওাকে সাক্ষাৎ দর্শন করার বাসনা পেকে ওার

রাজা হ'ছেন পর্থেশ্বর ভগবানের প্রতিনিধি। ভগবদ্গীভার বলা হথেছে, সর্বলোকমহেশ্বরম্—পরমেশার জগবান হজেন সমগ্র বিশ্ব-চরাচরের অধীশার। প্রতিটি গ্রহে গোজা বা শাসক বা রাষ্ট্রপতি রয়েছে। সেই সমস্ত প্রধানেনা হচ্ছেন শ্রীবিষ্ণুর প্রতিনিধি। পরমেশ্বর ভগবানের প্রতিনিধি হয়ে ওাঁদের কর্তথ্য হছে সমগ্র জনসাধারশের মঙ্গল সাধন করা তাই, প্রমান্থাক্রপে শ্রীবিষ্ণু রাজাকে রাজকার্য পরিচাললা করার বৃদ্ধি প্রদান করেন। শ্রীল রূপ গোস্বামী তাই নবাবকে জিজ্ঞাস৷ করেছিলেন শ্রীচৈতন্ত মহাগ্রভূ সমজে তাঁর কি মনে হচ্ছে এবং তাঁকে উপদেশ দিয়েছিলেন তাঁর সেই মনোভাবকে যথার্থ প্রমাণ বলে গ্রহণ করতে।

(制本 2かく

ঘরে আসি' দুই ভাই যুকতি করিএর। প্রভূ দেখিবারে চলে বেশ লুকাঞা য় ১৮২ 🏾

ഭ്രത്തിര്

ঘৰে কিৰে আনার পর দবিৰ খাস ও জাঁর জাই মৃক্তি করে ঠিক করলেন যে, ডাঁরা ছব্রবেশে মহাপ্রভুকে দর্শন করতে বাবেন।

প্রোক ১৮৩

অর্থরাত্তে দুই ভাই আইলা প্রভূ-স্থানে। প্রথমে মিলিলা নিত্যানন্দ-হরিদাস সনে ॥ ১৮৩ ॥

स्रोकार्च

অর্থরাত্তে দৃই ডাই দবির খাস ও সাঞ্চর মন্সিক হজবেশে স্ত্রীটৈতন্য মহাপ্রভুর সঙ্গে সাক্ষাৎ করতে বিয়েছিলেন। প্রথমে তাঁলের সঙ্গে শ্রীনিত্যানন্দ প্রত্ ও হরিদাস ঠাকুরের মিলন **इत्यक्ति**।

তারা দুইজন জানহিলা প্রভর গোচরে। রূপ, সাকরমল্লিক আইলা ভোমা' দেখিবারে ॥ ১৮৪ ॥

লোকাৰ্থ

প্রীনিজ্ঞানন্দ প্রভ ও হরিষাস ঠাকুর প্রীটেডন্য মহাপ্রভূকে আনালেন যে, দবির খাস ও সাকর মহ্রিক (প্রাক্তর বার্তিক প্রাক্তর প্রাক্

#### <u>জাহপর্য</u>

সাকর মন্নিক ছিল শ্রীল সমাওম গোস্বামীর নাম এবং দবির খাস ছিল শ্রীল রূপ গোস্বামীর নাম। সুসলমান নধাধের গরবারে ভারা এই নামে পরিচিত ছিলেন এগুলি ছিল মুসলমান নবাবের দেওরা উপাধি। নবাবের কর্মচারীনাপে এই দুই ভাই মুসলমানের প্রথা অনুসারে चांठडम कहरदर .

শ্লৌক ১৮৫

पुरे छाइ छूप पुरुष प्रमास्य धतिया । গলে বস্তু বান্ধি' পড়ে দশুবৎ হক্ষা 🛚 ১৮৫ 🖰

রোকার্থ

অভ্যন্ত নম্মতা সহকারে ভারো দুই গুল্ছ ভূপ দল্পে বারপ করে, গলবন্ত্র হয়ে মহাপ্রভূর **छतरम मध्यवद श्रमिक निर्दारन कराउन**ः।

শ্লোক ১৮৬ দৈন্য রোদন করে, আনন্দে বিহুল ।

थन करर, — डेर्ड, डेर्ड, इंटेन मनन र ১৮७ र

#### খ্ৰোকাৰ্থ

শ্রীটেডনা মহাপ্রভূকে দর্শন করে দুই ভাই আনন্দে বিহুল হলেন এবং দৈনাবশত ক্রন্দন করতে লাগদেন। শ্রীটেডনা মহাপ্রভূ তখন তাদের বললেন, "ওঠ, ওঠ, ভোমাদের পরম মহাল সাধিত হল।"

ট্রোক ১৮৫

উঠি, দুই ভাই তবে দত্তে তৃণ ধরি'। দৈন্য করি' স্তুতি করে করয়োড় করি ॥ ১৮৭ ॥

#### **ভোকা**র্থ

দূই ভাই তথম উঠে পুনরায় দত্তে তৃপ ধারণ করপেন এবং দৈনা সহকারে করজোড়ে খ্রীতৈতদ্য মহাপ্রকৃত্ত ক্ষতি করতে সাগদেন।

শ্রোক ১৮৮

জয় জয় শ্রীকৃষ্ণতৈতন্য দয়ামর । পতিতপানন ভাষ, জয় মহাশয় ॥ ১৮৮ ॥

#### য়োকার্থ

"পদাম দমামন, পতিতপাবন শ্রীকৃষ্টেডন্য মহাপ্রভুর কয়। পরমেশ্র ভগবনের জয়।

क्षांक ३५%

নীচ-জাতি, সীচ-সঙ্গী, করি নীচ কলে। তোমার অগ্নেতে প্রভু কহিতে বাসি লাজ ॥ ১৮৯ ॥

#### শ্লোকার্থ

"প্রভৃ, আমরা সব চাইতে অধ্যপতিত স্তবের মানুষ, আমাদের সঙ্গীরাও অভ্যস্ত নীচ এবং আমরা অভ্যস্ত নীচ কাজ করি। তাই আপনার সামনে আমরা নিজেদের পরিচয় দিতে লক্ষ্যা নোধ করি, এমন কি আপনার সামনে আসতেও আমরা লক্ষ্যা বোষ করি।

#### তাৎপর্য

এই দুই ভাই খ্রীরূপ ও সনাতন (তৎকালীন দবির ধাস ও সাকর মানুক) যদিও পনিত্র কর্ণটোকের গ্রাক্ষাণকূলে জন্মগ্রহণ করেছিলেন, তকুও নিজেদের নীচ জাতি বলে পরিচয় দিয়েছিলেন, আসলে তারা অতি উন্নত ব্রাক্ষণ-কূলান্ত্রত ছিলেন। দূর্ভাগ্যবশত, মুসলমান নবাবের মন্ত্রীত্ব গ্রহণ করার ফলে এবং মুসলমানদের সঙ্গে মেলামেশা করার ফলে তাঁদের আচার আচনণ মুসলমানদের মতো হয়ে সিয়েছিল তাই তাঁর। নিজেদের *মীচ জাতি* বলে পরিচয় দিয়েছিলেন। *জ্রা*তি শব্দটির অর্থ হচ্ছে জন্ম শান্ত্রের নির্দেশ অনুসারে জন্ম তিন প্রকার। প্রথম জন্ম হচ্ছে শৌক্র—পিতার উরসে মাতৃগর্ভে, দ্বিতীয় জন্ম হচ্ছে সাবিত্র। -সংখ্যার বিধি গ্রহণ এবং তৃতীয়ে জন্ম হচ্ছে দৈঞ্চা---সন্তর্জর কাছে ভগবন্তব্দি অবলগ্বন কথাৰ জনা দীক্ষা গ্ৰহণ। নীচ বৃত্তি গ্ৰহণ কথাৰ ফলে এবং নীচ ফানুষদের সত্ৰ করার ফলে মানুধ স্বাভাবিক ভাবেই নীচ হয়ে যায় সবির খাস ও সাকর মঞ্লিক গো ব্রাহ্মপ্রোহী সুস্প্রমানদের মতে সঙ্গ করেছিলেন। শ্রীমন্তাগরতে (সপ্তম স্কন্ধে) বর্ণনা করা হয়েছে যে, প্রতিটি মানুষই বিশেষ কোন শ্রেণীভুক্ত। শাস্ত্রে বর্ণিত বিশেষ লক্ষণের ছারা কোন থান্তিকে চিনতে পারা যায়। যার যে দক্ষণ, সেই লক্ষণ অনুসারে সে বিভিন্ন স্তুরে অধিষ্ঠিত হয়। দবির আস ও সাকর মন্লিক উভয়েই ক্রাঞ্চণ-কুলোব্রত ছিলেন, কিন্তু মুসলমান নবাবের মন্ত্রীর গুংশ করার ফলে এবং মুসলমানের সম প্রভাবে তাঁদের চিখাবৃত্তি খুসলমান ভাবদারায় প্রভাবিত হয়েছিল। খেছেতু ব্রাক্ষণোচিত বৃদ্ধি ভাঁদের প্রায় লোপ পেয়েছিল, ভাই ভারা নিজেমের নীচ জাতি বলে পরিচয় দিয়েছিলেন ভাজিরতাকর গ্রন্থে শ্লটভাবে পর্বনা করা হয়েছে যে, যেহেতু সাকর মান্নক ও দরির খাস নিয়ন্তরের মানুষদের সদ করেছিলেন, ভাই ওারা নিজেদের নীচ জাতি বলে পরিচয় দিয়েছিলেন - কিন্তু अकुरुभ्रत्य छोता कछि छेग्छ उत्त्वानकृत्म स्वयाध्या करत्रशित्मन

#### त्यांक ३५०

#### মতুন্যো নাস্তি পাপাত্মা নাপরাধী চ কশ্চন । পরিহারেহপি লজ্জা মে কিং ক্রবে পুরুষোত্তম ॥ ১৯০ ॥

মং—আমার, তুলা।—মতো, ন অস্তি—নেই, পাপ-আত্মা—পাপী; ন—নেই, অপরাধী— এপরাধী, ত—ও, কশ্যন—কেউ; পরিহারে—ক্ষমা প্রার্থনা করতে, অপি—এখন নি, লক্ষা—লডিডড, যে—আমার; কিম্—কি, প্রবে—আমি বলব, পুরুষোত্তম—হে পরমেশ্বর ভগবান।

#### অনুধাদ

" 'হে পুরুষোর্ডম! আমাদের মতো পাণী নেই, আমাদের মতো অপরাধীও নেই আমাদের পাণ ও অপরাধের উল্লেখ করে সেওলি পরিহার করতেও আমাদের শক্ষা হক্ষে।"

#### ভাহপর্য

শ্রীল রূপ গোখানীকৃত এই শ্রোকটি *ভক্তিরসামৃতশিবু* (১/২/১৫৪) থেকে উদ্বৃত।

#### শ্ৰোক ১৯১

পতিত-পাবন-হেতৃ ভোমার অবতার । আমা-বই জগতে, পতিত নাহি আর ॥ ১৯১ ॥ হোকার্থ

দূই ভাই নললেন, "হে প্রভূ! পতিত জীবদের উদ্ধার কররে জন্য আগনি অবতীর্গ ব্যাহেন। আমাদের চেয়ে পতিত এই জগতে আর কেউ নেই।

> শ্লোক ১৯২ জগাই-মাধাই দুই করিলে উদ্ধার । ডাহাঁ উদ্ধারিতে শ্লম নহিল তোমার ॥ ১৯২ ॥

> > কোকাৰ্ছ

"আপনি জগাই ও মাধাইকে উদ্ধার করেছেন এবং ভাগের উদ্ধার করতে আপদার কোন পরিত্রম হয়নি।

শ্লোক ১৯৩

ব্রাহ্মণজাতি তারা, নবহীপে ঘর । নীচ-সেবা নাহি করে, নহে নীতের কুর্পর ॥ ১৯৩ ॥

গোকার্থ

''জগাই ও মাধাই ছিল ব্রাহ্মণ-কুলোড়ত এবং তারা ছিল পুণাড়মি নবছীপের অধিবাসী। তারা কথমও নীচ তরের মানুষের সেবা করেনি এবং তারা কারও বীচ কাল সাধ্যমের মাধ্যমও ছিল সা।

শ্লোক ১৯৪

সবে এক দোৰ তার, হয় পাপাচার। পাপরাশি দহে নামাভাসেঁই তোমার 🗈 ১৯৪ 🗈

ন্মোকার্থ

"জগাই ও মাধাইনের কেবল একটি মাত্র দোব ছিল—ভারা পাপকার্যে আসঞ্চ ছিল। কিন্তু আপনার পবিত্র নামের আন্তাসেই কেবল সমস্তা পাপরাশি ভারীভূত হয়ে যার।

ডাৎপর্য

শ্রীল রূপ গোস্বামী ও স্নাতন গোস্বামী নিজেদের জগাই এবং মাধাইয়ের খেকেও ভ্রম্ম বলে ঘোষণা করেছিলেন, ফলাপ ও দুবাচারী প্রগাই ও মাধাইকে উদ্ধার করতে মহাপ্রভূর গোন শ্রম সীকার করতে হয়নি বলে শ্রীরূপ গোস্বামী এবং শ্রীসনাতন গোস্বামী নিজেদের প্রগাই থাধাই থেকেও অধিক পতিত বলে মনে করেছিলেন। কারণ তারা বিকেনা করেছিলেন যে, প্রগাই-মাধাই পাপী হলেও তাদের জীবন অন্যান্য দিক খেকে অধিক উন্নত ছিল তারা নবদীপের ব্রাহ্মণ-বংশোস্থুত ছিল এবং এই ধরনের ব্রাহ্মণেরা সাধারণত পুণাবান। যদিও অসৎসঙ্গেও প্রভাবের ফলে তারা পাপকর্মের প্রতি আসক হয়েছিল, তবুও ভাগানের দিবানাম প্রহণের ফলে সেই সমন্ত ক্রমণ্ড ক্রম্যানেই নিবৃত্তি হয়। জন্মই-

মাধাইরের চরিক্রের আর একটি গুণ ছিল এই যে, ব্রাক্ষণ-কুলোন্থত হওয়ায় তাঁরা জন্য কারও দাসর গ্রহণ করেনি। ব্রাক্ষণের পক্ষে অপরের অধীনে চাকৃষি করা শান্ত্রনিষিত্র। চাকৃষি করাকে কুকুরের বৃদ্ধির সক্ষে তুলনা করা হয়েছে। অর্থাৎ, কুকুর মনিধ ছাড়া আরওে পারে না এবং তার মনিবকৈ তৃষ্ট করার জনা সে বহু মানুরের অসন্তোবের কারণ হরা। মনিবকে তৃষ্ট করার জন্য সে নিবীহ মানুষের উদ্দেশ্যে চীৎকার করে। তেমনই, কেই যথন করেও লাসহ করে, তথন তার প্রভুর নির্দেশ অনুসারে তাকে নানা রকম জখনা করে করতে হয়। তাই, দবির খাস ও সাক্ষর মায়িক নিজেদের জ্বগাই-মাধাই থেকেও অধম বলে মনে করেছিলেন। জ্বগাই এবং মাধাই কখনও নীচ ব্যক্তির দাসত্ প্রহণ করেনি এবং নীচ ব্যক্তির আন্তেশ অনুসারে জ্বলা করান হলে। করেনি এবং নীচ ব্যক্তির আন্তেশ অনুসারে জ্বলা করিছেন মহাপ্রভুর নাম নিয়ে তার নিন্দা করান হলে, সেই নামান্তাসের প্রভাবে তারা ভালের সমস্ত্র পাপ থেকে মুক্ত হয়েছিল। ক্রভাবেই পরে তারা উদ্ধান প্রপ্তা হয়েছিল।

শ্লোক ১৯৫ ত্যেমার নাম লঞা তোমার করিল নিন্দন । সেই নাম ইইল ভার মুক্তির কারণ ৪ ১৯৫ %

ঝোকার

"তোষার নাম নিরে তারা তোষার নিকা করেছিল। সৌভাগ্যক্রমে, সেঁই মার্মই ভাষের মৃতির কারণ হয়েছিল।

> প্লোক ১৯৬ জগাই-মাধাই হৈতে কোটা কোটী গুণ ৷ অধন পতিত পাগী আমি দুই জন ॥ ১৯৬ ॥

> > য়োকার্থ

"অসরা দুজন প্রসাই-নাধাই থেকেও কোটি কোটি ওপ অধ্য, পতিত এবং পাপী।

শ্লোক ১৯৭

মেচ্ছজাতি, মেচ্ছসেবী, করি মেচ্ছকর্ম। গো-বাম্মণ-মোহি-সঙ্গে আমার সঙ্গম ॥ ১৯৭ ॥

য়োকার্থ

"প্রকৃতপকে জাতিতে আমরা প্রেজ, কেন না আমরা প্লেজের দাসত্ব করি। আমাদের কার্যকলাগও প্রেজের মতো এবং গো রাজ্য-বিজেধী প্লেজদের মঙ্গে আমরা সঙ্গ করি।"

ভাংপর্য

মেচছ দুই প্রকার—জন্ম অনুসারে মেচছ ও সঙ্গ ধারা মেচছ প্রীল রূপ গোস্থামী ও

(회수 79년)

46

সনতন পাস্বামীর এই উত্তির মাধ্যমে আমবা জানতে পারি যে, প্লেচ্ছদের সঙ্গ প্রভাবেও চনিত্র কল্মিত হয় । বর্তমানে ভারতের অনেক বাষ্ট্রপ্রধান হচ্ছেন তথ্যকথিও ব্রাহ্মণ, কিন্তু ভারতের ২২ প্রদেশে কসাইখানায় প্রতিদিন গোহত্যা হচ্ছে এবং বৈদিক সংস্কৃতির বিরুদ্ধে প্রচার হক্ষে। বৈদিক সভাতায় আমিয় আহার ও মধ্যপান সম্পূর্ণ নিষিদ্ধ ছিল। কিন্তু বর্তমান ভারতবর্ষে আমিদ আহার ও মাদক দ্রবা গ্রহণ করতে জনুপ্রাধিত করা হচ্ছে। তথাকথিত সমস্ত প্রাধাশেরা সারা রাষ্ট্রে নেড়ছ প্রদান করেছেন এবং তারা যে কভ ৯৪;পতিত হয়েছেন তা সহজেই অনুমান করা যায়। এই সমস্ত তথাকগিত ব্রাহ্মণের। মোটা টাকা পাওয়ার আশাম কসাইখনো খুলতেও কামতি নিচ্ছেন এবং এই ধরনের জঘনা কার্যকলাপ নদ্ধ করার জন্য প্রতিবাদ না করে, বরং এই কর্মে অনুপ্রেশণা দিছেন। ওাবা বৈদিক সংস্কৃতির নীতিগুলি অবমাননা করছেন এবং গোহত্যা ভরতেও সহযোগিতা করছেন। তার ফলে তৎক্ষণাৎ তারো মেছে ও ঘবনে পরিণত হচেছন। মেছ হচেছ মাংসাহানী, আন যবন হচেছ বৈদিক সংস্কৃতি-বিজেমী। পূর্ভাগ্যবশত, আজ এই স্লেচ্ছ ও ধবনের। নেতা হয়ে গদিতে বসেছেল তা হলে সমাজে লান্তি ও সমৃদ্ধি আসনে কি করে ? নাজ। বা নাট্রপ্রধানকে অনশাই প্রয়েখন ভগনামের প্রতিনিধি হতে হবে। মহারাজ যুধিছির যখন ভারতবর্ষের (সসাগর। পুলিবীর) পরিচালনার দায়িত্বভার গ্রহণ করতে মাদিংকোন, তখন তিনি ভীতাদেব ও শ্রীকৃষ্ণ প্রনুধ সমস্ত মহাজনদের অনুমতি গ্রহণ করেছিলেন। এভাবেই ডিনি ধর্মের অনুশাসন অনুসরে সাবা সৃথিবী দাসন করেছিলেন। এখন বাষ্ট্রপ্রধানেরা ধর্মনীতির কোন পরোমা করে না। অধার্মিক লোকদের ভোটের জ্যেবে, দাপ্রবিরাদ্ধ হলেও বিল পাশ হয়ে যায় - রাষ্ট্রপতি ও রাষ্ট্রপ্রান্তেরা এই সমস্ত পাপকার্য অনুমোদন করার ফলে পাপ সঞ্চয় করেন। ত্রীল সনাতন গোস্বামী ও রূপ গোস্বামী এই গরনের কার্যকলাপের জন্য পাপ স্থীকার করেছিকেন, গ্রন্থি ব্রাহ্মণ পরিবারে জন্ম প্রহণ করা সংগ্রুত তীরা নিজেদের **মেল** কলে খোবণা করেছিলেন।

(関本 794

মোর কর্ম, মোর হাতে-গলায় বান্ধিয়া। কু-বিষয়-বিষ্ঠা-গর্ডে দিয়াছে ফেলাইয়া॥ ১৯৮॥

য়োকার্থ

সাকর মহ্লিক ও দবির খাস এই দুই ভাই অত্যন্ত বিনীতভাবে ছোধণা করেছিলেন যে, পূর্বকৃত কর্ম তাঁদের হাতে ও গলায় বেঁধে কুবিষয়-বিঠা সর্তে তাঁদের ফেলে দিয়েছে।

ভাহপর্য

কু-বিষয় বিষ্ঠা গর্ভ সম্বন্ধে শ্রীল ভক্তিসিদ্ধান্ত সর্বতী ঠাকুপ্প বলেছেন 'হিপ্রিয়ের চেট্টাসমূহ দানা ভোগ পরবল হয়ে সংসারে যা গৃহীত হয়, ডা-ই কু-বিষয়। যে কর্মেন দানা পূণ্য উপার্জিত হয়, তা সু-বিষয় আর যে কর্মের দারা পাল স্মর্জিত হয়, তা কু-বিষয়। কু-বিষয় অথবা সু-বিষয় উভয়ই জড় বিষয়। তারা উভয়ই বিষ্ঠাতুলা অর্থাৎ পরিতাজা। সু-বিষয় ও কু-বিষয় থেকে মৃক্ত হতে হলে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের সেবাঃ নিযুক্ত হতে হবে। ভগবৎ-সেবা সব রক্ষাের জড় কল্ম থেকে মৃক্ত তাই, কু-বিষয় ও সু-বিষয় থেকে মৃক্ত হতে হলে ভগবঙক্তি অবলম্বন করতেই হবে। তার ফলে জড়-জাগতিক কল্ম থেকে মৃক্ত হওৱা যায়।" সেই সম্বন্ধে শ্রীল নরােত্তম গসে ঠাকুর গেয়েছেন—

कर्मकाठ, ज्ञानकाछ, ं (क्वल विरुद्ध छाछ, 'ज्ञमूफ' विनिहा (येवा थाह्र । नाना (समि ज्ञा किर्द्ध, कमर्य छक्न कर्द्ध, छात्र बन्ह ज्यश्वभारक गाह्य १

সু-বিবর ও কু-বিবর উভয়ই বর্মকাণ্ডের অপ্তর্গত এ ছাড়া আর একটি কাণ্ড রয়েছে যাকে বলা হয় জানকাণ্ড, বা জড়-জাগতিক বন্ধন থেকে মৃত হওয়ার প্রয়াসে কু-বিবয় ও সু-বিবয়ের পরিপাম সম্বন্ধে মনোধর্ম-প্রসূত সালনিক মতবাদ। জ্ঞানকাণ্ডের গুরে কু-বিবয় ও সু-বিবয়ের প্রয়াস ভ্যাগ হতে পারে, কিন্তু তা জীবনের চরম উদ্দেশ্য নয় কীবনের উদ্দেশ্য হতে কর্মকাণ্ডের অতীত ভগবস্তক্তি আমরা যদি কুমান্ডবিনার ভাবিত হয়ে ভগবস্তক্তির পদ্য অবস্থান না করি, তা হলে আমানের এই জড় জগতের বন্ধনে আবন্ধ থেকে কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ডের ফলফুরপ স্বাধ্য-মৃত্যুর চয়েছ আবিতি হতে হবে। তাই নরোলম দাস ঠাকুর গোয়েছেন—

नांचा द्यामि जना बिरत, कमर्य छक्रण करत, छात कक्र व्यथःभारत गाग्न ॥

কু বিষয় অথবা সূ-বিষয়ে আসক মানুষের অবস্থা বিষ্ঠার কীটের মড়ো। পাপকর্ম অথবা পুণ্যকর্ম উভয়ই গুড় কর্ম, তাই তাদের বিষ্ঠার সঙ্গে তুলনা কবা হয়েছে বিষ্ঠার কীট ফেনন থেখায়ে সেবান থেকে বেনিরে আসতে পারে না, ডেমনই মারা অভ্যন্ত বিষয়াসক্ত তারা বিষয়বিষ্ঠা-গর্ভরূপ জড় ভোগ ভাগ করে হঠাৎ কৃষাভক্তি লাভ করতে পারে না। তারা জড় আসক্তি ভাগে করতে পারে না সেই সম্বন্ধে প্রমুগ মহারাজ্য শ্রীমন্ত্রাগয়তে (৭/৫/৩০) বলেছেন—

মতির্ন কৃষ্ণে পরতঃ শ্বতো বা মিখোহজিদদ্যেত গৃহবুজানাম্। অদাস্তয়োভিবিশতাং তমিশ্রং পুনঃ পুনশ্চবিজ্ঞাবণানাম্ ॥

"যারা এই জড় জগতে ইন্দ্রিয়সৃখ ভোগ ধরতে বদ্ধপরিকর, তারা কথনও কৃষ্ণভাবনায়র হতে পাত্তে না। জড় জগতের প্রতি আসন্তির ফলে ভারা অন্যের উপদেশে, নিজেদের প্রচেটার অধবা উভয়ের সংযোগে কর্ধনই জড়-জগতের বন্ধন থেকে মৃত্ত করতে পারে

(製御 208)

না যেহেতু ভারা অসংযত ইন্তিয় পরায়ণ, তাই ভারা ক্ষড় জগতের গভীর অন্ধকারাছের প্রদেশে প্রক্রিপ্ত হয়ে রুক্ত মৃত্যুর চক্রে জ্বার্ডিড হত্তে পুনঃপুনঃ চর্বিত বস্তু চর্বণ করে আনন্দ আস্বাদনের বার্থ প্রয়াস করে।"

শ্লৌক ১৯৯

আমা উদ্ধারিতে বলী নাহি ত্রিভূবনে। পতিতপাবন তুমি—সবে ডোমা বিনে । ১৯৯ ॥

য়োকার্ঘ

"এই ত্রিভূবনে আমাদের উদ্ধার করার মধ্যে যথেষ্ট বলবান কেউ নেই। তুমিই কেবল একমাত্র পতিতপাবন, ভাই ভূমি ছাড়া আর কেউ এই কাজ করতে পারবে না।

শ্লোক ২০০

আমা উদ্ধারিয়া যদি দেখাও নিজ-বল । 'পডিডপাবন' নাম তবে সে সফল ॥ ২০০ ॥

লোকার্ঘ

"বাদি আমাদের উদ্ধার করে তুমি তোমার অপ্রাকৃত বল প্রদর্শন কর, তা হলেই ভোমার প্রতিভূপাবন নাম সকল ছবে।

খোক ২০৮

সত্য এক ক'ত কহোঁ, শুন, দল্লমন্ন। মো-বিনু দল্লার পাত্র জগতে না হয় ॥ ২০১ ॥

লোকার্থ

"হে দরাময়। একটি সভা কথা আমরা বলছি, দরা করে তুমি ভা এবণ কর। আমরা ছাড়া এই জগতে আর দরার পাত্র কেউ নেই।

(ब्रॉक २०२

মোরে দয়া করি' কর স্বদয়া সফল । অখিল ব্রহ্মাণ্ড দেখুক তোমার দয়া-বল 1 ২০২ ॥

ল্লোকার্থ

"আমরা সব চহিতে অবঃপতিত; ভাই আমানের দয়া করে ভূমি ভোমার দয়া সকল কয় সমস্ত একাণ্ড ভোমার দয়ার বল দর্শন করক।

শ্লৌক ২০০

ন মৃষা পরমার্থমেব মে, শৃধু বিজ্ঞাপনমেকমগ্রতঃ । যদি মে ন দয়িষ্যমে তদা, দয়নীয়স্তব নাথ দুর্লতঃ ॥ ২০৩ ॥ ন -না, মৃধা—অসত্য, পরম-অর্থম্—পরম অর্থপূর্ণ, এব —অবশ্যই; মে—আমার; শৃণ্— দয়া করে প্রবদ কর, বিজ্ঞাপনম্—বিশেষ আবেদন, একম্—এক; অগ্রভঃ প্রথম; ধদি ধদি, মে আমাকে; ন দয়িষ্যসে—তুমি যদি দয়া প্রদর্শন না কর; তদা—তা হলে; দয়নীয়ঃ—দয়ার পাত্র; তব—তোমার, নাথ—হে নাথ, দুর্লভঃ—দূর্লভ।

#### অনুবাদ

" হে প্রস্তৃ। তোমার কাছে জামাদের এক বিশেষ আবেদন তুমি প্রবণ কর। আমাদের এই আবেদন অসত্য নয়, পক্ষান্তরে তা পরম অর্থপূর্ণ। তা হচ্ছে তুমি যদি আমাদেরকে ময়া না কর, তা হলে তোমার দয়া করার পাত্র পুঁলে পাওয়া অত্যন্ত দুর্লভ হবে '

ভাৎপর্য

এই ছোকটি শ্রীযামূনচার্বের জোত্তরত্ম (৪৭) থেকে উদ্বৃত

**লোক ২০৪** 

অপনে অযোগ্য দেখি মনে পাঙ্ক ক্ষোন্ত ৷ তথাপি তোমান গুৰে উপজয় লোভ ৷৷ ২০৪ ৷৷

গোকার্থ

"নিরেদের ভোষার কৃপা লাভের অধ্যোগ্য দেখে অথবা মনে অভান্ত বাধা পাছি। তবুও ভোষায় অপ্রাকৃত ওপাবলীর কথা ওবে আমরা ভোষার প্রতি অভান্ত আকৃত হয়েছি।

গ্ৰোক ২০৫

বাসন বৈছে চাঁদ ধরিতে চাহে করে। তৈতে এই বাঞ্চা মোর উঠরে অন্তরে ॥ ২০৫ ॥

লোকাণ

"আমাদের অবস্থা বাষণ হয়ে টাদ ধরতে যাওয়ার মতো। মদিও আমরা সম্পূর্ণ আযোগ্য, তবুও তোসার কৃপা লাভ কররে বাসমা আমাদের অন্তরে উদিত হচেছ।

গ্ৰোক ২০৬

ভবন্তমেবানুচরন্নিরন্তরঃ প্রশান্তনিঃশেষমনোরথান্তরঃ । কদাহমৈকান্তিকনিত্যকিন্ধরঃ প্রহর্ষমিব্যামি সনাখজীবিতম ॥ ২০৬ ॥

ভবন্তম্ আপনি, এব অবশাই, অনুচরন্—সেবার ধারা, নিরন্তরঃ—সর্বদা, প্রশান্ত— প্রশান্ত, নিঃশেষ—সমন্ত, মনঃ-রখ—বাসনা, অন্তরঃ—অন্য, কদা কথন, অহম্ আমি, ঐকান্তিক—ঐকান্তিক, নিজা নিজা, কিছরঃ—সেবক, প্রহর্ষমিখ্যামি—সর্বভোভাবে সুখী হব, সানাথ—উপধৃক্ত প্রভাগহ, জীবিভয়—জীবিভ।

(製物 522)

#### অনুবাদ

" আপনার নিরম্ভর সেবার দ্বারা অন্য মনোরথ নিয়শেষিত হয়ে, প্রশান্তভাবে আমি কবে আপনার নিত্য কিছন বলে নিজেকে জেনে এবং আপনার দাসত্ব স্বীকার করে আনক্ষে উৎসূত্র হব ?' "

#### ভাৎপর্য

শ্রীল সলাতন গোস্বামীকে লিক্ষা দেওয়ার সময় শ্রীচৈতল মহাপ্রভূ বলেছেল, "জীবের 'সকপ' হয় কৃষ্ণের "নিত্যদাস" " প্রতিটি জীবই তার স্কর্মণে পরমেশ্বর ভগবানের নিত্যদাস। একটি কুকুর মেমন উপযুক্ত প্রভূ লাভ করে সম্পূর্ণভাবে সন্তাই হয়, অথবা শিশু যেমন উপযুক্ত লিডা লাভ করে সম্পূর্ণভাবে সুধী হয়, ঠিক জেমনই জীব পরমেশ্বর ভগবানের সেবায় সম্পূর্ণভাবে যুক্ত হওয়ার মাধ্যমে প্রকৃত আনন্দ লাভ করে। তার ফলে সে জামতে পারে যে, তার এক অভি সুযোগা প্রভূ রয়েছেল, যিনি তাকে সমস্ত বিপদ থেকে রক্ষা করতে পারেল। ঘতক্রণ পর্যপ্র না জীব পরমেশ্বর ভগবানের আন্তার লাভ করছে, ততক্রণ তার চেতনা নানা রক্ষা উৎকণ্ঠায় পূর্ণ থাকে। এই উৎকণ্ঠাপূর্ণ জীবনকে বলা হয় জড় জীবন। সব রক্ষা উৎকণ্ঠাপূর্ণ মন্তাই জীবন লাভ করতে হলে পরমেশ্বর ভগবানের নিত্যদাসত্ব অবলখন করতে হবে। এই মোকটি শ্রীমানুনাচার্মের জ্যোরস্কু (৪৩) থেকে উত্তৃত।

#### শ্লোক ২০৭

শুনি' মহাপ্রভূ করে,—শুন, দবির-খাস। ভূমি দুই ভাই—মোর পুরাতন দাস ॥ ২০৭ ॥

## ক্লোকার্থ

দবির খাস ও সাকর মহিকের প্রার্থনা প্রবণ করে ঐটচতন্য মহাপ্রভূ বসলেন, "প্রিয় দবির খাস! ডোমরা দুডাই আমার পুরাক্তন ভূত্য।

#### জৌক ২০৮

আজি হৈতে পূঁহার নাম 'রূপ' 'সনাতন' । দৈন্য ছাড, ভোমার দৈন্যে ফাটে মোর মন ॥ ২০৮ ॥

## <u>হোকার্থ</u>

"আন্ত থেকে তোমাদের নাম রূপ ও সনাতন। তোমাদের এই দৈন্য জ্যাগ কর, কেন না তোমাদের দৈন্য দেখে আমার হৃদয় অজ্ঞ ব্যঞ্জি হচ্ছে।

## ভাহপর্য

প্রকৃতপক্ষে শ্রীচৈতন্য মহাপ্রস্কু দবির খাস ও সাকর মপ্লিককে দীক্ষা দিলেন। তাঁরা অভ্যস্ত বিনীতভাবে মহাপ্রভুর শরণাণত হয়েছিলেন এবং মহাপ্রভু তাঁদের তাঁর পুরাতন ভৃত্য বা নিভা দাসরূপে গ্রহণ করেছিলেন এবং তাঁলের নাম পরিবর্তন করেছিলেন। এই দৃষ্টান্ত থেকে বোঝা যায় যে, দীব্দার সময় শ্রীগুরুদের কর্তৃক শিষ্যের নাম পরিবর্তন করাও দীব্দার একটি বিশেষ অঙ্গ।

## सम्बद्धान्। वर्षभृद्धमात्रमामामानमनम् । एमामकतमर रेक्ट रेटमावद्यमिरशाकारकः ॥

"দীক্ষার পর দীক্ষিত শিষ্য যে শ্রীবিশুর ভক্ত তা নির্দেশ করার জন্য শিষোর নাম পরিবর্তন করা ওবল্য কর্তন্ত। দীক্ষার পর শিষ্যকে অবশ্য অবশাই তার শরীরের দাদশ-আঙ্কে, বিশেষ করে পলাটে তিলক (উর্ফাপ্ড) ধারণ করতে হয় এগুলি হচ্ছে যথার্থ বৈষয়ের লক্ষা।" এই জােলটি পক্ত পুরাশের উত্তর-খণ্ড থেকে উত্তৃত করা হয়েছে সহজিয়ারা নাম শরিবর্তন করে না, তাই তামের পৌড়ীয়-বৈষ্যর বলে শ্রীকার করা যায় না। কেউ যদি দীক্ষার কর হার নাম শরিবর্তন না করে, তা হলে বৃথতে হবে যে, সে তার দেহাবাবুদ্ধি বজায় রেখেছে।

## শ্লোক ২০৯ দৈনাপত্ৰী লিখি' মোরে পাঠালে বাম বাম । সেই পত্ৰীদাৰা জানি ভোমাৰ বাহহার ॥ ২০৯ ॥

#### প্রোকার্থ

"তোমরা ব্যরহার অভ্যন্ত দৈন্তাবে আমাকে পত্র লিখেছ্৷ সেঁই পত্র থেকে আমি তোমানের ব্যবহার সময়ে জানতে পোরেছি.

## গ্রোক ২১০

ভোমাৰ হৃদর আমি জানি পত্রীদ্বারে । ভোমা শিখাইতে শ্লোক পাঠাইল ভোমারে ॥ ২১০ ॥

## লোকার্থ

"ভোমাদের পরের দারা আমি ভোমাদের হাদর জানতে পেরেছি। ভাই, ভোমাদের শিক্ষাদান করার জন্য আমি ভোমাদের একটি প্লোক পাঠিয়েছিলাম।

## ध्योक २३३

## পরবাসনিনী নারী ব্যগ্রাপি গৃহকর্মসূ ৷ ভদেবাস্থাদয়তান্তর্নবসন্তরসায়নম্ ॥ ২১১ ॥

পর-বাসনিনী—পরপুরুষে আসকা, নারী -স্ত্রীলোক, বাগ্রা অপি বাগ্র থেকেও, গৃহ কর্মসু—গৃহকার্যে, তৎ <del>এব -</del>তাই কেবল, <del>আস্থানয়ডি—আসানন করে, অস্তর, অন্তর,</del> নব-সঙ্গ নতুন প্রিয়সঙ্গ, র<del>স-অ</del>য়নম্<u>বস্</u>য

#### चनु वाम

"'পরপুরুষে আসক্তা নারী গৃহকর্মে ব্যগ্র খেকেও অন্তরে নতুন প্রিয় সঙ্গরস আখাদনু করতে থাকে '

#### শ্রোক ২১২

গৌড়-নিকট আসিডে নাহি মোর প্রয়োজন । তোমা-সুঁহা দেবিতে মোর ইঁহা আগমন ॥ ২১২ ॥

## ৱোকাৰ্থ

"আমার গৌড়ে আসার কোন প্রয়োজন ছিল না, কিন্তু তোমানের স্কুলকে দেখবার জনাই কেবল আমি এখানে এসেছি।

#### গ্লোক ২১৩

এই মোর মনের কথা কেহ নাহি জালে। সবে বলে, কেনে আইলা রামকেলি-গ্রামে ॥ ২১৩ ॥

#### तर्वकार्थ

"সকলেই আমাকে জিল্লাসা করছে কেন আমি এই রামকেলি-গ্রায়ে এসেছি। কিন্ত আমার মনের এই কথা কেউ জানে না।

## শ্ৰোক ২১৪

ভাল হৈল, দুই ভাই আইলা মোর হানে। খরে যাহ, ভয় কিছু না করিহ মনে 11 ২১৪ ॥

## প্ৰোকাৰ্থ

"এটি খুব ছাল হল যে, ডোমরা দুখাই আমার সচে দেখা করতে এসেছ। এখন তোমরা ময়ে যাও। মনে কোন কয় করো না।

#### त्आंक २३६

ষ্ণাশ্যে ভূমি দূই—কিছর আমার। অচিরাতে কৃষ্ণ তোমায় করিবে উদ্ধার ॥ ২১৫ ॥

## শ্ৰোকাৰ্থ

"জন্মে জন্মে ডোমরা দূজন আমার নিভাদেবক। আমি নিশ্চিডভাবে জানি থে, অচিরেই কৃষ্ণ ডোমাদের উদ্ধার করবেন।"

## গ্রোক ২১৬

এত বলি দুঁহার শিরে বরিল দুই হাতে। দুই ভাই প্রভূ-পদ নিল নিজ মাথে ॥ ২১৬ ॥

## লোকার্থ

এই বলে নীটেতন্য মহাপ্ৰাড় ভাষের সূজানের মাধায় ভার সূহাত রাখলেন এবং দুভাই তংক্ষাৎ মহাপ্ৰাড়য় নীপালপল ভাষের মন্তকে ধারণ করলেন।

#### রোক ২১৭

দৌহা আলিঙ্গিয়া প্রভূ বলিল ভক্তগথে। সবে কৃপা করি' উদ্ধার' এই দুই জনে ॥ ২১৭ ॥

## त्रांकार्य

ভারপর মহাত্রভূ তাঁদের দুজনকে আদিজন করলেন এবং সেখানে উপস্থিত সমস্ত উপ্তদের অনুরোষ করলেন, ভারো কেন কৃপা করে তাঁদের উদ্ধার করেন,

#### (製)本 シント

দুই জনে প্রভুর কৃপা দেখি ভক্তগণে। 'হরি' হরি' বলে সবে আনন্দিত-সবে ঃ ২১৮ ॥

#### য়োকার্থ

সেঁই দুকহিয়ের প্রতি মহাপ্রভূর কৃপা দর্শন করে, সমস্ত জন্তরা অত্যন্ত আনন্দিত অন্তরে। 'হরিঃ হরিঃ' খননি দিতে লাগলেন।

#### <u>তাৎপর্য</u>

প্রাল নরোওম দাস ঠাকুর বলেছেন, ছাড়িয়া বৈষ্ণব-সেবা নিস্তার পাএগছে কেবা— বৈষ্ণবদের সেবা না করে কখনও জড় জগতের বন্ধন থেকে মৃক্ত হওয়া যায় না সদওয়া শিষাকে উদ্ধার করার জন্য দীক্ষা দান করেন এবং শিখা যদি অন্য বৈধাবদের চরণে অপরাধ না করে শুরুদেবের নির্দেশ পালন করেন, তা হলে তার পথ সুগম হয় তাই, থ্রীভৈতনা মহাপ্রান্ত সেবানে সমধ্যেত সমস্ত বৈফাবদের অনুরোধ করেছিলেন, তাঁরা যেন भवनीष्किछ क्रांश ७ अमाराज्यरक कृशा करतम। रकान रेवचाव यथन (मर्रबंग रा. छाना रकाम বৈষ্যাৰ ভগবানের কুলা লাভ করছেন, তখন তিনি অভান্ত আনন্দিত হন। বৈষ্যাবেরা ইর্বাপরায়ণ নন। ক্যেন বৈক্ষব যদি মহাপ্রভুর কুপায় তাঁর শক্তিতে আবিষ্ট হয়ে সারা পৃথিবী জুড়ে ভগবানের নাম প্রচার করেন, তা হলে অন্য বৈষ্যবেরা অত্যন্ত আনন্দিত হन - वर्शार, यनि केला प्रश्रार्थ देवस्थव इत । याता देवस्थवत भारत्या नर्गन करत सेर्याश्रतास्थ इन छाता विकाय नन, शकास्त्रता छाता इतक्षन माधातम विवाही मानुव। हिएमा, (इय, माध्यर्थ একলি বিষয়াসক্ত মানুষের সধ্যেই দেখা মায়, বৈষ্ণাবের মধ্যে নয় ভগবানের দিব্যনাম প্রচারে কোন বৈক্ষর যদি সফল হন, ডা হলে জন্য বৈষ্যবেরা তাঁর প্রতি দীর্ঘা পরামণ इर्जन क्का? क्कान रेजका वर्जन क्लावात्नत कक्रमा विकास करान, कथन कना रेजकारका। তার প্রতি অভান্ত প্রসন্ন হন। বৈষয়বের পোলাক পরিহিত বিষয়ীদের প্রদান করার পরিবর্তে বর্জন করা উচিত। এটি শাস্ত্রের নির্দেশ (উপেকা করা) সাংসর্য পরায়ণ মানুষকে উপেক্ষা

ক্ষেক ২২৬

955

করতে হবে। প্রচারকের কর্তব্য হচ্চে পরমেশ্বর ভগবানের শ্রতি শ্রেমপ্রায়ণ হওয়া, বৈষদ্যদের প্রতি বন্ধুও-পরায়শ হওয়া, তত্তভান রহিতদের প্রতি কুপাপনায়ণ হওয়া এবং খাঁরা ঈর্যা বা মাংসর্য পরামণ ভগবং-নিছেমী তাদের উপেক্ষা করা। কৃষ্যভাবনামৃত आत्मानात देवकादन (भागाक भनिष्ठि वह देवीभन्नाम मानुस नरकाह जवर फाप्सन সম্পূর্ণভাবে উপেক্ষা করা কর্তবা। বৈষ্ণবের বেশ পরিহিত ঈর্ষাপরায়ণ মানুষদের সেব। कतात (कान श्रक्ताकन त्नेरे यीक नत्ताचम माम ठेक्ट्र एकन (अत्यक्त, प्रक्रिया देवकव *(मवा मिसात भावगास क्वा*—िछिने अभारत श्रक्**छ देकनतान कथा यत्नास्त, देकन**दन পোশাক পরিহিত ঈর্বা বা মাৎসর্য পরায়ণ মানুষদের কথা বলেনন।

> **(副本 529**) নিত্যানন্দ, হরিদাস, শ্রীবাস, গদাধর ৷ मुकुम, खशमासम, मुताति, वदक्षश्रंत । २১७ ।

শ্রীনিত্যাদল প্রস্কু, হরিদাস ঠাকুর, জীবাস ঠাকুর, গরাধর পথিত, মুকুন্দ দত্ত, জাগানন্দ পথিত, মুরারিওপ্ত, বক্তেশ্বর পথিত আদি শ্রীচৈতন্য মহাপ্রভূর সমস্ত পার্যদেরা সেখানে উপস্থিত জিলেন।

য়োক ২২০

সবার চরণে ধরি, পড়ে দুই ভাই। সবে বলে,—খন্য তুমি, পাইন্সে গোসাঞি ॥ ২২০ ॥

## যোকার্থ

গ্রীল রূপ গোস্থামী ও গ্রীল স্নাতন গোস্থামী, দুই ভাই সমস্ত বৈক্ষবদের শ্রীপাদপদ স্পর্শ করে প্রণতি নিবেদন করলেন এবং সাংস্ত বৈক্ষরের তথন অভ্যন্ত আনন্দিত হয়ে বললেন, "ঐটিডেন) মহাপ্রভূর কৃপা লাভ করে ভোমরা ধনা হলে।"

## ভাৰ পৰ্য

এটিই ইচ্ছে যথার্থ বৈষ্ণবের ব্যবহার। রীচৈতনা মহাগ্রভুর কৃপা লাভ করার রূপ ও সনাতনকে তারা তাঁদের অভিনন্দন জানিমেছিলেন। বৈষ্ণবের বেশ পরিহিত ঈর্বাপ্রায়ণ মানুয় আনা বৈক্ষরকে ভগবানের শৃপা লাভ করতে দেখে কখনও আনশিত হতে পারে नी। पृष्टीशायगण, और कक्षियुरा वद कफ् विकस धामक लांक विकासन दम सात्रप করে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ভাষের কলির চেলা বলে বর্ণনা করেছেন। তিনি বলেছেন—

> এस छ' धक क्ष्मित कला। याथा त्नज़ा, कथि भड़ा, जिलक नातक, भनाम याला 🛚

प्रबंद देवस्टरब २७, भामन शांक काट्यत देना । भरुष-ज्ञान कतरून यायु, मर्दन जारा भरतम जाता ॥

এই ধরনের বৈষ্ণবের বেশধারী বিষয়াসক মানুখেরা কামিনী-কাঞ্চনের প্রতি আসক্ত এবং ভারা বৈষ্ণবের সাফলো ঈর্ধারিত। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর গ্রাই এই ধরনের বৈষ্ণবের বেশধরী প্রবঞ্চকদের কলির চেলা বলে কর্দনা করেছেল কলির চেলা হাইকোর্টের রামে আচার্ব হতে পারেন না। বিষয়ীদের ভোটে বৈধান-আচার্য নির্বাচন করা যায় না বৈধান আচার্য ওগবন্তুভিন জ্যোতিতে স্বয়ং প্রকাশিত হন এবং সেই জন্য হাইকোর্টের রায়ের প্রয়োজন হয় না। ভণ্ড আচার্যেরা হাইকোর্টের রায়ের জোরে মাভবুরি করতে পারে, কিন্তু শ্রীপ অক্তিবিনোদ ঠাকুর স্পষ্টভাবে বঙ্গে গেছেন খে, তারা কলির চেলা ছাড়া জার কিছুই নয়।

> শ্লোক ২২১ স্বা-পাশ আজা মাগি' চকন-সময় । প্রভূপদে করে কিছু করিয়া বিনয় ॥ ২২১ ॥

> > রোকার্থ

সমস্ত বৈধানদের আদেশ গ্রহণ করে বিনায় গ্রহণ করার সময়, দুর্ভাই জীল রূপ গোস্বামী ও সন্যতন গোদ্বাসী শ্লীতৈভন্য মহাপ্রভুর শ্রীপাদপত্তে অভান্ত বিনীতভাবে নিবেদন कहाजन--

> आक ५२२ ইহাঁ হৈতে চল, প্রভূ, ইহাঁ নাহি কাজ । যদ্যপি তোমারে ভণ্ডি করে গৌড়রাজ ॥ ২২২ ॥

"প্রকৃ! যদিও বাংলার নবাৰ <del>হ</del>সেন শাহ ডোমাকে অভাস্ত আদ্ধা করেন, ভবুও যেহেতু তোমার এখানে ভার কোন কাঞ্চ নেই, ডাই আর এখানে খেকো না

> শ্লোক ২২৩ তথাপি খৰন জাতি, না করি প্রতীতি ৷ তীর্থবারায় এত সংঘট্ট ভাল নহে রীতি ॥ ২২৩ ॥

## শ্ৰোকার্থ

"যদিও নবাব ভোষার প্রতি শ্রহ্মাপরায়ণ, কিন্তু তবুও জাতিতে সে মবন এবং তাঁকে বিশাস করা উচিত নয়। আমাদের মনে হয়, কুদাবনের তীর্থযাত্রায় যখন আপনি যাচ্ছেন, তখন এক লোকের আপনার সঙ্গে ঘাওয়া ঠিক হবে না।

9.8

**(部) かり**(2)

য়োক ২২৪

যার সঙ্গে চলে এই লোক লক্ষকোটি। বৃন্দাবন-যাত্রার এ নহে পরিপাটী ॥ ২২৪ ॥

রোকার্থ

"প্রস্থা হাজার হাজার লোক সঙ্গে নিয়ে কুদাবনে তীর্মধান্তা করতে যাওয়া ঠিক নয়।" ভাৎপর্য

কখনও কখনও বাবসা করার জন্য বহু লোক নিয়ে তীর্য শুমণ করা হয় এবং তাদের কাছ থেকে টাকা সংগ্রহ করা হয়। তাই এটি বেশ স্তাল ব্যবসা, কিন্তু শ্রীল রূপ গোস্বামী ও শ্রীল সনাতন গোস্বামী মহাপ্রভূকে বলেছিলেন এত লোক সঙ্গে নিয়ে তীর্যাগ্রায় না যেতে। প্রকৃতপঞ্চে শ্রীকৈতন্য মহাপ্রভূ যখন বৃন্ধাবনে গিয়েছিলেন, তথন তিনি একলাই গিয়েছিলেন এবং ভন্তাদের অনুনোধে মাএ একজন সেবক সঙ্গে নিয়েছিলেন।

শ্লোক ২২৫

যদ্যপি বস্তুতঃ প্রভুর কিছু নাহি ছয় । তথাপি লৌকিকদীলা, লোক-চেষ্টাময় ॥ ২২৫ ॥

লোকার্থ

যদিও প্রীকৈতন্য মহাপ্রভূ বজেন পরমেশ্বর ভগবান প্রীকৃষ্ণ স্বয়ং এবং তাই তাঁর কোন ভগ ছিল না, তব্ও মানুষকে শিক্ষা দেওয়ার জন্য ডিনি সাধারণ মানুষের মতে। আচরণ করেছিপেন:

শ্লোক ২২৬

এক বলি' চরণ বন্ধি' গেলা দুইজন । প্রভুর সেই গ্রাম হৈতে চলিতে হৈল মন ॥ ২২৬ ॥

কোকাৰ্থ

এই বলে, প্রীতৈতনা মহাপ্রভূর শ্রীপাদপত্ম বন্দনা করে দুখ্রাই তাঁদের পৃথে প্রভ্যাকর্তন কর্মদোন তথ্য প্রীতৈতনা মহাপ্রভূ সেই গ্রাম ছেড়ে মাওয়ার বাসনা কর্মদন।

শ্লোক ২২৭

প্রাতে চলি' আইলা প্রজু 'কানাইর নাটশালা'। দেখিল সকল তাহাঁ কৃষ্ণচরিত্র-লীলা 🛚 ২২৭ 🏗

<u>ভোকার্থ</u>

মকালবেলায় শ্রীচৈতনা মহাপ্রভু কানাইয়ের নটেশালা নামক স্থানে এলেন। সেবানে তিনি শ্রীকৃষ্ণের বিবিধ লীলা দর্শন করলেন। ভাৎপর্য

তব্দকার দিনে বহুদেশে 'ধানাইয়ের নটিশালা' নামে বহু স্থান ছিল, যেখানে শ্রীকৃষ্ণের নীলাবিলাদের চিব্র রাখা হত মানুষ সেখানে সেই সমস্ত লীলা দর্শন করতে থেও। তাকে বলা হয় কৃষ্ণ-চরিক্রলীলা। বঙ্গদেশে এখনও বহু হরিসভা রয়েছে, যেখানে মানুষ সমবেত হয়ে হবে কৃষ্ণ মহমেন্ত কীর্তন করেন এবং শ্রীকৃষ্ণের লীলা আলোচনা করেন কানাই হচ্ছে শ্রীকৃষ্ণের একটি নাম, আর নাটশালা হচ্ছে খেখানে লীলাবিলাস প্রদর্শিত হয়। সুভরাং এখন মাকে হারসভা বলা হয়, পূর্বে সেওলি হয়ত কানাইয়ের নাটশালা নামে পরিচিত ছিল।

গ্লোক ২২৮

সেই সাত্রে প্রভু ভাঁহা চিন্তে মনে মন। সঙ্গে সংঘট্ট ভাল নতে, কৈল সনাতন ৪ ২২৮ ৪

*হো*কার্থ

মেই রাত্রে মহাপ্রভূ শ্রীল সলাতন গোস্বামীর প্রস্তান মনে মনে বিষেচনা করে দেখাদেন মে. এক লোক সঙ্গে নিয়ে কুমাবনে যাওয়া ঠিক হতে মা

শ্লোক ২২৯

মণুরা যহিব আমি এড লোক সঙ্গে। কিছু সুখ না পাইব, হবে রসভাগে র ২২৯ ॥

রোকার্থ

সহাগ্রভু ভাবদেন, "এত কোক সঙ্গে নিয়ে মখুরার যাওয়া সুখকর হবে না, কেন না ভা হলে রসভঙ্গ হবে।"

ভাৎপর্য

প্রীচৈতনা মহাপ্রভূ মনে করেছিলেন যে, জনেক লোক সঙ্গে নিয়ে তীর্থস্থানে গোলে কেবল গতগোলের সৃষ্টি হয়। সেভাবেই ধাম দর্শনে গেলে তিনি মোটেই আনন্দ পারেন না

ক্লোক ২৩০

একাকী ষাইব, কিশ্বা সঙ্গে এক জন ৷ তবে সে শোভয়ে বৃন্দাবনেরে গমন ৷৷ ২৬০ ॥

হোকার্থ

মহাত্রতু ঠিক করলেন যে, তিনি একলা বৃদ্দাবনে থাবেন অথবা সঙ্গে হড় জোর একজন সঙ্গী নিয়ে থাবেন। তা হলে বৃদ্দাবনে গমন অড্যপ্ত সূৰকর হবে

প্লোক ২৩১

এত চিন্তি প্রাতঃকালে গঙ্গাম্বান করি'। 'নীলাচলে যাব' বলি' চলিনা গৌরহরি ॥ ২৩১ ॥

(의학 **280**]

মনে মনে এডাবেই বিবেচনা করে, মহাপ্রভু সকালে থঙ্গাল্পান করকেন এবং "আমি নীলাচলে যাব" বলে নীলাচলের দিকে যাত্রা করকেন।

শ্লোক ২৩২

এই মত চলি' চলি' আইলা শান্তিপুরে । দিন পাঁচ-সাত রহিলা আচার্যের যরে ॥ ২৩২ ॥

(ग्रीकार्थ

পদব্ৰক্সে চলতে চলতে শ্ৰীচৈডন্য মহাপ্ৰস্থ শান্তিপুৰে এপেন এবং জ্ৰীক্ষত আচাৰ্যের গৃহে পাঁচ-সাত দিন থাকলেন।

শ্লোক ২৩৩

শচীদেবী আনি' তাঁরে কৈল নমন্ধার । সাত দিন তাঁর ঠাঞি ভিক্সা-ব্যবহার ॥ ২৩৩ ॥

গ্রোকার্থ

সেই সূযোগে শ্রীক্ষাকৈও আচার্য প্রকু শর্চীয়াভাকে সেখানে আনালেন এবং শর্চীয়াভা সাতদিম তাঁর বাড়িতে গেকে শ্রীটেডন্য মহাপ্রভুর জন্য রামা করলেন।

য়োক ২৩৪

তার আজ্ঞা লঞা পুনঃ করিলা গমনে। বিনয় করিয়া বিদায় দিল ভক্তগণে ॥ ২৩৪ ॥

লোকার্থ

তার মায়ের অনুমতি নিয়ে শ্রীচৈতন্য মহাপ্রান্থ ক্ষণলাখপুরীর সিকে যাত্রা করলেন। ভক্তরা যথন তার অনুগমন করছিল, তখন তিনি বিনীতভাবে তাঁলের গৃহে কিরে যেতে অনুয়োধ করে তাঁলের কাছ থেকে বিদায় নিলেন।

গ্ৰোক ২৩৫

জনা দুঁই সঙ্গে আমি বাব নীলাচলে। আমারে মিলিবা আসি' রথবাত্রা-কালে॥ ২৩৫ ॥

হ্লোকার্থ

হ্রীট্রৈতন্য মহাপ্রকু বলাগেন, "দুই-একজনকে কেবল সঙ্গে নিয়ে আমি নীলাচলে স্বাব, আর ভোমরা রথযান্ত্রার সময় এসে আমার সঙ্গে মিলিড হয়ো।"

প্লোক ২৩৬

বসভন্ত ভট্টাচার্য, আর পণ্ডিত দামোদর । দুইজন-সম্পে প্রভু আইলা নীলাচল 🏾 ২৩৬ 🗈 শ্ৰোকাৰ্ছ

ৰশভন্ন ভট্টাচাৰ্য আৰু দামেলর পণ্ডিওকে সঙ্গে নিয়ে গ্রীচেডন্য যহাপ্রভু জগন্নাথপুরীতে এলেন।

শ্লোক ২৩৭

দিন কন্ত রহি' জাঁহা চলিলা কুদাবন । লুকাঞা চলিলা রাত্রে, না জানে কোন জন ॥ ২৩৭ ॥

য়োকার্থ

করেকদিন অধ্যয়ধপুরীতে থাকার পর মহাশ্রছ রাত্রিবেলায় সকলের অশোচরে শ্রীধায কৃষ্ণাবনের দিকে যাত্রা করলেন এবং কেউ তা জানতে পারল সা।

শ্লোক ২৩৮

বলভন্ত ভট্টাচার্য রহে মাত্র সঙ্গে। ঝারিখণ্ড-পথে কাশী আইলা মহারকে ॥ ২৩৮॥

য়োকার্থ

প্রীটেডনা মহাপ্রস্থ হখন জনমাধপুরী থেকে বৃদ্ধাবনের দিকে যাট্রা করলেন, তখন কেবল কলডন্ড ভট্টাচার্য ভার সজে ছিলেন। এভাবেই তিনি ঝারিখণ্ডের বনপথ দিয়ে মহা আনত্যে বারাধনীতে একে উপস্থিত হলেন।

শ্লোক ২৩৯

দিন চার কাশীতে রহি' গোলা বৃন্দাবন । মথুরা দেখিয়া দেখে খাদশ কানন ॥ ২৩৯ ॥

য়োকার্থ

ব্রীতৈতনা মহাপ্রকৃ কেবল চার দিন কালীতে ছিলেন এবং তারপর সেখান থেকে বৃন্দাবনের দিকে দারা করলেন। মধুরা দর্শন করে তিনি দ্বাদন কানন দর্শন করলেন।

ভাৎপর্য

আন্তকাল যার। বৃন্ধাবনে বান, তারা সাধারণত দ্বানশ কানন নামক বারোটি কাও দর্শন করতে যান। মধুরায় কামাকন থেকে তারা যাত্রা ওরু করেন সেথান থেকে যান তার। তার্বন, তমালকা, মধুবন, কুসুম্বন, ভাণীরবন, ফিব্বন, ভপ্রবন, যদিরবন, দৌহ্যন, কুমুধ্বন ও গোকুল মহাকা।

শ্লোক ২৪০

লীলাস্থল দেখি' প্রেমে হইলা অস্থির ! বলভদ্র কৈল ভাঁরে মখুরার বাহির ॥ ২৪০ ॥

লোক ২৪৯?

হ্লোকার্থ

প্রীকৃষ্ণের দীলাস্থল স্বাদশ-কানন দর্শন করে মহাপ্রস্কু ভগবং-প্রেমে অধীর হলেন। বসভস্র ভট্টাচার্য তখন তাঁকে মধুনার কাইরে নিয়ে এলেন।

(割本 38)

গঙ্গাতীর-পথে কথে। প্রয়াগে আইলা । খ্রীরূপ আসি' প্রভূকে তথাই মিলিলা ॥ ২৪১ ॥

শ্লোকার্থ

মথুরা ত্যাগ করে গলার তীরের এক পথ ধরে মহাপ্রকু প্রয়াগ (এলাহাবল) নামক পবিত্র স্থানে এলেন সেখানে শ্রীল রূপ গোস্থামী এনে তার সঙ্গে মিলিত হলেন।

(計事 484

দশুবৰ করি' রূপ ভূমিতে পড়িলা । প্রম আনন্দে প্রস্থ আলিঙ্গন দিলা ॥ ২৪২ ॥

ल्याकार्थ

প্রয়ালে মহাপ্রভূর সজে সাঞ্চাৎ হওয়ার পর, শ্রীক রূপ গোহামী ভূমিতে পরিত হয়ে সাষ্টাকে প্রথতি নিবেদন করলেন এবং মহাপ্রফু ডাঁকে পরম আনক্ষে আলিজন করলেন।

শ্লোক ২৪৩

জীলাপে শিক্ষা করাই' পাঠাইলা কৃদাবন । আপনে করিলা বারাগসী আগমন 1 ২৪৩ ॥

গ্ৰোকাখ

প্রয়াগে দশাশ্বমেশ-যাতে গ্রীল রূপ গোস্থামীকে শিক্ষা দান করে মহাগ্রভু উাকে বৃদ্ধানন যেতে মির্দেশ দিলেন এবং তিনি স্বরং বারাণসীর দিকে যাত্রা শুরু করলেন।

শ্ৰোক ২৪৪

কাশীতে প্রভূকে আসি' মিলিলা সনাতন । দুই মাস রহি' ডাঁরে করাইলা শিক্ষণ ॥ ২৪৪ ॥

কোকাৰ্থ

শ্রীচৈতনা মহাপ্রাভূ মধন কাশীতে এমে উপস্থিত হলেন, তখন শ্রীল সনাতন গোস্বামীও তাঁর সঙ্গে এমে মিলিত হলেন। মহাপ্রাভূ সেখানে দুই মাস ছিলেন এবং সেখানে অবস্থানকালে শ্রীল সনাতন গোস্বামীকে শিক্ষা দান করেছিলেন।

> শ্লোক ২৪৫ মথুরা পাঠাইলা ভাঁরে দিয়া ভক্তিবল । সম্যাসীরে কুপা করি' গোলা নীলাচল ॥ ২৪৫ ॥

প্ৰোকাৰ্থ

সম্পূর্ণরূপে শিকা দান করে এবং ওঁরে মধ্যে ভক্তিবল সঞ্চার করে শ্রীচৈতন্য মহাপ্রভূ শ্রীল সনাতন গোখানীকে মধুরার পাঠালেন। বারাণসীতে অবস্থান কালে তিনি মামাবাদী সমাসীদেরও কৃপা করেছিলেন। ভারপর তিনি জগরাকপুরীতে প্রত্যাবর্তন করেছিলেন।

লোক ২৪৬

হয় ৰৎসর ঐছে প্রভু করিলা বিলাস। কড়ু ইভি-উতি গতি, কড়ু ক্ষেত্রবাস ॥ ২৪৬ গ

শ্লোকার্থ

এডাবেই ঐতিভাগ মহাপ্রস্থ হয় বছর ভারতবর্ষের সর্বত্র প্রমণ করেছিলেন কথমও কথমও তিনি এখানে ওখানে প্রমণ করে অপ্রাকৃত দীলাবিলাস করেছিলেন এবং কথমও তিনি আঁকের জন্মাওপুরীতে অবস্থাম করেছিলেন।

**হোক** ২৪৭

আনন্দে ভক্ত-সঙ্গে সদা কীর্তন-বিলাস ৷ জগমাথ-দরশন, প্রেমের বিলাস ॥ ২৪৭ ॥

রোকার্থ

জন্মাথপূরীতে অবছান কালে মহাপ্রভূ মহা আনত্তে ডক্তসভে সংকীর্তন করে এবং শীক্তসমাথদেবকে দর্শন করে ভরবং-প্রেম আসাদনের লীলাবিলাস করেছিলেন

শ্লোক ২৪৮

भश्मीनात किम् धेरै ज्ञ-विवत् । असानीमात ज्ञ धरा धन, फरूनन ॥ २८৮ ॥

**अग्रकार्श** 

সূত্রাকারে আমি প্রীচৈতন্য নহাপ্রভূর মহালীলা বর্ণনা করলাম এখন আমি মহাপ্রভূত্ত অন্যালীলা বর্ণনা করণ। হে ভক্তগণ্য। দয়া করে আপনারা ভা প্রবণ করন।

শ্লোক ২৪৯

বৃন্দাবন হৈতে যদি নীলাচলে আইলা । আঠার বর্ষ ভাঁহা বাস, কাঁহা নাহি গেলা ॥ ২৪৯ ॥

মোকার্খ

কুদানন খেকে নীলাচলে কিরে এমে শ্রীচৈতন্য মহাপ্রভূ আঠারে। বছর সেখানে অবস্থান করেছিলেন এবং সেই আঠারে। বছর তিনি কোথাও যাননি শ্লোক ২৫০ প্রতিবর্ষ আইমেন ভাঁহা গৌড়ের ভক্তগদ । চারি শ্লাস রহে প্রভুর সঙ্গে সন্মিলন ॥ ২৫০ ॥

হোকার্থ

এই আঠারো বছর গৌড়ের সমস্ত ওজরা প্রতি বছর সেখানে আসতেন এবং চার মাস সেখানে থেকে মহাপ্রভূর সদ লাতের আনন্দ উপভোগ করভেন।

> শ্লোক ২৫১ নিরস্তর মৃত্যগীত কীর্তন-বিলাস । আচণ্ডালে প্রেমডক্টি করিলা প্রকাশ ॥ ২৫১ ॥

> > রোকার্থ

জগনাথপুনীতে শ্রীতৈতন্য মহাপ্রভূ নিরন্তর ভগবানের নাম কীর্ডন করে ভগবৎ-প্রেম আসামনের লীলাবিলাস করেছিলেন। আচগুলে প্রেমছন্তি দনে করে তিনি ঠার আহতুরী কুপা প্রকাশ করেছিলেন।

> শ্লোক ২৫২ পশুত-গোসাঞি কৈল নীলাচলে বাস। বক্রেশ্বর, দামোদর, শব্বর, হরিদাস ॥ ২৫২ ॥

> > গোকার্থ

পণ্ডিত-গোসাঞি, ব্যক্তশ্বর পণ্ডিত, দামোদর পণ্ডিত, শব্দর পণ্ডিত ও হরিদাস ঠাকুর আদি সকলে মহাপ্রভুর সলে জগমাথপুরীতে হিলেন।

শ্লোক ২৫৩

জগদানক, ভবানক, গোবিক, কানীশ্বর । পরমানকপুরী, আর হুরুগ-দামেদের ॥ ২৫৩ ॥

্ ক্লোকার্থ জ্বালানক্ পশ্চিত, ভবানক, গোবিক, কাশীশ্বর, প্রমানক্ পূরী ও ব্রুপে দামোদর গোকামীও মহাতাত্ত্ব সংখ ছিকেন।

> শ্লোক ২৫৪ ক্ষেত্ৰবাসী রামানন্দ রার প্রতৃতি । প্রভুসক্ষে এই সব কৈল নিভ্যস্থিতি ॥ ২৫৪ ॥

> > হোকার্থ

রামানন্দ রার এবং জগরাথপ্রীর নিবাসী অন্যান্য ভক্তকণও মহাপ্রভূর কলে ছিলেন।

শ্লোক ২৫৫-২৫৬
অভৈত, নিত্যানন্দ, মুকুন্দ, শ্রীকাস।
বিদ্যানিধি, বাসুদেব, মুরারি,—ষত দাস ॥ ২৫৫ ॥
প্রতিবর্ষে আইসে সঙ্গে রহে চারিমাস।
তাঁ-সরা দঞ্যে প্রভুর বিবিধ বিলাস ॥ ২৫৬ ॥

য়োকার্থ

ক্রিঅফৈড আচার্য প্রজু, নিজ্যানত্ম প্রজু, মুকুত, প্রীবাস, বিদ্যানিধি, বাস্দের ও মুরারি আদি মহাপ্রজুর বত দাস, প্রতি বছর তারা জগলাওপুরীতে এসে চার মাস থাকতেন এবং তাঁদের সঙ্গে অগ্রাপ্রতুর বিবিধ সীলাবিলাস ক্রতেন।

শ্ৰোক ২৫৭

হরিদাসের সিদ্ধিপ্রাপ্তি,—অন্তুত সে সব। আপনি মহাপ্রভূ বাঁর কৈল মহোৎসব ॥ ২৫৭ ॥

মোকার্থ

স্তুস্মাধপুরীতে শ্রীল হরিদাস ঠাকুর অপ্রকট হন। সেই লীকা ছিল অত্যন্ত অন্তুত, কোন না মহাপ্রকু স্বরং শ্রীল হরিদাস ঠাকুরের অপ্রকট মহোৎসব করেছিলেন।

শ্লোক ২৫৮

তবে রূপ-গোসাঞির পুনরাগমন। তাঁহার হৃদয়ে কৈল প্রভু শক্তি-সন্ধারণ ॥ ২৫৮॥

য়োকার্থ

ক্ষণনাথপূরীতে জীল রূপ গোসামী মহাপ্রভূর সঙ্গে পুনরায় মিলিত হন এবং মহাপ্রভূ তার হদেরে শক্তি সঞ্চার করেন।

রোক ২৫৯

তবে ছেটি হরিদাসে প্রভূ কৈল দণ্ড ৷ দামোদর-পথিত কৈল প্রভূকে বাক্য-দণ্ড ৷৷ ২৫৯ ৷৷

গ্ৰোকাৰ্থ

তারপর সহাপ্রত্ ছোট হরিদাসকে দণ্ড দান করেন এবং দামোদর পশ্চিত মহাপ্রভুকে বাকা-দণ্ড দান করেন।

ভাহপর্য

দামোদর পণ্ডিও ছিলেন শ্রীটেডনা মহাপ্রভূগ নিডাসেবক। কোন অবস্থাতেই তিনি মহাপ্রভূকে দও দিতে পারেন না এবং সেই রক্তম কোন বাসনাও তার ছিল না, কিন্তু ডিমি মহাপ্রভূকে বাকা-দও দান করেছিলেন যাতে অন্যরা তাঁর নিন্দা না করে। অবশ্য

(의주 신원)

**(新春 5**44)

তাঁর জানা উচিত ছিল যে, মহাপ্রভূ হচ্ছেন পরমেশ্বর ভগবান এবং তিনি তাঁর ইচ্ছামতে। আচরণ করতে পারেন কথনও তাঁকে সাবধান করার প্রয়োজন নেই এবং উভম ভক্তরা এই ধরনের ব্যবহার বুঁধ একটা অনুমোদন করেন না।

ক্লোক ২৬০

তবে সনাতদ-গোসাঞির পুনরাগমন। জ্যৈষ্ঠমাসে প্রভূ তাঁরে কৈল পরীক্ষণ ॥ ২৬০ ॥

লোকার্থ

তারপর শ্রীল সনাক্ষন গোস্বামী পুনরার মহাপ্রভূত সঙ্গে মিলিত হলেন এবং ভ্রৈট মাসের তীব্র রৌপ্রভাগে মহাপ্রভূ তীকে পরীকা করকেন।

গ্লোক ২৬১

ভূষ্ট হঞা প্রভূ ভারে পাঠাইলা কুদাবন। অবৈতের হত্তে প্রভূর অভূত ভোজন ॥ ২৬১ ॥

শ্ৰেটাকাৰ

ভূট হয়ে মহাপ্রত্ন সনাতন গোরাটাকে পুনরায় কৃষাবনে পাঠাকেন। ভারপর অকৈত প্রভূম হত্তে তিনি অভূতভাবে ভোজন করেন।

শ্লোক ২৬২

নিত্যানন্দ-সঙ্গে যুক্তি করিয়া নিজ্তে। তাঁরে পাঠাইলা গৌড়ে প্রেম প্রচারিতে ॥ ২৬২ ॥

য়োকার্থ

শ্রীল সন্যতন গোস্বামীকে কুদাবনে পাঠাবার পর শ্রীতৈতন্য মহাপ্রত্ন শ্রীনিত্যানন্দ প্রভূত্র সঙ্গে নিভূতে আলোচন্য করেন এবং ভগবং-প্রেম প্রচার করার জন্য তাঁকে গৌড়ে প্রেরণ করেন।

প্রোক ২৬৩

তবে ত' বক্লভ ভট্ট প্রভূরে মিলিলা। কৃষ্ণনামের অর্থ প্রভূ তাঁহারে কহিলা ॥ ২৬৩ ॥

শ্ৰোকাৰ্থ

ভার অল্পকাল পরে বল্লভ ভট্ট জগলাপপূরীতে এনে মহাপ্রভুর সঙ্গে খিলিত হন একং মহাপ্রভু ভাঁকে কৃষ্ণনামের অর্থ বিশ্লেষণ করে শোনান।

তাৎপর্য

এই বাহত ভট্ট হচ্ছেন গশ্চিম ভারতের বাহত-সম্প্রদার নামক বৈক্ষব সম্প্রদারের প্রবর্তক।

ব্রীটেডনা-চরিতামৃতে মহালীলার উনবিংশতি পরিছেদে এবং অস্তানীলার সপ্তম পরিছেদে ব্যবভাগের করিনী বিশ্বামিডভাবে বর্লিড হয়েছে। প্রয়াকে ঘমুনার অপর পারে আড়াইল নামক গ্রামে বারভাগার্থন গৃহে মহাপ্রভু গিয়েছিলেন। ভারপর বারভাগার্থ জগরাওপুরীডে মহাপ্রভুর সঙ্গে সাক্ষাৎ করে ভাঁকে ভার ব্রীমন্ত্রাগবতের টীকা শুনিয়েছিলেন। তার সেই টিকা সক্ষমে তিনি অভান্ত গাঁবিত ছিলেন, কিন্তু বৈক্ষমেরে কর্তব্য হছেই বিনীতভাবে পূর্বতন আচার্যদের পন্যম্ব অনুসরণ করা, এই শিক্ষা দান করে মহাপ্রভু ভাঁকে সংশোধন করেন মহাপ্রভু ভাঁকে বলেন যে, নিজেকে ব্রীধন্ন দামীর খেকে বড় বলে অভিমান করাটা বৈক্ষরোচিত আচরণ নর।

শ্লোক ২৬৪

প্রদাস মিশ্রেরে প্রজু রামানক-ছানে ৷ কৃষ্ণকথা ওলাইল কহি' তার ওলে ম ২৬৪ ম

आकार्थ

প্রদাস বিপ্রকে রামানক রায়ের অপ্রাকৃত ওগাবলীর কথা বিশ্লেষণ করে, মহাপ্রকৃ তাঁকে কৃষকণা প্রবৰ্গ করার জন্য রামানক রায়ের কাছে পাঠিয়েছিলেন

त्झांक २७৫

গোপীনাথ পট্টনায়ক—রামানন্দ-ভ্রাভা । রাজা মারিতেছিল, প্রভূ হৈল ভ্রাভা ॥ ২৬৫ ॥

त्माकार्थ

রামানন্দ রায়ের কনিষ্ঠ প্রান্ত। গোপীনাথ পট্টনায়ককে মহারাজ প্রতাপরুস্ক দণ্ড দান করতে উদ্যুত হয়েছিকেন, কিন্তু মহাপ্রভূ তাঁকে রক্ষা করেন।

শ্লোক ২৬৬

রামচন্দ্রপুরী-ভরে ভিক্লা ঘটাইল। বৈষ্ণবের দুংগ দেখি' অর্থেক রাখিল ৪ ২৬৬ ৪

লোকার্থ

রাসচন্ত্রপুরী ঐতিভন্য মহাপ্রভূর ভোজনের সমালোচনা করেছিলেন, তাই মহাপ্রভূ তাঁর আহারের মাত্রা অধিক পরিমাণে দ্রাস করেন। কিন্তু তা দেখে সমস্ত বৈক্ষবেরা যথন অভান্ত দুঃখিত হল, তখন মহপ্রভূ তাঁর আহারের মাত্রা বর্ধিত করে, সাধারণত তিনি ঘতটা আহার করতেন ভার অর্থমান্তা বাখালেন।

> শ্লোক ২৬৭-২৬৮ বিক্ষাও-ভিতরে হয় চৌদ্দ ভূবন। চৌদ্দভূবনে বৈসে যত জীবগণ। ২৬৭ ॥

(अप २१८)

## শ্লোকার্থ

ত্রন্সাধের ভিতর চোন্দটি ভূবন ররেছে এবং সেই চোন্দ ভূবনের সমস্ত জীব মানুষের বেশ দানণ করে তীর্থমাত্রীরূপে জগমাধপুরীতে এসে শ্রীটেডন্ড মহাপ্রভূতে দর্শন করতেন।

## শ্লোক ২৬৯

একদিন শ্রীবাসাদি ষড় ভক্তগণ । মহাপ্রভূব ওপ গাঞা করেন কীর্তন ॥ ২৬৯ ॥

#### লোকার্থ

একদিন শ্রীবাসাদি সমস্ত ভক্তগণ শ্রীতৈতন্য মহাপ্রভূত অপ্রাকৃত ওগাবলী কীওঁন কর্মছিলেন।

#### ক্লোক ২৭০

শুনি' জক্তগণে করে সফোখ বচনে। কৃষ্ণ-নাম-শুল ছাড়ি, কি কর কীর্তনে ॥ ২৭০ ॥

#### লোকাণ

তার নিজের ওপাবলী প্রবণ করে ঐতিহতন্য মহাপ্রভূ কুছ হয়ে তাঁলের ভিরন্ধার করে বলেন, "তোমনা স্বক্ষাম, কৃষ্ণওপ কীর্তন ছেড়ে কি কীর্তন করছ।"

#### শ্লোক ২৭১

উদ্ধৃত্য করিতে হৈল স্বাকার মন । স্বতক্স ইইয়া সৰে নাশাকৈ ভূবন ॥ ২৭১ ॥

## **মোকার্থ**

এভাবেই প্রীটেডন্য মহাপ্রভূ তখন সমস্ত ভাজনের ভিরস্কার করে উন্ধভা প্রকাশ না করতে এবং স্বতস্ত্রভাবে নিজের নিজের মনগড়া পথ সৃষ্টি করে সারা পৃথিনীর সর্বনাশ না করতে বললেন।

## ভাৎপর্য

ইতিতন্য মহাপ্রভু তার সমস্ত অনুগামীদের উদ্ধত্য প্রকাশ করে করন্তেশ্বরে নিজেদের মত তৈনি না করেও সাবধান করে নিয়েছিলেন দুর্ভাগ্যবশত, ইতিতনা মহাপ্রভুর অপ্রকটের পর বহ অপসম্প্রদায় নিজেদেন মনগড়া সমস্ত পথ সৃষ্টি বারেছে, বেওলি আচার্নগণ কর্তৃক অনুমোদিত নয় ইলি ভজিনিলোদ গ্রাকুর সেই সমস্ত অপসম্প্রদায়ওলিকে অন্টেল, বাউল, বাউল, বাউলা, নেড়া, দরবেশ, সাঁই, সহজিয়া, সখীতেকী, স্মার্ড, জাতগোসাঞি, অতিবাড়ী, চুড়াধারী ও গৌরাসনাগরী বলে বর্ণনা করেছেন।

আউল, বাউল আদি এই সমস্ত অপসম্প্রদায়গুলি পূর্বতন আচার্যদেও পদান অনুসরণ না করে শ্রীচৈতনা মহাপ্রভুর ন্বর্দন সম্বন্ধে ভালের মনগঙ়া পথ সৃদ্ধি করেছে। এখানে শ্রীচৈতনা মহাপ্রভু নিজেই ঘোষণা করেছেন যে, এই ধরনের সমস্ত প্রচেটা তাঁর শিক্ষার মর্ম কন্বিভি করে সারা পৃথিবীয় সর্বনাশ করছে

## শ্লৌক ২৭২

দশদিকে কোটী কোটী গোক হেন কালে ৷ 'জন কৃষ্ণতৈভন্য' বলি' করে কোলাহলে ॥ ২৭২ ॥

#### হোকার্থ

শ্রীতৈওলা মহাপ্রভূ বর্ষদ আপাতদৃষ্টিতে ক্রুম্ম হয়ে তাঁর ভক্তদের তিরকার করছিলেন, তথ্য দশদিক বেকে কোটি কোটি লোক 'ভায় শ্রীকৃষ্টেডেলা' বলে কোলাহল করছিলেন।

#### রোক ২৭৩

ক্ষম ক্ষম মহাপ্রভূ— ব্রজেন্তকুমার । ক্ষগৎ ভারিতে প্রভূ, ভোমার ক্ষবভার ॥ ২৭৩ ॥

#### গোকার্থ

অতি উতৈত্বেরে তারা বলতে লাগলেন, "স্কয় জয় স্কীন্তিতন্য মহাপ্রক্সেক্সার সমস্ত অপং উদ্ধার করার জন্য ভূমি এখানে অবতীর্ণ হয়েছে।

## শ্লোক ২৭৪

বহদ্র হৈতে আইনু হঞা বড় আর্ত । দরশন দিয়া প্রভু করহ কৃতার্থ ॥ ২৭৪ ॥

## রোকার্থ

"হে প্রস্তু। অত্যন্ত আর্ড হয়ে আমরা বহুস্ব থেকে এসেছি, সন্না করে আয়াদের দর্শন দিয়ে তুমি আমাদের ফুডার্ড কর।"

## প্লোক ২৭৫

ওনিয়া লোকের দৈন্য দ্রবিলা হুদেয়। বাহিরে আসি' দরশন দিলা দয়াময় ॥ ২৭৫ ॥

## শ্লোকার্থ

ব্রীচিতনা মহাপ্রভূ ধর্মন মানুষের এই দৈন্যপূর্ণ আবেদন প্রথম করলেন, তথম তাঁর হাদয় প্রবীভূত হল। অত্যন্ত দয়াপরকশ হয়ে তিনি বহিরে এমে তাঁদের দর্শন দান করলেন।

শ্ৰোক ২৮৪

বাহু তুলি' বলে প্রভু ৰল' 'হরি' 'হরি' । উঠিল—জীহরিধ্বনি চতুর্দিক্ ভরি' ॥ ২৭৬ ॥

রোকার্থ

বাহু তুলে মহাপ্ৰভু সকলকে 'হরি, হরি' কলতে বললেন। ভংকদাৎ হ্রিক্সনিতে চতুর্দিক পূর্ব হল

শ্ৰোক ২৭৭

প্রভূদেখি' প্রেমে লোক আনন্দিত মন । প্রভূকে ঈশ্বর বলি' করয়ে স্তবন ॥ ২৭৭ ॥

লোকার্থ

প্রীতিজন্য মহাপ্রভূতক দর্শন করে প্রেমানকে সকলের জনর পূর্ণ হল এবং ভাকে পরমেশ্বর ভগরানরূপে কোনে ভারা ভার শ্বন্ধ করতে লাগলেন।

শ্লৌক ২৭৮

ত্তব ওনি' প্রভূতে করেন শ্রীনিবাস। মরে ওপ্ত হও, কেনে বাহিরে প্রকাশ ॥ ২৭৮ ॥

লোকার্থ

সেই তাৰ শুনে শ্রীৰাস ঠাকুর ঠাট্টা করে মহাপ্রভুকে কালেন, "বারে নিজের পরিচর গোপন রেখে, বাইরে কেন নিজেকে প্রকাশ করহ।"

শ্লোক ২৭৯

কে শিখাল এই লোকে, কহে কোন্ বাত । ইহা-স্বার মুখ ঢাক দিয়া নিজ হাত ॥ ২৭৯ ॥

য়োঝার্থ

শ্রীবাস ঠাকুর আরও বললেন, "এই সমস্ত মানুবদের কে এই কথা শিখাল। এরা কি বলছে। এখন তুমি নিজের হাত দিয়ে এদের মূখ ঢাক।

শ্লোক ২৮০

সূর্য থৈছে উদর করি' চাহে কুকাইতে । বুঝিতে না পারি তৈছে তোমার চরিতে ॥ ২৮০ ॥

্রোকার্থ

"সূর্য যদি উদয় হওয়ার পর নিজেকে লুকাডে চার তা বেমন অসম্ভব, তেমনই ভূমি যে তোমার ভগবন্তা গোপন করার চেষ্টা করছ তাও অসম্ভব।" ল্লোক ২৮১

প্রভূ কহেন,—শ্রীনিবাস, ছাড় বিড়ম্বনা । সবে মেলি' কর মোর কডেক লাঞ্ছনা ॥ ২৮১ ॥

লোকার্য

শ্রীচৈতন্য মহাপ্রফু উত্তর দিলেন, "শ্রীনিবাস। দল্লা করে এতাবে বিভূষনা করে। না। ফোমরা সকলে মিলে আমাকে এভাবে অপদস্থ করে। না।"

শ্লোক ২৮২

এত বলি' লোকে করি' শুভদৃষ্টি দাস । অভ্যন্তরে গেলা, লোকের পূর্ণ হৈল কাম ॥ ২৮২ ॥

প্ৰোকাৰ্থ

এই কথা বলে, ঐটিচতন্য মহাপ্রভূ সকলের প্রতি ওক সৃষ্টিপাত করে গৃহাভায়েরে গোলেন এবং সকলের স্বভাষনা পূর্ব হল।

শ্লোক ২৮৩

রমুনাথ-দাস নিজানন্দ-পাণে গেলা ৷ চিডা-দথি-মধ্যেৎসৰ তাঁহাই করিলা ও ২৮৩ ॥

গোকার্থ

রফুনাথ দাস জীনিক্যানক প্রভুর কাছে গেলেন এবং তার নির্দেশ অনুসারে সেখানে স্থি-চিক্স মহোৎসাক্ষে আয়োজন করতেন।

ভাৎপর্য

আম ও কল্প দিয়ে চিড়া-দই খেখে এক অতি উপাদেয় পদ তৈনি করা হয় এবং কখনও কখনও তার সঙ্গে সন্দেশ ফেশানো হয়। ভগবানকে সেই ভোগ নিবেদন করে তা জনসাধানদের যথে বিতরণ করা হয়। তীর্মমূলাথ দাস যিনি তথন ছিলেন নৃহশ্, তিনি পানিহাটিতে শ্রীমন্তিতানন্দ প্রভূব সঙ্গে মিলিত হন। নিত্যানন্দ প্রভূব নির্দেশ অনুসারে তিনি সেধানে চিডা-দ্ধি মহোৎসবের অ্যয়েজন করেছিলেন

গ্ৰোক ২৮৪

তাঁর আজ্ঞা কঞা গেলা প্রভূর চরণে। প্রভূ তাঁরে সমর্শিলা স্বরূপের স্থানে ॥ ২৮৪ ॥

লোকার্থ

বীনিতানক প্রভূর আন্তা অনুসারে শ্রীরঘুনাথ দাস গৃহত্যাগ করে জগরাথপুরীতে এসে শ্রীতৈজন্য মহাপ্রভূর চরণাত্তার গ্রহণ করলেন। তথন শ্রীতৈজন্য মহাপ্রভূ তাঁকে পারমার্থিক শিকা লাভের জন্য শ্রীস্থরূপ দামোদর পোস্বামীর হাতে সমর্থণ করলেন

প্ৰোক ২৮৭

চচ

#### ভাহপর্য

সেই বিষয়ে শ্রীল রঘুনাথ দাস গোস্বামী বিলাগ-কুসুমাশ্রলিতে (৫) নিবেছেন—

या याः मृखतराद्दिनर्जनयश्कृतामनात्क्रयाः मनाः माञ्चनग्राष्ट्रियः तक्षिणः स्वती कृतात्रकृतिः । উদ্বৃত্যাত্মमताकनिन्नित्रवद्याखः शनान् प्रगः श्रीनात्मामकनाकनात् जयसः किञ्नात्रकः स्वतः ॥

"দিনি তাঁর অপার করণাকশন্ত আমার প্রতি দয়া প্রকশ হয়ে আমাকে গৃহত্রপ দূওর অধনুপ থেকে রক্ষা করে শ্রীস্থরণ দামোদর গোস্বামীরূপ আনন্দ-সমূদ-রসের চরণপ্রান্তে অর্পণ করেছেন, সেই শ্রীচেতনাচন্দ্রের চরণারবিক্ষে আমি আমার সম্রদ্ধ প্রপতি দিবেদন করি "

## রোক ২৮৫ ব্রহ্মানন্দ-ভারতীর ঘুচাইল চর্মান্তর । এই যত লীলা কৈল হয় বংসর ॥ ২৮৫ ॥

#### লোকার্থ

ভারপর প্রীটেডনা মহাপ্রভু ক্রন্ধানন্দ ভারতীর মৃগচর্ম পরিধান করার অভ্যাস ভ্যার করালেন। এভাবেই হয় বংসর মহাগ্রভু বিবিধ দীলাফিলাস করলেন।

## শ্লোক ২৮৬ এই ড' কহিল মধ্যলীলার সূত্রগণ । শেষ ভাদশ বংসবের শুন বিধরণ ॥ ১৮৬ ছ

## লোকার্থ

এডাবেই আমি মধালীপার সূত্রসমূহ বর্গনা করলাম। এবন আমি ঐটচেডনা মহাপ্রভূত্র শেষ দানশ বংসরের লীলাবিলাসের কথা কর্গনা করব।

#### ভাৎপর্য

শ্রীবাসদেবের পদায় অনুসরণ করে, শ্রীল কৃষ্ণদাস কবিরান্ত গোশামী শ্রীচেডনা-চরিভাস্তের লীলাসমূহের সূত্র বর্ণনা করেছেন। আদিলীলাস গুরু বয়সের পাঁচটি অবস্থাভেদে সূত্রমাত্র লিখে কয়েকটি লীলার বর্ণনা করে, তিনি শ্রীল কৃষ্ণবন দাস ঠাকুরের বিস্তানিত বর্ণনার উল্লেশ করেছেন। শেষলীলা অর্থাৎ মধ্যলীলা ও অন্তলীলার সূত্র এই অধ্যায়ে লিখে শেষ ছাদশ বৎসরের সূত্র-বিবরণ ছিতীয় অধ্যায়ে লিখেছেন এবং তিনি ক্রমশ মধ্য ও অন্তলীলা বিস্তারিত বর্ণনা করেছেন। প্রোক ২৮৭ শ্রীরূপ-রযুনাথ-পদে যার আশ । চৈতন্যচরিতামৃত কতে কৃঞ্চনাস ॥ ২৮৭ ॥

#### শ্লোকার্থ

প্রীল রূপ গোস্থানী ও প্রীল রঘুনার দাস গোস্থানীর পাদপন্থে আমার প্রণতি নিবেদন করে, তাঁলের কৃপা প্রার্থনা করে এবং তাঁলের পদার অনুসরণপূর্বক আমি কৃষ্ণদাস প্রীকৈতন্য-চরিতাত্ত্বক কর্মনা করছি।

देखि—'श्रीक्रिक्ता प्रदास्त्रज्ञ भ्यानीनात मरकिश्व विवयम' वर्धना करत श्रीक्रिक्ता-व्रतिवास्त्रका प्रधानीनात स्थव भतिरक्तरम् कक्रिस्त्वाल वादभर्य मधानीनात स्थव भतिरक्तरम् कक्रिस्त्वाल वादभर्य मधानुः

## দ্বিতীয় পরিচ্ছেদ

# শ্রীচৈতন্য মহাপ্রভুর প্রেমোন্মাদ প্রলাপ

মধালীলার বিতীয় পরিছেদে গ্রহুকার মহাপ্রভুর শেব ধাদশ বংসরের ভাব-আস্থানন নীলার সূত্র বর্ণনা করেছেন। এই ভাব-গার্ট্টার্যপূর্ণ তম্ব সহজে লোকে বৃথতে পারে না। তাই প্রস্থকারের ধারণা এই বে, প্রীচেতনা মহাপ্রভুব দীলা ওনতে ওনতে স্থীবের হানমে সূপ্ত কৃষ্ণপ্রেম ক্রমশ জাগরিত হবে। প্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বৃদ্ধ অবস্থায় এই গ্রহু পিষছিলোন। তিনি তের্গেছিলেন, হয়ত তিনি এই গ্রহু শেব করতে পারকেন না। তাই ক্রম্ভেলীলার সূত্র ভক্তবের উপকারের জন্য এই পরিজেদে সংগ্রহ করেছেন প্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বলেছেল যে, প্রীল বন্ধপ দামোদর গোস্বামীর মতই ভজন সম্বদ্ধে প্রধান মত। প্রীল রঘুনাধ দাস গোস্বামী প্রীল স্বরূল মামোদর গোস্বামীর কড়চা কন্তন্ত্র করে তার অন্তর্ধানের পর ব্রম্ভে আগমন করেন সেই সময় জীল রঘুনাথ দাস গোস্বামীর সঙ্গে প্রস্থকার প্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর সাক্ষাহকার হয় এবং তার কটম্ব করেন ভাৎপর্য হন্যক্রম করে তিনি এই অপ্রাক্ত গ্রন্থ প্রীচিতন্য-চরিতামূত রচনা করেন

#### (अंकि )

## विरक्ष्ट्रप्रशिक्त् श्रास्त्राज्ञानुन्त्रान्वर्गरः । भौतमा कृष्यविरक्षमञ्जनाशामानुवर्गरः ॥ ॥ ॥

বিজেনে—পরিজেনে, অন্মিন্—এই; প্রভাঃ—গ্রীটেডনা মহাপ্রভুর, অন্তালীলা— অস্তালীলান, সূত্র—সূত্রেন, অনুবর্গনে—বর্ণনা বিষয়ে, গৌরস্য—গ্রীটেডনা মহাপ্রভুর, কৃষ্ণ-বিজ্ঞো—প্রাকৃষ্ণ-বিষয়ে; প্রদাপ—প্রগোপ, আদি—প্রভৃতি, অনুবর্গাতে—বর্ণনা করা হচ্ছে

### चनुवाप

প্রীতৈতন্য মহাপ্রভূব অন্তঃলীলার সূত্র বর্ণনা করার সময় আমি (গ্রন্থকার) এই পরিছেনে কৃষ্ণবিরহে প্রীতৈতন্য মহাপ্রভূব প্রকাপ আদি অপ্রাকৃত ভাব বর্ণনা করাই।

#### ভাৎপর্য

এই দিতীর পরিক্রেনে সন্ত্যাস গ্রহণ করার পর প্রীটিতন্য মহাপ্রভুর কার্য-কলাপের একটি সাধারণ বর্ণনা দেওরা হরেছে। এখানে প্রীটিতন্য মহাপ্রভূবে সৌর ধণে বর্ণনা করা হয়েছে, কেন না ওাঁব অপের বর্ণ সৌর। প্রীকৃষ্ণের অনকাতি শ্যামবর্ণ, কিন্তু তিনি যথন গৌরাদী ব্রহ্মগোপিকাদের ভাবে রশ্ব হন, তথন তাঁর অন্ধকাতি গৌরবর্ণ ধারণ করে। প্রীটিতন্য মহাপ্রভূ গভীরভাবে কৃষ্ণবিত্তহ অনুভব করেছিলেন, ঠিক যেভাবে একজন প্রেমিক তার প্রেমিকার বিরহ বেদনা অনুভব করে। মধালীলার এই দ্বিতীয় পরিক্রেনে প্রীটিতনা মহাপ্রভূব শেষ দ্বাদশ বংসাধের কৃষ্ণবিরহ জনিত উন্মাদনা সংক্রেপে বর্ণিত হয়েছে

গ্ৰোক ১

হৌক ২

জয় জয় শ্রীতৈতন্য জয় নিত্যানন । জয়াছৈতচন্দ্র জয় গৌরভক্রবৃদ্ধ ॥ ২ ॥

ক্লোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূব জয়। শ্রীনিত্যানন্দ প্রভূব জয়: শ্রীকাছের চন্ত্রের জয়। গৌরতক্তবৃদ্দের জয়।

শ্লোক ৩

শেষ যে রহিল প্রভুর ছানশ বংসর। কৃষ্ণের বিয়োগ-সমূর্তি হয় নিরন্তর ॥ ৩ ॥

য়োকার্থ

শেষ দ্বাদশ বংসর খ্রীটেতন্য মহাপ্রভু নিরন্তর কৃষ্ণবিরহ জনিত ভাব প্রকাশ করেছেন।

त्सीकं 8

শ্রীরাধিকার চেষ্টা যেদ উদ্ধব-দর্শনে । এইমত দশ্য প্রভুর হয় রাজ্ঞি-দিলে ॥ ৪ ॥

য়োকার্থ

বৃশাবনে উপ্পৰ্কে দৰ্শন করে শ্রীমতী সাধামাণীর যে অবস্থা হরেছিল, শ্রীকৈতনা মহাপ্রকুর অবস্থাও দিবা-নাত্র ঠিক সেই বৃক্ষই হয়েছিল

গ্ৰোক ৫

নিরন্তর হয় প্রভুর বিরহ-উন্মাদ । অযময় চেষ্টা সদা, প্রলাপময় বাদ ॥ ৫ ॥

শ্লোকার্থ

শ্রীটেডনা মহাপ্রেম্ব নিরপ্তর কৃষ্ণবিবহ জনিত অলাক্ত উপ্সদমা প্রদর্শন করেছিলেন। আর সমস্ত কার্যকলাপ ছিল ভ্রমময় এবং তার কথাবার্তা ছিল প্রলাপময়।

শ্লোক ৬

রোমকৃপে রক্তোদ্গম, দম্ভ সব হালে ৷ ক্ষপে অহু ক্ষীণ হয়, ক্ষপে অহু কুলে ॥ ৬ ॥

শ্ৰোকাৰ্থ

সেঁই অবস্থায় কথনও কথনও তাঁর শরীরের লোমকূপে রক্তোদ্গম হত এবং আবার কথনও কথনও তাঁর দাঁতগুলি আলগা হয়ে কেত। কথনও তাঁর সমগ্র দেহটি স্থীণ হয়ে যেত এবং আবার কথনও তাঁর সমগ্র দেহটি ফুলে যেত। শ্লোক ৭ গন্তীরা ভিতরে রাবে -গহি নিদ্রা-লব ।

जिर**ल मृथ-नित्र घटर, क्**छ दह जव ॥ ९ ॥

লোকার্থ

শ্রীটেডনা মহাপ্রভু গরীরায় থাকডেন, কিন্তু তিনি এক নিমেবের জন্যও ঘুমোডেন না। সারা রাভ তিনি ফেকেভে মুখ ও মাথা ঘ্রডেন এবং তার ফলে তার সর্বাদ কভ-বিক্ষত হবে ছেড।

ভাৎপর্য

আহিনার পর দাগান, তার ডিডরে ক্ষুম্ন পৃহকে *গডীয়া* বলে।

শ্লোক ৮

তিন আরে কপাট, প্রভু যায়েন বাহিরে । কভু সিংহ্রারে পড়ে, কভু সিদ্ধুনীরে ॥ ৮ ॥

শ্ৰোকাৰ্থ

যদিও পৃত্তের তিনটি থার সর্বক্ষণ বন্ধ থাকত, তবুও শ্লীটেতন্য মহাপ্রভূ বাড়ির বাইরে বেরিরে বেতেন। কথনও অপরাধ মন্দিরের সম্মুখে সিহেছারে তাঁকে পাওয়া যেত, আবর কথনও কথনও সমূদ্রের জলে তাঁকে অচেতন অবস্থায় পাওয়া যেত

শ্লৌক ৯

চটক পর্বত দেখি' 'গোবর্ধন' ভ্রমে। খাঞা চলে আর্তনাদ করিয়া ক্রদদনে ॥ ৯ ॥

লোকার্থ

টেক পর্বতকে গোবর্ষন পর্বও মনে করে, শ্রীতৈতন্য মহাপ্রভূ আর্তন্যমপূর্বক প্রদান করতে করতে সেদিকে ভূটে যেতেন।

ভাৎপর্ব

সমুদ্রতীরে যে সমন্ত বালুর পাহাড় আছে তামের চটক পর্বন্ত বলা হয় ত্রংগুচামনির ও সমুদ্রের মধ্যে একটি বড় চটক পর্বন্ত আছে সেই স্থানটিকে দেখে অনের সময় মহাপ্রভুর গোবর্ধন পর্বত বলে মনে হত এবং তিনি শ্রীমতী রাধারাণীর ভার প্রথান করে উচ্চেংগরে ক্রন্সন করতে করতে প্রবল বেগে সেই বালুর পাহাড়েন দিকে ভুটে যেতেন। এভাবেই শ্রীচেতনা মহাপ্রভু নিরন্তর শ্রীকৃষ্ণের চিন্তার মধ্য থাকতেন। তার এই মনোভাষ ভাকে বৃদ্ধারন ও গোবর্ধন পর্বতে নিয়ে ঘেত এবং এভাবেই তিনি কৃষ্ণারিরহ-লীলাম্য ভাবে এক অপ্রাকৃত্ত আনন্দ আসাদন করতেন।

ক্ষোক ১৭ী

শ্লোক ১০

উপবনোদ্যান দেখি' বৃন্দাবন-জ্ঞান। তাহাঁ যহি' নাচে, গায়, ক্ষণে মূর্চ্ছা যান। ১০ ॥

## গ্ৰোকাৰ্থ

কখনও কখনও প্রীচৈতন্য মহাপ্রভু নগরের উপবন দর্শন করে মনে করতেন যে, সেওলি হচ্ছে বৃদাবন। তাই তিনি সেখানে গিয়ে নাচতেন, কীর্তন করতেন এবং কখনও কখনও অপ্রাকৃত আনম্বে মূর্ছিত হতেন।

(割) >>

কাহাঁ নাহি শুনি যেই ভাবের বিকার । সেই ভাব হয় প্রভুর শরীরে প্রচার ॥ ১১ ॥

শ্রোকার্থ

মহাপ্রভূর খ্রীঅঙ্গে যে সকল অস্বাভাবিক ভাবের বিকার দেখা যেত, সেই বিকার অন্য কারও শরীরে সম্ভব ছিল না।

## তাৎপর্য

ভক্তিবসামৃতসিত্ব আদি গ্রন্থে যে সমস্ত ভাবের বিকারের কথা বর্ণনা করা হয়েছে, তা প্রকৃতপক্ষে এই জড় জগতে দেখা যায় না। কিন্তু, সেই সমস্ত লক্ষণগুলি পূর্ণরূপে শ্রীচৈতন্য মহাপ্রভুর শ্রীঅঙ্গে প্রকাশিত হয়েছিল। এই সমস্ত বিকার মহাভাবের লক্ষণ। কখনও কখনও সহজিয়ারা কৃত্রিমভাবে এই সমস্ত লক্ষণগুলি প্রকাশের চেষ্টা করে, কিন্তু প্রকৃত ভক্ত তা বুঝাতে পেরে তৎক্ষণাৎ তা বর্জন করেন। গ্রন্থকার এখানে বলেছেন যে, এই সমস্ত লক্ষণগুলি শ্রীচৈতনা মহাপ্রভুর শ্রীঅঙ্গে ছাড়া আর কোথাও প্রকাশিত হয় না।

গ্ৰোক ১২

হস্তপদের সন্ধি সব বিতস্তি-প্রমাণে । সন্ধি ছাড়ি' ভিন্ন হয়ে, চর্ম রহে স্থানে ॥ ১২ ॥

হোকার্থ

তার হস্ত-পদের গ্রন্থিসমূহ কখনও কখনও প্রায় এক বিঘত (আট ইঞ্চি) দূরে দূরে সরে ষেত এবং সেগুলি চামড়ার আচ্ছাদনে কেবল দুক্ত থাকত।

শ্লোক ১৩

হস্ত, পদ, শির, সব শরীর-ভিতরে । প্রবিষ্ট হয়—কূর্মরূপ দেখিয়ে প্রভূরে ॥ ১৩ ॥ শ্লোকার্থ

কখনও কখনও ঐাচৈতন্য মহাপ্রভূর হাত, পা ও মাথা শরীরের মধ্যে কছেপের অঙ্গ-প্রত্যান্তর মতেই চুকে যেত।

শ্লৌক ১৪

এই মত অন্তত-ভাব শরীরে প্রকাশ । মনেতে শৃন্যতা, বাক্যে হাহা-হতাশ ॥ ১৪ ॥

গ্ৰোকাৰ্থ

এডাবেই শ্রীচৈতনা মহাপ্রভুর শ্রীরে ডগবং-প্রেমের সমস্ত অনুত ভাব প্রকাশ পেত। আর তাঁর মনে শ্নাতা এবং বাকা আদিতে হা-হতাশ প্রকাশ পেত।

হৌক ১৫

কাহাঁ মোর প্রাণনাথ মুরলীবদন । কাহাঁ করোঁ কাহাঁ পাঙ ব্রজেন্দ্রনদন ॥ ১৫ ॥

শ্লোকার্থ

শ্রীতৈতন্য মহাপ্রভু তার মনের ভাব ব্যক্ত করে ব্রন্দন করতে করতে বলতেন, "আমার প্রাণনাথ মুরলীবদন কোথায়? আমি এখন কি করব? কোথায় গেলে আমি ব্রজেন্দ্রনন্দনকে খুঁজে পাব?

প্লোক ১৬

কাহারে কহিব, কেবা জানে মোর দৃঃখ। ব্রজেন্দ্রনন্দন বিনু ফাটে মোর বুক ॥ ১৬ ॥

শ্লোকার্থ

"কাকে আমি আমার হৃদয়ের কথা বলব? আমার দুঃখ কে ব্যবে? *রজেন্দ্রন্*দনের বিরহে আমার বুক বৈ ফেটে খাছে।"

শ্লোক ১৭

এইমত বিলাপ করে বিহুল অস্তর । রায়ের নাটক-শ্লোক পড়ে নিরস্তর ॥ ১৭ ॥

শ্লোকার্থ

এভাবেঁই কৃষ্ণবিরহে প্রীচৈতন্য মহাপ্রভূ নিরন্তর বিলাপ করতেন। সেই সময় তিনি প্রীরামানন্দ রায়ের জগল্লাথ-বল্লভ নাটক পাঠ করতেন। কণ্ড

(制业 2)4

প্রেমচ্ছেদরুজোহবগছেতি হরিনায়ং ন চ প্রেম বা স্থানাস্থানমবৈতি নাপি মদনো জানাতি নো দুর্বলাঃ। ফান্যো বেদ ন চানাদৃঃখমখিলং নো জীবনং বাঞ্রবং দিক্রাশ্যেব দিনানি যৌবনমিদং হাহা বিধে কা গতিঃ ম ১৮ ॥

গোবিস্কার প্রায়ী হরিদাস প্রমুখ বৃন্ধাবনের সমস্ত বৈশ্ববদের আন্ত্রারূপ ধন প্রাপ্ত হয়ে, আমি কৃথলাস কৰিয়াল গোস্বামী শ্রীচৈতন্য মহাপ্রভূর লীলাবিলাস-রূপ সমুদ্র-তর্মের এক বিন্দুর এক কথা সাত্র বর্ণনা করার চেষ্টা করেছি।

दैनि—'बैटिक्स्स महाञ्चल श्रायाणम जनाभ' वर्गना करत थैटिकना-करिकाम्रहक मधानीमात विजीत भतिराहरमत छक्तिरामात जारमर्य नगास।

## তৃতীয় পরিচেছদ

# মহাপ্রভুর সন্যাস গ্রহণের পর অদ্বৈতগৃহে প্রসাদসেবন

শ্রীল ভবিধিনেদ সাধুর ইর ওমৃতপ্রবাহ ভাষো তৃতীয় পরিছেদের সংক্ষিপ্রসার নিম্নলিখিত ভাবে প্রদান করেছেন। কাটোয়ায় সন্মাস গ্রহণের পর, শ্রীটিতনা মহাপ্রভূ তিন দিন রাচুনেশে এমণ করতে করতে নিত্যানপ শ্রন্থর চাতুরীক্রমে দান্তিপুরের পশ্চিম পারে আগমন করেনে। গঙ্গাকে মনুনার প্রয়ে ভব করলে পর, মধ্যেও প্রভূ নৌকা নিয়ে মহাওভুকে মান করিয়ে নিও গৃহে নিয়ে মনে। সেখানে নক্ষীপ ধামবাসীদের সঙ্গে ও শচীমাতার সঙ্গে মহাপ্রভূব সঙ্গোহকার হয়। ভাঁদের সঙ্গে শিলনাও শচীমাতা রন্ধন আদি করলে শর্ভুদ্ধনোর ভোজনকালে নিত্যানন্দ প্রভূব সঙ্গোহকার হয়ে আছেও প্রভূব নানাবিধ কৌতৃক হয়। অপবাক্তে সমন্ত ভক্তদের সঙ্গে সংকীর্তন হতে থাকে। এভাবেই সেখানে কয়েকদিন অভিবাহিত হলে, ভক্তরা শচীমাতার সঙ্গে পরামর্শ করে মহাপ্রভূকে নীলাচলে থাকবার জনা অনুরোধ করেন। মহাপ্রভূ তা অস্বীকার করে নিত্যানন্দ, মুকুন্দ, জাগদানন্দ ও দামোদরকে সঙ্গে নিয়ে শান্তিপুরের ভক্তদের ও শচীমাতাকে বিনাম জানিয়ে গুরভোগ-পথে শ্রীপুর্ববাহ্য স্বান্ধা করেন।

শ্লোক ১
ন্যাসং বিধারোৎপ্রণয়োহথ গৌরো
কৃষাবনং গল্পমনা স্কমাদ্ যঃ।
রাচ্চে শ্রমন্ শান্তিপুরীময়িত্বা
কলাস ভক্তৈরিহ তং নতোহশ্লিয়ে। ১ ॥

নাসন্—স্য়াস-আপ্রব: বিষয়ে—বিধিপূর্বক গ্রহণ করে; উৎপ্রবন্ধঃ—প্রণাড় কৃষ্যপ্রেমের উদ্বাম, ক্ষা—এভাবে, গৌরঃ—প্রীচেডনা মহাপ্রভু, বৃদ্দারমম্—কৃষ্যাবেন, কাষ্ক-মনাঃ— থাজেন বলে মনে করে, ভ্রমাৎ—আপাডগৃতিতে প্রমপূর্বক; ষঃ—থিনি, রাতে—রাড়দেশে, প্রমন্—ক্বিন্ধ করতে করতে, শান্তিপূরীম্—শান্তিপূরে, জান্তবা—গিয়ে; ললাস—উপভোগ করেছিলেন, ভটক্তঃ—ভক্তদের সঙ্গে, ইছ—এখানে, ভ্রম্—ডাবেণ, নভঃ অশ্যি—আমি জামার সঞ্জা প্রণতি নিকেন করি।

#### ञन्याम

সম্মাস গ্রহণ করার পর, ঐতিভন্য মহাপ্রভূ গভীর কৃষ্ণানুরাগ-বশত বৃন্ধারনে যেতে চেয়েছিলেন, কিন্তু আপাতদৃষ্টিতে ব্যবশত তিনি রাদ্দেশে ব্যবদ করতে থাকেন। তারপর যিনি শান্তিপুরে পৌছে তার ভক্তদের সঙ্গ উপভোগ করেন, মেই শ্রীগৌরচন্দ্রকে আমি আমার সম্রদ্ধ প্রশতি নিবেদন করি।

CSF9 61

### শ্ৰোক ২

১৩২

জন জন্ম শ্রীচৈতনা জন্ন নিত্যালন্দ । জন্মাদৈতচন্দ্র জন্ম গৌরভক্তবৃন্দ ॥ ২ ॥

#### শ্লোকার্য

শ্রীটেডনা মহাপ্রভূব জয়। গ্রীনিত্যানন্দ প্রভূব জয়। শ্রীজনৈত প্রভূব জয়। এবং গ্রীবাসাদি শ্রীটেডনা মহাপ্রভূব সমস্ত ককেবৃন্দের জয়।

#### শ্ৰোক ৩

চবিশ বংসর-শেষ গেই মাঘ-মাস । তার শুক্রপক্ষে প্রভু করিলা সন্ধাস ॥ ৩ ॥

#### হোকার্থ

চৰিশ বংসর বরসের শেবে যে মাঘ মাস, তার শুক্লপক্ষে ঐটেডতন্য মহাপ্রভু সন্মাস গ্রহণ করেছিলেন।

#### গোক ৪

সন্যাস করি' প্রেমাবেশে চলিলা কুদাবন । রাত-দেশে তিন দিন করিলা শ্রমণ ৪ ৪ ॥

#### <u>ক্লোকাৰ্থ</u>

সর্যাস এইণ করার পর, গভীর কৃষ্ণপ্রেমে আবিষ্ট হরে প্রীচৈতন্য মহাপ্রস্কু বৃশাবনের দিকে যাত্রা করেন, কিন্তু আপাতদৃষ্টিতে প্রমবশত তিনি উপাত্তের মতো তিম দিন রাতদেশে প্রমণ করেন।

#### ভাৎপর্য

রাতৃ-দেশ শাপটি আসাছে 'বাষ্ট্র' কথাটি থেকে। রাতৃ শক্ষটি রাষ্ট্রের প্রপঞ্জণ। গাসরে পশ্চিম পারে গৌড়ভূমিকে রাতৃ-দেশ বলা হয়। তার তার এক নাম 'পৌড়ুদেশ'। পৌড়ু শাশের অপঞ্জপ 'পেড়ো'। সেখানে রাষ্ট্রদেশের রাজধানী ছিল।

#### स्थाक ए

এই প্লোক পড়ি' প্রভূ ভাবের আবেশে । ভ্রমিতে পবিত্র কৈল সব রাঢ়-দেশে ॥ ৫ ॥

#### লোকার্থ

নিম্নলিখিত শ্লোকটি উচ্চারণ করতে করতে ভারবিষ্ট অবস্থায় রাচ্চদেশে শুমণ করে, শ্রীটেতনা সহাপ্রভূ সেই দেশকে পৰিত্র করেছিলেন। শ্লোক ৬

এতাং স আস্থান পরাত্মনিষ্ঠামধ্যাসিতাং পূর্বতমৈর্মইন্ডিঃ ।
ভাহং তরিষ্যামি দূরন্তপারং
ভামো মুকুন্দান্ত্মিনিষেবরৈর ॥ ৬ ॥

ক্তাম্—এই; সঃ—এফা, আস্থায়—গুবলম্ব করে; পর-আত্মিষ্ঠাম্—পরম পুরুষ শ্রীকৃষ্ণে ভক্তি, অধ্যাসিত্তাম্—উপাসিত, পূর্বজয়ঃ—পূর্বজন; মহন্তিঃ—আচার্য, অহম্—আমি; তরিয়ামি—পরে ২৭; মুরস্ত পারম্—পূত্তর; জমঃ—অজ্ঞান অধ্যকরে; মুকুন্দ-অব্ধি—গুকুন্দের শ্রীপাদপক্ষেত্র; নিমেরয়া—সেবার হারা; এব—ক্ষবশাই।

#### অনুবাদ

"[অবস্তীদেশীর ব্রাহ্মণ বললেন—] 'প্রাচীন মহাজনদের উপাসিত এই পরাধানিষ্ঠারূপ সম্লাস-আশ্রম অবসম্বন করে, স্ক্রীকৃত্যের পাদপরের দেবা করে, আমি এই দুস্তর সংসাররূপ অন্তান-অম্বনার অভিক্রম করব।' "

#### ভাৎপর্য

শ্রীমন্তাগবতের (১১/২৩/৫৭) এই শ্লোকটি সদ্বন্ধে শ্রীল গুড়িসিলাত সংস্কৃতী ঠাকুর বলেছেন যে, ভগবঙ্কতি অনুশীপনের চৌষট্রিটি অন্দের মধ্যে সয়াস-আশ্রম অবলম্বন একটি। থানা এই সমাস-আশ্রম গ্রহণ করেন, উাদেরট মুকুশের সেবার ফলে সংসার থেকে উদ্বার হয়। কেউ যদি উার কায়া, মন ও থাকা সর্বভোজারে ভগবানের সেবার নিযুক্ত না করেন, ভা হলে ভিনি শ্রকৃতপক্ষে সয়াসী নন এটি কেবল পোশাক পরিবর্তন নয়। ভগবদগীতার (৬/১) বলা হয়েছে, অনাশ্রিতঃ কর্মফলং কার্যাৎ কর্ম করেনিত যা / স সম্বাদী ৮ খোগী ৮—"যিনি ভক্তি সহকারে শ্রীকৃষ্ণের সম্বাদী বিধানের জন্য কর্ম করেনিত হালে, ভিনিই হছেন সম্বাদী।" পোলাকে নয়, কৃষ্ণেসেবার ঐকান্তিক ভাবটি হছে সম্বাদ

পরাত্বানিষ্ঠা মানে হচ্ছে ত্রীকৃত্যের ভক্ত হওয়া প্রাত্থা হচ্ছেন পরমেনর ভগবান প্রীকৃষা। ইন্দরে পরমঃ কৃষ্ণ সচিদানদবিহার। বারা সেবার মাধ্যমে প্রীকৃষের পাদপথে সর্বতাভাবে আর্মমর্পন করেছেন, তারাই হচ্ছেন প্রকৃত সন্ন্যাসী। প্রচলিও বীতি অনুসারে ভক্তরা পূর্বতন জাচার্যদের পধান্ধ অনুসারণ করে সন্ন্যাসবেশ প্রহণ করেন। তিনি ত্রিদণ্ডও প্রহণ করেন। পরে বিশ্ববদ্ধী কলিবুদে ব্রিদণ্ড সন্মাসীর বেশকে প্রাথমিন্ধী বলে ক্রাপন করে মৃকুন্দসেবায় নিষ্ঠা প্রবর্তন করেন, তাই, ঐকান্তিক ভক্তিনিষ্ঠ বাজিরা সেই ব্রিদণ্ডের সঙ্গে চতুর্থ 'জীবনন্ত' ও সংযোগ করেছেন। বৈষ্ণার সন্মাসীরাণ ব্রিদণ্ডি সন্মাসী নামে পরিচিত। মান্তারশী সন্মাসীরা ক্রিন্তের ভাহশর্থ না বুঝে একদণ্ড গ্রহণ করেন এই সম্প্রদায়ভুক্ত শিবসামীরা প্রবর্তীকালে নির্বিশেষ ব্রন্থজান উদ্দেশ করে শঙ্করাচার্যের ক্রন্থভ-স্প্রান্তার প্রদর্শ স্থাপন করে সেবা-সেবকভাব বা মৃকুন্দসেবা ছেড়ে দিয়েছেন। বিশ্ববাদী সম্প্রদায় প্রবর্তিত অক্টোন্তরশতনামের সন্মাসীদের পরিবর্তে দশনামীর ব্যবস্থাই

(दार्क हो

258

কেশল হৈ গোদীদের মধ্যে শিস্তাশ লাভ করেছে। ইনিচতনা মহাপ্রকু যদিও তৎকালীন প্রণানুসারে একদণ্ড সন্ত্রাদে গ্রহণ করেছিলেন তবুও সেই একদণ্ডেল অভ্যন্তরে দত্ত-চতুইর একীভূতই ছিল তা প্রচার করার জন্য তিনি জীমন্ত্রাগাতে বলিত অবস্থাপুরে ত্রিনিভ্না মহাপ্রভু অনুমোলন করেনি ত্রিদিছেলা। প্রাথানিষ্ঠার অভাবে যে একদণ্ড, তা ইনিচ্ছলা মহাপ্রভু অনুমোলন করেনি ত্রিদিছেলা তিনটি দণ্ডের সঙ্গে জীবনতের সংযোগে ইন্ধান্তির ভতির বিধান করে থাকেন অপ্রাকৃত ভাতিবিহীন একদণ্ডিরা নিনিশে। মতাবান্থী হওয়ায় তারা প্রাথানিষ্ঠা-বিমুখ, সূতরাং রক্ষান্তরের প্রকৃতিতে লীন হয়ে নিবিশিন্ত হওয়াকেই মুক্তি বলে মনে করেন। মায়াবাদীরা প্রীচিতন্য মহাপ্রভুকে ক্রিনিউ সন্ত্রাসী বলে অবগত না হওয়ায় তাদের বাহাজানে বিবর্ত উপস্থিত হয়। ত্রীসন্তান্তরে একদণ্ডি-সন্ত্রাসীর কোন কথাই বলা হয়েছি বিশ্বত ধারণকৈ সন্ত্রাস-আশ্রমের একমান্ত বেশ বলে করান করা হয়েছে। প্রীচিতন্ত মহাপ্রভু জীমন্ত্রাগাবতের সেই বাণীকেই বছ মানন করেছে। ভগবানের বহিন্দ্রা শক্তির ধারা বিপ্রান্ত মায়াবাদীরা তা ধুকতে প্রক্রে না।

আজও শ্রীটোতনা মহাপ্রভুর অনুগও ভাতরা তাঁর পদায় অনুসকা করে শিখা সূত্রযুক্ত সর্বাস আশ্রম অবলম্বন করেন একদন্তি মারাবাদী সন্ধানীরা শিখা-সূত্র বর্থন করেন। তাই তাঁয়া ব্রিদন্ত-সার্বাসের তাৎপর্য পুরুতে পারেন না এবং মৃকুল-সেবার তাঁদের প্রবৃত্তি নেই জড় জার্যতের প্রতি বিভূষণ হয়ে তাঁরা কেবল প্রথম লীন হয়ে যেতে চান। দৈব বর্ণাশ্রম প্রবর্গনকারী আচার্যের আসুর বর্ণাশ্রমের বোধ, চিন্তা আদি কিছুই গ্রহণ করেন না। জন্ম অনুসারে বর্ণ বিভাগের নাম আসুর-বর্ণাশ্রম।

শ্রীটেডনা মহাশ্রভ্র অভান্ত অন্তর্ম ওক শ্রীল গদাধর পণ্ডিত গোরামী প্রকৃ প্রমং ক্রিপ্ড-সামানের বিচার প্রহণ করেছেন এবং মাধর উপ্যান্তরে ক্রিপ্ডিশিবা বলে প্রহণ করেছেন এই মাধবাচার্য থেকে পশ্চিমদেশে শ্রীবাদভাচার্য সম্প্রদায়ের উৎপত্তি হয়েছে। গৌড়ীয় বৈক্ষর সম্প্রদায়ে স্মৃত্যাচার্য নামে পরিচিত শ্রীল গোপাল ভট্ট গোরামী পরবর্তীকালে ক্রিপ্ডিপান প্রবোধানন্দ সরবর্তীর কছে থেকে বিদ্যুত সামাস প্রহণ করেছিলেন। যদিও গৌড়ীয় বৈক্ষর সাহিত্যে ক্রিপ্ড সম্প্রান গ্রহণের কথা স্পর্টভাবে উল্লেখ করা হয়নি, তব্ত শ্রীল রূপ গোস্থামী উপদেশাসূত গ্রন্থের প্রথম লোকে ছয় বেশ দমন করে ক্রিপ্ড সম্বাস্থ গ্রহণের নির্দেশ দিয়েছেন—

> वाटा दिगः घनमः क्रायद्वगः क्रिज्ञादगभूमद्वाशश्रुदगभ् । क्राञ्चम् दिगाम् या विश्वदश्ञ गीनः मर्वाभनीभारं भृषिवीरं म सिशारः ॥

"যিনি বাচোরেগ, মনোরেগ, ক্রোধরেগ, ক্রিয়ুকো, উল্লবেগ ও উপস্থকো নিয়ন্ত্রদ করেছেন, তিনি গোস্বামী এবং তিনি সারা পৃথিবীদক শিষ্যত্বে বরণ করতে পারেন।" শ্রীচেতন্য মহাপ্রভূব অনুগামীরা কথনও মায়াবাদ সল্লাস গ্রহণ করেননি এবং সেই ক্রনা ক্রাদের দোষ দেওয়া যায় না শ্রীচৈতন্য মহাগ্রন্ত শ্রীধর স্বামীকে স্থীকার করেছিলেন, সিনি ভিলেন ব্রিদক্তি সন্তাপী বিশ্ব শ্রীধর শ্বামীকে না জেনে, মায়াবাদী সান্তাসীরা কখনও কখনও মনে করেন যে, শ্রীধর শ্বামী ছিলেন মায়াবাদী একদন্তি-সন্তাসী কিন্তু পক্তপক্ষে তা মত্য নয়।

ক্লোক ৭

প্রভূ কহে,—সাধু এই ডিস্কুর বচন। মুকুন্দ সেবনত্রত কৈল নির্ধারণ॥ ৭ ॥

ল্লোকার্থ

প্রতিকন্য নহাপ্রত্ব কললেন—এই ভিক্তভেদ্ধ বাদী অনুসারে মুকুন্দসেবাই হচ্ছে শরম রত। এভাবেই তিনি এই প্রোক্টির স্থীকৃতি দান করেছিলেন।

> শ্লোক ৮ প্রাস্থনিষ্ঠা-মাত্র বেষ-ধারণ । মুকুন্দ-সেবায় হয় সংসার-ভারণ ॥ ৮ ॥

> > त्याकार्थ

সন্ন্যাস-আশ্রম অবলগ্ধন করার প্রকৃত উদ্দেশ্য ছচ্ছে মৃকুদ্দসেবায় আত্মনিবেদন করা মুকুদ্দসেবার কলে অভ অগতের বন্ধন থেকে মৃক্ত হওয়া ঘায়।

ভাংপর্য

এই সূত্রে ত্রীল ভাতিবিলোল ঠাবুর বলেছেন যে সম্যাসবেশ গ্রহণ-পূর্বক মধ্যপ্ত বলেছেন—
এই ভিক্লা-বচনটি সাধু, নেন না এতে ত্রীকৃষের পালপন্ধ সেবালাপ গ্রন্ত নির্মানিত ছায়েছে।
এতে সে স্যায়সবেশ আছে, লড়ায়নিতা নিষেপ্রবাধ পরাহানিতাই এর তাৎপর্য হয়েছে।
সংগ্রাসবেশ প্রকৃতপ্রে ধর্মীয় আচারনিতার অনুকৃষ্ণে একটি আকর্ষণ-শ্বরূপ। চ্রীচিতনা
নহাপ্রকৃত্র প্রকার আচার-অচন্তবণ পছল করতেন না, কিছু ভিনি মুকুল-সেবাকেই এর
ভাগের্থ বলৈ উল্লেখ করেছেন যে-কোন অবস্থায় দৃচ সংক্ষাই হৈছে পরাহানিতা সেটিই
প্রয়োজন। সিভাগ্র হছে যে, পোশাকের পরিপ্রেক্তিতে সন্নাস্ন-আশ্রেম নির্ভর করে না,
তা নির্ভর করে মুকুল্যসবার প্রতি প্রচ সংক্ষার গ্রন্থ

(इंग्रेक व्र

সেই বেষ কৈল, এবে বৃন্দাবন গিয়া । কৃষ্ণনিষেবণ করি নিড়তে বসিয়া ॥ ৯ ॥

গ্ৰোকাৰ্থ

সন্মাস-আপ্রয়ের বেশ গ্রহণ করার পর, ঐটচেতন্য মহাপ্রভু মনস্থ করেছিলেন যে, কুদাবনে গিয়ে নিকৃত স্থানে সর্বতোভাবে কৃষ্ণসেবায় আফ্রনিয়োগ কর্মবেন

ाईक स्था

(到1年 20

এড বলি' চলে প্রভু, প্রেমোন্মাদের চিহ্ন । দিক্ বিদিক্ জ্ঞান নাহি, কিবা রাত্রি-দিন ॥ ১০ ॥

রোকার্থ

শ্রীতিতনা মহাপ্রাভূ যখন বৃন্দাবনের পথে চলেছিলেন, তথন ভার শ্রীআঞ্চে সমস্ত প্রেযোগ্যাদনার চিহ্ন প্রকাশ পাজিল এবং তথন ভার দিক-বিদিক জ্ঞান ছিল না, দিন-রাজির জ্ঞান ছিল দা।

(副4 22

নিত্যানন্দ, আচার্যরত্ত্ব, মুকুন্দ,—তিন জন । প্রভূ-পাছে-পাছে ভিনে করেন গমন ॥ ১১ ॥

লোকার্থ

গ্রীতৈতন্য মহাপ্রভূ যখন বৃদ্ধাবনের দিকে যাচ্ছিলেন, তখন নিত্যানন্দ প্রভূ, চক্রশেবর আচার্য ও মুকুন্দ, এই ভিনক্তন তাঁর অনুযামী হয়েছিলেন।

শ্লোক ১২

যেই থেই প্রজু দেখে, সেই সেই লোক। প্রেমাবেশে 'হরি' বলে, খণ্ডে দুঃখ-শেক ॥ ১২ ॥

त्याकार्थ

শ্রীটেডনা মহাপ্রতু যথম রাচ্চেশ দিয়ে যাছিলেন, তথ্ন যিনি তার প্রেথাক্ত অবস্থা দর্শন করছিলেন, তিনিই 'হরি' হরি' বলছিলেন। এভাবেই হরিনাম কীর্তন করার ফলে তাদের সমস্ত দুঃখ-শোক দূর হয়ে গিয়েছিল।

গোক ১৩

গোপ-বালক সৰ প্ৰভূকে দেখিয়া । 'হরি' 'হরি' বলি' ডাকে উচ্চ করিয়া ॥ ১৩ ॥

ধোকার্থ

শ্রীতৈতন্য মহাপ্রভৃত্তে দেখে গোপ-বালকেরা উত্তৈঃখনে 'হরি' 'ইরি' ধ্বনি দিছিল।

**রোক ১৪** 

গুনি' তা-সবার নিকট গোলা গৌরহরি। 'বল' বল' বলে সবারে শিরে হস্ত ধরি'॥ ১৪ ॥

লোকার্থ

গোপ-বালকদের মূখে 'হরি' 'হরি' শ্বনি তলে প্রীচৈতন্য মহাপ্রভু অভ্যন্ত প্রীভ হয়েছিলেন। ভালের কাছে গিয়ে, ভালের মাধায় হাত দিয়ে তিনি বলেছিলেন, 'বল' 'বল'। জৌক ১৫

ভা'-সবার স্তুতি করে,—তোমরা ভাগ্যবান্। কৃতার্থ করিলে মোরে ওনাঞা হরিনাম ॥ ১৫ ॥

শ্লোকার্থ

প্রীটেডনা স্বহাপ্রকু তাদের সকলের স্থাতি করে বলেছিলেন, "ভোমরা ভাগ্যবান তোমরা হরিনাম তনিয়ে আমাকে কৃতার্থ করণে।"

শ্লোক ১৬

ওপ্তে ভা-সবাকে জানি' ঠাকুর নিত্যানক । শিখাইল সবাকারে করিয়া প্রবন্ধ য় ১৬ ॥

লোকার্থ

গোপনে সেই সমস্ত গোপ-বালকদের তেকে এনে এবং প্রবন্ধ বলে, নিত্যানন্দ প্রভু তাদের লেখালেন—

য়োক ১৭

বৃন্দাবনপথ প্রভু পুছেন তোমারে। রঙ্গাভীর-পথ তবে দেখাইহ তাঁরে ॥ ১৭ ॥

লোকার্থ

"প্রীচৈতনা মহাপ্রকৃ যথম ভোষাদের কৃষ্ণাবলের পথের কথা জিগ্রাস। করবেন, তখন কাকে ভোমবা গলার জীবের পথটি দেখিয়ে দিও।"

শ্ৰোক ১৮-১৯

তবে প্রভূ পৃছিলেন,—'শুন, শিশুগণ।
কহু দেখি, কোন পথে যাব বৃদাবন' ॥ ১৮ ॥
শিশু সব গদাতীরপথ দেখাইল।
সৌই পথে আবেশে প্রভূ গমন করিল॥ ১৯ ॥

হোকার্থ

শ্রীতৈতন্য মহাপ্রভূ যখন গোপবালকদের জিল্লাসা করলেন "শুন, শিশুগণ! বদা দেখি কোন্ গথে আমি কুদাবনে যাব?" ডখন শিশুরা সকলে তাঁকে গলাতীরের পথ দেখিয়ে দিন। প্রেমাবিষ্ট হয়ে মহাপ্রভূ সেই পথে গমন করলেন।

শ্লোক ২০

আচার্যরত্নেরে কহে নিত্যানন্দ-গোসাঞি ৷ শীঘ্র যাহ ভূমি অধ্যৈত-আচার্যের ঠাঞি ॥ ২০ ॥

লোক ২৮]

203

<u>হোকার্থ</u>

মহাপ্রভু যখন গজাতীরপথে চললেন, তখন শ্রীনিত্যানন প্রভু আচার্যরহকে (চন্দ্রশেখর আচার্যকে) বললেন, "ভূমি একুণি অধৈত আচার্য প্রভুর বৃহে হাও।"

(別本 52

প্রভূ লয়ে যাব আমি তাঁহার মন্দিরে। সাবধানে রহেন ফেন নৌকা লঞা তীরে ॥ ২১ ॥

শ্লোকার্থ

শ্রীনিত্যানত প্রভু তাঁকে বললেন, "আমি শ্রীটেডন্য মহাপ্রভূকে গলান্তীরের গণ্ডে শান্তিপুরে নিয়ে যাব এবং অধৈত আচার্য প্রভূ যেন সেগানে নৌকা নিয়ে সাংখ্যমে অপেক। করেন।"

> শ্লোক ২২ তবে নবন্ধীপে ডুমি করিছ গমন ৷ শচী-সহ লঞা আইস সব ডক্তগণ ॥ ২২ ॥

> > যোকার্থ

"ভারপর তুমি নবর্তীপে গিয়ে শচীমাতা এবং অন্যান্য সমস্ত্র ছক্তপের মিয়ে। কিরে এস।"

्योक ३७

তারে পাঠাইরা নিত্যানন্দ মহাশর । মহাপ্রভুর আগে আসি' দিল পরিচয় র ২৩ ছ

শ্লোকার্থ

জাতার্যরত্বকে অধৈত আচার্য প্রভুর গৃহে পাঠিমে, শ্রীনিজ্ঞানন্দ প্রভু শ্রীটেডন্য মহাপ্রভুর কাছে পিয়ে তার আগমন বার্ডা জান্তানেন।

হোক ২৪

প্রভূ কহে,—শ্রীপাদ, তোমার কোথাকে গমন ৷ শ্রীপাদ কহে, তোমার সঙ্গে ঘাব বৃদ্দাবন য় ২৪ ॥

গ্ৰোকাৰ্থ

শ্রীটেডনা মহাপ্রভূ তথন প্রেমানিষ্ট ছিলেন এবং তিনি জিল্লাস্য় করলেন যে, নিত্যানন্দ প্রভূ কোণায় যাচেছ্ন তথন নিত্যানন্দ প্রভূ উত্তর দিলেন যে, তিনি তাঁর মঙ্গে কৃন্যবনে যাবেন।

শ্লোক ২৫

প্রভূ কহে,—কড দূরে আছে বৃন্দাবন। ভেঁহো কহেন,—কর এই যমুনা দরশন ॥ ২৫ ॥ ভোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূ নিত্যানশ প্রভূকে জিল্লাস্য করলেন "বৃদ্ধাবন আর কত দ্রো?" নিত্যানশ প্রভূ উত্তর দিলেন—"এই দেখ। এই ছো মমুনা নদী।"

ল্লোক ২৬

এত বলি' আনিল তাঁরে গঙ্গা সরিধানে। আবেশে প্রভুর হৈল গলারে মমুনা-জ্ঞানে ॥ ২৬ ॥

প্ৰোকাৰ্থ

এই বলে, নিত্যানত প্রশু প্রীচৈতন্য মহাপ্রভূকে গভার সন্নিকটে নিমে এলেন এবং মহাপ্রভূ ভারানিষ্ট অবস্থান সামানীয়েক অনুনা বলে মধ্যে করলেন।

ঞোক ২৭

অহো ভাগ্য, বমুনারে পাইলু দরশন। এত বলি' মমুনার করেন ভবন ॥ ২৭ ॥

োকার্থ

শ্রীতৈতন্য মধ্যপ্রতু বললেন, "জাহা, আমার কি সৌভাগ্য! আমি ঘসুনার দর্শন পেলাম।" এভাবেই গলাবে খমুনা মনে করে, শ্রীতৈতন্য মহাপ্রতু যমুনার তব করতে লাগলেন।

প্লোক ২৮

চিদানন্দভানোঃ সঙ্গা নন্দস্নোঃ পরপ্রেমপাত্রী দ্রবরন্দগাত্রী । অঘানাং সধিত্রী জগৎক্ষেমধাত্রী পবিত্রীক্রিয়ারো বপুর্মিত্রপূরী । ২৮ ॥

চিৎস্থানন ভানোঃ—চিৎ-শক্তি ও আনগের মূর্ত প্রকাশ, সদা—সর্বদা, নক্ষ-সূনোঃ—লপ মহারাজের প্রেব, পদা-শ্রেম-পাঞ্জী—পরম প্রীতি গোত্রী, দ্রব-ব্রক্ষ গাত্রী—চিৎ সন্দিল স্থরুলা, হাঘানাম্—সমস্ত পাপ ও অপরাধের, লবিত্রী—বিনাশন রিণী, অপৎ-ক্ষেম-ধাত্রী—বিনাশন রিণী, অপৎ-ক্ষেম-ধাত্রী—বিনাশন রিণী, অপং-ক্ষেম-ধাত্রী—বিনাশন রিণী, অপর্বাধিন, ক্ষেম-শ্রামাদের, বপুঃ—ক্ষিত্র, মিত্র-পুঞ্জী—হো সূর্যক্ষরা।

অনুবাদ

"হে হমুনা। তুমি চিলানকের মূর্ত প্রকাশ। তুমি নন্দ মহারাজের পুত্রের প্রতি প্রেম প্রদান কর। তুমি চিৎ-প্রমিল স্বরূপা, কেল না তুমি সমস্ত পাপ ও অপরাধ বিনাশ কর। তুমি ভারতের সমস্ত সঙ্গল প্রদায়িনী। হে সূর্যকন্যা, কৃপা করে তুমি আমাদের পরিত্র কর।"

শ্লোক ৩৭ী

### তাৎপর্য

এই শ্লোকটি শ্রীকবিকর্ণপুরের *শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকে* (৫/১৩) লিপিবশ্ধ হয়েছে।

### শ্লোক ২৯

এত বলি' নমশ্বরি' কৈল গঙ্গাস্থান । এক কৌপীন, নাহি দ্বিতীয় পরিধান ॥ ২৯ ॥

### শ্লোকার্থ

এই মন্ত্র উচ্চারণপূর্বক শ্রীটেতন্য মহাপ্রস্থ প্রণতি নিবেদন করে গঙ্গামান করলেন। তখন তার কেবল একটি মাত্র কৌপীন ছিল, আর দ্বিতীয় কোন পরিধেয় বস্ত্র ছিল না।

### প্লোক ৩০

হেন কালে আচার্য-গোসাঞি নৌকাতে চড়িঞা। অহিল নৃতন কৌপীন-বহির্বাস লঞা। ৩০॥

### <u>হোকার্থ</u>

সেই সময় শ্রীঅত্থৈত আচার্য প্রভু নতুন কৌপীন ও বহির্বাস নিয়ে, নৌকায় করে সেখানে এলেন।

### শ্লোক ৩১

আগে আচার্য আসি' রহিলা নমস্কার করি'। আচার্য দেখি' বলে প্রভূ মনে সংশয় করি'॥ ৩১ ॥

### শ্লোকার্থ

. শ্রীঅবৈত আচার্য প্রভূ ষথন সেখানে এসে উপস্থিত হলেন এবং শ্রীচৈতন্য মহাপ্রভূর সামনে দাঁড়িয়ে তাঁকে নমশ্বার করলেন, তথন অবৈত আচার্য প্রভূকে দেখে শ্রীচৈতন্য মহাপ্রভূর মনে কিছু সংশয় হল।

### শ্লোক ৩২

তুমি ত' আচার্য-গোসাঞি, এথা কেনে আইলা । আমি বৃন্দাবনে, তুমি কেমতে জানিলা ॥ ৩২ ॥

### য়োকার্থ

প্রেমাবিস্ট অবস্থায় শ্রীচৈতন্য মহাপ্রভূ অছৈত আচার্য প্রভূকে জিল্তাসা করলেন, "ভূমি এখানে কেন এলে? ভূমি কিভাবে জানলে যে, আমি বৃন্দাবনে এসেছি?"

### শ্লোক ৩৩

আচার্য কহে,—তুমি ঘাহাঁ, সেই বৃন্দাবন । মোর ভাগ্যে গঙ্গাতীরে ভোমার আগমন ॥ ৩৩ ॥

### হোকার্থ

অদৈত আচার্য প্রভূ তখন বললেন, "যেখানে তুমি, সেখানেই তো বৃন্দাবন! আমার এটি পরম সৌভাপ্য যে, তুমি এই গঙ্গাতীরে এসেছ।"

### শ্লোক ৩৪

প্রভূ কহে,—নিত্যানন্দ আমারে বঞ্চিলা। গঙ্গাকে আনিয়া মোরে যমুনা কহিলা ॥ ৩৪ ॥

### হোকার্থ

শ্রীটেতন্য মহাপ্রভু তখন বললেন, "নিত্যানন্দ আমাকে বঞ্চনা করেছে। সে আমাকে গঙ্গার তীরে নিয়ে এসে—বলেছে যে সেটি যমুনা।"

### শ্লোক ৩৫

আচার্য কহে, মিথ্যা নহে শ্রীপাদ-বচন ৷ যমুনাতে স্নান তুমি করিলা এখন ॥ ৩৫ ॥

### শ্লোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূকে এভাবে নিত্যানন্দ প্রভূর সম্বন্ধে অভিযোগ করতে শুনে, শ্রীল অকৈত আচার্য প্রভূ বললেন, "নিত্যানন্দ প্রভূ ভোমাকে যা বলেছেন তা মিথ্যা নয়। বস্তুতই ভূমি এখন যমুনায় স্নান করলে।"

### শ্লোক ৩৬

গঙ্গায় যমুনা বহে হএগ একধার । পশ্চিমে যমুনা বহে, পূর্বে গঙ্গাধার ॥ ৩৬ ॥

### শ্লোকার্থ

আদ্বৈত আচার্য প্রস্তু তথন তাঁর কাছে বিশ্লেষণ করলেন যে, সেই স্থানে গঙ্গা ও যমুনার উভয় ধারাই প্রবাহিত হচ্ছে। পশ্চিমে যমুনা বইছে আর পূর্বদিকে গঙ্গা।

### তাৎপর্য

এলাহাবাদে (গ্রথারো) গঙ্গা ও যমুনার সঙ্গম হয়েছে। পশ্চিম দিক থেকে যমুনা এবং পূর্বদিক থেকে গঙ্গা এসে মিলিত হয়েছে। শ্রীচৈতন্য মহাপ্রভু যেহেতু পশ্চিম পাড়ে প্লান করেছিলেন, ডাই তিনি প্রকৃতপক্ষে যমুনাতেই স্থান করেছিলেন।

### শ্লোক তণ

পশ্চিমধারে যমুনা বহে, তাহাঁ কৈলে স্নান। আর্দ্র কৌপীন ছাড়ি' শুষ্ক কর পরিধান। ৩৭ ॥ [মধ্য ৩

### শ্রোকার্থ

অধৈত আচার্য প্রভূ তখন জ্রীতৈতনা মহাপ্রভূকে বললেন, "তুমি পশ্চিমধারে ধমুনায় স্নান করেছ এবং তার ফলে তোমার কৌপীন ভিজে গেছে। এখন এই ভিজা কৌপীন ছেভ়ে শুদ্ধ কৌপীন পরিধান কর।"

### শ্লোক ৩৮

প্রেমাবেশে তিন দিন আছ্ উপবাস ৷ আজি মোর যরে ভিক্ষা, চল মোর বাস ৷৷ ৩৮ ৷৷

### শ্লোকার্থ

অধৈত আচার্য প্রভু বললেন, "কৃষ্ণপ্রেমের আবেশে ভূমি গত তিন দিন ধরে উপবাসী। এখন আমার ঘরে চল এবং দয়া করে সেখানে ভিক্লা গ্রহণ কর।

### শ্লোক ৩৯

একমৃষ্টি অর মুঞি করিয়াছোঁ পাক। শুখারুখা ব্যঞ্জন কৈলুঁ, সূপ আর শাক॥ ৩৯॥

### শ্লোকার্থ

"আমার গৃহে আমি এক মুঠো অন্ন রান্না করেছি, আর অতি সাধারণ কিছু ব্যঞ্জন, সূপ আর শাক রান্না করেছি।"

### শ্লোক ৪০

এত বলি, নৌকায় চড়াঞা নিল নিজ-ঘর । পাদপ্রকালন কৈল আনন্দ-অন্তর ॥ ৪০ ॥

### শ্লোকার্থ

এই বলে, শ্রীঅধৈত আচার্য প্রভু শ্রীচৈতন্য মহাপ্রভুকে নৌকায় করে তারে বাড়িতে নিয়ে গেলেন। সেখানে তিনি শ্রীচৈতন্য মহাপ্রভুর পাদপ্রকালন করে অন্তরে খুবই আনন্দিত হলেন।

### শ্লৌক ৪১

প্রথমে পাক করিয়াছেন আচার্যাণী। বিষ্ণু-সমর্পণ কৈল আচার্য আপনি ॥ ৪১ ॥

### শ্লোকার্থ

অধৈত আচার্য প্রভূর স্ত্রী সব কিছু রায়া করেছিলেন এবং আদ্বৈত আচার্য প্রভূ স্বয়ং সে সমস্ত ভোগ শ্রীবিকুকে নিবেদন করলেন।

### ভাৎপর্য

এটিই ২০৯ অদেশ গৃহস্থের জীবন। পতি পবিশ্রম করে ভগবানের পূজার জন্য সমস্ত সামগ্রী সংগ্রহ করেন এবং পত্নী ভগবান শ্রীবিশুহকে নিরেশন কবার জন্য বিবিধ ভোগ রম্বন করেন। তারপর পতি তা ভগবানকে নিবেদন করেন। তারপর আরতি অনুষ্ঠান হয় এবং অতিথি ও পবিবারের সমস্ত সদস্যদের মধ্যে সেই প্রসাদ বিতবণ করা হয়। বৈদিক প্রথা অনুসারে গৃহস্থের গৃহে অন্তত একজন অতিথি অবশ্যই থাকে। আমার শৈশবে আমি দেখেছি যে, আমার পিতৃদেব প্রতিদিন অন্তত চার জন অতিথি সংকার করতেন, যদিও তার আয় খব একটা বেশি ছিল না। তবুও প্রতিদিন অন্তত চারজন অভিথিকে খাওয়াতে তাঁর খুব একটা অসুবিধে হত না। বৈদিক প্রথা অনুসারে গৃহস্থ মধ্যাহভোজনের পূর্বে গুহের বাহিরে গিয়ে উচ্চৈঃম্বরে ছোধণা করডেন থে, কেউ যদি অভুক্ত থাকেন, তা হলে তিনি যেন তাঁর গৃহে এসে ভগবানের প্রসাদ প্রহণ করেন। এভাবেই তিনি ভগবানের প্রসাদ গ্রহণ করতে মানুষকে আহ্বান করতেন। কেউ যদি আসতেন, তা হলে গৃহস্থ তাঁকে প্রসাদ দিতেন এবং যথেষ্ট প্রসাদ না থাকলে তিনি নিজের ভাগটি তাঁদের দিতেন। তাঁব ডাকে যদি কেউ সাড়া না দিতেন, তা হলে গৃহস্থ মধ্যাহুভোজনে বসতেন। এভাবেই গৃহস্থের জীবনও হচ্ছে তপশ্চর্যার জীবন। সেই জন্যই গৃহস্থের জীবনকে বলা হয় গৃহস্থ-আত্মমা স্থী-পুত্র নিয়ে কৃষ্ণভক্তের গৃহস্থজীবনে সমস্ত বিধি-নিষেধগুলি মেনে চলতে হয়। কৃষকভক্তি-বিহীন সংসার-জীবনকে বলা হয় গৃহমেধীর জীবন। প্রকৃতপক্ষে কৃষ্ণভক্তি পরায়ণ জীবনই কেবল গৃহস্থজীবন—অর্থাৎ, স্ত্রী-পুত্র নিয়ে আশ্রমে বাস করার জীবন। প্রীতাহৈত আচার্য প্রভু ছিলেন একজন আদর্শ গৃহস্থ এবং তার গৃহ ছিল আদর্শ গৃহস্থ-আশ্রম।

### (割 8 2

তিন ঠাঞি ভোগ বাড়াইল সম করি'। কৃষ্ণের ভোগ বাড়াইল ধাড়ু-পাত্রোপরি ॥ ৪২ ॥

### শ্রোকার্থ

সমস্ত বাবার তিনটি সমান ভাগে ভাগ করলেন। তার একটি ভাগ শ্রীকৃষ্ণের ভোগের জন্য ধাতৃপাত্রে রাখা হল।

### ভাৎপর্য

এই প্লোকের বাড়াইল শব্দটি অতান্ত তাৎপর্যপূর্ব। এই সাধু শব্দটি বাংলার গৃহন্তের গৃহে বাবহাত হয়। রারাকরা খাবারের একটি অংশ যখন নিয়ে নেওয়া হয়, তখন প্রকৃতপক্ষে তা কমে যায়। কিন্তু বাড়াইল শব্দটির অর্থ হচ্ছে বর্ধিত হওয়া। খাদাদ্রব্য যদি শ্রীকৃষ্ণের ভোগের জন্য প্রস্তুত করা হয় এবং ভগবানকে ও বৈষ্ণবদের নিবেদন করা হয়, তা হলে তা বর্ধিত হয়, কমে যায় না।

386

### গ্ৰোক ৪৩

বত্তিশা-আঠিয়া-কলার আঙ্গটিয়া পাতে। দূই ঠাঞি ভোগ বাড়াইল ভাল মতে॥ ৪৩॥

### গ্ৰোকাৰ্থ

তিন ভাগের একভাগ বাড়া হল ধাড়ুপারে এবং অন্য দুভাগ বাড়া হল কলাপাতায়। সেওলি ছিল বজিশা-আঠিয়া কলার পাতা এবং সেওলি মাঝখান থেকে না চিরে আন্তই রাখা হয়েছিল।

### **শ্লোক 88**

মধ্যে পীত-ঘৃতসিক্ত শাল্যনের স্তৃপ । চারিদিকে ব্যঞ্জন-ডোঙ্গা, আর মুদ্গসৃপ ॥ ৪৪ ॥

### ধ্যোকার্থ

শালী ধানের চাল খুব ভাল করে রান্না করে স্কুপাকারে রাখা হয়েছিল এবং ভার মাঝখানে একটি গর্ড করে ভাতে যি ঢোলে দেওয়া হয়েছিল। সেই অন্নের স্কুপের চারপাশে ছিল কলাপাডার ভোলায় মানাবিধ ব্যঞ্জম ও মুগ ভাল।

### শ্লোক ৪৫

সার্দ্রক, বাস্ত্রক-শাক বিবিধ প্রকার । পটোল, কুম্মাণ্ড-বড়ি, মানকচু আর ॥ ৪৫ ॥

### শ্লোকার্থ

বিবিধ ব্যঞ্জনের মধ্যে ছিল পটোল, কুমড়ো, মানকচু, আদা কুটি দিয়ে তৈরি স্যালাড এবং বিবিধ প্রকারের শাক।

### শ্লোক ৪৬

চই-মরিচ-সুখ্ত দিয়া সব ফল-মূলে। অমৃতনিন্দক পঞ্চবিধ তিক্ত-ঝালে॥ ৪৬॥

### শ্লোকার্থ

টই-মরিচ দিয়ে পাঁচ প্রকার তিতো ও ঝালের সূখ্ত রালা করা হয়েছিল, যার স্বাদ অস্তের স্বাদকেও হার মানায়।

### শ্লোক ৪৭

কোমল নিম্বপত্র সহ ভাজা বার্তাকী ৷ পটোল-ফুলবড়ি-ভাজা, কুদ্মাণ্ড-মানচাকি ॥ ৪৭ ॥

### গ্লোকার্থ

কচি নিমপাতা দিয়ে বেণ্ডনভাজা হয়েছিল। ফুলবড়ি দিয়ে পটোল ভাজা হয়েছিল এবং কুমড়ো ও মানকচু ভাজা হয়েছিল।

### তাৎপর্য

অভিজ্ঞ গ্রন্থকার শ্রীল কৃষ্ণদাস কবিবাঞ্জ গোস্বামী বর্ণিত এই সমস্ত উৎকৃষ্ট রানার পদওলি আমাদের বানার বইয়ে যুক্ত করার জন্য আমাদের সম্পাদককে আমরা অনুরোধ করি।

### শ্ৰোক ৪৮

নারিকেল-শস্য, ছানা, শর্করা মধ্র । মোচাঘন্ট, দুগাকুত্মাণ্ড, সকল প্রচুর ॥ ৪৮॥

### শ্ৰোকাৰ্থ

নারিকেলের শাঁস, ছানা ও শর্করা দিয়ে এক মধুর উপাদের বাবার তৈরি করা হয়েছিল। আর ছিল মোচাঘট, দুগ্ধকুদ্মাও—এই সবই প্রচুর পরিমাণে তৈরি করা হয়েছিল।

### শ্লোক ৪৯

মধুরাপ্লবড়া, অপ্লাদি পাঁচ-ছয় । সকল ব্যঞ্জন কৈল লোকে যত হয় ॥ ৪৯ ॥

### লোকার্থ

মধ্রাল্লবড়া এবং পাঁচ-ছয় প্রকার টক রালা করা হয়েছিল। সব কিছুই অপর্যাপ্ত পরিমাণে রালা করা হয়েছিল, যাতে সকলেই প্রসাদ পেতে পারে।

### শ্লোক ৫০

মুদ্গবড়া, কলাবড়া, মাষবড়া, মিষ্ট । ক্ষীরপুলি, নারিকেল, যত পিঠা ইষ্ট ॥ ৫০ ॥

### শ্ৰোকাৰ্থ

মুগ ভালের বড়া, কলার বড়া, মাধবড়া রাম্না করা হয়েছিল। আর ছিল বিবিধ প্রকারের মিষ্টি, ক্ষীরপুলি, নারিকেল ও বিবিধ প্রকারের পিঠা।

### গ্ৰোক ৫১

বত্তিশা-আঠিয়া কলার ডোঙ্গা বড় বড় । চলে হালে নাহি,—ডোঙ্গা অতি বড় দড় ॥ ৫১ ॥

### প্লোকার্থ

বত্তিশা-আঠিয়া কলার পাতা দিয়ে তৈরি ডোঙ্গায় সেই সমস্ত ব্যঞ্জন আদি বাড়া হয়েছিল। সেই কলাপাতার ডোঙ্গাণ্ডলি এত বড় ও শক্ত ছিল যে, সেণ্ডলি নড়বড় করছিল না বা কাত হয়েও পড়ছিল মা।

(関係の2)

শ্লোক ৬১

পঞ্চাশ পঞ্চাশ ডোঙ্গা ব্যঞ্জনে পূরিঞা । তিন ভোগের আশে পাশে রাখিল ধরিঞা ॥ ৫২ ॥

শ্লোকার্থ

তিনটি ভোগের চার পাশে একশোটি ডোঙ্গা বিবিধ ৰাপ্তানে ভরে রাখা হয়েছিল।

শ্ৰোক ৫৩

সঘৃত-পায়স নৰ-মৃৎকৃণ্ডিকা ছরিঞা । তিন পাত্রে ঘনাবর্ত-দুগ্ধ রাখেত ধরিঞা ॥ ৫৩ ॥

গ্লোকার্থ

সেই সমস্ত ব্যক্তনের সঙ্গে ছিল ঘৃত মিশ্রিত মিস্টাম। সেগুলি নতুন মাটির পাত্রে রাখা হয়েছিল। আর তিনটি পাত্রে খুব ঘন করে জাল দেওয়া দুধ রাখা হয়েছিল।

শ্লোক ৫৪

দুগ্ধ-চিড়া-কলা আর দুগ্ধ-লক্লকী। যতেক করিল' তাহা কহিতে না শকি ॥ ৫৪ ॥

য়োকার্থ

আর ছিল দুধ মেশানো চিড়া-কলা এবং লাউ-দুধ। যত অল্ল-ব্যঞ্জন রালা হয়েছিল, তা সমস্ত বর্ণনা করা সম্ভব নয়।

গ্লোক ৫৫

দুই পাশে ধরিল সব মৃৎকৃণ্ডিকা ভরি'। চাপাকলা-দধি-সন্দেশ কহিতে না পারি ॥ ৫৫ ॥

য়োকার্থ

চাঁপাকলা, দই, সন্দেশ আদি বিবিধ প্রকাবের মিষ্টান্ন, যা বর্ণনা করা সম্ভব নয়, সেই সমস্ত মাটির পাত্রে ভরে দূপাশে রাখা হয়েছিল।

শ্লোক ৫৬

অন্ন-ব্যঞ্জন-উপরি দিল তুলসীমঞ্জরী । তিন জলপাত্তে সুবাসিত জল ভরি'॥ ৫৬ ॥

শ্লোকার্থ

অন্ন-ব্যঞ্জনের উপরে তুলসীর মঞ্জরী দেওয়া হয়েছিল এবং তিনটি জলপাত্রে সুবাসিত জল ভরা হয়েছিল। গ্লোক ৫৭

তিন শুভ্রপীঠ, তার উপরি বসন । এইরূপে সাক্ষাৎ কৃষ্ণে করাইল ভোজন ॥ ৫৭ ॥

184

শ্লোকার্থ

নরম সাদা কাপড় দিয়ে তিনটি আসন পাতা হয়েছিল। এভাবেই সাক্ষাৎ শ্রীকৃষ্ণকে ডোজন করানো হল।

শ্লোক ৫৮

আরতির কালে দুই প্রভু বোলাইল। প্রভু-সঞ্চে সবে আসি' আরতি দেখিল॥ ৫৮॥

শ্লোকার্থ

এভাবেই ভোগ নিবেদন করার পর ভোগ-আরতির সময় অন্তৈত আচার্য প্রভূ প্রীচৈতন্য মহাপ্রভূ ও নিত্যানন্দ প্রভূকে ভেকে পাঠালেন এবং দৃই প্রভূর সঙ্গে সকলে এসে আরতি দেখলেন।

গোক ৫৯

আরতি করিয়া কৃষ্ণে করা'ল শয়ন । আচার্য আসি' প্রভূরে তবে কৈলা নিবেদন ॥ ৫৯ ॥

শ্লোকার্থ

আরতির পর শ্রীকৃষ্ণকে শ্যান দেওয়া হল। তারপর অধৈত আচার্য প্রতু এসে শ্রীচেতন্য মহাপ্রভুকে বললেন—

শ্লোক ৬০

গৃহের ভিতরে প্রভু করুন গমন। দুই ভাই আইলা তবে করিতে ডোজন ॥ ৬০ ॥

শ্রোকার্থ

"প্রভূ, অনুগ্রহ করে গৃহের ভিতরে আসুন।" তখন দুই ভাই শ্রীচৈতন্য মহাপ্রভূ ও নিত্যানন্দ প্রভূ প্রসাদসেকা করতে এলেন।

শ্লোক ৬১

মুকুন্দ, হরিদাস—দুই প্রভু বোলাইল। যোড়হাতে দুইজন কহিতে লাগিল। ৬১ ॥

শ্রোকার্থ

গ্রীচৈতন্য মহাপ্রভু ও নিত্যানন্দ প্রভু তখন মুকুন্দ ও হরিদাসকে তাঁদের সঙ্গে আসতে বললেন। কিন্ত মুকুন্দ ও হরিদাস উভয়েই করঞােছে তাঁদের বললেন। শ্রীটোতন্য-চরিতামৃত

শ্লোক ৬২

মুকুন্দ কহে—মোর কিছু কৃত্য নাহি সরে । পাছে মুঞি প্রসাদ পামু, তুমি যাহ ঘরে ॥ ৬২ ॥

শ্লোকার্থ

মুকুন্দ বললেন, "হে প্রভূ, আমার এখনও কিছু কৃত্য বাকি রয়েছে। আমি পরে প্রসাদ গ্রহণ করব, এখন আপনারা মরে যান।"

> শ্লোক ৬৩ হরিদাস কহে—মুঞি পাপিষ্ঠ অধম ৷ বাহিরে এক মৃষ্টি পাছে করিমু ভোজন ॥ ৬৩ ॥

> > শ্লোকার্থ

হরিদাস ঠাকুর বললেন, "আমি অত্যন্ত পাপিষ্ঠ ও অধম। আমি পরে বাইরে দাঁড়িয়ে এক মুঠো প্রসাদ গ্রহণ করব।"

### ভাৎপর্য

হিন্দু এবং সুসলমানেরা যদিও বন্ধর মতো একত্রে বাস করতেন, কিন্তু ওকুও তাঁদের মধ্যে বৈশিষ্টাসূচক স্বাতপ্তা ছিল। সুসলমানদের যবন বলে মনে করা হত এবং তাদের সেতে ভালা হলে খাবার দেওয়া হত বাড়ির বাইরে। প্রীচেতনা মহাগ্রহু এবং নিত্যানদ প্রভু যদিও হরিদাস ঠাকুরকে তাঁদের সঙ্গে প্রসাদ গ্রহণ করতে ভাহান করেছিলেন, কিন্তু জতাও বিনয়ের সঙ্গে হরিদাস ঠাকুর বলেছিলেন, "আমি বাড়ির বাইরে এক মুঠো প্রসাদ পাব।" থাদিও হবিদাস ঠাকুর ছিলেন একজন অতি উত্তম বৈষ্যার, যাঁকে অন্তৈত আচার্য প্রভু, নিত্যানদ প্রভু ও প্রীচেতনা মহাপ্রভু স্বীকৃতি দান করেছিলেন, তবুও সমাতের শান্তি বাহত না করার জন্য তিনি মুসলমানকপে নিজেকে হিন্দুসমাজ থেকে দুরে রেখেছিলেন। তাই তিনি প্রস্তাব করেছিলেন যে, তিনি বাড়ির বাইরে প্রসাদ পাবেন। যদিও তিনি ছিলেন অনা সমস্ত মহান বৈষ্ণবদের সমপ্রযায়ভুক্ত মহান্যা, তবুও তিনি নিজেকে পাপিষ্ঠ ও অধ্য বলে বিবেচনা করেছিলেন। প্রেমার্থিক মার্গে অতি উত্নত হওয়া সঞ্চেও বৈষ্ণবেরা অভান্ত দীন ও বিনীত ভার প্রদর্শন করেন।

শ্লোক ৬৪ দুই প্রভু লঞা আচার্য গেলা ভিতর ঘরে । প্রসাদ দেখিয়া প্রভুর আনন্দ অন্তরে ॥ ৬৪ ॥

শ্লোকার্থ

নিত্যানন্দ প্রভু ও খ্রীটেডন্য মহাপ্রভুকে নিয়ে অগ্রৈড আচার্য প্রভু ঘরের ভিতরে গোলেন। প্রসাদের আয়োজন দেখে দুই প্রভু, বিশেষ করে শ্রীটেডন্য মহাপ্রভু অত্যস্ত আনন্দিত হলেন।

### ভাৎপর্য

প্রীকৈতন্য মহাপ্রভূ আনন্দিও হয়েছিলেন, কেন না অনেক রকমের খাদ্যদ্রব্য খুব সুন্দরভাবে বাগা কবে শ্রীকৃষ্ণকে নিবেদন কবা হয়েছিল। প্রকৃতপক্ষে সব রক্তমের ভোগ শ্রীকৃষ্ণের জন্যই রাগ্না করা হয়, মানুষদের জন্য নয়। কিন্তু ভক্তরা মহানন্দে শ্রীকৃষ্ণকে নিবেদিত সেই সকল দ্রব্য প্রসাদরূপে গ্রহণ করেন।

শ্লোক ৬৫

ঐছে অন্ন যে কৃষ্ণকে করায় ভোজন । জন্মে জন্মে শিরে ধরোঁ তাঁহার চরণ ॥ ৬৫ ॥

### প্লোকার্থ

শ্রীটেতন্য মহাপ্রভু এতই আনন্দিত হয়েছিলেন যে, তিনি তখন বলেছিলেন, "এই ধরনের আয় বিনি শ্রীকৃষ্ণকে ভোজন করান, জন্ম-জন্মান্তরে আমি তাঁর চরণ আমার মন্তকে ধারণ করি।"

গ্লোক ৬৬

প্রভু জানে তিনভোগ—কৃষ্ণের নৈবেদ্য । আচার্যের মনঃকথা নহে প্রভুর কেদ্য ॥ ৬৬ ॥

### শ্লোকার্থ

ঘরে ঢুকে খ্রীটেতন্য মহাপ্রভু তিনটি ভোগ দর্শন করে মনে করেছিলেন যে, সেই সবই হচ্ছে খ্রীকৃষ্ণের নৈবেদ্য। কিন্তু, তিনি অধৈত আচার্যের অভিপ্রায় বুঝতে পারেননি।

### ভাৎপর্য

শ্রীল ভিডিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুব এই সদ্বন্ধে বলেছেন যে, শ্রীআছৈত আচার্য প্রভূ যে তিনটি ভোগ সমান করে বেড়েছিলেন, তার মধ্যে ধাতু-পাত্রটির উপর কৃষ্ণের ভোগ ছিল, অপর দুটি কলাপাতায় দুটি ভোগ ছিল। ধাতু পাত্রস্থ শ্রীকৃষ্ণের ভোগ, যা শ্রীকৃষ্ণকে অহৈত আচার্য প্রভূ স্বয়ং নিবেদন করেছিলেন। কলাপাতার ভোগ-দুটি শ্রীচেতনা মহাপ্রভূ ও নিত্যানন্দ প্রভূব জন্য অনিবেদিত অবস্থায় ছিল। তা আছৈত আচার্য প্রভূ মনে মনে রেখেছিলেন, তিনি মহাপ্রভূব কাছে ওই কথা বলেননি। সূত্রবাং, মহাপ্রভূ তিনটি ভোগই কৃষ্ণের নৈবেদ্য বলে মনে করেছিলেন।

শ্লোক ৬৭ প্রভূ বলে—বৈস ভিনে করিয়ে ডোজন। আচার্য-কহে—আমি করিব পরিকেশন ॥ ৬৭ ॥

### **রো**কার্থ

খ্রীটেডন্য মহাপ্রভু বলস্থেন, "এস আমরা ডিনম্ভন একসঙ্গে বদে প্রসাদসেবা করি।" কিন্তু অক্ষৈত আচার্য প্রভু বললেন, "আমি প্রসাদ পরিবেশন করব।"

ক্লোক ৭৪]

200

#### শ্লেক ৬৮

কোন্ স্থানে বসিব, আর আন দুই পাত । অল্ল করি' আনি' তাহে দেহ ব্যঞ্জন ভাত ॥ ৬৮ ॥

#### শ্লোকার্থ

শ্রীটেওমা মহাপ্রভু মনে করেছিলেন যে, সেই তিনটি পাডই বিভরণ করার জনা; তাই ডিনি বংগছিলেন, "আরও দুটি কলাপাডা নিয়ে এস এবং ভাতে অল্প করে কিছু জন ও ব্যঞ্জন দাও।"

#### গ্লোক ৬৯

আচার্য করে—বৈস দৌহে পিড়ির উপরে । এত বলি' হাতে ধরি' বসাইল দুঁহারে ॥ ৬৯ ॥

#### লোকার্থ

অধৈও আচার্য প্রভূ বললেন, "তোমরা দুজন এই পিড়ি দুটির উপর বস।" এই গলে। তানের হাত ধরে তিনি তালের কসালেনঃ

#### (श्रीक ९०

প্রাভূ করে—সন্ন্যাসীর জক্ষ্য নহে উপকরণ ৷ ইহা খাইলে কৈছে হয় ইন্দ্রিয় বারণ ॥ ৭০ ॥

#### গ্লোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভু ধন্দদেন, "এত সমস্ত উপাদের উপকরণ ভোজন করা সময়সীর উচিত নয়। এই সমস্ত খেলে কিভাবে সে ভার ইন্সিয় দমন করবে?"

#### ভাৎপর্য

উপক্রণ নলতে ডাল, তরকানি প্রভৃতিকে বোঝানো হয়েছে, যেওলি নিয়ে বৃদ সৃদদভাবে থায় ভোজন করা যায় সেই ককম মুখবোচক দ্রব্যে স্বানাদীন অনিকার নেই। ইন্দ্রিমপ্রিয় বস্ত্র সেবনে ভোগপ্রবৃত্তি প্রবল হয় সেই জন্য শ্রীচৈতনা মহাপ্রভূ সংগাসীদের অভায় উপাদেয় থাদা গ্রহণ কবতে নিষেধ করেছেন, কেন না বৈথান সম্প্রদায়ের আদর্শ হচেছ বৈরাগানিদা। তাই, শ্রীচৈতনা মহাপ্রভূ বদ্ধনাথ দাস গোস্থানীকে উপদেশ নিয়েছিলেন 'ভোল না থাইবে আর ভাল না পনিবে " এতাবেই তিনি সন্মাসীদের আদর্শ নির্যারণ করে গোছেন। ভগবন্তকে কৃষপ্রসাদ ব্যতীত জন্য কিছুই প্রহণ করেন না। অপবান গৃহস্থেরা অত্যন্ত মুখবোচক উত্তম উপ্তম দ্রব্য প্রীকৃষ্ণকে ভোগ দিয়ে থাকেন। মুলমালা, পালছ, অলঙার, উপাদের খাদার্চ্রবা, পান-ভাত্মল আদি কৃষ্ণবিদাস সামগ্রী হলেও, অকিঙ্গন বৈধান তান দেহকে প্রকৃত ও বিভৎস-ব্যানে সেই সমস্ত্র দ্রব্য প্রহণ করেন না। তিনি মনে করেন যে, সেগুলি সীকার করলে ভগবানের চরলা অপরাধ হবে। বৈধান অতিমানী প্রবিধ্বন মহজ্বিয়ারা বৃবত্তে পারে না, শ্রীচেতনা মহাপ্রভূ কেন অকৈত আত্যর্য প্রভূকে তান্য দৃটি পাতায় অল্প একট্ প্রশ্ন-বান্তন দিতে বলেজিলেন।

#### শ্লোক ৭১

আচার্য কহে—ছাড় তুমি আপনার চুরি। আমি সব জানি তোমার সন্যাসের ভারিভুরি ॥ ৭১॥

#### শ্লোকার্থ

প্রতিতন্য মহাপ্রভূ ধর্মন তার জন্য পরিবেশিত আর গ্রহণ করতে অস্বীকার করলেন, তর্মন অজৈত আচার্য প্রভূ ক্যালেন, "তুমি, ডোমার লুকোচুরি ছাড়। আমি ডোমার সর কথা জানি, সার ডোমার সন্মাস গ্রহণের গোপন কারণটিও আমি জানি।"

#### শ্লোক ৭২

ভোজন করহ, ছাড় বচন-চাতুরী । প্রভূ কহে--এড অর খাইডে না পারি ॥ ৭২ ॥

#### रहांकाच

আহত আচাৰ্য প্ৰস্থা আহিততন্য মহাপ্ৰভূষে বাক্চাভূমী ছেড়ে ভোজন করতে বললেন মহাপ্ৰস্থা তখন উত্তর দিলেন, "এত অহা আমি খেতে পারব না।"

#### শ্লোক ৭৩

আচার্য বলে—অকপটে করহ আহার । যদি খাঁইতে না পার পাতে রহিবেক আর ॥ ৭৩ ॥

#### লোকার্থ

আছৈত আচাৰ্য প্ৰভূ তখন মহাপ্ৰভূকে অনুরোধ করলেন যে, তিনি যেদ ঘতটুকু পারেন ততটুকুই অকপটে আহার করেন। যদি তিনি সব খেতে না পারেন, তা হলে সেওলি ভার পাতেই পড়ে খাক।

#### য়োক ৭৪

প্রভূ বলে—এত অন্ন নারিব খাইতে ৷ সন্মাসীর ধর্ম নহে উচ্ছিষ্ট রাখিতে ৷ ৭৪ ৷৷

#### **Official**

ব্রীটেডন্য মহাপ্রভূ বনলেন, "আমি এত আর খেডে পারব না, আর উচ্ছিষ্ট রাখাও সন্মাসীর পঞ্জে উচিত নর।"

#### ভাৎপর্য

वीमदाशक्ट (১১/১৮/১৯) निर्दिण (त्रवता इत्तरह--

वर्श्विनानसः भद्या छट्डानन्त्रमा यान्यवः । विक्टा भावितः स्मरः जृक्षीलास्मवयादाणम् इ

300

সিয়া ৩

"দুগ্রের গুরু থেকে সন্ন্যাসী যে খানা পাকেন, তা নিয়ে বাইরে কোন জলাশনের কাছে গিলে তিন ভাগে বিষয়, ব্রহ্মা ও সুর্যমেবকে নিকেনন করে, কোন উচ্চিষ্ট না রেখে প্রোটাই গ্রহণ করবেন।"

#### त्यांक १५

व्याहार्य बट्न--नीनाहरून चां ७ (हीसध्रवात । একবারে আন খাও শত শত ভার ॥ ৭৫ ॥

#### লোকার্থ

ন্সীটেডনা মহাপ্রভূকে শ্রীজগলাধদের থেকে অভিন্ন জেনে, অকৈত আচার্য প্রভূ বললেন, "নীলাচনে তুমি চুনান্নবার খাও এবং প্রতিবারে শত শত ভাওপূর্ণ নৈবেদ্য তুনি আহার क्रव "

#### শ্রোক ৭৬

তিন জনার ভক্ষাপিগু--ভোমার এক গ্রাস । তার লেখায় এই অন্ন নতে পঞ্চাাস ॥ ৭৬ ॥

#### য়োকার্থ

প্ৰীতাহৈত আচাৰ্য প্ৰভু বললেন, "তিন জনার <del>ডকা</del> তোমার এক আসও নয়। সেই তুলনায় এই অন্ন ভোমার পাঁচটি প্রাস্ত হবে না।"

#### श्रीक १९

মোর ভাগ্যে, মোর ঘরে, ভোমার জাগমন । ছাভহ চাতুরী, প্রভু, করহ ভোজন ॥ ৭৭ ॥

#### লোকার্থ

অহৈত আচার্য প্রভূ বলদেন, "প্রভূ, আমার পরম সৌভাগ্যের দল্ল তুমি আমার গৃঙ্ वारतक्। मत्रा करत वर्षन क्लकाकृती शास्त्र व्यवस स्टामल कत्र।"

#### (क्रीक १४

এত বলি' জল দিল দুঁই গোসাঞির হাতে। হাসিয়া লাগিলা দুঁহে ভোজন করিতে 🏿 ৭৮ 🗈

#### লোকার্থ

এই কথা বলে, অদৈত আচার্য প্রভূ দূই প্রভূর হাত ধোয়ার জন্য জল নিলেন। ভারণর তারা দূজন হাসতে হাসতে প্রসাদমেবা করতে লাগলেন।

### শ্ৰোক ৭৯ নিত্যানন্দ কহে--কৈলুঁ তিন উপবাস। আন্তি পারণা করিতে ছিল বড় আশ ॥ ৭৯ ॥

স্থোকার্থ

শ্ৰীনিত্যানন্দ প্ৰভু বললেন, "এক নাগাৱে আনি তিন দিন ধরে উপবাস করেছি। আশা করেডিলাম বে, আজু পারণ (উপবাদ ভঙ্গ) করব।"

#### গ্ৰোক ৮০

আজি উপবাস হৈল আচার্য-নিমন্ত্রণে। खर्थर्शि ना छित्रत्व और ग्राटमक जरह ॥ ৮० ॥

মদিও ঐতিতনা মহাপ্রভু মনে করেছিলেন যে, খানারের পরিমাণ ছিল প্রচুর, কিন্তু নিজ্ঞানন্দ প্রভূ বললেন হে, সেই অন্ন জান কাছে এক প্রাস্থ নয় - জিনি জিন দিন মনে উপবাস করেছিলেন এবং আশা করেছিলেন যে, সেই দিন পারণ করবেন। কিন্ত ত্রিনি ফললেন, "যদিও অধৈত আচার্য প্রভু আমাকে জার বাড়িতে প্রসাদ এহণ করতে নিমন্ত্রণ করলেন, কিন্তু আন্তর্ভ দেখছি আমাকে উপবাস করতে হবে কারণ এক অগ্ন অয়ে আমার অর্থেক পেটিও ভরবে না।"

#### প্রোক ৮১

আচার্থ করে—ডুমি হও তৈথিক সন্মাসী 1 কভ ফল-মূল খাও, কড় উপবাসী ॥ ৮১ ॥

অবৈত আচার্য প্রভূ উত্তর দিলেন, "ডুমি হচ্ছ তৈর্থিক সন্ন্যাসী কথনও কথনও ভূমি মল-সুল খাও, জাবার কখনও উপবাসী থাক।

#### শ্ৰেকি ৮২

দরিদ্রবাদার-মরে যে পাইলা মৃষ্ট্রেক অয় ং ইহাতে সম্ভষ্ট হও, ছাড় লোভ-মন ॥ ৮২ ॥

#### বোকার্থ

"জামি দরিত ব্রাক্ষণ এবং ভূমি জামার পুছে এসেছ। সুভরাং ছোমার লোভী মনোবৃত্তি পরিত্যাগ করে, থেটুকু জন পেয়েছ তাতেই সম্ভন্ত থাক।"

#### শ্ৰেক ৮৩

निजानम बरन-गरव किरन निम्न । তত দিতে চাহ, যত কবিয়ে ভোজন 🏾 ৮৩ 🗈

#### ভোকার্য

নিজ্যানৰ প্ৰভু উত্তর দিকেন, "আমি যা-ই হই না কেন, তুমি আমাকে ডোমার গৃহে নিমন্ত্রণ করেছ। সভরাং আমি যন্ত ভোজন করতে চাই, তোমাকে ভাতই দিতে হবে."

100

### শ্লোক ৮৪

গুনি' নিত্যানন্দের কথা ঠাকুর আছেত। কহেন ভাঁহারে কিছু পাইয়া পিরীত ॥ ৮৪ ॥

#### শ্লোকার্থ

নিত্যানন্দ প্রভূর কথা শুনে আঁছিও আচার্য প্রভূ সুযোগ পোয়ে তাঁর সঙ্গে পরিহাস করে বল্লেন—

## (計**存 bre**

ভ্রম্ভ অবধৃত তুমি, উদর ভরিতে । সন্ত্যাস লইয়াছ, বুঝি, ব্রাহ্মণ দণ্ডিতে ॥ ৮৫ ॥

#### প্লোকার্থ

"তুমি হতে এট প্রমহতে এবং তুমি তোমার উদর ভরণের জন্য সদাস-সোধার এহণ করেছ। আমি বুঝতে পারছি যে, তোমার ফার্কট হচ্ছে রাক্ষণদের ভালাতন করা।"

#### **ভা**ংপর্য

ন্দার্ভ-প্রাক্ষাণ ও বৈধাব-গোস্বামীদের মতের মধ্যে ভিরকাল একটা পার্থকা রয়েছে। এখন বি জ্যোভিয় গাননায়ও সার্ভ মত এবং বৈছ্পব-লোস্বামীর মন্ত রয়েছে। নিভানদ প্রভৃত্বে একজন প্রস্তুত বল্পে সংখ্যায়ন করে অধিত আচার্ম প্রভৃত্ব প্রকৃতিপক্ষে নিভানদ প্রভৃত্ব একজন প্রকৃত প্রামহণে বলেই সীকার করেছেন করেণ তিনি এভারে বৃদ্ধিয়ে দিশেন যে, প্রাকৃত শার্ড-সমান্ত থেকে মন্ত হয়ে নিভানদ প্রভৃত্ব সমস্ত বিধি-নিবেধের অভীত হয়েছেন। এভাবেই নিশাক্ষালে অধিত আচার্য প্রভৃত ভাল ক্তি করালেন। অবশৃত বা প্রমহণে প্রবৃত্তি স্থানেই নিশাক্ষালে অধিত আচার্য প্রভৃত ভাল ক্তি করালেন। অবশৃত বা প্রমহণে প্রকৃত্ব সায়ায়ণ নিয়নীর মতো বলে মনে হতে পারে কিন্ত প্রকৃত্বপক্ষে ইন্দ্রিয় তর্পণের মঙ্গে থার কোন সম্পর্ক নেই এই প্রবে কথনও করান্ত সন্মানবেল গ্রহণ করা হয় এবং কথনও হয় মা। কখনও কথনও তিনি গৃহধ্বের বেল ধারণ করেন। কিন্তু আমাদের কুরানে হয়ে আরণ আচার্য প্রভৃত্ব ও নিত্যানন্দ প্রভৃত্ব মধ্যে এই যে বাকা বিনিমার, তা কোনল পরিহান মান্ত। তা নিন্দার্যক্ষ নয়।

গঙদহে ক্রিপুরা সৃদ্ধরীকে শ্রীল্যামসৃদ্ধর সহ অধিষ্ঠিত দেখে, কেউ কেউ নিত্যানদ প্রভুব অবধৃত আচরপকে শান্ত সম্প্রদায়ের কৌলাবযুত আচার বলে শ্রম করেন। তারা মনে করেন যে নিত্যানদ প্রভুর দর্শন হচ্ছে, জন্তঃ শাক্তঃ বহিঃ শৈবঃ সভায়াং বৈজ্ঞবো মতঃ—"অন্তরে বিধরী, বাইরে শেব আর সভায় বৈক্ষরের মতো।" প্রকৃতপকে নিত্যানদ প্রভু সেই রকম ভাপসম্প্রদায়ভুক্ত দ্বিলেন না তিনি সর্বদাই ছিলেন ক্রক্তন বৈদিক সম্যাসীব স্বর্গ প্রস্থাচারী। প্রকৃতপক্ষে তিনি দ্বিলেন পরসংসে। আবার কেউ কেউ শলেন, লক্ষ্মীপতি তীর্থ ওার আচার্য। তা হলেও তিনি শ্রীসাক্ষ-সম্প্রকারন্তক বঙ্গনেদীয় তাহ্নিক কর। ্লোক ৮৬

তুমি খেতে পার দশ-বিশ মানের অন্ন । আমি তাহা কাঁহা পাব দরিদ্র ব্রাহ্মণ ॥ ৮৬ ॥

#### হোকার্থ

আছেও আচার্য প্রভূ নিত্যা<del>নক</del> প্রভূকে বলগেন, "তুমি দশ বিশ মান অন খেতে পার। আমি দরিত্র রাহ্মণ। আমি কোখা খেকে ভা পাব।"

তাংপর্য

ঞ্জক *মান হচে*ক প্রায় চার কিলোগ্রাম।

#### শ্লোক ৮৭

ৰে পাঞাছ মুট্টোক অন্ন, তাহা খাঞা উঠ। পাগলামি না করিহ, না ছড়াইও মুঠ ৪ ৮৭ ॥

#### গ্লোকার্থ

"এক মৃঠো খানেক জন্ন হলেও, যা পোনেছ তা-ই তুমি খেলে ওঠ। পাগলামি করে। না এবং উচ্ছিন্ত জন্ন ছড়িও না।"

শ্লোক ৮৮

এই মত হাস্যরসে করেন ভোজন। অর্থ-অর্থ খাঞা প্রভু ছাড়েন ব্যঞ্জন ॥ ৮৮ ॥

#### য়োকার্থ

একাবেই হাসা-পরিহাস করতে করতে শ্রীনিজ্যানন্দ প্রভূ ও শ্রীট্রেপ্রন্য মহাপ্রভূ জ্যেজন করতে লাগলেন। এক একটি ব্যপ্তনের অর্থেক অর্থেক থেয়ে শ্রীট্রেডন্য মহাপ্রভূ সেগুলি রেশে দিকে লাগলেন।

#### গ্ৰোক ৮৯

সেই ব্যঞ্জন আচার্য পুনঃ করেন প্রণ। এই মত পুনঃ পুনঃ পরিবেশে ব্যঞ্জন ॥ ৮৯ ॥

#### লোকার্থ

পাত্রে অর্থেক বাপ্তান শেষ হওয়া মাত্রই অধৈত আচার্য প্রভু পুনরায় তা পূর্ণ করতে আগলেন। প্রভাবেই পুনঃপুনঃ অধৈত আচার্য প্রভু ব্যঞ্জন পরিবেশন করতে লাগলেন।

শ্লোক ৯০

দোনা ব্যস্ত্রনে ভরি' করেন প্রার্থন ৷ প্রভু বলেন—আর কত করিব ভোজন ॥ ১০ ॥ 50%

<u>রোকার্থ</u>

পার বাজনে পূর্ণ করে অদৈত আচার্য প্রড়ু শ্রীচৈতন্য মহাপ্রভুকে সেওলি গ্রহণ করতে প্রার্থনা করতে লাগলেন এবং শ্রীচৈতন্য মহাপ্রভু বলতে লাগলেন, "আমি আর ক্ত ডোজন করব ?"

প্লোক ৯১

আচার্য কংহ—যে দিয়াছি, ভাহা না ছাড়িবা । এখন যে দিয়ে, ভার অধেক খাইবা ॥ ১১ ॥

গ্ৰোকাৰ্থ

আছৈত আচার্য প্রকৃ নললেন, "আমি দা দিয়েছি তা দয়া করে দেলোলা। আর এখন যা আমি দিলাম তার আর্থের অন্তত খাও।"

स्थांक ४५

নানা যত্ন-দৈন্যে প্রভাৱে করাইল ভোজন। আচার্যের ইচ্ছা প্রভা করিল প্রণা ৪ ৯২ ॥

শ্লোকার্থ

ঐডাবেই বিনীভভাবে অনুরোধ করে অবৈত আচার্য প্রভূ প্রীতৈতন্য মহাপ্রভূ ও নিত্যানন্দ প্রভূকে খাওগালেন। অভ্যান প্রীতিভন্য মহাপ্রভূ অধৈত আচার্য প্রভূত ইছে। পূর্ণ করলেন।

শ্ৰোক ১৩

নিত্যানন্দ কহে—আমার পেট না ভরিল। লঞা যাহ, তোর অল কিছু না খাইল ॥ ৯৩ ॥

গ্রোকার্থ

ত্রীনিত্যানদ শ্রত্ব আবার পরিহাস করে বললেন, "আমার পেট ভরতা না। এই আয় নিমে যাও। আমি ভোমার দেওয়া অম কিছুই ধেনাম না।"

(計事 为8

এত বলি' একগ্ৰাস ভাত হ'তে শুএম ৷ উঝালি' ফেলিল আগে ফেন কুদ্ধ হুএগ ॥ ৯৪ ॥

শ্ৰোকাৰ্থ

এই গলে শ্রীনিত্যানক প্রতু এক মুঠ্যে ভাত নিয়ে গ্রান্থ মেনেংতে ছুঁড়ে কেললেন, যেন ডিনি কুদ্ধ হয়েছেন।

গোক কণ্ড

ভাত দুই-চারি লাগে জাচার্যের অঙ্গে । ভাত অঙ্গে লঞা আচার্য নাচে বহুরকে ॥ ১৫ ॥ শ্ৰোকাৰ্থ

ভার ফলে মৃ-চারটি ভাত **অধ্যৈ**ত আচার্য প্রভূর গায়ে লাগল এবং তিনি ভবন সেই ভাত ভাকে নিয়ে বহু রক্ষে নাচতে লাগলেন।

> প্রোক ৯৬ অবধ্যের কুঠা লাগিল মোর অলে । পরস পবিত্র মোরে কৈল এই চঙ্গে ॥ ৯৬ ॥

> > গ্লোকার্থ

ব্ৰীয়েছৈত জাচাৰ্য প্ৰকু বললেন, "আধার গায়ে অবধৃতের উচ্ছিষ্ট লাগল, এভারেই সে আমানে প্রম পরিত্র করন।"

ভাংপর্য

মিনি সমন্ত বিধি নিয়েশের উপে তিনিই হচেছন অবশৃত কথাও কথাও সমাসীর বিধিনিষেধ অনুশীলন লা করে, নিজানন্দ প্রভূ উন্মান অবশৃতের মতো আচরণ করতেন তিনি
তার উদ্দিন্ত গ্রুছ আনুদ্দির এবং তা অগ্রৈছ আচার্য প্রভূব গারে লেগেছিল, অগ্রেছ
আচার্য প্রভূ তাতে মহা আনন্দিত ইয়েছিলেন, কেন না নিজেকে প্রার্ত-সম্প্রামান্তক মনে
করে তিনি মনে করেছিলেন মে, নিজানন্দ প্রভূর উদ্মিট্রের প্রভাবে তিনি সম রক্ষা কল্যু
থেকে মুক্ত হয়ে পরিষ্ণ হয়েছেন, এছ নৈক্ষবের উদ্মিট্রকে বলা হয় মহা মহাপ্রমান
তা সম্পূর্ণ চিনায় এবং বিশ্বাবন্দ্দা। তা কোন সাধারণ বস্তু নাম প্রীভক্তকের বর্ণাপ্রামান
আজীত পরমহাসে স্তরে অধিক্তিত। শ্রীওক্ষকের এবং পরমহাস অর্থাহ বৈশ্ববনের উচ্ছিট্ট
ম্পর্ল ও দেবন করার ফলে বন্ধ জীবের হালয়ের সমস্তু কল্যুষ দুরীভূত হয় এবং তাকে
যাপ্রকৃত পরমহাস সাধারণ ওছ প্রাক্তবন্ত প্রতিন্তিত করে। যে সমস্ত বন্ধ জীব সদ্ভক্ত
ও এছ বৈশ্ববের উদ্ধিন্তের মহিমা সম্বন্ধে অবগত নাম, তাদের বোঝাবার জন্য মান্তর
আচার্য প্রভূ এভাবেই আচরণ করেছিলেন এবং এই কথাগুলি বলেছিলেন

त्स्रीक ३१

তোরে নিমন্ত্রণ করি' পাইনু ভার ফল । তোর জাতি-কুল নাহি, সহজে পাগল ॥ ৯৭ ॥

ক্ৰোকাৰ্থ

পরিহাস করে অবৈত্ত আচার্য প্রভূ কললেন, "নিত্যানন্দ, ভোমাকে নিমন্ত্রণ করে আঘি উপভূক্ত কল পেরেছি। ভোমার কোন জাত নেই, কুল নেই। ভূমি একটি পাণল।

ভাৎপর্য

সহজে পালল কথাটিও মাধ্যমে বোঝানো হয়েছে যে, নিজানন প্রভূ এথাকৃত পরমহাস স্থার অধিষ্ঠিত ছিলেন। সর্বক্ষণ রাধা-কৃষ্ণের সেবাম মহা থাকার ফলে তাঁর আচরণ উন্মাদের মড়ো মনে হত। শ্রীতাহৈত জাচার্য এই অর্থে এই কথাটি বলেছিলেন। মধা ৩

त्याक ५००)

আপনার সম মোরে করিবার তরে ৷ ঝুঠা দিলে, বিপ্র বলি' তর না করিলে ৪ ৯৮ ছ

শ্লোকার্থ

"আমাকে তোমার মতো উত্তর করার জন্য ভূমি আমার গায়ে ভোমার উচ্ছিন্ত চুঁড়েছ। ত্রাক্ষণের গায়ে উচ্ছিন্ত ভূড়লে অপরাধ হবে, সেই ভর ভূমি কর্নি।"

#### ভাৎপর্য

আপনার সম বলতে বোরানো হয়েছে যে, অহৈত আচার্য প্রভু নিজেকে শার্ড-রাখাণ বলে বিবেচনা করেছিলেন এবং নিজানন্দ প্রভুকে পরমহংস স্তরে অধিষ্ঠিত বৈদ্ধর বলে বিবেচনা করেছিলেন তাই তিনি বলেছিলেন যে, নিজানন্দ প্রভু তাকে পরমহংস বা ওদ্ধ বৈষ্ণবেন স্তরে উনীত করানোর জন্য তাকে ওার উন্তিষ্ট দল করেছিলেন। এই উন্তির মাধামে এথিও আচার্য প্রভু প্রতিপান করেছেন যে, পরমহংস বৈষ্ণর প্রপ্রাক্ত প্রবিধ মাধামি এথিও আচার্য প্রভু প্রতিপান করিছেন যে, পরমহংস বৈষ্ণর প্রপ্রাক্ত প্রবিধ-নিষ্ণেদ্ধের অতীত। তাই অধৈও আচার্য প্রভু বলেছিলেন, "আলনার সম মোরে করিছার তরে।" ওদ্ধ বৈষ্ণর বা পরমহংসক্ষ মহাপ্রসাদকে চিয়ান বলে অনুভব করেন। মহাপ্রসাদকে তারা প্রকৃতিভাত জড়েন্তিয়া ভৃত্তিকর ভাত-ভাল বলে মনে করেন। মহাপ্রসাদকে তারা প্রকৃতিভাত জড়েন্তিয়া ভৃত্তিকর ভাত-ভাল বলে মনে করেন না। তদ্ধ বৈষ্ণর দুবে থাকুক, চতাকের মুন্মন্ত প্রসাদও অপনির হয় না ক্ষান্তরে, তার চিন্মান্ত সম্পূর্ণ বিদ্যান্য থাকে। তাই মহাপ্রসাদ মেবন ব স্পর্যানের ফলে প্রাক্ত করিব সব রক্ম ঝাড় কলুন্য থেকে ফুল হয়। শারে সেই নির্মেন্ট দেওয়া প্রসাদ সেবনের ফলে প্রাক্তি স্বান্ধ হালেছে

শ্লোক ৯৯

নিত্যানন্দ বলে,—এই কৃষ্ণের প্রসাদ। ইহাকে 'ঝুঠা' কহিলে, তুমি কৈলে অপরাধ ॥ ৯৯ ॥

ল্লোকার্থ

নিতানেন্দ প্ৰকৃ উত্তর দিলেন, "এই কৃষ্ণপ্ৰসাদ কৃমি উচ্ছিষ্ট বললে? তার ফলে তোমার তাপরাধ হলে।"

তাৎপর্য

বৃহদ্বিকৃ পুরাণে উল্লেখ আছে-

365

निर्दरमाः क्रममीयम् व्यवश्रानाभिकः ६ सः । ज्ञमाज्याविहात्यः नाञ्जि जङ्गमाः विद्वाः । तयाविर्दिकातः दि यथा विद्वान्तरेशय छः । विकातः स्व अकृतिः ज्ञमान जिन्नाज्यः ॥ कृष्ठेबाधिमधायुकाः शृद्धमात्रविविजिंजाः । नितंत्रः याति एक विशासमात्रविद्याः शृनः ॥

"কেউ যদি মহাপ্রসাদকে সাধারণ ভাত-ভাল বলে মনে করে, তা হলে তার মহা গুপ্রাধ হয় সাধারণ খানাপ্রবো গুচি অগুচি বিচার থাকে, কিন্তু মহাপ্রসাদে সেই রকম কোন বিচার বেই। মহাপ্রসাদ চিশ্বর এবং গুরু কোন রকম বিকার বা অগুচিতার প্রশ্নই ওঠে না, ঠিক যেমন প্রীধিকূর দেহে কোন প্রকম বিকার বা অপবিত্রতার প্রশ্ন ওঠে না অন্তর্রব কোন ক্রান্সপর যদি প্রসাদে গুচি-অগুচি বিচার করে, তা হলে গুল কুট রোগ হয় এবং সমস্ত খারীয়খজন হারা হয়। এই ধরনের অপ্রাধে সে নির্ম্নগামী হয় কবং ক্যানগু আরু কিরো গোনে না।"

(関本 )00

শতেক সন্মাসী যদি করাহ ভোজন ৷ তবে এই অপরাধ ইইবে খণ্ডন ৷৷ ১০০ ৷৷

যোকার্থ

নিত্যালন্দ প্ৰভূ বললেন, "ভূমি যদি অন্ততপক্ষে একশো সন্ন্যাসীকে ভোজন করিয়ে তৃপ্ত কর, ভা তৃপে ভোমার এই অপরাধ খণ্ডম ছবে।"

(क्षीक ३०३

আচার্য করে না করিব সন্মাসি-নিমন্ত্রণ ৷ সন্মাসী নাশিল মোর সব স্মৃতি-ধর্ম ॥ ১০১ ॥

যোকার্থ

অধৈত আচার্ব প্রস্কু উত্তর দিলেন, "জামি জার কখনও সন্ন্যাসীকে নিমপ্তেণ করব মা কেন না একজন সন্ন্যাসী আমার ব্রাক্ষাশেচিত স্মৃতিধর্ম মন্ত করেছে "

শ্লোক ১০২

এত ৰলি' দুই জনে করাইল আচমন । উত্তম শ্ব্যাতে লইয়া করাইল শ্রন ৫ ১০২ ৪

হোকার্থ

ভারপর অধৈত আচার্য প্রভু শ্রীচৈতন্য মহাপ্রভু ও নিত্যানদ প্রভূকে আচমন করালেন এবং ভারপর উত্তম শধ্যতে ভাঁদের শরব করালেন।

> শ্লোক ১০৩ লবন্ধ এলাচী-বীজ—উত্তম রসবাস। ভূলসী-মঞ্জরী সহ দিল মুখবাস ॥ ১০৩ ॥

290

শ্লোকার্থ

অদৈত আচার্য প্রভূ দুই ভাইকে মুখবাসরূপে লবঙ্গ-এলাচির বীজ ও তুলসী-মঞ্জরী দিলেন, যা খেরো তাঁদের মুখে সুগন্ধ হল।

গ্লোক ১০৪

সুগন্ধি চন্দনে লিপ্ত কৈল কলেবর । সুগন্ধি পুত্পমালা আনি' দিল হৃদয়-উপর ॥ ১০৪ ॥

**হোকার্থ** 

তারপর অধৈত আচার্য প্রভূ তাঁদের শ্রীঅফে সুগন্ধি চন্দন লেপন করলেন এবং তাঁদের বুকে সুগন্ধি পুষ্পমালা দিলেন।

300 年度

আচার্য করিতে চাহে পাদ-সম্বাহন । সঙ্কৃচিত হঞা প্রভু বলেন বচন ॥ ১০৫ ॥

গ্লোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রভু যখন শফায়ে শগন করন্দেন, তখন আহৈত আচার্য প্রভু তার পা টিপে দিতে চাইলেন, কিন্তু সন্তুচিত হয়ে মহাপ্রভু আহৈত আচার্য প্রভূকে বললেন—

শ্লোক ১০৬

বহুত নাচাইলে তুমি, ছাড় নাচান । মুকুন্দ-হরিদাস লইয়া করহ ভোজন ॥ ১০৬ ॥

শ্লোকার্থ

"অদৈত আচার্য, তুমি আমাকে বহুতাবে নাচালে। এখন সেই নাচানো ছেড়ে মুকুন্দ ও হরিদামের সঙ্গে প্রসাদ গ্রহণ কর।"

তাৎপর্য

শ্রীচৈতনা মহাপ্রভু অদ্বৈত জাচার্য প্রভুকে বল্পদেন থে, উত্তম শয্যায় শয়ন, এলাচি, লবক চর্বণ এবং অঙ্গে সুগদ্ধ লেপন আদি করা সন্মাসীর পক্ষে উচিত নয়। এমন কি সুগদ্ধি পৃষ্পদালা গ্রহণ করা এবং একজন শুদ্ধ বৈষ্ণবকে পাদসম্বাহন করতে পেওয়া তাঁর পক্ষে উচিত নয়। তাই শ্রীচৈতনা মহাপ্রভু বলেছিলেন, "তুমি তোমার প্রতিজ্ঞা অনুসারে আমাকে নানাভাবে নাচালে, এখন দয়া করে এই নাচালো বদ্ধ কর। যাও, মুকুল ও হরিদাসকে সঙ্গে নিয়ে প্রসাদ ভোজন কর।"

(創本 )09

তবে ত' আচার্য সঙ্গে লঞা দুই জনে। করিল ইচ্ছায় ভোজন, যে আছিল মনে ॥ ১০৭ ॥ শ্রোকার্থ

তখন অবৈত আচার্য প্রভূ মৃকুন্দ ও হরিদাসকে সঙ্গে নিয়ে প্রসাদ সেবা করতে গেলেন এবং মনের আনন্দে ভোজন করলেন।

খেতি ১০৮

শান্তিপুরের লোক শুনি' প্রভুর আগমন । দেখিতে আইলা লোক প্রভুর চরণ ॥ ১০৮ ॥

শ্লোকার্থ

শান্তিপুরের লোকেরা যখন শ্রীচৈতন্য মহাপ্রভূর আগমনের সংবাদ পেলেন, তখন তাঁরা তাঁর শ্রীপাদপদ্ম দর্শন করতে এলেন।

শ্লোক ১০৯

'হরি' 'হরি' বলে লোক আনন্দিত হঞা । চমৎকার পাইল প্রভুর সৌন্দর্য দেখিঞা ॥ ১০৯ ॥

শ্লোকার্থ

অত্যন্ত আনন্দিত হয়ে তাঁরা সকলে 'হরি' বলতে লাগলেন এবং শ্রীচৈতন্য মহাপ্রভূর সৌন্দর্য দর্শন করে চমৎকৃত হলেন।

> শ্লোক ১১০ গৌর-দেহ-কান্তি সূর্য জিনিয়া উজ্জ্ব ৷ অরুণ-বস্ত্রকান্তি তাহে করে ঝলমল ৷৷ ১১০ ৷৷

> > গ্ৰোকাৰ্থ

তাঁরা দেখলেন শ্রীচৈতন্য মহাপ্রভুর শ্রীঅঙ্গের উজ্জ্বল কান্তি যেন সূর্যের উজ্জ্বলতাকেও নিপ্রভ করেছে এবং তাঁর গৈরিক বসন তাঁর শ্রীঅঙ্গে ঝলমল করছে।

শ্লোক ১১১

আইসে যায় লোক হর্ষে, নাহি সমাধান। লোকের সম্ঘট্টে দিন হৈল অবসান॥ ১১১॥

শ্লোকার্থ

হর্ষোংফুল্ল চিন্তে বহু বহু লোক আসা-বাওয়া করছিল এবং তার কোন হিসেব ছিল না।

> শ্লোক ১১২ সন্ধ্যাতে আচার্য আরম্ভিল সঙ্কীর্তন । আচার্য নাচেন, প্রভু করেন দর্শন ॥ ১১২ ॥

(制体 775)

300

গ্লোকার্থ

সদ্ধারেলার অধৈত আচার্য প্রভু সংকীর্তন শুরু করলেন। তারপর তিনি নাচতে শুরু করলেন এবং সংশ্রেজ্ তা দর্শন করলেন।

শ্লোক ১১৩

নিত্যানন্দ গোসাঞি বুলে আচার্য ধরিএল । হরিদাস পাছে লাচে হরষিত হঞা ॥ ১১৩ ॥

লোক। থ

আবৈত আচার্য প্রায়ু যখন নাচতে শুরু করপেন, তখন নিত্যানক প্রভু তার পিছনে পিছনে নাচতে লাগলেন অভ্যন্ত আননিক হয়ে হরিদাস ঠাকুরও তাঁর পিছনে নাচতে গুরু করেনেন,

লোক ১১৪

কি কহিব রে সখি আজুক আনন্দ ওর । চিরদিনে মাধব মন্দিরে মোর ॥ ১১৪ ॥ এন ॥

গ্ৰোকাৰ্থ

অবৈত আচাৰ্য প্ৰস্তু গাইলেন, "হে সখি, আমি কি কৰণ । আৰু আমি সৰ চাইতে গাড়ীৰ অপ্ৰাকৃত আনন্দ অনুভৰ কৰেলাম , বছদিন পৰ কৃষ্ণ জাক আমাৰ দৰে এসেছে।"

#### ভাৎপর্য

এটি বিদ্যাপতির রচিত একটি গান। কথনও কথনও প্রান্তিকশত কেউ কেউ মনে করে যে, মাধব বলতে এখানে মাধবেপ্র পুরীকে বোঝানো হয়েছে। তাঁকত আচার্য গুড় ছিপেন মাধবেপ্র পুরীর শিম্য এবং ডাই কিছু লোক মনে করে যে, মাধব বলতে এখানে তিনি মাধবেপ্র পুরীকে বুঝিয়েছেন। কিন্তু প্রকৃতপক্ষে সেই ধারণাটি ভুল। মাধুর-বিরহের পর শ্রীকৃষের প্রতি গ্রীমতী রাধারণীর মনোভাব শক্ত করে বিদ্যাপতি এই গানটি বচনা করেছেন—

कि कहत ता मिथे व्याख्यक व्यानम् छत ।

ित्रमिन भाश्य धनित्व स्मात्र ॥

भाभ मृशाकत वेछ पृथ सम्म ।

निप्ता भूष विश्वमान वेछ मृश्व स्थम ॥

व्यान्त्र कित्रमा यमि भ्रहानिथि भारे ।

व्या हाम् निप्ता भृतप्तस्य ना भारति ॥

भीएजत खड़नी निप्ता, भित्रिबीव वा'।

स्तियात कृत निप्ता, प्रतिमात ना'॥

स्थाता विमानिछ, खन वतनाति ।

मृद्धनक मृथ कियम मृदे ठाति ॥

**अर्ट अक्ष** 

এই পদ গাওয়াইরা হর্ষে করেন নর্তন । সেদ-কম্প-পূলকাঞ্জ-হঞ্চার-গর্জন ॥ ১১৫ ॥

<u>রেইকার্থ</u>

এই পদ গহিতে গহিতে হর্ষোৎকুল্ল চিন্তে অকৈত আচার্য প্রভূ নাচতে লাগলেন তখন ভার শ্রীবাসে কেন, কন্স, পুলক, অল্ক আদি সাত্মিক বিকারণ্ডলি দেখা দিল এবং কখনও কখনও ভাবোশ্যর হয়ে ভিনি হত্তার-গর্জন করতে লাগলেন।

শ্লোক ১১৬

ফিরি' ফিরি' করু প্রভূর ধরেন চরণ ৷ চরশে ধরিয়া প্রভূরে বলেন বচন ৪ ১১৬ ৪

বোকার্থ

নাচতে লাচতে কথনও কথনও অধৈত জাচার্য প্রফু শ্রীটেডন্য মহাপ্রভূর শ্রীপাদপদ্ম ছাড়িয়ে ধরতে জাগলেন এবং মহাপ্রভূর চরুণ ধরে ডিনি বলতে লাগলেন—

स्रोंक ১১৭

অনেক দিন তৃষি মোরে বেড়াইলে ভাণ্ডিয়া। বারেতে পাঞান্তি, এবে রাবিব বাদ্ধিয়া ॥ ১১৭ ॥

ভোকাৰ্

"বছদিন ভূমি আমাকে কাঁকি দিয়ে পালিয়ে পালিয়ে বেড়িয়েছ। এখন আমি ভোমাকে হবে পেয়েছি, এবার আমি ভোমাকে বেঁখে রাখব "

(副位 227)

এত বলি' আচার্য আনক্ষে করেন নর্তন ! প্রহরেক-রাত্রি আচার্য কৈল সংকীর্তন ॥ ১১৮ ॥

<u>রোকার্থ</u>

এই বলে অকৈচ আচার্য প্রভূ সেই রাত্রে প্রায় তিন ঘণ্টা ধরে সংকীর্তন করলেন এবং সারাক্ষ্য আনক্ষে উদ্বেদ হয়ে নৃত্য করলেন।

व्यक्ति ३३%

প্রেমের উৎকণ্ঠা—প্রভুর নাহি কৃষ্ণ-সঙ্গ ৷ বিরহে বাড়িল প্রেমদ্বালার তরঙ্গ য় ১১৯ য

জোক ১২৭

#### গ্ৰোকাৰ্য

প্রীঅধৈত আচার্য প্রড় যখন এডাবে নাচলেন, ভখন শ্রীটেডন্য মহাপ্রড় কৃষ্ণপ্রেমে আকুল হলেন এবং কৃষ্ণবিরহে তার প্রেমন্থালার তরক বর্ধিত হল।

(当年 ) 20

ব্যাকুল হঞা প্রভূ ভূমিতে পড়িলা । গোসাঞি দেখিয়া আচার্য নৃত্য সম্বরিলা ॥ ১২০ ॥

লোকার্থ

কৃষ্ণবিরহে ব্যাকুল হয়ে জীতিতনা মহাপ্রভূ হঠাৎ মূর্ছিত হরে ভূমিতে পড়কেন এবং ভা দেখে প্রীতাবৈত আচার্য প্রভূ তার নৃত্য বন্ধ করলেন।

**রোক ১২১** 

প্রভুর অন্তর মুকুন্দ জানে ভালমতে । ভাবের সদৃশ পদ লাগিলা গাঁইতে ॥ ১২১ ॥

গ্ৰোকাৰ্থ

মূলুক গ্রীটেডন্য মহাপ্রভূর অন্তরের ভাব ভালমতে জানতেন, তাই তিনি কহাপ্রভূর অন্তরের ভাব অনুমায়ী পদ গাইতে লাগলেন।

শ্ৰোক ১২২

জাচার্য উঠাইল প্রভুকে করিতে নর্তন । পদ শুনি' প্রভুর জঙ্গ না বায় ধারণ য় ১২২ ॥

য়োকার্থ

নৃত্য করার জন্য অধৈত আচার্য প্রকৃতিতন্য সহাগ্রভূকে ধরে উঠালেন, কিন্তু সুকৃত্যর সেই পদ ওনে প্রীচৈতন্য সহাপ্রভূ এমনই ভাবাবিস্ট হয়ে পড়েছিলেন বে, ভাকে ধরে রাখা যাজিক না

শ্লোক ১২৩

অঞ্জ, কম্পা, পুলক, স্বেদ, গদ্গদ বচন । ক্ষণে উঠে, ক্ষণে পড়ে, ক্ষণেক রোদন ॥ ১২৩ ॥

প্ৰোকাৰ্থ

তার দুচোঝ বেয়ে জঞ্জধারা খারে পড়ছিল, সারা অন্ধ কম্পিত ইন্সিল, সারা দেহ রোমাধিত ইয়েছিল, স্বেদবিন্দু ঝারে পডছিল এবং তার কণ্ঠ রক্ষ হয়ে যাছিল। কখনত তিনি উঠছিলেন, জাবার কখনও তিনি পচ্ছে যাছিলেন এবং কখনত তিনি ক্রন্দন করছিলেন। (学)本 528

হা হা প্রাণপ্রিয়সবি, কি না হৈল মোরে । কান্প্রেমবিৰে মোর তনুমন জরে ॥ ১২৪ ॥ এন ॥

প্ৰোকাৰ্থ

মুকুন্দ গহিছিলেন, "হে সধী। আমার কি না হয়েছে। কৃষ্ণপ্রেয়-বিবের প্রভাবে আমার পেহ ও মন ছলে-পুড়ে বাচছে।

ভাৎপর্য

মুকুল যখন দেখতেন যে, প্রীচৈডনা মহাপ্রভূ বিরহ-বেদনায় অধীর হয়েছেন এবং কৃফবিরছে উার শ্রীগুলে সাধিক বিবারের লক্ষণগুলি দেখা দিছে, তথন তিনি শ্রীকৃষ্ণের সলে মিধনের গীত গাইতে লাগলেন। অধৈত আচার্য প্রভূগ তথন নৃত্য বন্ধ করলেন।

জৌক ১২৫

রাত্রি-দিলে পোড়ে হন নোয়ান্তি না পাঙ। হাহা গেলে কানু পাঙ, তাহাঁ উড়ি' যাঙ ॥ ১২৫ ॥

য়োকার্ব

" দিন-রাত জারার মন দব্ধ হচ্ছে এবং আমি শ্বন্তি পালি না। বেখানে গেলে কৃষ্ণকে পাওরা বার, নেখানে জারার উড়ে বেডে ইচ্ছে হচছে।"

अपिक ३५%

এই পদ গায় মুকুন্দ মধ্র সুস্থরে । শুনিয়া প্রভুর চিত্ত অন্তরে বিদরে ॥ ১২৬ ॥

ন্মোকার্থ

অভ্যন্ত মধূর বাবে মুকুন্দ এই পদ গাইছিলেন, কিন্তু তা পোলা মাত্রই থ্রীটেডন্য মহাপ্রভূর অভ্যন্ত নির্দীর্থ হল।

(ब्रॉक ५२९

নির্বেদ, বিষয়দ, হর্ব, চাপল্য, গর্ব, দৈন্য । প্রভুর সহিত বৃদ্ধ করে ভাব-দৈন্য ॥ ১২৭ ॥

রোকার্থ

নির্বেদ, বিষাদ, হর্ব, চাপজা, গর্ম, দৈন্য আদি সব রক্তম অপ্রাকৃত ভারগুলি সৈন্যের মতো মহাপ্রভুর অন্তরে মৃদ্ধ করতে লাগল।

ভাৎপর্য

হর্ব কথাটির বর্ণনা করে *ভক্তিরমামৃতমি*ছু গ্রন্থে বলা হয়েছে যে, অভীষ্ট দর্শন লাভ হলে চিত্তে যে আনন্দের অনুভূতি হয়, তাকে বলা হয় *হর্ব*। *হর্ব* হলে রোমাঞ্চ, যর্ম, অঞ্চ,

শ্লোক ১৩৬]

মুখশনীততা, আবেগ, উদ্যাদ, জাড়া ও মোহ আদি হয়ে ঘাকে। ইট্টবস্তু লাভে নিজের সৌড়াগ্য, রূপতারুণ্য, গুণ, সর্বোত্তম-আশ্রয় আদি অবলম্বনে অপরকে যে অগহেলা, তাই হচ্ছে গর্ব। এতে স্তৃতিবাক্য, উরে না দেওয়া, নিজাস-দর্শন, নিজের অভিপ্রায় আদি গোপন এবং অন্যের কথা না শোনা প্রভৃতি লক্ষ্ম বর্তমান।

গ্লোক ১২৮

জর-জর হৈল প্রভু ভাবের প্রহারে। ভূমিতে পড়িল, শ্বাস নাহিক শরীরে॥ ১২৮॥

শ্লোকার্থ

এভাবেই ভাবের প্রহারে খ্রীচৈতন্য মহাপ্রভুর দেহ জন্ম-জন্ন হল। তার ফলে তিনি ভূমিতে পড়লেন এবং তাঁর নিঃশাস-প্রশাসের ক্রিয়া প্রায়ই যন্ধ হয়ে গোল।

শ্লোক ১২৯

দেখিয়া চিন্তিত হৈলা যত ভক্তগণ। আচন্দিতে উঠে প্রভূ করিয়া গর্জন ॥ ১২৯ ॥

<u>হোকার্থ</u>

শ্রীটেতন্য মহাপ্রভুর অবস্থা দেখে সমন্ত ভক্তরা অত্যন্ত উৎকণ্ঠিত হলেন। তখন হঠাৎ মহাপ্রভু গর্জন করতে করতে উঠে দাঁড়ালেন।

প্লোক ১৩০

'বল্' 'বল্' বলে, নাচে, আনন্দে বিহুল।
বুঝন না যায় ভাব-তরঙ্গ প্রবল ॥ ১৩০ ॥

রোকার্থ

উঠে দাঁড়িয়ে মহাপ্রভু বলতে লাগলেন, "বল। বল।" এভাবেই তিনি আনলে বিহুল হয়ে নাচতে লাগলেন। এই প্রবল ভাবতরঙ্গ খে কিভাবে মহাপ্রভুর অন্তরকে উদ্বেলিত করছে, তা কারও পক্ষেই বোঝা সম্ভব ছিল না।

শ্লোক ১৩১

নিত্যানন্দ সঙ্গে বুলে প্রভুকে ধরিঞা। আচার্য, হরিদাস বুলে পাছে ত' নাচিঞা ॥ ১৩১ ॥

হোকার্থ

নিতানন্দ শ্রভু শ্রীচৈতন্য মহাপ্রভুকে ধরে রইলেন যাতে তিনি পড়ে না যান এবং অধৈত আচার্য প্রভু ও হরিদাস ঠাকুর তাঁদের পিছনে পিছনে নাচতে লাগলেন। শ্লোক ১৩২ এই মত প্রহরেক নাচে প্রভু রঙ্গে। কভু হর্ষ, কভু বিষাদ, ভাবের তরজে ॥ ১৩২ ॥

শ্লোকার্থ

এভাবেই কখনও হর্ষ কখনও বিষাদের তরঙ্গে উদ্বেলিত হয়ে মহাপ্রভু প্রায় তিন ঘণ্টা ধরে নৃত্য করলেন।

শ্লোক ১৩৩

তিন দিন উপবাসে করিয়া ভোজন । উদ্দশু-নৃত্যেতে প্রভুর হৈল পরিশ্রম ॥ ১৩৩ ॥

হোকার্থ

"ভঙ্জি ও প্রীতি সহকারে কেউ যদি আমাকে একটি পাতা, একটি ফুল, একটি ফল ও একটু জল দেয়, তা হলে আমি তা গ্রহণ করি।" তগকান পূর্ব এবং তাই তিনি ডাজেন নিবেদিত সমস্ত্র ভোগসামগ্রী গ্রহণ করেন। কিন্তু তার চিশায় হস্তুস্পর্লো সমস্ত খাসায়বা শেষনটি দেওয়া হয় তেমনটিই রয়ে যায়। কেবল ওণগতভাবে তার পবিবর্তন হয় যাত্র। নিবেদন করার পর তা চিশায় প্রসাদে রাগান্তরিত হয়। ভাগবান ঘেহেতু পূর্ব, তাই ভোগসামগ্রী গ্রহণের পরেও তা তেমনই খেকে যায়। পূর্ণস্য পূর্ণমালর পূর্ববের উচ্ছিত্ত তালাতভাবে জীক্ষা থেকে অভিন্ন, শ্রীকৃষ্য যেনন অব্যান, শ্রীকৃষ্যের উচ্ছিত্ত জীক্ষা থেকে অভিন্ন হথেয়ার ফলে তা অব্যান। আন তা ছাড়া, শ্রীকৃষ্য তার যে কোন অপ্রাকৃত ইন্রিয়া দিয়ে আহার করতে পারেন তিনি চোগ দিয়ে দেখে অব্যা কেবল হাত দিয়ে স্পর্শ করার মাধ্যমেও আহার করতে পারেন তা বলে মনে করা উচ্চিত নয় যে, শ্রীকৃষ্যের আহার করার প্রয়োজন রয়েছে। তিনি সাধারণ নানুষ্যের মতো ক্ষার্ত হন না, কিন্তু তবুও তিনি ক্ষ্যার্ত ইন্রিয়ের ধারা অনুভব করের এবং তাই তিনি যে কোন পরিমাণে আহার করতে পারেন। শ্রীকৃষ্যের ভোজন করার বাংগারের মারা অনুভব

भिवा 8

করতে পারি নিরন্তর ভগবৎ-সেবায় নিযুক্ত খাকার ফলে আমানের ইন্দ্রিয়তালি যকা পবিত্র হয়, তখন আমরা শ্রীকৃষ্ণের নাম, রূপ, গুণ, লীলা, পরিকর ও বৈশিষ্ট্য ভাগি সর বিশ্বই হাদয়ক্ষম করতে পারি

> थणः थीकुरूनामपि म जरकाशाशिविदेवः । म्मान्य हि विद्यापी साध्यव कुतानुषः 🛊

"জড় ইন্দ্রিয়ের হারা কেউই শ্রীকৃষ্ণকে উপদব্ধি করতে পারে না। কিন্তু ভডের সেবার সম্বাধী হলে ভগবান সমাং তাঁর ভাতের কাছে নিজেকে প্রকাশ করেন।" (ভাক্তিরসায়ভাসিত্ব পূর্ব ২/২৩৪) ডন্ডরা উপলব্ধির মাধ্যমে শ্রীকৃষ্ণকে জানতে পারেন। ভক্তিবিহীন জড়বাদী পণ্ডিতেরা কখনও তাদের গবেষণার মাধ্যমে শ্রীকৃক্ষ এবং তাঁর লীলা হলয়ক্ষম করতে शीद्ध ना

#### ৰোক ৭৮

ইহা অনুভব কৈল মাধৰ গোলাঞি । তাঁর ঠাঞি গোপালের লুকান কিছু নাই и ৭৮ ॥

শ্ৰীগোপাল যে কিডাবে সৰ কিছু আহার করলেম এবং আহার করা সত্ত্বেও কিডাবে সব কিন্তুই যেমনটি ছিল ডেমনটিই রয়ে গেল, তা একমাত্র শ্রীমাধবেল্ল পুরীই অনুভব করলেন। তাঁর মতো ভজের কাছে গোপালের ল্কানো কিছুই নেই।

#### শ্ৰোক ৭৯

अकपिरनत डिम्रवार्श औरक् भरशक्तव रेकन । গোপাল-প্রভাবে হয়, জনো না জানিল 🛚 ৭৯ 🗈

#### লোকার্থ

একদিনের উদ্যোগে শ্রীগোপালের শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা ও সেই অপূর্ব মহোৎদৰ হরেছিল এবং তা গোপালেরই প্রভাবে সম্পাদিত হয়েছিল। ভক্ত ছাড়া জন্য কেউ এই কথা বুঝাতে পারল সা।

#### ভাহপর্য

অভি অল্প সময়ের মধ্যে (কেবলমাত্র গাঁচ বছরের মধ্যে) কৃষ্ণভাবনামত আন্দোলন সারা পৃথিবী জুড়ে প্রচারিত হয়েছে এবং তা দেখে সাধারণ মানুষ জত্যন্ত আশ্চর্মারিত হয়েছে। কিন্তু, খ্রীট্রেডন্য মহাপ্রভূব কৃপার আমরা বুরতে পারি যে, শ্রীকৃষ্ণের কৃপার সর্বই সপ্তব। পাঁচ বছর কেন? কেবলমাত্র পাঁচদিনের মধ্যেই তিনি তাঁর মানের মহিমা সারা পৃথিবীতে ছড়িয়ে দিতে পারেন। খ্রীকৃষ্ণের প্রতি খাদের শ্রদ্ধা ও ভক্তি রয়েছে তারা বুবতে পারেন যে, ব্রীটেডনা মহাপ্রভুর কৃপায় এই রকম অলৌকিক কার্য সম্ভব। আমনা কেকল ভার

হাতের হাতিমান বিশেষ। মাত্র স্মাঠারো দিনব্যাপী কুরুক্তেরেও ভয়ংকর যুদ্ধে অর্জুনের सत्र स्टाइन, रकन ना क्षेकुक डांटक कृषा करताइस्तान।

> वय वारभनावः कृरस्य यव भारती धनर्धवः । **छब नीर्विकता एडिइन्स नीरिप्रियम ॥**

"বেখানে ব্যেপেশ্বর কৃষ্ণ এবং ধনুর্ধর অর্জুন রয়েছেন, সেখানেই শ্রী, ঐশ্বর্ধ, বিজয়, অসাধারণ শক্তি ও নীতি বিরাজ করছে। এটিই হচ্ছে আমার মড।" (ভগবদ্গীতা

কুক্তভাবনামূত আন্দোলনের প্রচারকেরা যদি ঐকাত্তিক কুক্তভক্ত হয়, তা খলে শ্রীকৃষ্ণ সর্বদাই তাদের সঙ্গে থাককেন , কারণ তিনি তার ডক্তদের প্রতি অত্যন্ত কলা লরায়ণ ७ धनुकृषः कुक्रक्करतत युद्ध स्थमन धर्म्न ७ बीकृरकात क्या इसाहिल এहे कुककारनामुख कार्रसामात्मसङ विक्षंत्र एउधनदै करुगासावी, यपि व्यावस एगवार्त्मस ঐकास्तिक ভক্ত ইই এবং আমাদের পূর্বতন আচার্যবর্গের (খড়লোম্বামী এবং ভগবানের অন্যান্য ভাজদের) নির্দেশ অনুসারে ভগবানের দেবা করি, জীল নরোন্তম দাস ঠাকুর গেয়েছেন— **जैत्मत इत्रम स्मिने' एक मत्न वाम। जनस्य कानस्य दस् धारै व्यक्तिवादः कृषाकाराध्यः** ভক্তদের আদর্শ কর্তব্য হচ্ছে অন্যান্য ভক্তদের সন্ধ করা। *ভক্তসনে বাস*—ভারা কুব্যকাবনামূত সংখ বা আন্দোলনের বাইরে কোথাও যেতে পারেন না সংযের মধ্যে পেকে আমাদের সারা পথিবী জুড়ে শ্রীচেতন্য মহাপ্রভুর সংকীর্তন আন্দোলন প্রচার করে এবং তাঁর নাম ও ফশ বিজ্ঞার করে পূর্বতন আচার্যবর্গের সেবা করা উচিত তক্তদের সাথে আমরা যদি ঐকান্তিকভাবে চেটা করি, তা হলে তা সফল হবেই কিভাবে যে তা সম্বৰ হলে সেই জনা আমানের জন্ধনা-ক্রমনার প্রয়োজন নেই। কিন্তু শ্রীকুমের কুলায় নিঃসম্বেহে তা হবেই।

> লোক ৮০ चाठमन निम्ना निम विकक-अध्यय । আর্ডি করিল, লোকে করে জয় জয় 🏗 ৮০ 🕽

#### লোকার্ছ

শ্রীমাধবেন্ত পূরী রোপালকে মূখ খোদার জল দিলেন এবং ঠাকে তাদ্বল নিবেদন করলেন। ভারপর, আরম্ভি করার সময় সমস্ত লোক 'জয়, শুয়।' ধ্বনি দিয়েছিল।

#### হৌক ৮১

শব্যা করাইল, নুডন খাট আনাঞা ৷ নৰ বস্ত্ৰ জানি' ভার উপরে পাতিয়া 🛭 ৮১ 🗓

#### হোকার্থ

নতুন খাট এনে শ্রীমাধবেন্দ্র পূরী খোপালের শয্যা রচনা করনেন এবং নতুন বস্ত্র এনে তিনি ভার উপরে পেতে দিলেন।

**76:5: 対: 5/58** 

প্ৰেক ৮৭]

গ্ৰোক ৮২

ড়ণ-টাটি দিয়া চারিদিক আবরিল । উপরেতে এক টাটি দিয়া আক্রাদিল 1 ৮২ চ भिषा ह

শ্লোকার্থ

চাটাই (খাসের তৈরি বেড়া বিশেষ) দিয়ে চারলাশ ঘিরে একটি অস্তারী মন্দির তৈরি করা হল এবং তার উপরিভাগত একটি চাটাই দিয়ে আজামিত করা হল।

cella bo

পুরী-গোসাঞি আজ্ঞা দিল সকল ব্রাহ্মণে । আ-বাল-বৃদ্ধ গ্রামের লোক করাহ ভোজনে 1 ৮৩ B

ভগবানকে শহ্যায় শরম দেওয়ার পর, যাধকের পুরী সমস্ত ব্রাক্তগদের ভেকে নির্দেশ নিলেন, "এখন গ্রামের জাবাল-বৃদ্ধবনিতালের এই মহাপ্রসাদ ভোজন করাও।"

শ্ৰৌক ৮৪

সৰে বসি' ক্লমে ক্ৰমে ভোজন করিল। ব্ৰাহ্মণ-ব্ৰাহ্মণীগৰে অংশে খাওয়াইল 🛢 ৮৪ 🖫

সকলে বলে ক্ৰমে ক্ৰেমে ভোজন কৰলেন। ত্ৰাক্ষণ-প্ৰাক্ষণীদেও সহাত আলো थें ७ शास्त्रा हुन ।

ভাৎপর্য

বর্ণাত্রম-ধর্মে রাক্ষণদের সবার আগে সম্মান জানানো হয়: তাই সেই উৎসবে রাধাণ এবং তাদের পদ্মীদের প্রথমে মহাপ্রসাদ দেওয়া হয়েছিল এবং তারপর অন্যানাদেব (করিয়, বৈশ্য ও শৃপ্রদের) মহাপ্রসাদ দেওয়া হয়েছিল এই প্রথা চিরুকাল চলে আসছে এবং জাতি ব্রাহ্মণেরা ব্রাক্সণোচিত ওগে ওগাছিত না হলেও, ডারতবর্তে এই প্রথা আজও প্রচলিত আছে, তার কারণ হঙ্গে ভারতবর্বে এখনও বর্ণাশ্রম-শ্রথা অনুসরণ করা হয়।

(ब्राक् १५५

অন্য গ্রামের লোক যত দেখিতে আইল । গোপাল দেখিয়া সবে প্রসাদ খাইল 11 ৮৫ 1

দ্রোকার্থ

কেবলমাত্র গোবর্থন-প্রামের লোকেরাই প্রসাদ শেকেন না, অন্যান্য গ্রামের যত লোক সেখানে উপস্থিত হয়েছিলেন, তারা সকলেই সোপাল-বিপ্লক্ দর্শন করে প্রসাদ পেমছিলেন

ক্রোক ৮৬

দেখিয়া পুরীর প্রভাব লোকে চমৎকার । পূৰ্ব অৱকৃট যেন হৈল সাকাৎকার ৷৷ ৮৬ ৷৷

শ্লোকার্থ

শ্ৰীৰ মাধবেন্ত পুরীর প্রভাব দেখে, সেখানে উপস্থিত সকলে চমধ্যুত হলেন কৃষ্ণনীলায় বে অন্তক্ট মহোৎসৰ হয়েছিল, শ্রীমাধবের পুরী প্রভুর কৃপায় তাঁরা যেন সাক্ষাৎ সেই অরকৃট মহোৎসবই দর্শন করলেন।

ভাৎপর্য

পূর্বে দ্বাপর যুগের শেষে, সমস্ত ব্রজ্ঞবাসীরা যখন ইন্দ্রপূত্তার আয়োজন করেছিলেন, তথন কিন্তু ওান্তা শ্রীকৃষ্ণের নির্দেশ অনুসারে ইন্দ্রপূজার পরিবর্তে গাড়ী, রান্ধণ ও গোবর্ধন পর্বতের পুরা করেছিলেন। সেই সময় শ্রীকৃষ্ণ নিজেকে বিকার করে ঘোষণা করেছিলেন, "আমি হাজি বিরিলোকর্মন।" এভাবেই তিনি গোবর্মন পর্বতকে নিমেদিত সমস্ত নৈবেদ্য গ্রহণ করেছিলেন। *শ্রীমন্ত্রাণবতে* (১০/২৪/২৬, ৩১-৩৩) বর্ণনা করা হয়েছে—

> शहासार विविधाः भाकाः मृशासार भागापग्रः । मस्यावान्त्रमञ्जूमाः भवत्यादम्क गृहाजाम् ॥ कामाचमा छनवडा भद्रमर्गर क्रियारमडा । *द्यालर मिनगा मन्त्रामा। माथरगङ्ख छर्का ॥* छवा इ मानमुः सर्वर यथाव यमुसमा । बार्गतिका बजारामर जक्तरग्रं गितिकिकान् ॥ **डेन्ड्र**ल क्ष्मीन प्रवासमुख स्वप्तर ग्वाम् । (जायनानि जुतक्छ) शिर्तिः ठकुप श्रमकियम् ॥

" 'মুগ ভাল বেকে ওরু করে পায়েস পর্যন্ত এবং গোধুমজ্ঞাত নিঠে, শঙ্কলি প্রভৃতি পাক করা হোক এবং সমস্ত বজবাসীদের দোহন কত দুধ, দই প্রভৃতি এখানে আনয়ন করা COPP I' "

"কালরূপী ভরবান ইন্দ্রের বর্বনাশের জন্য এরূপ বললে, তা ওনে নন্দ মহারাজ আদি প্রেলের। সম্যুক্তাবে তা প্রহণ করলেন এবং ডখন ত্রীকৃষ্ণের উপদেশ অনুসারে সমস্ত অনুষ্ঠান করা হল। স্বস্তায়ন পাঠ করিছে ইন্ত্রযুক্তের উপকরণ দিয়ে তাঁরা গিনি গোবর্ধন ও ব্রাহ্মণদের পূজা করে সাদরে গাড়ীদের ডুগ প্রদানপূর্বক সম্মুখে রেখে গিরি গোবর্ধন প্রদক্ষিণ করলেন।"

> শ্ৰোক ৮৭ ज्वका बा<del>धार्य भूती देवधव कतिन ।</del> সেই সেই সেবা-মধ্যে সৰা নিয়োজিল 🕦 ৮৭ 🗓

সেখানে উপস্থিত সমস্ত ব্রাহ্মণদের মাধবেন্দ্র পরী দীক্ষা দান করে বৈফাবে পরিবত করলেন, এবং ভাদের ভিন্ন ভিন্ন সেবায় নিয়োজিত করলেন।

শান্তে উল্লেখ করা হয়েছে, *ষটুকর্মনিপূদো বিশ্রো মন্ত্রগুরিশারদঃ*। যোগ্য রক্ষাণকে ব্রান্সণোচিত বৃত্তিমূলক কার্যে দক্ষ হতে হবে উক্ত প্লোকে ব্রান্সণের দ্বাটি কর্তব্যের কথা উল্লেখ করা হয়েছে: *পঠন* মানে হচ্ছে ব্রাক্ষণকে অবশাই বৈদিক পারে পারন্দরী। হতে হবে। *পাঠন,* অর্থাৎ অনামের বৈধিক শান্তজ্ঞান শিক্ষা দিতে সমর্থ হতে হবে। *যজন* व्यर्थार छशवात्मत विक्रिप्त विश्वष्ट ब्याहारूतात ७ वर्षीय व्याहारू-व्यनक्षात्म (यस मञ्जादान) पक २(७ १८४) । এই यर्कार करा नमार्कार माधायकच दानाए कदित, देवन्। ७ नशरपुर कान; अथाङ देवनिक धर्मीय धनुकोत्मत भतिहानमा करतन। এটিकে वला ह्या *शकान*, अर्थार অন্যদের ধর্ম-অনুষ্ঠানে সহায়তা করা। বাকি দৃটি কর্তব্য হক্ষে *দান* ও *পরিগ্রহ*। ত্রাদাণ ডাঁর অনুশামীদের কাছ থেকে, বিশেষ করে ক্ষত্রিয়, বৈশ্য এবং শৃপ্তদের কাছ থেকে নিবেদিত বস্তু গ্রহণ করেন। কিন্তু ডিনি সমস্ত টাকা রেখে দেন না। যডটুকু দথকার তত্টবৃদ্ধ কেবল তিনি ব্লাদেন এবং তার প্রয়োজনের অভিবিক্ত যা কিছ তা সবই তিনি দান করে দেন:

**छगवात्मत श्रीविधारक व्यर्कन कराज राम. और भवामक रामाणा-अन्यक वाधानास्त्र** ভাষশ্যই বৈধ্যা হতে হবে এভাবে আমন্ত্র দেখতে পাই যে, বৈঞ্জের হান এখাণের থেকেও উচ্চে। মাধবের পুরীর দেওয়া এই দৃষ্টার্থটি প্রতিপর করে যে, যোগ্যতা-সম্পন্ন সুদক্ষ ব্রাহ্মণও নৈক্ষথ-মন্ত্রে দীক্ষিত না হলে, বিশ্বুচ-কিন্নাহর স্থেক হতে পারেন না বা তার পূজা-অর্চনা করতে পারেন না খ্রীগোপাল-বিগ্রহ প্রতিষ্ঠা করতে পর মীল মাধরেন্দ্রপুরী সমন্ত ব্রাহ্মণদের বিশ্বমন্ত্রে দীকা দিয়েছিকে। তালন্ত্র তিনি বিভিন্ন ব্রহমণুকে শ্রীবিপ্রচের বিভিন্ন সেবা দলে করেছিলেন। ভোর চারটে থেকে রাত দর্শটা পর্যন্ত মেলক আরতি থেকে শয়ন আরতি পর্যন্ত) অভ্যতপক্ষে পাঁচ-মাজন ব্রাক্ষণতে শ্রীবিহারের ভরষধান করতে হয় সন্দিরে ছয়বার আরতি করা হয় এবং বছবার ভোগ নিকেন করা হয়। তা ছাড়া প্রসাদও বিতরণ করতে হয় পূর্বতন আচার্যেরা এভাবেই শ্রীবিশ্রহের অর্চনা করার পদ্ধতি প্রদান করে গেছেন আমাদের সম্প্রদায় মধ্য-সম্প্রদায়ের অন্তর্ভক। মাধ্যেন্ড পুরীর ধারায় অবস্থিত। আমরা প্রীচৈতন্য মহাপ্রভর পরস্পরার অন্তর্ভক, বিনি শ্রীপাদ মাধবেন্দ্র পুরীর শিষ্য শ্রীক ঈশবপুরীর কাছ থেকে দীক্ষা গ্রহণ করেছিলেন। তাই আমাদের সম্প্রদায়কে সৌডীয় সম্প্রদায় বলা হয় সেই জন্য আনাদের নিষ্ঠা সহকারে শ্রীমাধনেন্দ্র পুরীর পদায় অনুসরণ করা কর্তব্য এবং মাধ্যবেন্দ্র পুরী কিভাবে গোবর্থন পর্বতের উপরে গোপাল বিগ্রহ প্রতিষ্ঠা করেছিলেন এবং একদিনের মধ্যে অন্তর্কট মহোৎসবের আয়োজন করেছিলেন, তা সবই নিষ্ঠা সহকারে পালন করা উচিত। আমেবিকা, ইউরোপ আদি ঐশ্বর্যশালী দেশওলিতে ফখন শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করা হয়, ডখন

যেন শ্রীমাধনেন্দ্র পুরীর নির্দেশ অনুসারে শ্রীবিশ্রহ প্রতিষ্ঠা করা হয় শ্রীবিশ্রহের সেবকেরা ন্দের অবলাই স্যোগ্য ব্রাথাণ হয়, বৈঞ্জােচিত আচরণ প্রায়ণ হয়, বিশেষ করে মন্দিরে কোন ভাকে বিপ্রহ দর্শন করতে এলে উাদের যেন যথাসম্ভব প্রসাদ দেওয়া হয়

শ্রোক ৮৮

পুনঃ দিন-শেবে প্রভুর করাইল উত্থান ৷ কিছু ভোগ লাগাইল-করাইল জলপান ৷৷ ৮৮ ৷৷

হোকার্থ

দুপুরবেলা একটু শয়ন করার পর শ্রীবিগ্রছ বিকেলে জেগে ওঠেন, তথন তাঁকে কিছু প্রোগ ও পানের জন্য ক্লল নিবেদন করা হয়।

ভাৎপর্য

এই নিকেনটিকে বলা হয় বৈকালিক-ভোগ

শ্ৰেক ১১]

শ্ৰোক ৮৯

সোপাল প্রকট হৈল,—দেশে শব্দ হৈল আশ-পাশ আমের লোক দেখিতে আইল ৷৷ ৮৯ ৷৷

য়োকার্থ

व्यापानात्म्यका शक्ये इध्यात मरबार यथन नर्वत्र शहातिष्ठ रून, खबर हातिरिका नगर গ্রাম থেকে লোকেরা সেই জীবিগ্রহ দর্শন করতে এল

গ্রোক ১০

একেক দিন একেক গ্রামে লইল মাগিএল। ख्यक्षे करत जरूब इत्रविख इ**्**का ॥ ७० ॥

এক-এক আমের লোকেরা এক-এক দিন অন্নকট মহোৎসব অনুষ্ঠানের সমস্ত আয়োজন করার জন্য শ্রীল মাধবেন্দ্র পুরীর কাছে জনুমতি ভিক্ষা করল। এভারেই তারা দিনের পর দিন মহা আনক্ষে অবকৃট মহোৎসব অনুষ্ঠান করতে লাগল।

(副本 97

রাত্রিকালে ঠাকুরেরে করাইয়া শয়ন ৷ পুরী গোসাঞি কৈল কিছু গব্য ভোজন ৷৷ ৯১ ৷৷

बीन भाषत्वसभूती मातापिन किंचू द्यालन ना, क्वल तांत्रि द्यलाग्र वीविधाश्यक गरान দেওয়ার পর একট গব্য (দক্ষজান্ত দ্রব্য) প্রহণ করলেন।

মিধা ৪

# শ্রোক ৯২

প্রাতঃকালে পুনঃ তৈছে করিল সেবন । অন্ন লঞা এক গ্রামের আইল লোকগণ ॥ ৯২ ॥

## শ্ৰোকাৰ

পরের দিন সকালবেলায় আবার তিনি সেভাবেই শ্রীবিগ্রহের সেবা করলেন, এবং বিবিধ ভোগ-সামগ্রী নিয়ে এক গ্রামের লোকেরা এল।

# শ্লোক ৯৩

অন্ন, মৃত, দধি, দুগ্ধ,—্গ্রামে ষত ছিল । গোপালের আগে লোক আনিয়া ধরিল ॥ ৯৩ ॥

### শ্ৰোকাৰ্থ

তাদের গ্রামে যত অর, মৃত, দধি, দুর্ম ছিল, তা স্ব নিয়ে এমে তারা গোপালের সামনে

# তাৎপর্য 🖟

ভার, ঘৃত, দধি ও দুর্ম হচ্ছে সমস্ত খাদ্যপ্রবোধ মূল উপাদান। ফল-মূল ও শাকসবজি হচ্ছে সম্পূরক। ভার সবজি ঘি, দুধ ও দই থেকে শত শত রকমের আহার্য প্রস্তুত করা যায়। তামকূট মহোৎসবে গোপালকে নিবেদিত ভোগে কেবল এই পাঁচ প্রকার উপাদানই ছিল। আসুরিক ভাবাপন্ন লোকেরা কেবল জন্য সমস্ত খাদ্যের প্রতি আকৃষ্ট হয়, যেওলির কথা এই সম্পর্কে উল্লেখ পর্যন্ত আমরা করব না। আমাদের কেবল বোঝা উচিত যে, পৃষ্টিকর আহার্য তৈরি করতে কেবল অয়, দুধ, দই, ঘি, শাকসবলি ও ফল-মূল প্রয়োজন হয়। এ ছাড়া অন্য কিছু খ্রীবিগ্রহকে নিবেদন করা যায় না। খ্রীবিগ্রহকে যা নিবেদিত করা হয় না তা বৈশ্বব বা সনচারী মানুষ গ্রহণ করেন না। সরকারের খাদ্যনীতির বিষয়ে মানুষ নিরাশ হচ্ছে, কিন্ত বৈদিক শান্ত থেকে আমরা দেখতে পাই যে, যদি যথেষ্ট গাভীও অয় থাকে, তা হলে সমস্ত খাদ্য-সমস্যার সমাধান হয়। ভগবদ্গীতায় তাই নির্দেশ দেওয়া হয়েছে যে, বৈশ্যরা কৃষি ও গোরক্ষা করবেন। গাভী হচ্ছে অত্যন্ত গুরুত্বপূর্ণ পত, কেন না সে সূবম খাদ্য দুধ উৎপাদন করে, যা থেকে আমরা থি ও দই আদি তৈরি করতে পারি।

মানব-সভ্যতার পূর্ণতা নির্ভর করে কৃষ্ণভাবনামৃতের উপর, যা ভগবানের খ্রীবিগ্রহের আরাধনা করার নির্দেশ দেয়। দৃধ, দই, ঘি, আর ও শাকসবঞ্জি থেকে বিভিন্ন খাদ্যদ্রব্য তৈরি করে ভগবানকে নিবেদন করা হয় এবং তারপর তা বিতরণ করা হয়। এখানে আমরা প্রাচ্যের সঙ্গে পাশ্চাত্যের পার্থক্য দেখতে পাই। যারা গোপালের খ্রীবিগ্রহ দর্শন করতে এসেছিলেন, তাঁরা গোপালকে নিবেদন করার জন্য সব রক্ষমের খাদ্যদ্রব্য নিয়ে এসেছিলেন। তাঁদের ভাতারে যত খাদ্যদ্রব্য ছিল তা সব নিয়ে এসে তাঁরা শ্রীবিগ্রহকে

নিবেদন করেছিলেন এবং তাঁরা সব কিছু এনেছিলেন কেবল নিজেরা প্রসাদ প্রহণ করবেন বলে নয়, সকলকে প্রসাদ বিভরণ করার জন্যও। খাদ্যদ্রব্য প্রস্তুত করে, তা জনসাধারণের কাছে বিভরণ করার পথা কৃষ্ণভাবনামৃত আন্দোলন খুবই গুরুত্বপূর্ণভাবে অনুমোদন করে। পাপপূর্ণ আহারের অভ্যাস এবং অন্যান্য আসুরিক আচরণ বন্ধ করার জন্য এই পছাটির প্রচার সারা পৃথিবী জুড়ে হওয়া উচিত। আসুরিক সভ্যতা কখনও এই জগতে শান্তি আনতে পারে না। যেহেতু আহার হচ্ছে মানব-সমাজের প্রধান প্রয়োজন, তাই যাঁরা ভগবানকে নিবেদিত প্রসাদ বিভরণ করার মাধ্যমে পৃথিবীর সমস্যা সমাধান করতে তৎপর হয়েছেন, তাঁদের কর্তব্য হচ্ছে মাধবেল্ল পুরীর পদান্ধ অনুসরণ করে অন্নকৃষ্ট মহোৎসবের আয়োজন করা। মানুর যখন কেবল ভগবানকে নিবেদিত খাদ্যদ্রব্য প্রসাদরূপে গ্রহণ করেব, তখন তারা তাদের সমস্ত আসুরিক প্রবৃত্তিগুলি পরিত্যাগ করে বৈশ্ববে পরিণত হবে। মানুর যখন কৃষ্ণভাবনাময় বিষ্ণুব সর্বৃত্তিগুলি পরিত্যাগ করে বৈশ্ববে পরিণত হবে। মানুর যখন কৃষ্ণভাবনাময় বৈষ্ণুব সর্বৃত্তিগুলি পরিত্যাগ করে বিশ্ববে কৃষ্ণভাবনাময় হয়ে উঠবে। কৃষ্ণভাবনাময় বৈষ্ণুব সর্বৃত্তিগুলি সর্বান্তির জনসাধারণ অবশাই পুণ্যবান হয়ে ওঠে। তখন আর তারা সমাজের উৎপাত-স্বরূপ অসুরে পৃরিণত হয় না। তখনই ক্রেল সমাজের যথার্থ শান্তি ও সমৃদ্ধি আসে।

# শ্লোক ৯৪ পূর্বদিন-প্রায় বিপ্র করিল রন্ধন । তৈছে অন্নকৃট গোপাল করিল ভোজন ॥ ৯৪ ॥

# **হোকার্থ**

প্রায় আগের দিনের মতো পরের দিনও ব্রাহ্মণেরা রামা করলেন এবং সেভাবেই আরক্ট মহোৎসব করা হল। পূর্বদিনের মতেই সেদিনও গোপাল তাঁকে নিবেদিত সমস্ত ভোগ গ্রহণ করলেন।

# শ্লোক ৯৫

ব্রজবাসী লোকের কৃষ্ণে সহজ পিরীতি। গোপালের সহজ-প্রীতি ব্রজবাসী-প্রতি॥ ৯৫॥

# শ্লোকার্থ

কৃষ্ণভণ্ডি অনুশীলন করার আদর্শ স্থান হচ্ছে ব্রহ্মভূমি বৃদ্ধাবন, যেখানে মানুষ স্থাভাবিকভাবে শ্রীকৃষ্ণের প্রতি প্রীতি পরায়ণ এবং শ্রীকৃষ্ণও ব্রহ্মবাসীদের প্রতি স্থাভাবিকভাবেই প্রতি পরায়ণ।

# তাৎপর্য

ভগবদ্গীতায় (৪/১১) বলা হয়েছে—যে যথা মাং প্রপদাত্তে তাংক্তথৈব ভন্তামাহম্। প্রমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ এবং তার ভক্তদের মধ্যে এক প্রতিবেদনশীল সহযোগিতার

(31年 504]

ভাব রয়েছে। ভক্ত যতই ঐকান্তিকভাবে শ্রীকৃষ্ণকে ভাগবাসেন, শ্রীকৃষ্ণক ভতই ভার প্রতি আকৃষ্ট হন ভক্তের সঙ্গে ভগবানের এই ভাব বিনিময় এওই প্রবল হয় হে, মহান ভগবস্তুক্তেরা শ্রীকৃষ্ণের সঙ্গে মুপোমুখি কথা বলতে পারেন। এই সম্পর্কে শ্রীকৃষ্ণ ভগবদ্*গীতায়* (১০/১০) বলেছেন—

> তেবাং সতত্ত्বভূদাং ছক্ততাং গ্রীতিপূর্বকৃষ্। দদমি বৃদ্ধিযোগং তং যেন মামূলবাতি তে 🌡

"যারা প্রীতি সহকাবে সর্বদা আমার ভজনা করে, আমি তাদের বৃদ্ধিযোগ প্রদান করি, যার ফলে তারা আমার কাছে আসতে পারে।" মানব-জীবনের প্রকৃত উদ্দেশা হছে প্রীপৃষ্ণকো জানা এবং তার প্রকৃত আদার ভগবং-খামে ফিন্তে যাওয়া। তাই থারা ঐকান্তিক প্রদান জানা এবং তার প্রকৃত আদার ভগবং-খামে ফিন্তে যাওয়া। তাই থারা ঐকান্তিক প্রদান ও প্রীতি সহকারে ভগবনের সেবায় মৃত, তারা জীক্ষেরের সথে কথা করতে পারের এবং প্রীকৃষ্ণের নির্দেশ প্রহণ করতে পারের, যার ফলে তারা অচিনেই তাদের প্রকৃত আদার ভগবং-খামে ফিন্তে যেতে পারের। আজকাল কর পণ্ডিত থর্মতত্ত বিজ্ঞানের পালসমর্থান করের এবং ভগবান সম্বন্ধে তাদের কিছু ধারণাও রয়েছে, কিছু পর্যান্থার ভগবান সম্বন্ধে তালের করে বাক্যানিক অভিজ্ঞানা-বিহীন ধর্ম কোন করেই নম। প্রীমন্তাগবতে এই ধরনের ধর্ম-আচহণকো কৈতক বলে ধর্ণনা করা হয়েছে ধর্ম মানে হতেহ পর্যান্থার ভগবান প্রমান্তির বাক্যান করা হয়েছে ধর্ম মানে হতেহ পর্যান্থার ভগবান শ্রীকৃষ্ণের নির্দেশ পালন করা। কেউ যদি তার সঙ্গে কথা করের এবং তার কাছ থেকে শিক্ষা করার যোগ্যন্তা অর্থন না করে থাকে, তা হলে সে কিভাবে ধর্মতন্ম হানয়লম করবে ছ তাই কৃষ্ণভাবনামূল ছাড়া যে ধর্ম আলোচনা বা ধর্মীয় অভিজ্ঞতা তা কেবল সমানের অপ্রান্ধ মান্তা

শ্লোক ১৬

মহাপ্রসাদ খাইল আসিয়া সব লোক ৷ গোপাল দেখিয়া সবার খতে দুঃখ-শোক ৷৷ ৯৬ ৷৷

গ্ৰোকাৰ্থ

বিভিন্ন গ্রাম থেকে বহু লোক শ্রীলোপালের শ্রীবিগ্রাই দর্শন করতে এল এবং ভারা সকলে প্রচুর পরিমানে মহাপ্রসাদ দেবন করল। যখন তারা গোপালের অপূর্ব সুন্দর রূপ দর্শন করণ, তখন তাদের সমস্ত দুঃখ ও শোকের নিবৃত্তি হল।

শ্লোক ৯৭

আশ-পাশ ব্ৰঞ্জত্মের কত গ্রাম সব । এক এক দিন সবে করে মহোৎসব ॥ ৯৭ ॥

গ্ৰোকাৰ্য

ব্ৰজভূমির আশে-পাশে সমস্ত গ্রামথনি গোপালের আবির্ভাবের কথা জানতে পারল এবং

সেই সমস্ত প্রামের সমস্ত মানুদেরা ভাঁকে দেখতে এল। দিনের পর দিন তাঁরা অন্নকৃট মহোৎসং করতে লাগল।

> শ্লোক ৯৮ গোপাল-প্ৰকট শুনি' নানা দেশ হৈতে 1 নানা প্ৰব্য লঞা লোক লাগিল আসিতে ॥ ৯৮ ॥

> > প্লোকাৰ্ব

কেবল আর্শে-পাশের এমেণ্ডলি থেকেই নয়, জীগোপালদেবের আবির্চাধের কথা গুনে, নান্য মেল থেকে নান্য রক্তম উপহার সহ লোকেরা জাসতে লাগল।

শ্লোক ১১

মধুরার লোক সব বড় বড় ধনী ৷ ভক্তি করি' নানা দ্রব্য ভেট লেগ্ন আনি' ॥ ১৯ ॥

য়োকার্থ

মধ্রার সমস্ত ধনী সোকেরাও নানা রকম উপহার নিরে এসে, ভক্তিসহকারে সেওলি ভগবানকে নিকোম করলেন।

য়োক ১০০

বর্ণ, রৌপা, বন্ধ, গন্ধ, জন্মা-উপহার । অসংখ্য আইনে, নিত্য বাড়িল ভাণ্ডার ॥ ১০০ ॥

য়োকার্থ

এভাবে অপর্বাপ্ত পরিবাদে সোমা, রূপা, বল্ল, গদ্ধস্থর এবং ভক্ষ্য উপহার-সামন্ত্রী আসতে লাগল। তার কলে গোপাধের ভাণ্ডার প্রতিদিন বাডতে লাগল

হোক ১০১

এক মহাধনী ক্ষত্রিয় করাইল মন্দির । কেহু পাক-ভাণ্ডার কৈল, কেহু ড' প্রাচীর ॥ ১০১ ॥

**টোকার্থ** 

একজন মহান ধনী ক্ষরিয় একটি মন্দির তৈরি করে দিলেন, আর একজন পাকশালা তৈরি করে দিলেন এবং অপর আর একজন প্রাচীর তৈরি করে দিলেন।

**व्योक २०२** 

এক এক বজবাসী এক এক গাড়ী দিল। সহস্ৰ সহস্ৰ পাড়ী গোপালের হৈল ॥ ১০২ ॥

भिषा 8

(新春 70年)

#### শ্ৰোকাৰ্থ

এক একজন বজবাসী এক একটি করে গান্ডী দিলেন। এন্ডাবেই গোপালের হাজার হাজার গাড়ী হল।

#### তাৎপর্য

বিগ্রহ প্রতিষ্ঠা করার এটিই হচ্ছে পছা যদির তৈবি করা এবং মনিবের সমৃদ্ধি বৃদ্ধি করা। ভগবানের মন্দির তৈরির জন্য এবং প্রসাদ বিভরণের জন্য সকলেরই উৎসাহ সচকারে দান করা উচিত ভাকের কর্তন্য ভগবত্তভির কথা প্রচার করা এবং তার ফলে মানুখকে ভগৰানের সেবায় নিযুক্ত করা। ধনী বান্ডিয়াও এই কার্যকলালে অংশগুরুদে আকট্ট হতে পারেন। এভাবে সকলেই পারমার্থিক জীবনে আগ্রহী হবেন এবং সমপ্র সমাজ কৃষ্যভাবনায় পরিণত হবে জড় ইপ্রিয়-তর্গদের বাসনা তথন আলনা থেকেই মন্ত্র হয়ে যাবে এবং তথম ইন্দ্রিয়গুলি এতই পবিত্র হবে যে, সেগুলি ভগবানের সেবায় নিযুক্ত ছতে সক্ষম হবে। *দ্বাধীকেশ হাধীকেশসেবনং ডক্তিরচাতে*। ভগবানের সেবা করার ফলে ইন্দ্রিয়গুলি ধীরে ধীরে পবিত্র হয়। সেই পবিত্র ইন্দ্রিয়গুলি ভগবান লুবীকোশের সেবায় নিযুক্ত করার নাম হচেছ উক্তি। ভগবস্তুক্তির স্বাভাবিক প্রবশত। যথম জাগরিত হয়, তখন পরমেশ্বর ভগবানকে যথায়বভাবে ভালা বয়ে। *ওতনা মামতিজানাতি* যাবান যশ্চান্মি তত্ত:। (ভঃ গীঃ ১৮/৫৫) মানুবকে তাদের ক্ষরের সৃপ্ত কৃষ্ণভঙ্জি জাগরিত করতে সুযোগ দেওয়ার এটিই হলে পছা। এভাবেই মানুব ভাগের জীবন সর্বপ্রোভাবে সর্বাঙ্গসম্পর করে তলতে পারে

# (創本 200 भीए देरेए बोरेना पूरे देवतानी बाकन । পুরী-গোসাঞি রাখিল তারে করিয়া যতন ॥ ১০৩ ॥

#### খোকাৰ

কালক্রমে গৌড়বল থেকে দুইজন বৈরাগী এক্ষণ সেখানে এসে উপস্থিত হলেন এবং মাধবেন্দ্র পরী বন্ধ যক্ত করে উাদের বন্দাবনে রাখলেন।

# (到)年 208 **(मेरे पृरे निया कति' मिवा मधर्गिन ।** রাজ-সেবা হয়,—পুরীর আনন্দ বাড়িল ॥ ১০৪ ॥

#### রোকার্ঘ

শ্রীমাধবেন্দ্র পুরী তাঁদের দীকা দান করে শিবাছে বরণ করেছিলেন এবং তাঁদের বড়ে ভগবানের দৈনন্দিন সেবার ভার অর্থণ করেছিলেন। এভাবে মহা আভূষরে ভগবানের সেবা হতে লাগল এবং তার ফলে মাধবেন্দ্র পুরী অভাস্ক আনন্দিত **হলে**ন।

#### ভাৎপর্ব

সোস্বামীগুল বহু মন্দ্রির প্রতিষ্ঠা করেছিলেন, যেমন—জীগোবিন্দজীর মন্দির, শ্রীগোপীনাথের সন্দির, শ্রীমদনমোহনের সন্দির, শ্রীরাধা-দামোদর মন্দির এবং শ্রীরাধা গোকুলানন্দজীর মন্দির। প্রেস্থামীগণ ওাঁনের শিষ্যদের উপর সেই সমস্ত মন্দিরের সেবাপুজার ভার অর্পণ করেছিলেন। এমন নয় যে, সেই সমস্ত শিব্যরা ছিলেন গোস্বামীদের পরিবারবর্গ অধিকাশে গোরামী ছিলেন সদ্যাস-আশ্রম অবলম্বী, বিশেষ করে জীব গোরামী তার সমগ্র জীবনে ছিলেন ব্রন্সচারী। বর্তমানে দেবাইতরা বিগ্রহদেবার যুক্ত আছেন বলে গোস্বামী উপাধি প্রহণ করেছেন। একা সেবাইডরা বংশানুক্রমে মন্দিরের মালিকানা দখল করে ৰসে আছেন। কিন্তু এই যদিৰতাল প্ৰকৃতপক্ষে এই সমস্ত সেবাইডদের সম্পত্তি নয়

### (関本 706

এইমত বৎসর দুই করিল সেবন। একদিন পুরী-খোসাঞি দেখিল স্থপন ৷৷ ১০৫ ৷৷

#### লোকার্থ

এভাবেই দুই বছর খরে মহা আভম্বরে শ্রীমাধ্যেন্দ্র পুরী শ্রীবিশ্রহের সেবা করলেন ভারণঃ একদিন সাধবেক্ত পুরী একটি স্থান দেখলেন।

#### (国) 中 206

গোপাল কহে, পুরী আমার ভাপ নাহি যায়। यनरास-उन्मम (मर्भ', कदन (म सुष्डाय १ ३०७ ॥

স্বধ্যে মাধ্যবন্দ্র পুরী দেখলেন যে, গোপাল ভাঁকে বলছেন, "আমার নারীরের ভাপ चलारक मा। जनव शरमन स्थरक रूपन नित्र धरमा धदर का घरर जामात करन रागम কর, তা হলে আমার তাপ কুড়াবে।

#### ভাৰপৰ্য

প্রেপাল বিগ্রহ বছ বছর জন্মলে মাটির নীচে চাপা পড়ে ছিল এবং তাঁকে অভিযেক করার সময় হাজার হাজার বড়ার (বড় কলদির) জল দিয়ে স্থান করানো হলেও ডিনি তখনও ভাগ অনুভব করছিলেন। তাই তিনি শ্রীমাধবেন্দ্রপুরীকে বলেছিলেন, মলয়-প্রদেশ থেকে bम्मल निद्धा भागात कना। घनप्रास्त्रभ वा घानावात स्त्रभ 'भग्निय घाँउ' वितिकृदक्षत पश्चिभ ভাগ। 'নীলগিরি'কেও কেউ কেউ মলর-পর্বত ধলেন। *মলয়জ্ব* শব্দে মলয়দেশে উৎপর চলন বোঝান হয়েছে। কথনও কথনও মালগ্রেলিয়া মেশকেও মলয়-দেশ বলে বর্ণনা করা হয়। পূর্বে এই দেশে চন্দন উৎপাদন হত, কিন্তু এখন তারা রাব্যর উৎপাদনকে জারও বেশি লাভজনক বলে সনে করে। যদিও বৈদিক সংস্কৃতি এক সময় মাস্বয়েশিয়ায় প্রচলিত ছিল, কিন্তু এখন সেখানকার সমস্ত অধিবাসীরা মুসলমান হরে গেছে। মালরেশিরা, স্বাভা ও ইন্দ্যেনেশিরার এখন বৈদিক সংস্কৃতি লোপ পেয়েছে

44p

भिषा B

(創本 )09

মলয়জ্ঞ আন, যাএর নীলাচল হৈতে । অন্যে হৈতে নহে, ভূমি চলহ শ্বরিতে 🏗 ১০৭ 🛚

ধোকার্থ

"জগ্যাথপুরী থেকে মদায়ন্ত চন্দন নিয়ে এসে।। সন্থর মেখানে যাও। বেহেড় জন্য कातल बाह्य लोहे काक मजब भा, छदि छामारकरे स्टब्स हरन।"

(副本 20%

স্বপ্ন দেখি' পুরী-গোসাঞির হৈল প্রেমাকেশ । <u>श्रम्-व्याउता भागिवादत्र शामा भृर्वरम्भ ॥ ১०৮ ॥</u>

সেই স্বস্ন দেখে মাধ্যবন্ত্র পুরী ভগবৎ-প্রেমে আবিউ হলেন এবং ভগবালের নির্দেশ পালন করার জন্য পূর্ব ভারতের অভিযুক্তে থাত্রা করলেন।

শ্ৰোক ১০৯

সেবার নির্বন্ধ-লোক করিল স্থাপন। আজা মাগি' গৌড-দেশে করিল গমন 1 ১০৯ 1

ভৌকার্থ

যাত্রা করার পূর্বে, স্ত্রীমাধ্যেন্দ্র পুরী ভগবানের নিয়মিত সেধার সমস্থ ব্যবস্থা করলেন এবং ছিনি বিভিন্ন ব্যক্তিকে বিভিন্ন দায়িত্ব অর্থণ করলেনং ভারণর শ্রীগোপালের আদেশ নিয়ে, তিনি পূর্ব ভারতের অভিযুক্তে যাত্রা করকেন।

(副章 220

শান্তিপুর আইলা অহৈতাচার্যের মরে । পুরীর প্রেম দেখি' আচার্য আনন্দ অন্তরে ॥ ১১০ ॥

শ্ৰোকাৰ্থ

শ্রীমাধবেন্তা পুরী যখন শান্তিপুরে অছৈত আচার্য প্রভুর মুহে এলেন, তখন তিনি শ্রীমাধবেন্দ্র পরীর ভগবং-প্রেম দর্শন করে অভান্ত আনন্দিত হলেন।

(到本 222

তার ঠাঞি মন্ত্র লৈল যতন করিঞা । **চ**निना पश्चिरण शृती **डाँरत दीका** फिथ्म ॥ ১১১ ॥ শ্ৰোকাৰ্থ

তখন অকৈত আচার্য প্রস্তু তার কাছে দীক্ষা প্রার্থনা করলেন এবং তাঁকে দীক্ষা দান করে শ্রীসাধনেন্দ্র পূরী দক্ষিণ দিকে যাত্রা করলেন।

এই সম্পর্কে শ্রীল ভড়িসিগ্ধান্ত সরস্বতী স্তাকুর তার অনুভাষ্যে লিখেছেন যে, শ্রীমাধ্ব-সম্প্রদায়ের গুরু যতিরাজ শ্রীমাধবের পুরীর নিকট অবৈত আচার্য প্রভু দীক্ষায়ত্র গ্রহণ করেছিলেন। ঐট্যেন্ডনা মহাপ্রভ বলেনে—

> किया विध, किया नाभी, नुध रकरन नग । (सर्वे कृष्णजन्नदाता, स्मर्वे 'स्म्म' हम् ४

একজন বাজি প্রাক্ষণ, সন্ন্যাসী, শুদ্র অথবা ঘাই হোক না কেন, তিনি যদি কৃষাবিজ্ঞানের তথ্যবেরা হন, তাহলে তিনি ৩ক হতে পারেন " (টাঃ চঃ মধ্য ৮/১২৮) খ্রীল মাধ্যেন্দ্র পুরীপাদ এই বর্ণনা সমর্থন করেছেন . পঞ্চরতে মতে, গৃহস্থ-ব্রাথাণ বাতীত দীখ্যা দানে করেও অধিকরে নেই। বেহেড় ধীঞ্চিত ব্যক্তি দীক্ষা লাভ করলে দৈক্ষ-ব্রাহ্মণতা প্রাড করেন, সুডরাং অব্রাক্তগের অপরকে ব্রহ্মণ্য সঞ্চার করবার ক্ষমতা না থাকায়, ব্রাক্ষণত্ স্বতই দীকাদাতার প্রয়োজনীয় গুণ-বিশেষ ও আচার্যন্তে অনুস্থাত। বর্ণাপ্রমন্থিত গৃহস্থ বাতি খীর অর্কিত ওক্রবিষ্ণের ধারা নানা উপচার সংগ্রহ করে মন্ত হারা ভগবং-অর্চনে সমর্থ। ডাদুশ অভিন্ন গৃহস্থ-গুরুর নিবট প্রাকৃত চেষ্টাপর শিঘা জনবং-সেবাই বর্গাশ্রমের একমাত্র লক্ষ্য-জেনে নিজে গৃহবাসনা হতে মৃক্ত হবার জন্য যদ্রদীক্ষার প্রার্থনা করেন, ভক্তনাই ওমন প্রকৃত বৈশব-গৃহস্থ হওয়া আবশ্যক। সম্যাসী-ওমন অর্চনপরতায় নানা অসুবিধা। পারমার্থিক শুরুকরণে সাধারণ বিধি উপেক্ষিত প্রায় হলেও বাস্তবিকপক্ষে উপেন্সিত হয় না। শৌক্র-বিশ্রন্থ বা শৌক্র-শুদ্রত্ব কিছু ওরু-বিবয়ে ব্রাঞ্চণতার লক্ষ্যীভত যোগ্যতা নয়, সাধিত্র ও দৈক্ষ-ত্রাক্ষাপত্রই উচ্চেশ্য, কেন না প্রীয়ন্মহাপ্রভ জীব-হাসয়ের ও সমাজের পূর্বপতা লক্ষা করে শৌক্র-জন্মেই একমাত্র জনসাধারণের আতি-বিষয়ক অভয় ধারণা পর্যবসিত জেনে 'কিবা বিশ্র' পদ্যে এই প্রকার উক্তি করলেন। তিনি শাস্ত্রীয় ভাৎপর্য বুকিয়ে দিলেন মাত্র: থেহেতু, কৃষ্ণ-তথ্যবেশ্বা যে সাবিত্র বা দৈক্ষ-ব্রাহ্মণ, এতে কোন সন্দেহ ारें। विदार खानर बराजा बनार कुर्यार शानमा मरकारम। एत्यामीरकिति मा शासा দেশিকৈপ্রফেনিকিঃ৷ 'গৃহিগুরু' বললে গৃহত্তত ইক্রিয়দাসগণকে বুঝায় না; আবার 'বৈয়েখ-সদ্যাসী' কালে ফা্রানাভিমানপর ব্যক্তিকেও ব্যার না:

> (副母 725 রেমুণাতে কৈল গোপীনাথ দরশন ৷ ভার রূপ দেখিএল হৈল বিহল-মন 🛭 ১১২ 🗈

(銀年 242]

#### 🧖 মোকার্থ

দক্ষিণ দিকে যাত্রা করে শ্রীমাধবেদ্র পুরী রেমুণাতে শ্রীগোলীনাগদেককে দর্শন করণেন। তাঁর রূপ দর্শন করে তিনি বিহুল হুকেন।

### (学)本 220

ন্ত্যগীত করি' জগমোহনে বসিলা। 'ক্যা ক্যা ডোগ লাগে?' খ্রান্ধণে পুছিলা॥ ১১৩॥

#### শ্ৰোকাৰ্থ

নৃত্যগীত করে মাধ্যেক্স পুরী জগমোহন বা গাঁট-অন্ধিরে দিরে বসলেন। ভারপর তিনি একজন প্রাক্ষাপকে জিল্পাস্য করলেন, শ্রীবিগ্রহকে তারা কি কি ভোগ নিবেদন করেন।

#### গ্রোক ১১৪

সেবার সৌষ্ঠব দেখি' আনন্দিত মনে । উত্তম ভোগ লাগে—এথা বৃঝি অনুমানে ॥ ১১৪ ॥

#### য়োকার্থ

সেবার সৌষ্ঠব দেখে অত্যন্ত আমন্দিত মনে মাধবেন্দ্র পুরী উপক্রিক করলেন বে, সেখামে ভগগামকে অতি উত্তম উত্তম ভোগ নিবেদন করা হয়।

#### গ্রোক ১১৫

ষৈছে ইহা ভোগ লাগে, সকলই পুছিব। তৈছে ডিয়ানে ভোগ গোপালে লাগাইব ॥ ১১৫ ॥

#### লোকার্থ

মাধবের পুরী ভাবলেন, "পূজারীর কাছে আমি জিঞাসা করব, এখনেন গোপীনাথজীকে কি কি ভোগ দেওয়া হয়, যাতে আমাদের পাকশালার সেই রকম ভোগ তৈরি করে আমি গোপালকে মিবেদন করতে পারি।"

#### (明全 779)

এই লাগি' পুছিলেন ব্রাহ্মণের স্থানে। ব্রাহ্মণ কহিল সব ভোগ-বিবরণে ॥ ১১৬ ॥

#### য়োকার্থ

তিনি যখন সেই কথা রাজ্মণকে জিজ্ঞাসা করকেন, তখন রাজ্মণ তাঁর কাছে বিশ্বারিওভাবে শ্রীগোপীনাথজ্ঞীর জোগের বর্ণমা করকেন।

#### (अंकि ১১৭

সন্ধান ভোগ লাগে কীর—'অমৃতকেলি'-নাম । খাদশ মৃৎপারে ভরি' অমৃত-সমান ॥ ১১৭ ॥

#### রোকার্থ

রাজণ পৃজারীটি বন্দলেন, "সন্ধ্যাবেলা শ্রীবিগ্রহকে বারোটি মৃৎপাতে ক্ষীর নিবেদন করা হয়। ব্যেহতু এই ক্ষীরের সাল অমৃতের মতো, ডাই ভার নাম 'অমৃতকেলি':

#### (新女 222)

'লোপীনাথের কীর' বলি' প্রসিদ্ধ নাম হার । পৃথিবীতে ঐতে ভোগ কাহাঁ নাই আর ॥ ১১৮ ॥

#### লোকার্থ

"গোপীনাথের স্থীর নামে তা প্রসিদ্ধ। পৃথিবীতে আর কোথাও এই রকম ভোগ নিবেদন করা বহু সাম"

#### (सीव ३५%

হেনকালে সেই ভোগ ঠাকুরে তাগিল। শুনি' পুরী-গোসাঞি কিছু মনে বিচারিল। ১১৯॥

#### লোকার্থ

মাধবেন্দ্র পুরী যখন সেই ব্রাক্ষণ প্রায়ীর সঙ্গে কথা বলছিলেন, তখন এই স্থীরজোগ নিবেন্দ্র করা হল। তা ওলে মাধবেন্দ্র পুরী যনে যনে ভাবলেন—

#### (अ)क ३३०

অব্যতিক কীর-প্রসাদ অল্প বদি পাই। বাদ জানি' তৈছে কীর গোপালে লাগাই॥ ১২০॥

#### য়োকার্থ

"ধ্যয়াচিতভাবে অমি যদি অল্প ক্ষীরপ্রসাধ পাঁই, তা হলে তার স্থাদ ছেনে, আমি সেঁই রক্ষ ক্ষীর প্রস্তুত করে গোপালকে নিবেদন করতে পারি।"

#### য়োক ১২১

এই ইচ্ছায় লজ্জা পাঞা বিক্ষুস্মরণ কৈল। হেনকালে ভোগ সরি' আর্ডি বাজিল ॥ ১২১ ॥

#### শ্ৰোকাৰ্থ

তাঁর মনে এই ইঞ্চা উদয় হওয়ার মানবেন্দ্র পুরী অন্তরে অত্যন্ত লভিক্তি হলেন এবং

মিধা ৪

তংক্ষণাৎ তিনি খ্রীবিযুগ্নারণ করতে লাগলেন। সেই সময় ভোগ নিবেদন সম্পন্ন হল এবং আর্ডি ওরু হল।

(到本 244

আরতি দেখিয়া পুরী কৈল নমস্কার। বাহিরে আইলা, কারে কিছু না কহিল আর ॥ ১২২ ॥

শ্রোকার্থ

আরতি দেখে মাধবেক্স পুরী শ্রীবিগ্রহকে দশুবৎ প্রণাম করন্দেন, ভারপর তিনি মন্দির থেকে বেরিয়ে গেলেন। তিনি আর কাউকে কিছু বললেন না।

শ্রোক ১২৩

অযাচিত-বৃত্তি পুরী--বিরক্ত, উদাস । অ্যাচিত পাইলে খান, নহে উপবাস ৷৷ ১২৩ ৷৷

গ্ৰোকাৰ্থ

মাধবেন্দ্র পুরী ভিক্ষাও করতেন না। তিনি ছিলেন সম্পূর্ণ অনাসক্ত এবং জড় বিষয়ে সম্পূর্ণ উদাসীন। অযাচিতভাবে কিছু পেলে তিনি খেতেন, আর না পেলে উপবাস করভেন।

# ভাৎপর্য

এটিই হচ্ছে সধ্যাস-আশ্রমের সর্বোচ্চ স্তর—পরমহংস স্তর। আহার্য সংগ্রহের জন্য সদ্যাসী দ্বারে দ্বারে ভিক্ষা করতে পারেন, কিন্তু 'অযাচিত-বৃত্তি' বা আঞ্চগর বৃত্তি গ্রহণ করেছেন যে পরমহংস, তিনি কারও কাছে আহার্য দ্রব্য পর্যন্ত ভিক্ষা করতেন না। যদি কেউ স্বেচ্ছায় তাঁকে কিছু খাবার দেন, তা হলে তিনি তা খান, তা না হলে তিনি উপবাস থাকেন। *অষাচিত-বৃত্তি* মানে ভিক্ষাবৃত্তি থেকেও বিরত থাকা, অর *আভগর-বৃত্তি* মানে অজগর সাপের বৃত্তি। বিশালকায় সর্গ আহার সংগ্রহের কোন চেন্টা করে না, আপনা থেকেই তার মুখের মধ্যে যা আন্দে, তাই তিনি গ্রহণ করেন। পক্ষান্তরে আহার ও নিদ্রায় কালক্ষয় না করে পরমহংস কেবল সর্বতোভাবে ভগবানের সেবাতেই যুক্ত থাকেন। সেই কথা বড়গোসামীদের সমক্ষেও উল্লেখ করা হয়েছে—নিদ্রাহার-বিহারকাদি-বিজিতৌ। পরমহংস স্তবে নিদ্রা, আহার ও ইন্দ্রিয়-তর্পণের বাসনা জয় করতে হয়। দীন-হীন ভিক্ষুকরূপে তিনি দিবা-রাত্র ভগবানের সেবায় যুক্ত থাকেন। শ্রীল মাধবেন্দ্র পূবী এই পরমহংস শুর লাভ করেছিলেন।

শ্লোক ১২৪

প্রেমামৃতে তৃপ্ত, কুধাতৃষ্ণা নাহি বাধে । ক্ষীর-ইক্ষা হৈল, তাহে মানে অপরাধে ৷৷ ১২৪ ৷৷

## শ্রোকার্থ

মাধবেন্দ্র প্রীর মতো প্রমহংস সর্বদাই ভগবানের প্রেমরূপ অমৃত পানে ড্প্ত। জড় ক্ষুধা তৃষ্ণা তাঁর সেবাকার্যে বিঘ্ন সৃষ্টি করতে পারে না। যখন তাঁর একটু ক্ষীরপ্রসাদ খাওয়ার ইচ্ছা হয়েছিল, তখন সেটিকে তিনি অপরাধ বলে বিবেচনা করেছিলেন।

ভগবানের ভোগ যখন রন্ধনশালা থেকে ডোগমন্দিরে নিয়ে যাওয়া হয়, তখন তা ঢেকে নিয়ে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এভাবে নিয়ে যাবার কারণ হচ্ছে ভা যেন কেউ দেখতে না পায়। যারা ভগবন্তক্তির পদ্মা সম্পর্কে অবগত নয়, তারা ওই ভোগ খাওয়ার বাসনা করতে পারে এবং তার ফলে অপরাধ হয়। তাই কাউকে তা দেখতে পর্যন্ত দেওয়া হয় না। কিন্তু যখন তা শ্রীবিগ্রহের সামনে আনা হয়, তখন সেই ঢাকনা অবশ্যই খুলে ফেলতে হয়। ভগবানকে নিবেদিত সেই ক্ষীরের কথা ওনে, মাধবেন্দ্র পুরী তার অল্ল একটু আস্বাদনের ইচ্ছা করেছিলেন, যাতে তিনি তাঁর গোপালের জন্য তেমনই ক্ষীর তৈরি করতে পারেন। কিন্তু মাধবেন্দ্র পুরী এতই নিষ্ঠাপরায়ণ ছিলেন যে, তিনি সেটিকেও অপরাধ বলে বিবেচনা করেছিলেন। ডাই কাউকে কিছু না বলে তিনি সেই মন্দির থেকে চলে গিয়েছিলেন। এই কারণে পরমহংসগণকে বলা হয় *বিজিতষড়গুণ*। তিনি অবশ্যই কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য ও ক্র্ধা-তৃষ্ণা জয় করেছে।

# स्थिक ३२৫ গ্রামের শূন্যহাটে বসি' করেন কীর্তন ৷ এথা পূজারী করাইল ঠাকুরে শরন ॥ ১২৫ ॥

# গ্লোকার্থ

মন্দির থেকে বেরিয়ে গিয়ে মাধবেন্দ্র পুরী আমের এক শূন্যহাটে কীর্তন করতে লাগলেন: ইতিমধ্যে, পূজারী গোপীনাথজীকে শয়ন দিলেন।

# তাৎপর্য

মাধবেন্দ্র পুরীর যদিও আহার ও নিদ্রায় স্পৃহা ছিল না, কিন্ত মহামত্র কীর্তনে তার উৎসাহ ছিল সাধক-ভক্তের মতো। মহামন্ত কীর্ডনে গাঁর পরমহংসোচিত উদাসীনতা ছিল না। এর থেকে বোঝা যায় যে, পরমহংস স্তরের ভগবস্তুক্ত কীর্তন ত্যাগ করেন না। শ্রীল হরিদাস ঠাকুর এবং গোস্বামীরাও সংখ্যাপূর্বক হরিনাম কীর্তন করতেন; তাই জ্বপমালায় নাম জপ করা অত্যক্ত গুরুত্বপূর্ণ, এমন কি পরমহংস স্তুরেও। মন্দির অভ্যন্তরে অথবা বহিবে, যে কোন জায়গায় হরিনাম করা যায়। শ্রীমাধবেন্দ্র পুরী শূন্যহাটে বসে কীর্তন করছিলেন। শ্রীল শ্রীনিবাস আচার্য তারে যড়গোস্বামীর অন্তব্দে লিখেছেন—নাম-গাল-নতিভিঃ। পরমহংস ভক্ত সর্বদাই হরিনাম কীর্তন এবং ভগবানের সেবায় যুক্ত থাকেন। ভগবানের দিব্যনাম কীর্তন এবং তাঁর প্রেমময়ী সেবা অভিন। *শ্রীমন্ত্রাগবতে* (৭/৫/২৩)

[मशु 8

दर्गना कहा इत्साह त्य, खगवहारिक अनुमीक्षम कहात महावि बद्दा तताहि--- अवन, कीर्टम, विस्थायनम्, भाषरम्बन्, व्यर्धनः, बन्दनः, मामाः, मथा ও व्यास्त्रित्वनः। यन्ति এই भष्टास्थि। পরস্পর পরস্পর থেকে ভিন্ন বলে মনে হয়, কিন্তু কেউ ফল চিন্নয় স্তরে অধিষ্ঠিভ হন, তখন দেখা নায় নেওলি অভিয় থেমন, শ্রবণ ও নীর্তন অভিন এবং কীর্তন অথবা শ্রবণ থেকে ন্যারণ অভিন্ন। তেমনই, বিশ্রহের অর্চনও কীর্ডন, প্রধণ অধবা স্বরণ থেকে অভিন্ন ভাজের কর্তব্য হচ্ছে এই নয়টি পদ্মা অবলম্বন করা, কিছু তার একটিও যদি व्यतुनीवन कहा हता. जा दरन भद्रभद्दात्र उन्हें भाष्ठ भद्र छ।दर-धार्य किंद्रा यावहा यात।

> শ্ৰোক ১২৬ নিজ কৃত্য করি' পৃঞ্জারী করিল শয়ন। স্বপনে ঠাকুর আসি' বলিলা বচন 🛚 ১২৬ 🗈

> > গ্ৰোকাৰ্থ

তার কৃত্য সমাপন করে পূজারী শানুন করলেন। ডখন হয়ে শ্রীনোপীনাথদের অবির্ভূত হয়ে তাঁকে বললেন---

> (明年 259 উঠহ, পূজারী, কর ছার বিমোচন ।

ক্ষীর এক রাখিয়াছি সন্মাসি-কারণ 🛭 ১২৭ 🗓

ধোকার্থ

"পূজারী ওঠ, মন্দিরের স্বায় বোল। আমি মাধবেন্দ্র পুরী নামক এক সন্ত্যাসীর জন্য একপাত্র ক্ষীর রেখে দিয়েছি

> শ্লোক ১২৮ ধড়ার অঞ্চলে ঢাকা এক কীর হয় ৷ তোমরা না জানিলা ভাহা আমার মায়ার 🛚 ১২৮ 🗈

> > টোকার্থ

"আমার বসনাঞ্চলের আভালে আমি একপাত্র শীর রেখে দিয়েছি। অবসর মারার প্রভাবে ভোমরা তা দেখতে পাওনি।

শ্ৰোক ১২১

মাধব পুরী সন্ন্যাসী আছে হাটেতে বসিঞা। তাহাকে ড' এই কীর শীম দেহ দঞা ॥ ১২৯ ॥

"মাধবেন্দ্র পুরী নামক এক সন্ম্যাসী শূন্যহাটে বসে আছেন। ভূমি ভাড়াতাড়ি এই স্কীর केंद्रक मित्रा *अ*टमा 🖰

(創本 ) 00

হপ্ন দেখি' পূজারী উঠি' করিলা বিচার । সান করি' কপটে খুলি' মুক্ত কৈল হার ॥ ১৩০ ॥

স্বপ্ন দেখে জেলে উঠে পৃঞ্জারী ভংকণাৎ সেই সম্বন্ধে বিচার করলেন এবং হান করে क्शाँउ प्राच प्रसिद्ध शास्त्रम् कत्रामम।

জ্রোক ১৩১

ধভার আঁচলতলে পাইল সেই কীর। স্তান লেপি' ক্ষীর লঞা হ'ইল বাহির ম ১৩১ ॥

য়োকার্থ

গোপীনাথজীর কথা মডো পুঞারী মন্দিরে সিয়ে দেখলেন যে, গোপীনাথের বসনাঞ্চলের আড়ালে একপাত্ত ন্দীর রয়েছে। তখন ন্দীর অপস্যরণ করে, সেই স্থানটি গোময় দিয়ে শোণন করে পূজারী মন্দির থেকে বার হলেন

প্লোক ১৩২

ছার দিয়া গ্রামে গেলা সেই ক্ষীর সঞা। হাটে হাটে বুলে মাধ্বপুরীকে চাহিঞা ॥ ১৩২ ॥

মন্দিরের দরজা বন্ধ করে তিনি সেই কীরপাত্রটি সঙ্গে নিয়ে হাটে গিয়ে, শ্রীমাধবেপ্র পরীর অন্বেষণ করতে লাগলেব।

শ্ৰোক ১৩৩

কীর লহ এই, যার নাম 'মাধবপুরী'। তোসা লাপি' গোপীনাথ ক্ষীর কৈল চুরি ॥ ১৩৩ ॥

শ্ৰোকাৰ্য

ক্ষীরপূর্ণ পারটি নিয়ে পূজারী উচ্চৈম্বরে বলতে লাগলেন, "মার নাম মাধবেল পুরী, তিনি দলা কৰে এই ক্ষীর প্রহণ করুল। অপেনার জন্য গোপীনাথ এই ক্ষীর চরি करतरहरू।"

ভাহপর্য

পরম সত্য ও জাপেক্ষিক সত্যের পার্থক। এখানে বিশ্লেবণ করা হয়েছে। এখানে গোপীনাম্বলী খোলাখুলিভাবে ঘোষণা করেছেন যে, ডিনি হচ্ছেন একটি চোর ডিনি একপাত্র ऋति চুরি করেছেন এবং ডা গোপন রাখা হয়নি, কেন না তাঁর এই চুরি এক भिशा ह

মহান অপ্রাকৃত আনন্দের উৎস ত্রুভ জগতে চুরি করা একটি মস্ত বড় জণরাধ, কিন্তু চিৎ-জগতে ভগবানের এই যে চুরি তা এক অপ্রাকৃত আনন্দের উৎস। মূর্থ জড়বাদীরা, যারা প্রমোধার ভগবানের পরম ভাব সম্বন্ধে অবগত নয়, তারা কথনও কথনও প্রীকৃষ্ণের চরিত্রের সমালোচনা করে, কিন্তু ভারা জানে না যে, তার আগতে নীতিকিগরিত কার্যকলাপ মা গোপন রাখা হয়নি, তা ভতকে আনন্দের সাগরে নিমন্ত্রিত করে। প্রমোধার ভগবানের পরম ভাব সম্বন্ধে অবগত না হওয়ার ফলে, এই সমস্ত মূর্যেরা তার করিত্রে কলছ লোপন করে এবং তার ফলে পৃত্বতিকারীর পর্যায়ভূকে হয়। এই পৃত্তকারী চার প্রকার— 'মূড়', নরাধ্য', 'আসুরিক ভাবালিত' ও 'মায়ার হারা অগহতে জান'। শ্লীকৃষ্ণ ভগবালীতার (৭/১৫) বর্ণনা করেছেল—

म पार मृङ्गिजित्नां मुगाः श्रेभमारङ नवायमाः । यात्रवाशकाज्ञामा जानुतर् छायमाञ्चिजाः ॥

"এই সমস্ত দুক্তকারীরা, যারা মৃঢ়, নরাধম, যায়া বারা যাণের জান অপহতে হয়েছে। এবং যারা আসুরিক ভাব আহ্ময় করেছে, তারা আমার সরণাগত হয় না।"

ল্লাডবাদী মূর্খেরা বুনতে পারে না যে, শ্রীকৃষ্ণ যেহেড় পরম ঈশর ভগবান, তাই ওার সমান্ত কার্যকলাপ পরম মঙ্গলময়, ভগবানের এই গুণ্টি জীমরাগবতে (১০/৩৬/২৯) বিশ্লেষণ করা হয়েছে কেউ কেউ জাগতিক বিচারে পর্য়য় পুরুষ পরমেশ্বর ভগবানের কার্যকলাপ নীতি-বিগর্হিত বলে বিবেচনা করতে পারে, কিন্তু প্রকৃতপক্ষে তা ঠিক নয়। যোন, সূর্য কোবল সমুদ্র থেকে জল লোমণ করে না, পৃথিবীৰ উপবিভাগ থেকেও জল <u>(भावन करतः अर्थ माना, मर्भभा धनः भन-भवनुर्व द्वान (भरकल खन स्मायन करतः) किन्छ</u> তার ফলে সূর্য অপবিত্র হয় না। পঞ্চান্তরে, সূর্য লোংরা জায়গাকে পবিত্র করে দেয়। বোন এক ভক্ত খদি কোন অসং অথবা অধৈ উদ্দেশ্য নিয়ে গরমেশ্ব ভগবানের শরণাগত হুন, তা হলেও তিনি পবিত্র হুন, তার অপবিত্রতা ভগবানকে স্পর্শ করতে পারে श्रीप्रजानवर्क (५०/५৯/५৫) वर्गना कहा इस्सरक स्व. काम, त्यांच कथना स्टास्ट्र (কামং ক্রোকং ভয়ম) দ্বাবা পরিচালিত হয়ে, কেউ মদি পরমেশন ভগবানের সমীপকতী হন্ তা হলেও ডিনি পবিত্র হন। রঞ্জ-গোপিকারা মৃবতী বমণী এবং নব মৌবনসম্পন্ন সৃষ্ণর কৃষ্ণের প্রতি তারা আকৃষ্টা হয়েছিলেন। আপাতদৃষ্টিতে মনে হয়, তারা খেন কমোর্ড হয়েই ভগবানের প্রতি আকষ্টা হয়েছিলেন এবং জগবান গভীর নিশীখে তাদের সঙ্গে নৃত্য করেছিলেন জড় দৃষ্টিভঙ্গিতে, এই সমস্ত কার্যকলাগ অতীধ বিগাইত বলে মনে হডে পারে, কেন না বিবাহিতা অথবা অবিবাহিতা যুবতী রমণী কোন যুবকের সঙ্গে মিলিড হয়ে তার সঙ্গে নৃত্য করার জন্য গৃহত্যাগ করতে পারে না , কিন্তু জড়-জাগতিক বিচারে তা নীতি বিগ্নহিত হলেও ব্ৰন্ধ গোপিকাদের এই কার্যকনাপ সর্বভেষ্ঠ অরাধনা বলে স্বীকৃত হয়েছে কামণ, কামার্ডা হয়ে গভীর নিশীথে তাঁরা যাঁর কাছে গিয়েছিখেন, ডিনি হচ্ছেন পর্মেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ

অভন্তের। কিন্তু এই ডত্ম বুরুতে পারে না। শ্রীকৃঞ্জকে অবশাই তত্তত জানতে হবে। সাধারণ জ্ঞানের মাধ্যমে বিকেন। করা উচিত যে, যদি কেবল শ্রীকৃকের দিবনোম উচ্চাইণ করার প্রভাবে পবিত্র হওয়া যায়, ডা হলে সেই কৃষ্ণ কিডাবে চরিত্রহীন হড়ে পারে? দুর্ভাগ্যকণত, কতকণ্ডলি হুডুবাদী মুর্ঘকে শিক্ষাবিদের আসনে বসানো হয়েছে এবং তারা সেই অতি উচ্চ আসনে বলে জনসাধারণকৈ অধর্মের নীতি শিক্ষা দিছে। সেই কথা লীমন্ত্রাগবতে (৭/৫/৩১) বিশ্লেষণ করা হরেছে, অদ্ধা যথাদ্ধৈদপনীয়মানাঃ—"এক অদ্ধ আন্য সমস্ত অন্তদের লখ প্রদর্শন করার চেষ্টা করছে।" এই সমস্ত মূর্থদের অপরিণত ক্ষানের দক্ষে ব্রব্ধ গোপিকাদের সঙ্গে শ্রীক্ষের মীলাবিলাস আলোচনা করা উচিত মা গুঁর ভবেনে জন্য ঐকুফের কীর চুরির কথাও অভজনের আলোচনা করা উচিত নয়। আভএৰ সাবধান করে দেওয়া হয়েছে যে, এই সমস্ত বিষয়ে এমন কি চিচা পর্যন্ত করাও উচিত নয়। কৃষ্ণ যদিও পবিত্র থেকেও পবিত্রতম, তবুও জড়বাদীরা যদি শ্রীকৃঞ্জের শীলাসমূহ অতি বিশ্বহিত বলে মনে করে, তা হঙ্গে তারা নিজেরটি কলুবিত হয়ে পঞ্চে ভাই ঐতিহন মহাপ্রস্ত কখনও ব্রজ-গোপিকাদের সঙ্গে শ্রীকৃষ্ণের আচরণ জন সমক্ষে আলোচনা করেননি। সেই বিষয়ে তিনি কেবল তার অতি অতরক তিনজন পার্যদের সঙ্গে আলোচনা করেছিলেন। পেশাদারী ভাগবত পাঠকদের মডো ভিনি কথনও জন সমকে জননীলা আন্মেচনা করেননি, যদিও পেশাসারী পাঠকেরা কৃষ্ণকে অথবা হোডানের মনোভাব হুদয়ক্ষর করতে গারে না। পকাশুরে, প্রীচৈতন্য মহাপ্রস্থ জনসাধারণকে ঘণ্টার পর ঘন্টা সমবেতভাবে সংবীর্তন করতে উৎসাহিত করেছিলেন

শ্ৰীল মাধকেন্দ্ৰপুৱীৰ ভাৰত্তকি

রোক ১৩৪

ক্ষীর লঞা সুখে ভূমি করহ ভক্ষণে ৷ ভোমা-সম ভাগ্যবাদ্ মাহি ত্রিভূবনে ॥ ১৩৪ ॥

লোকার্থ

প্রামী বলকেন, "এই খীর গ্রহণ করে ভূমি মহা আনন্দে ভক্ষণ কর। ভোমার মতে। ভাগাবান ত্রিভূতনে আর কেউ নেই।"

#### ভাহপর্য

এবানে শ্রীকৃষ্ণের নীতি-বিণাইত মঙ্গলময় কার্যকলাপের একটি দৃষ্টান্ত প্রদন্ত হয়েছে যে ভক্তের জন্য গোপীনাথ চুরি করেন, সেই ভক্ত ব্রিভুবনে সব চাইতে ভাগাবান ব্যক্তিতে পরিণত হন। ভগবানের অপরাধমূলক কার্যকলাপ তার ভক্তকে দ্রিভুবনে সব চাইতে ভাগাবান বাভিতে পরিণত করে। জডবাদী মূর্থেরা কিভাবে শ্রীকৃষ্ণের কার্যকলাপ হাদরঙ্গম করবে এবং তার কার্যকলাপের নৈতিকতা বা অনৈতিকতা বিচার করবে গ্রীকৃষ্ণ যেহেতু পরমত্ব, তাই তার কার্যকলাপের জড়-জাগতিক নৈতিকতা বা অনৈতিকতার পার্থক্য থাকে না। তিনি যা করেন তা সবই মঞ্চন্ময়। 'ভগবান মঙ্গলময়' কথাটির এটিই হঙ্গেই প্রকৃত অর্থ। তিনি সর্ব অবস্থাতেই মঙ্গলময়, কেন না তিনি হক্তেন এই জড় জগতের অতীত

यिश 8

অপ্রাকৃত তত্ত্ব। তাই, যাঁরা ইতিমধ্যেই চিখায় জগতে বসবাস করছেন তাঁরাই কেবল শ্রীকৃষ্যকে জ্বানতে পারেন। সেই সম্বন্ধে *ভগবদ্গীতায়* (১৪/২৬) বলা হয়েছে—

> मां: ह (याश्वाजिहारतम् जिल्हारामन त्रवर्षः । স ওপান সমতীতৈ্যতান ব্রহ্মভূয়ায় করতে 🛭

"পূর্ণভক্তি সহকারে যে আমার সেবায় যুক্ত, যার কোন অবস্থাতেই পতন হয় না, সে তংক্ষণাৎ জড়-জাগতিক ওণসমূহ অতিক্রম করে ব্রহ্মভুত স্তরে অধিষ্ঠিত হয়।"

যিনি অনন্য ভক্তি সহকারে ভগবানের সেবায় যুক্ত, তিনি ইতিমধ্যেই চিন্ময় স্তরে অধিষ্ঠিত হয়েছেন (*ব্ৰহ্মভূয়ায় কল্পতে*)। সৰ্ব অবস্থাতেই শ্ৰীকৃঞ্চের প্ৰতি তাঁব কাৰ্যকলাপ ও আচরণ অপ্রাকৃত এবং তাই তা জড় নীতি-বাগীশদের বোধগম্য নয়। তাই সেই সমস্ত বিষয়ে জড়বাদীদের সঙ্গে আলোচনা না করাই উচিত। তাদের কেবল হরে কৃষ্ণ মহামন্ত্র দান করাই শ্রেয়, যাতে তারা ধীরে ধীরে পবিত্র হয়ে পবমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের অপ্রাকৃত কার্যকলাপ হৃদয়ক্ষম করার স্তরে উন্নীত হতে পারে।

# শ্রোক ১৩৫ এত শুনি' পুরী-গোসাঞি পরিচয় দিল। ক্ষীর দিয়া পূজারী তাঁরে দণ্ডবৎ হৈল ॥ ১৩৫ ॥

# শ্রোকার্থ

সেই আহ্বান শুনে মাধবেন্দ্র পূরী সেই পূজারীর কাছে এসে তাঁর পরিচা। প্রদান করলেন। পূজারী তখন তাঁকে সেই ক্ষীরভাণ্ডটি দিলেন এবং দণ্ডবৎ হয়ে তাঁকে প্রণতি নিবেদন করলেন।

# তাৎপর্য

কাউকে দণ্ডবং প্রণাম করা ব্রাহ্মণের উচিত নয়, কেন না ব্রাহ্মণ হচ্ছেন সর্বশ্রেষ্ঠ বর্ণ। কিন্তু ব্রাহ্মণ যখন কোন ভক্তকে দেখেন, তখন তিনি তাঁকে দশুবৎ প্রণতি নিবেদন করেন। এই ব্রাহ্মণ পূজারী মাধবেন্দ্র পুরীকে জিজাসা করেননি তিনি ব্রাহ্মণ কি না, কিন্তু যখন তিনি দেখলেন যে, মাধবেন্দ্র পুবী হচ্ছেন এমনই এক মহান ভক্ত যে, শ্রীকৃষ্ণ নিজে তার জন্য ক্ষীর চুরি করেছেন, তখন তিনি তৎক্ষণাৎ সেই মহাগ্রার অতি উন্নত অবস্থা হানয়ঙ্কম করতে পেরেছিলেন। খ্রীচৈতন্য মহাপ্রতু বলেছেন, কিবা বিপ্র, কিবা ন্যাসী, শূদ্র কেনে নয়। যেই কৃষ্ণতত্ত্বেন্ডা, সেই 'গুরু' হয়॥ (চৈঃ চঃ মঃ ৮/১২৮) সেই ব্রাহ্মণ পূজারীটি যদি একজন সাধারণ ব্রাহ্মণ হতেন, তা হলে শ্রীগোপীনাথ স্বথ্নে তাঁর সঙ্গে কথা বলতেন না। যেহেতু গোপীনাথজী মাধবেঞ্চ পুরী ও ব্রাহ্মণ উভয়ের সঙ্গে স্বত্মে কথা বলেছিলেন, সেই সূত্রে বোঝা যায় যে, তারা দুজনই সমপর্যায়ভুক্ত ভক্ত ছিলেন। কিন্তু মাধবেন্দ্র পুরী যেহেতু ছিলেন একজন বৈঞ্চব-সন্ন্যাসী---একজন পরমহংস, তাই সেই পূজারী তৎক্ষণাৎ দশুবৎ হয়ে তাঁকে প্রণতি নিবেদন করেছিলেন।

শ্ৰোক ১৩৬

ক্ষীরের বৃত্তান্ত তাঁরে কহিল পূজারী। গুনি' প্রেমাবিস্ট হৈল শ্রীমাধবপুরী ॥ ১৩৬ ॥

গ্ৰোকাৰ্থ

পূজারী যখন সেই ক্ষীরচুরির বৃত্তান্ত মাধবেক্স পুরীকে শোনালেন, তখন মাধবেক্স পুরী কৃষ্ণপ্রেমে আবিষ্ট হলেন।

শ্লোক ১৩৭

প্রেম দেখি' সেবক কহে হইয়া বিশ্মিত। কৃষ্ণ যে ইঁহার বশ,—হয় যথোচিত ॥ ১৩৭ ॥

# শ্রেকার্থ

মাধবেন্দ্রপূরীর কৃষ্ণপ্রেম দর্শন করে পূজারী অত্যন্ত বিশ্বিত হলেন। তিনি তখন বুঝতে পারলেন, কৃষ্ণ কেন তার প্রতি বশীভূত হয়েছেন এবং তিনি দেখলেন যে, শ্রীকৃষ্ণের বশ্যতা করা যথার্থই হয়েছে।

## তাৎপর্য

ভক্ত ভগবান শ্রীকৃষ্ণকে পূর্ণরূপে কণীভূত করতে পারেন। সে কথা *শ্রীমন্তাগবতে* (১০/১৪/৩) বিশ্লেষণ করা হয়েছে, অজিত জিতোহণ্যাসি তৈন্ত্রিলোক্যাম—"শ্রীকৃফকে কেউ পরাক্ত করতে পারে না. কিন্তু ভক্তির দ্বারা ভক্ত তাঁকে জয় করতে পারেন।" ব্রক্ষাসংহিতায় (৫/৩৩) বর্ণিত হয়েছে—বেদেরু দূর্লভমদূর্লভমান্বাভক্তৌ। কেবলমাত্র বৈদিক শাস্ত্র পাঠ করে শ্রীকৃষ্ণকে জানা যায় না। যদিও বৈদিক শাস্ত্রের উদ্দেশ্য হচ্ছে শ্রীকৃষ্ণকে জ্ঞানা, তবুও খ্রীকৃষ্ণের শ্রেমিকড্ড না হলে শ্রীকৃষ্ণকে জানা ষায় না। তাই বৈদিক শাস্ত্র (স্বাধায়ে) পাঠ করার সঙ্গে সঙ্গে, শ্রীবিগ্রহের আরাধনাও (অর্চন-বিধি) অবশ্য কর্তব্য। তার ফলে ভত্তের হৃদয়ে ভগবস্তুক্তির অপ্রাকৃত অনুভূতি বিকশিত হয়। *শ্রবণাদি শুরুচিন্তে* করয়ে উদয় (*টিঃ চঃ মঃ* ২২/১০৭)। ভগবৎ-প্রেম সকলের হাদয়েই সুপ্তভাবে রয়েছে এবং কেউ যদি ভগৰস্থক্তির পথা অনুশীলন করে, তা হলে সেই ভগৰৎ-প্রেম জাগরিত হয়। किन्नु अङ्वापी भूत्यंता यात्रा त्क्यम बीकृत्यक नीनाविनात्मत काहिनी भाठे करत, ভগবৎ তম্ব যথায়থ না জানার ফলে তারা মনে করে যে, শ্রীকৃষ্ণের এই সমস্ত কার্যকলাপ নীতি-বিগর্হিত অথবা অপরাধমূলক।

> শ্লোক ১৩৮ এত বলি' নমস্করি' করিলা গমন ৷ আবেশে করিলা পুরী সে ক্ষীর ভক্ষণ ॥ ১৩৮ ॥

#### শ্ৰোকাৰ্থ

এই বলে সেই পৃঞ্জারী মাধনেন্দ্র পুরীকে দশুবং প্রথতি নিবেছন করে মনিবের কিরে গোলেন। তথন ভগবং-প্রেমে আবিষ্ট হয়ে, মাধবেক্স পুরী শ্রীকৃক্ষের সেওয়া সেই কীর প্রসাধ সেবন করলেন

स्माक ३०%

পাত্র প্রকালন করি' খণ্ড খণ্ড কৈল ৷ বহির্বাসে বান্ধি' সেই ঠিকারি রাখিল ॥ ১৩৯ চ

ছোকাৰ্য

ভারপর মাধ্যবন্দ্র পুরী সেই পারটি যুরে সেটি খণ্ড খণ্ড করে, তা সময়ে তার বহির্বাসে বেংগ রাখ্যসেল

(到年 )80

প্রতিদিন একখানি করেন ডক্ষণ ৷ বাইলে প্রেমাবেশ হয়,—অকুত কথন ॥ ১৪০ ॥

লোকার্থ

প্রতিদিন মাধ্যেন্দ্র পূরী সেই পারের একটি করে টুকরো ভক্ষণ করতেন এবং ভা থেয়ে। ভগবৎ-প্রেমে আবিউ হতেন। এই সমস্ত কাহিনী অভ্যন্ত অনুত।

গোক ১৪১

'ঠাকুর মোরে কীর দিল—লোক সৰ শুনি'। দিনে লোক-ভিড় হবে মোর প্রতিষ্ঠা জানি' ॥ ১৪১ ॥

লোকার্থ

মাটির পাত্রটি কেন্সে তার টুকরোণ্ডলি বল্লাঞ্চলে বেঁগে মাণবেন্দ্র পুরী ভাবলেন, "কাল সকালে লোকে যখন জানতে পারবে যে, ভগবান আমাকে এক পাত্র কীর নিয়েছেন, তথ্য কল্পলাক এসে ভিড় করবে।"

(群) \$82

সেই ছয়ে রাত্রি-লেবে চলিলা শ্রীপুরী। সেইখানে গোপীনাথে দশুবৎ করি'॥ ১৪২ ॥

হোকার্থ

সেঁই কথা ভেবে, শ্ৰীমাধবেন্দ্ৰ পূৰী গোপীনাৰজীকে সেখানে প্ৰণতি নিবেদন কৰে, জ্যো হওয়ার আগেই সেখান থেকে পূৰীর দিকে ব্যৱ্য করন্দেন। শ্লোক ১৪৩

(अंकि 784)

চলি' চলি' আইলা পুরী শ্রীনীলাচল । জগমাথ দেখি' হৈলা প্রেমেতে বিহুল ॥ ১৪৩ ॥

**লোকাৰ্থ** 

চলতে চলতে, অৰপেৰে মাধ্যবেন্দ্ৰপুত্ৰী শ্ৰীজগৱাধপুত্ৰীতে উপস্থিত ছলেন এবং সেধানে শ্ৰীজগৱাধদেবকে দৰ্শন করে জিনি স্থাবং-প্ৰেমে বিহুল ছলেন।

(創本 )88

প্রেমাবেশে উঠে, পড়ে, হাসে, নাচে, গার ৷ জগরাথ-সর্পনে মহাসুখ পায় য় ১৪৪ ৷৷

লোকার্থ

ভগৰং-প্রেয়ে আবিট হয়ে মাধ্যেন্দ্র পূরী কথনও উঠে দাঁড়ালেন, কখনও মাটিতে পড়ে গেলেন, কখনও তিনি হাসলেন, নৃত্য করলেন এবং গান গাইলেন। এভাবেই ভালাখনেবকে দুর্লন করে তিনি মহা আনুষ্ধে মধ্য হলেন।

রোক ১৪৫

'মাধবপুরী শ্রীপাদ আইল',—লোকে হৈল খ্যাতি। সব লোক আসি' তাঁরে করে বহু ডক্তি য় ১৪৫ ম

त्यांचार्थ

শ্রীমাধবেন্দ্র পূরী দীলাচলে এনেছেন এবং তাঁর খ্যাতি চতুর্দিকে ছড়িয়ে পড়ল। তাই বহুলোক তথন তাঁর কাছে এসে তাঁকে তাদের সকল প্রকার প্রদান নিবেদন করতে লাগল

শ্লোক ১৪৬

প্রতিষ্ঠার স্বভাব এই জগতে বিদিত ৷ বে না বাঞ্জে, তার হয় বিধাতা-নির্মিত ॥ ১৪৬ ॥

লোকার্ঘ

এটিই হচ্ছে প্রতিষ্ঠার স্বভাব—বিধাতা বাঁকে প্রতিষ্ঠা দিতে চান, তিনি না চাইলেও তাঁর ন্যাতি সারা অগৎ জুড়ে প্রচারিত হয়।

শ্লৌক ১৪৭

প্রতিষ্ঠার ভরে প্রী গেলা পলাঞা । কক-শ্রেমে প্রতিষ্ঠা চলে সঙ্গে গড়াঞা য় ১৪৭ ॥ 平4 8

#### গ্ৰোকাৰ্থ

প্রতিষ্ঠার ডয়ে মাধবেন্দ্র পুরী রেমুণা থেকে পালিয়ে গেলেন। কিন্তু ভগবং-প্রেম জনিত প্রতিষ্ঠার এমনই মহিমা বে, ডা ভগবস্তুভের সঙ্গে সঙ্গে চলে।

#### **ভা**ৎপর্য

জড় জগতে প্রায় প্রতিটি জীবই দর্যাপরায়ণ যিনি আপনা থেকেই কিছু প্রতিষ্ঠা লাভ করেন, দর্যাপরায়ণ ব্যক্তিরা স্বাভাবিক ভাবেই ভার বিক্ষাচরণ করে। দ্বিগারারণ ব্যক্তিরা সভিদের পক্ষে এটি স্বাভাবিক। তাই, কোন ভক্ত যথন জগৎ জুড়ে প্রতিষ্ঠা অর্জন করেন, তথন বত মানুষ তাঁকে দর্মা করে সেটি খুবই স্বাভাবিক কিন্যুক্তান্ত কেন্ট যথন ক্ষেন প্রতিষ্ঠার প্রভাগা করেন না, তথন মানুষ বৈষ্যুবাচিত কিন্যু সম্পর্কে অবগত হয়ে তাঁকে দর রক্ষ সম্পান প্রধর্মন করেন। প্রকৃতপক্ষে বৈষ্ণুব কর্মনও ফল অথকা প্রতিষ্ঠা প্রত্যাশা করেন না , বৈষ্ণুবকুল-চূড়াগানি শ্রীল মাধনেক্ত পুরী স্বাভাবিক ভাবেই প্রকৃত প্রতিষ্ঠা অর্জন করেছেন কিন্তু তিনি সব সময় নিজেকে জনসাধারণের কাছ থেকে লুকিয়ে রাখার চেটা ব্যর্থতন। মহান ভগবন্তজ্জালে তাঁর পরিচিতি তিনি সব সময় গোপন রাখতে চাইতেন, কিন্তু তাঁকে ভগবৎ-প্রেমে বিহুল দর্শন করে মানুষ স্বাভাবিক ভাবেই তার ফা কীর্তুন করণত। প্রকৃতপক্ষে উন্তম অধিকারী বৈষ্ণুবের সম্পানে মাধবেক্ত পুরী ভূবিত, কেন না তিনি ছিলেন পর্যোক্তর ভগবানের সব চাইতে অক্রেক্ত ভক্ত। কছনও কথনত সহজিবারা প্রতিটা লাভের আশ্যান কর্মত বৈরাগ্য এখং বিনা প্রদর্শন করে। কিন্তু এই ধরনের মানুধেরা কথনই বৈষ্ণুবতার ভতি উন্নত স্তরে উন্নিত হতে পারে লা।

#### (到)本 585

যদ্যপি উদ্বেগ হৈল পলাইতে মন ৷ ঠাকুরের চন্দন-সাধন ইইল বন্ধন ॥ ১৪৮ ॥

#### য়োকার্থ

লগ্যাপপুরীতে সকলে তাঁকে একজন মহান ভসবভ্যসকণে সন্মান প্রদর্শন করেছিল কলে, যদিও যাধবেন্দ্র পূরী সেখান থেকে পালিয়ে যেতে চেয়েছিলেন, কিন্তু তবুও গোপীনাথল্পীর চন্দন সংগ্রহে তাঁর বিশ্ব সৃষ্টি হবে মনে করে, মাধবেন্দ্র পূরী সেখান থেকে চলে যেতে পার্লেন না।

#### গ্রোক ১৪৯

জগদাথের সেবক ফত, যতেক মহান্ত । সবাকে কহিল পুরী গোপাল বৃত্তান্ত ॥ ১৪৯ ॥

#### শ্লোকার্থ

শ্রীমাধবেন্দ্র পূরী জগপ্পথদেবের সমস্ত সেবক এবং সেখানকার সমস্ত মহান ভক্তদের শ্রীগোপালদেবের আবিষ্ঠাবের কাহিনী তনিয়েছিলেন। (関本 )(0

গোপাল চন্দন মাগে,—গুনি' ডক্তগণ ৷ আনন্দে চন্দন লাগি' করিল যতন ॥ ১৫০ ॥

বীল মাধ্যেরপুরীর ভগবন্তজি

#### ল্লোকার্থ

গোপাল চন্দ্রন চেরেছেন শুনে, জগল্লাথপুরীর সমস্ত ভক্তরা মহা আনন্দে চন্দ্রন সংগ্রহ করতে সচেষ্ট হলেন।

#### (制业 2年2

রাজপাত্র-সন্মে যার যার পরিচর । ভারে মার্নি' কর্পুর-চন্দন করিলা সঞ্চয় ॥ ১৫১ ॥

#### য়োকার্থ

উচ্চপদস্থ রাজ কর্মচারীদের সলে বাঁদের বাঁদের পরিচয় ছিল, তাঁরা তাঁদের সকে সাক্ষাৎ করে কর্পুর ও চক্ষন সংগ্রহ করবেন।

#### ভাৎপর্য

এখানে বোকা যায় যে, মলয়জ্ঞ চন্দন ও কপূঁৱ জগন্নাথদেবের শ্রীবিপ্রহের জন্য ব্যবহার করা ২ত। কপূঁর খাবহার করা হত তার আরতিতে এবং চন্দন ব্যবহার করা হত তার শ্রীভাঙ্গে লেখন করার জন্য। কিন্তু এই পূটি বস্তুই সরকারের নিয়ন্ত্রণাধীন ছিল: তাই ভাজনের উচ্চলদন্থ রাজকর্মচারীদের সঙ্গে সাক্ষাৎ করতে হুগোছিল। ওাদের সমস্ত পৃত্তাত কর্মনা করে, তারা জীজগানাথলুরী থেকে অন্যর চন্দন ও কপূঁর নিয়ে যাওয়ার অনুমতি লাভ করেছিলেন।

#### त्सांक ५८५

এক বিপ্র, এক সেবক, চন্দন বহিতে । পুরী-গোসাঞির সঙ্গে দিল সম্বল-সহিতে ॥ ১৫২ ॥

### য়োকার্থ

क्ष्मभ बहुन क्षात सन्। प्राथरवस्त्र भूतीत भक्ष्म अकस्त्रन तासान व्यवस्थ वक्ष्मन स्मित्र स्मित्रा इस्सिन्। फीरक श्रासासनीत भवसंतक्ष्य स्मित्रा इस्सिन्।

#### শ্ৰোক ১৫৩

ঘটি-দানী ছাড়হিতে রাজপাত্র-ছারে। রাজ্বলেখা করি' দিল পুরী-গোসাঞির করে॥ ১৫৩॥

#### ল্লোকার্থ

পথে ওক্ত সংগ্রহকারীদের কাছ থেকে রেছাই পাওয়ার জন্য রাজকর্মচারীরা রাজার অনুমতি-পত্র পুরী গোসাঞ্জির হাতে দিয়েছিলেন।

শ্ৰোক ১৬২ী

(創本 )48

চলিল মাধবপূরী চন্দন লঞা । কডদিনে রেমুণাতে উত্তরিল গিরা ॥ ১৫৪ ॥

হোকার্থ

এডাবে যাধবেশ্র পূরী চন্দন নিয়ে বৃন্দাবনের দিকে হাত্রা করকেন এবং করেকটিন পারে ডিনি রেমুণা-রামে গোপীনাথ-মন্দিরে উপস্থিত ছলেন।

त्शंक ३६६

গোপীনাথ-চরণে কৈল বহু সমস্কার ! প্রেমাবেশে নৃত্য-গীত করিলা অপার ৪ ১৫৫ %

গোকার্থ

গোপীনাথ-যদিরে সোঁতে মাধবেল পুনী গোপীনামজীর শ্রীপাদপতে কহবার সঞ্চত লওবং প্রণতি নিবেদণ করলেন। ভগবং-প্রেমে আবিষ্ট হয়ে তিনি বহুক্স দৃত্যু-স্মৃত করলেন।

গ্রোক ১৫৬

পুরী দেখি' সেবক সব সন্মান করিল। ক্ষীরপ্রসাদ দিয়া তাঁরে ফিকা করাইল ॥ ১৫৬ ॥

<u>রোকার্থ</u>

পুনরায় মাধবেন্দ্র পুরীকে দর্শন করে গোপীনাথজীর সমস্ত সেবকগণ উচ্ছে কহু সম্মান প্রদর্শন করলেন এবং তাঁকে গোপীনাথজীর ক্ষীর প্রসাম ভোজন করালেন।

শ্লোক ১৫৭

সেই রাত্রে দেবালয়ে করিল শয়ন ৷ শেষরাত্রি হৈলে পুরী দেখিল স্থপন ৷৷ ১৫৭ ৷৷

লোকার্থ

সেই রাজে মাধ্যবেক্স পুরী মন্দিরে পয়ন করলেন এবং শেবরাত্তে তিনি আর একটি স্বপ্ন দেখদেন

ক্লোক ১৫৮

গোপাল আসিয়া কহে,—শুন হে মাধব । কর্পর-চন্দন আমি পাইলাম সব ॥ ১৫৮ ॥ শ্ৰোকাৰ্য

বপ্লে মাঞ্চবেন্দ্ৰ পুরী দেখালেন যে, সোপাল তাঁর কাছে এসে বলছেন, "হে মাধবেন্দ্র পুরী, আমি ইতিমধ্যেই সমস্ত চন্দন ও ৰূপূর গ্রহণ করেছি।

(割本 ) (治

কর্ণুর-সহিত ঘবি' এসৰ চন্দন । ধ্যোপীনাথের আন্তে নিতা করহ লেপন ॥ ১৫৯ ॥

লোকার্থ

"এখন কর্ণুরসহ ওই চন্দন যথে প্রতিমিন শ্রীগোপীনাথের অঙ্গে ভা লেপন কর।

(制本 290

লোপীনাথ আমার দে একই অস হয় । ইহাকে চন্দ্ৰ দিলে হবে মোর ভাপ-কয় ॥ ১৬০ ॥

গ্ৰোকাৰ্থ

"গোপীনাথ এবং আমার অঙ্গের মধ্যে কোন পার্থক্য নেই. ভাই গোপীনাথের অঙ্গে চন্দন লেপন করা হলে, আমার অন্ধ শীতল ছবে। ভার ফলে আমার দেহের উত্থাপ ক্যুপ্রাপ্ত হবে।

ভাৎপর্য

গোপাল ছিপেন রেমুণা থেকে জনেক দূরে, কুনাবনে তথনকার দিনে বৃদাবনে যেতে হলে মৃসসমান অধিকৃত রাজ্যের মধ্য দিয়ে যেতে হত এবং সেই সমস্ত রাজ্যের মুসলমানেরা তথন পথিকদের নানা রকম বিশ্ব সৃষ্টি করত তাই ভতের অসুবিধার কথা বিবেচনা করে, ভত্তবংসপ শ্রীগোপাল মাধবেন্দ্র পূরীকে এই চদন তারই অভিন্ন বিমাহ গোপীনাবদেবের শ্রীঅগে লেগন করতে নির্দেশ বিয়েছিলেন এভাবে ভগনান মাধবেন্দ্র পুরীকে সব রক্ষ অসুবিধা ও বিগদ খেকে রক্ষ করেছিলেন।

গ্রোক ১৬১

ছিখা না ভাবিত, না করিহ কিছু মনে। বিশ্বাস করি' চন্দন দেহ আমার বচনে ॥ ১৬১ ॥

হ্মোকার্থ

"প্রমার নির্দেশ অনুসারে কার্য করতে বিধা করে। না। আমার কথায় বিধাস করে। গোপীনাথজীর শ্রীঅঙ্গে চন্দন দেশন কর।"

শ্লোক ১৬২

ত্রত বলি' গোপাল গোল, গোসাঞি জাগিলা । গোপীলাথের সেবকগণে ডাকিয়া আদিলা ॥ ১৬২ ॥ [꽈행 8

(**अ**|क 749]

শ্রীল সাধবেন্দ্রপুরীর চগবন্তক্তি

২৩৯

#### লোকার্থ

এই নির্দেশ দিয়ে গোপালদেব মেখান থেকে অন্তর্হিত হলেন, আর মাধবেন্দ্র পূরী তৎক্ষণাৎ ক্রেগে উঠে গোপীনাথের মেবকদের ডেকে আনলেন।

গ্লোক ১৬৩

প্রভূর আজা হৈল,—এই কর্প্র-চন্দন । গোপীনাথের অঙ্গে নিত্য করহ জেপন ॥ ১৬৩ ॥

গ্ৰোকাৰ্থ

মাধনেরে পুরী বললেন, "এই কর্পুর ও চন্দন প্রতিদিন শ্রীগোপীনাথের ফলে লেপন করার জন্য প্রত্যু আলেশ করেছেন

(到本 268

ইহাকে চন্দদ দিলে, গোপাল ইইবে শীওল ৷ স্বতক্ষ ঈশ্বর—তার আত্তা সে প্রবল ৷৷ ১৬৪ ৷৷

য়োকার্থ

"এই চন্দন যদি গোপীনাথের শ্রীআদে লেগদ করা হয়, তা হলে গোপালদেবের অল শীতল হবে। প্রমেশ্ব ভগবান ব্রুট্ পুরুব এবং তাই তার আদেশ সর্বশক্তি সময়িত।"

গ্রোক ১৬৫

ত্রীদ্দকালে গোপীনাথ পরিবে চন্দন। গুনি' আনন্দিত হৈল সেবকের মন ॥ ১৬৫ ॥

রোকার্থ

শ্রীত্মকালের প্রচণ্ড গর্মে গোপীনাথজীর শ্রীত্মকে চন্দন লেপন করা হবে বলে গোপীনাথজীয় সেবকেরা অভ্যন্ত আনন্দিত হলেন।

গ্রোক ১৬৬

পুরী কহে,—এই দুই ঘষিৰে চন্দন ৷ আর জনা-দুই দেহ, দিব যে বেতন ॥ ১৬৬ ॥

হোকার্ব

মাধবের পুরী বললেন, "এই দুজন সহকারী নিয়মিত চন্দন ঘৰৰে, এবং তানের সাহায্য করার জন্য আরও দুজন লোক দিন। আমি তানের পারিশ্রমিক বেডন দেব।"

শ্লোক ১৬৭

এই মত চন্দন দের প্রত্যহ ঘরিয়া। পরায় সেবক সব আনন্দ করিয়া ৪ ১৬৭ ॥

#### বোকার্থ

এভাবে প্রতিদিন ভারা চন্দন ঘষডে লাগলেন, আর সেবকেরা মহা আনন্দে সেই চন্দন গোপীনাগজীর শ্রীঅঙ্গে নেগন করতে লাগলেন।

গ্রোক ১৬৮

প্রত্যহ চন্দল পরায়, যাবং হৈল অস্ত । তথায় রহিল পুরী তাবং পর্যন্ত ॥ ১৬৮ ॥

য়োকার্থ

একাৰেই সেই চন্দৰ শেষ না হওয়া গৰ্যন্ত প্ৰতিমিন সেই চন্দৰ গোপীমাথের আঞ্চ মেপন করা হত। যে কয়দিন চন্দৰ লেখন করা হল, সেই কয়দিন মাধ্যবন্দ্ৰ পূরী নেখানে ছিলেন।

রোক ১৬৯

গ্রীত্মকাল-অন্তে পুনঃ নীলাচলে গেলা । নীলাচলে চাতুর্মান্য জানন্দে রহিলা ॥ ১৬৯ ॥

য়োকাৰ

শ্রীত্মকাল শেষ হলে মাধ্যেক্স পুরী জাবার জগলাথপুরীতে ফিরে গেলেন এবং সেখানে তিনি বর্ষার চার মাস মহা জানুকে থাক্সেন≀

ভাহপর্য

জীলন্ধর-সম্প্রদারে 'প্রজাচারী নামের অর্থ বিশ্লেখন করে বলা হরেছে—যিনি নিজ শর্মন বিশেষরালে জানেন স্বধর্ম পরিচালনা করেন এবং নিজ্যকাল সামালে মধ্য, ডিনি 'প্রকাপ' নামক প্রজাচারী যিনি স্বয়ং জোভিত্রসালে বিশেষরাপে জানেন এবং তওজান বিকাশের থাবা বিশেষরাপে যোগাযুক্ত ভিনিই প্রকাশ' নামে কথিত। যিনি তত্ত্বজান লাভ করে সত্য জান ও অনতা প্রজাকে সর্বদা ধ্যান করেন এবং সানদেন বিশ্লার করেন, ডিনি 'জানন্দ' নামে গাডে যিনি ভিত্র-অভিত্র-এর পার্থক্য নিজপণে সমর্থ, নিনি জাড়ের বিকারের দ্বারা বিচলিত হন না এবং যিনি অনতা, ভাজর এবং মঙ্গলায়া প্রস্বাকে জানেন, ডিনি বিবান এবং 'ডেওলা' নামে অভিত্রিত হন।

সার্বভৌম ভট্টাচার্য গোপীনাথ আচার্যকে বলদেন শ্রীচেতন্য মহাপ্রভূর নাম—'শ্রীকৃষ্ণ' এবং প্রকাচারী উপাধি—'চৈতন্য' সূতরাং শ্রীকৃষ্ণ নাম—সমস্ত নাম থেকে উন্তম, কিন্তু শ্রীমনাহাপ্রভূ সর্বোচ্চ সবস্থতী সম্প্রদায়ে প্রবেশ না করে মধ্যম-সম্প্রদায়ে প্রবিদ্ধ হয়েছেন।" তার উত্তরে গোপীনাথ আচার্য বললেন যে, এর মধ্যম সম্প্রদায়ে প্রবেশ করার কারণ এই যে, এর বাহ্যপেন্দা নেই অন্তরে মর্যালা-অহকার থাকলে মানুষ মর্যানা বিশিষ্ট হওয়ার প্রয়াস করে। অনিকান হয়ে দীনভাবে হরিভজন করতে শ্রবণ ভারতী সম্প্রদায় উপেন্দা করে সরস্বতী সম্প্রদায় অনুসঞ্জান করতে এবং তাতে প্রবেশ করতে আকাশ্রমা হয় না

প্লোক ৭৪ ভট্টাচার্য কহে,—ইহার শ্রীড় যৌবন। কেমতে সন্মাস ধর্ম ইইবে রক্ষণ ॥ ৭৪॥ শ্লোকার্থ

ভট্টাচার্য জিজ্ঞাসা করলেন—"শ্রীচৈতন্য মহাপ্রস্থ পূর্ণযৌবন সম্পন্ন। অতএব কিভাবে তিনি সন্ন্যাস ধর্ম রক্ষা করবেন?

গ্লোক ৭৫

নিরস্তর ইহাকে বেদান্ত শুনাইব । বৈরাগ্য-অহৈত-মার্গে প্রবেশ করাইব ॥ ৭৫ ॥

গ্লোকার্থ

'আমি একে নিরন্তর বেদান্ত-দর্শন শোনাব এবং বৈরাগ্য-আছৈতমার্গে প্রবেশ করাব।" ভাৎপর্য

সার্বভৌষ ভট্টাচার্যের মতে, সদ্যাসীরা কেনান্ত-নর্শন আলোচনা করার মাধামে বিময়ের প্রতি জনাসক্ত হতে পারেন। তার সঙ্গে তিনি সম্যাসী আশ্রমের মর্যাদা রখন করতে পারেন। এই মন এবং ইপ্রিয় সংঘ্রের মাধামে কথা বলার বেগ, মনের বেগ, জোধের বেগ, জিল্লার বেগ, উদরের বেগ এবং উপস্থের থেগ, এই ছাটে বেগ লমন করা যায় তখন যথায়থভাবে ভনবস্তুতির মহিমা স্থাপয়গন্ধ করা যায় এবং তার কলে যথার্থ সামাসী ছওয়া থায় সেই উপ্রেশ্যে নিম্মিতভাবে জান এবং বৈরাশ্য অনুশীলন করতে ইয়। কেউ যান ইন্দিয় তর্পনের প্রতি আসক্ত থাকেন, তিনি তথা সামাস আশ্রম বজায় লাখতে পারেন না। তাই সার্বভৌষ ভট্টাচার্য প্রস্তাব করেছিলেন যে বৈরাশ্য বিষয়ে অধ্যান করার মাধ্যমে শ্রীচিতনা মহাপ্রাপ্ত হয়তো পূর্ণটোবনের কামনা বাসনা থেকে মৃত্যু হতে পারবেন।

শ্লোক ৭৬ কহেন যদি, পুনরপি যোগ-পট্ট দিয়া । সংস্কার করিয়ে উত্তম-সম্প্রদায়ে আনিয়া ॥' ৭৬ ॥

ক্লোকাৰ্থ

সার্বভৌষ ভট্টাচার্য তথ্য প্রস্তাধ করলেন—"শ্রীচৈত্বন্য মহাপ্রভু যদি চান, তাহলে আমি ভাতে পুনরায় যোগপট্ট (সন্মাসীদের ধেশ বিশেষ) দান করে সংস্থার করিয়ে উত্তম সম্প্রদায়ে নিয়ে আসতে পারি "

ভাৎপর্য

শ্রীচৈতনা মহাপ্রভূ যে ভারতী-সম্প্রদায়ে সন্ন্যাস প্রহণ করেছেন, তা সার্বভৌম ভটোচার্যের পছল হরানি, তাই তিনি তাঁকে সরস্বতী-সম্প্রদায়ে প্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন প্রকৃতপঞ্চে, তিনি প্রীচৈতনা মহাপ্রভূর পরিচয় জানতেন না। পর্যােশ্বর ভগবানরূপে শ্রীচৈতনা মহাপ্রভূ উচ্চ বা নিম্ন সম্প্রদায়ের উপর নির্ভরশীল ছিখেন না পর্যােশ্বর ভগবান সর্বাবস্থাতেই পরম স্থারে অধিষ্ঠিত।

শ্লোক ৭৭

গুনি' গোপীনাথ-মৃকুন্দ দুঁহে দুঃখী হৈলা। গোপীনাথাচার্য কিছু কহিতে লাগিলা। ৭৭ ॥

হোকার্থ

সেই কথা ওলে গোপীনাথ আচার্য এবং মুকুন্দ দন্ত অত্যন্ত দুঃখিত হলেন। গোপীনাথ আচার্য তথ্য সার্বভৌম ভট্টাচার্যকে হলতে সাগ্যক্তর—

শ্লোক ৭৮

ভিট্টাচার্য তুমি ইহার না জান মহিমা । ভগবতা-লক্ষণের ইহাতেই সীমা ॥ ৭৮ ॥

য়োকার্থ

"ভট্টাচার্য সন্দাই আপনি শ্রীটেওস্য মহাপ্রভূব মহিমা জানেন না, পরমেশ্বর ওগবানের সমস্ত লক্ষণগুলি এর মধ্যে সর্বতোভাবে বিরাক্ত করছে।

ভাৎপর্য

সর্বিভৌম ভট্টাচার্য ছিলেন নির্বিশেষবাদী, তাই নির্বিশেষ ব্রন্ধাঞ্জে:ভির অভীভ পরমৃতত্ত্ব সম্বধ্যে তার কোন ধারণাই ছিল না। কিন্ত গোপীনাথ আচার্য ভালে বলেছিলেন যে, শ্রীচিতনা মহাপ্রভূ হচ্ছেন পরমেশ্বর ভাগান। শ্রীমন্ত্রাগবতে (১/২/১১) বিশ্বেষণ কলা হয়েছে, গাঁলা ভত্মবেত্তা ভারা পরমৃতত্ত্বক ছিনটি সংজ্ঞায় সংজ্ঞিত করেন—

> वनिक्षं उत्तर्वातमञ्जूषः सङ्ख्यानभवसम् । इत्यापि भवमारस्थि जगवानिकि मनाटः ॥

'বারা ওত্তবিদ তারা ওচ্চয় পরমতত্ত্বকে রাল, পরমাধ্যা এবং ভগনান—এই ডিনটি সংজ্ঞায় সংজ্ঞিত করেন " পরমেশ্বর ভগবান বড়ৈশ্বর্য পূর্ণ গোপীনাথ আচ্চা সার্বভৌম ভট্টাচার্যকে বলেছিলেন যে, এই ছটি ঐশ্বর্যই পূর্ণরাপে শ্রীচৈতন্য মধারাভুগ্ন মধ্যে বিদ্যান

শ্লৌক ৭৯

তাহাতে বিখ্যাত ইঁহে। পরম-ঈশ্বর । অজ্ঞ-স্থানে কিছু নহে বিজ্ঞের গোচন ॥' ৭৯ ॥

শ্লোকার্প

গোপীনাথ আচার্য বললেন—"শ্রীটেতন্য মহাপ্রভু পরমেশ্বররূপে বিখ্যাত। যারা অজ্ঞ তানের পক্ষে এই ডড়জান উপলব্ধি করা কঠিন।"

শ্রোক ৮০

শিষ্যগণ কহে,—'ঈশ্বর কহ কোন্ প্রমাণে'। আচার্য কহে, -'বিজ্ঞমত ঈশ্বর লক্ষণে' ॥ ৮০ ॥

#### শ্লোকার্থ

সার্বভৌম ভট্টাচার্য উদ্ধার

সার্বভৌম ভট্টাচার্যের শিষ্যেরা ভখন প্রশ্ন করল—"কোন্ প্রমাণে আপনি প্রীচৈতন্য মহাপ্রভূকে পরমেশ্বর ভগবান বলছেন?" গোপীনাথ আচার্য উত্তর দিলেন—"পরমেশ্বর ভগবানের তত্ত্ব সমৃদ্ধে অভিন্ত আচার্যেরা যে লক্ষণ উল্লেখ করে গোছে। সেই প্রমাণে.

#### ভাৰপৰ্য

ব্রীচৈতন্য মহাপ্রভুৱ জাবির্ভাবের পর, ভারতবর্ষে বহু ভণ্ড অবতারের আবির্ভাব হয়েছে, যাদের কোন শাল্প সন্মত প্রমাণ নেই পাঁচশ' বছর আগে সার্বভৌম উট্টাচার্মের শিষ্কোরা—খাল্ল সন্মত প্রমাণ নেই পাঁচশ' বছর আগে সার্বভৌম উট্টাচার্মের শিষ্কোরা—খাল্ল সকলে ছিলেন পণ্ডিত, ওালা যথাযথভাবে গোপীনাথ আচার্মের কাছে প্রীচিতন্য মহাপ্রভুৱ ভগবহার প্রমাণ চেয়েছিলেন। কেউ যদি বলে সে সমং ভগবান ভারবা ভগবানের অবতার, তাহলে তার সেই নাবী প্রমাণ করার জন্য ভালে অবশাই শাল্প-প্রমাণ প্রদর্শন করাতে হবে তাই সার্বভৌম ভট্টাচার্মের শিল্পদের এই অনুরোধ যথায় পূর্তাগ্রেশত আজকাল শাল্প-প্রমাণ বাতীত্রই ভগবানের অবতার তৈরি করার একটা ফালেন দেখা দিয়েছে। কিন্তু বৃদ্ধিয়ান মানুষদের পকে কাউকে ভগবান বলে যেনেনেওয়ার পূর্বে, তার ভগবতার প্রমাণ সম্বন্ধে প্রশ্ন করা অবশাই কর্তবা সার্বভৌম ভট্টাচার্মের শিয়েছিলেন—"প্রমেশর ভগবান সম্বন্ধে জালতে হলে মহান আচার্যদের মতায়ত এবং প্রমাণের শর্মণাগত হতে হবে।" দ্রীকৃষ্ণের ভগবতা প্রমাণিত হয়েছে সেই সমস্ত মহাপুর্যাদের উদ্ভিতে। তা প্রয়ে বিয়েছর ভগবতার প্রমাণিত হয়েছে সেই সমস্ত মহাপুর্যাদের উদ্ভিতে। তা প্রয়ে বিয়েছর ভগবতার প্রমাণিত হয়েছে সেই সমস্ত মহাপুর্যাদের উদ্ভিতে। তা প্রয়ে বিয়েখণ করা হবে

## রোক ৮১

শিষ্য করে,—ঈশ্বর-তত্ত্ব সাধি অনুমানে'। আচার্য করে,—'অনুমানে নতে ঈশ্বর জানে । ৮১ ॥

## গ্লোকার্থ

সার্বটোম ভট্টাচার্যের শিধ্যেরা বললেন—"ঈশ্বর-ভত্ম সাধিত হয় অনুমানের মাধ্যমে।" গোপীনাথ আচার্য তথন উত্তর দিলেন—"অনুমানের ধারা কথনও পরমেশ্বর ভগবানকে জানা যায় মা।"

## তাৎপর্য

বিলেখ করে মায়াবাদী দার্শনিকেরা অনুমানের মাধ্যমে প্রমতত্ত্বের আনতে চায় তারা 
যুক্তি দেখার যে, জড় জগতে আমনা দেখি যে সবকিছুবই সৃষ্টি হয়েছে. আমনা মদি 
কোন কিছুর ইতিহাস পর্যালোচনা করি, ডাহলে আমনা দেখতে পাই—একজন স্রষ্টা 
রয়েছেন। তাই এই বিশাল জগতের নিশ্চয়ই একজন স্রষ্টা বয়েছেন এই ধরনের যুক্তিন 
মাধ্যমে তারা সিজান্ত করেন যে, কোন উচ্চতর শক্তি এই জড় জগৎ সৃষ্টি করেছেন।

923

মধ্য ৬

মাধাবাদীরা স্বীকার করে না মে, সেই মহন্তর শক্তিটিই হচ্ছেন একজন ব্যক্তি। তাদের অনুর্বর মন্তিয় ধারণা করতে পারে না মে, এই বিশাল জড় জগৎ কোন ব্যক্তি সৃষ্টি করেছেন তার কারণ হচ্ছে, যগনই ভারা কোন ব্যক্তির কথা চিন্তা করেন, তগনই তারা এই জড় জগতের ভৃতিত শক্তি সম্পর ব্যক্তির কথা ভাবেন কথনও কথনও মাধাবাদী মার্শনিবেরা শ্রীকৃষ্ণ বা রামচন্দ্রকে ভগবান বলে স্বীকার করেন, কিন্তু তারা মনে করেন যে ভগবান একটি জড় শরীর ধারণ করেছেন। মাধাবাদীরা বুঝতে পারে না যে পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণে কেছ চিধায়, তারা মনে করে যে, শ্রীকৃষ্ণ একজন মহাপুরুষ, একজন মানুয, যার মধ্যে পরম শক্তি, রক্ষ রয়েছে তাই তারা চরম সিদ্ধান্ত করেন যে নির্বিশেষ ব্রক্ষাই হচ্ছে পরমতন্ত্ব, পর্যাব্যর জাবাল শ্রীকৃষ্ণ নন। এটিই হচ্ছে মাধাবাদ-দর্শনের ভিত্তি। কিন্তু শান্তু থেকে আমরা জানতে পারি যে, প্রমা হচ্ছে শ্রীকৃষ্ণের বেহ নির্গত রম্বিজ্ঞান

यम् अक्षा अक्तरकां जनमञ्जूकांपि-क्लिपिस्टिस्ट्रिस्ट्रिस्ट्रिस्ट्रिस्ट्र् कम्यका निवस्त्रभूक्षभव्यस्थक्क्य् क्लिक्सिपिस्ट्रिस

"আমি পর্মেশ্বর উর্গধান রোনিদের ভক্তনা করি, খাঁর দেহ নির্গত রশ্মিষ্টো রক্ষক্ষ্যোতি নামে পরিচিত্ত সেই অনস্থ, অশ্বেষ এবং সর্বধ্যাপ্ত রক্ষণ্ড্যোতি, অনস্তকোট রক্ষাণ্ডের এবং অন্তর্হীন জীবনিচয়ের সৃষ্টির কারণঃ" (রক্ষসংহিতা ৫/৪০)

মন্নোবালীরা বৈদিক-শাপ্ত পাঠ কলে, কিন্তু তারা বুঝতে পারে না যে পরমতত্ত্ব-জ্ঞানের চরম উপলব্ধি হচ্ছে পরমেশ্বর জ্ঞাবান শ্রীকৃষ্ণ। তারা স্থীকার করে যে জগতের একজন এটা রয়েছেন, কিন্তু সেটি কেবল অনুমান মাত্র মায়াখাদীদের বিচার হল পর্বতো বহিমান ধূমার অর্থাৎ দূম দেখে বোঝা যায় যে সেখানে নিশ্চয় আগুন বন্ধেছে ধৌয়া দেখে যেখন সিদ্ধান্ত করা যায় যে আগুন রয়েছে, তেমনই মায়াবদীরা সিদ্ধান্ত করা যায় যে আগুন রয়েছে

সার্বভৌম ভট্টাচার্যের দিবোরা শ্রীচেতন্য মহাগ্রাভু যে, সমস্ত প্রণাতের প্রস্টা তার প্রমান চোরাছিলেন, এবং প্রমান মানেক্ষে কেবল তারা তাঁকে সমস্ত সৃষ্টির আদি কারণ পর্যোধর জগবান বলে সীকার করতে রাজী হয়েছিলেন সোপীমাখ আচার্য উত্তর নিয়েছিলেন যে অনুমানের দ্বারা কখনও জগবানকৈ জানা যায় না সে কথা শ্রীকৃষ্ণ জগবন্দীতারা (৭/২৫) বলেছেন—

नाहर श्रकाशः भर्वमः (याशयायामयानुष्टः । भूट्राव्याः नाजिबानाणि लाटका यायक्रयसम् ॥

"মূর্য এবং বৃদ্ধিছীন লোকেদের কাছে আমি কথনও প্রকাশিত হই না তাদের কাছে আমি আমার যোগমায়ার দ্বারা আঞ্চাদিত থাকি, তাই মোহাছের জড় জগৎ, অজ এবং অব্যয়রূপে আমানে জানে না।" পরমেশ্বর ভগবান অভক্তদের কাছে প্রকাশিত হন না। ভতরাই কেবল তাকে জানতে পারেন শ্রীকৃষ্ণ ভগবদৃগীতায় (১৮/১৯) বলেছেন ভক্তা মাম্ প্রভিজানাতি— 'ভল্কির মাধ্যমেই কেবল আনাকে জানা যায় " ভগবদৃগীতাতে চতুর্থ অধ্যায়ে ভগবান বলেছেন ভজোহদি মে সখা চেতি রহসাং হ্যেতদুর্তমম্—এখানে ত্রীকৃষ্ণ আর্ত্ব-কে নলছেন যে, যেহেতু তিনি তাঁর ভক্ত তাই ভগবদৃগীতার নিগৃত তথ তিনি তার কাছে প্রকাশ করেছেন অর্জুন সম্লাসী ছিলেন না, অথবা বৈদান্তিক বা ব্রাক্ষণও ছিলেন না তিনি ছিলেন কেবল একজন কৃষ্ণভক্ত। এ থেকে বোঝা যায় যে, পরমেশ্বর ভগবানকে জানতে হয় ভক্তের কাছ থেকে। জীতৈজন্য মহাপ্রভূ শ্বয়ং বলেছেন 'গ্রন্থ কৃষ্ণ প্রসাদে পায় জিজনতা বীজ', (তৈ চা যা ১৯/১৯)

কৃষ্ণাভক্ত অথবা শ্রীকৃষ্ণের করণণ ছাড়া শ্রীকৃষ্ণাকে জানা যায় না, তার বছপ্রমাণ প্রদর্শন করা যায়। সেই কথা পরবর্তী শ্লোকে প্রতিপম হয়েছে

## গ্রোক ৮২

# অনুমান প্রমাণ নহে ঈশ্বরতত্মজ্ঞানে। কুপা নিনা ঈশ্বরেরে কেহ নাহি জানে॥ ৮২॥

## লোকার্থ

গ্যেপীলাথ আচার্য বললেন—"পরমেশ্বর ভগবানের কৃপার প্রভাবে কেবল তাঁকে জানা যায়, অনুমান বা জন্মনা-কল্পার বারা নয় "

#### ভাৰপৰ্য

ভেন্ডিখালী দেখিয়ে কখনত ভণবানকে কেন্ত জানতে পাবে না। ভেছিবাজী দেখে গুর্থ লোকেরা মুদ্ধ হয়, এবং তারা তথন সেই মাদুমানকে ভগবান বা ভগবানের অবতার বলে মনে করে ভগবানের জানার পদ্ধা এটি নয়। অথবা অনুমান বা জ্বলা-কার্যানা ধারা ভগবানের অবতারকে জানা যায় না ভগবানের কাছ থেকে বা ভগবানের প্রতিনিধির কাছ থেকে ভগবান সম্বন্ধে জানতে হয়, ঠিক মেভাবে অর্থুন জোনছিলেন প্রাক্তিমিরির কাছ থেকে ভগবান সম্বন্ধ জানতে হয়, ঠিক মেভাবে অর্থুন জোনছিলেন প্রাক্তিমের কৃপার প্রভাবে প্রথিকা নিজে তাঁর প্রমেশবত সম্বন্ধ বহু ইন্সিত দিয়েছেন শারে এবং মহাজনদের দেওয়া প্রমানের মাধ্যমে প্রমেশব ভগবানকে জানতে হয় ভগবানের প্রতি ভত্তিমৃক্ত সেবার মাধ্যমে ভগবানের কৃপা কাভ হলেই কেবল ভগবানকে জানা যায়।

## (গ্লাক ৮৩

# উশ্বরের কৃপা-লেশ হয় ত' যাহারে। সেই ত' ঈশ্বর-তত্ত্ব জ্ঞানিবারে পারে॥ ৮৩॥

## শ্লোকার্থ

গোপীনাথ আচার্য আরও বলজেন "ভগবস্তুক্তি অনুশীলনের ফলে যিনি ভগবানের কৃপা লাভ করেছেন, তিনিই কেবল পরমেশ্বর ভগবানের তত্ত্ব জানতে পারেন।" () () () () () ()

955

অথাপি তে দেব পদাস্থজদ্ম-প্রসাদ-লেশানুগৃহীত এব হি । জানাতি তত্তং ভগবন্মহিপ্নো ম চান্য একোহপি চিরং বিচিন্নন্ ॥ ৮৪ ॥

অব—অভএব, অপি—অবশ্যই, ডে—আপনার, দেব—হে ডগবান, পদ-অম্বজ্জম— মীলদেপ্য মুগলের, প্রসাদ—কপা, লেশ—কণামার, অনুগৃহীতঃ—অনুগৃহীত, এব— অবশাই, ছি—যথার্থ, জাসান্তি—জানে, তত্তম্—তত্ত, জগবৎ—পর্বাহার ভগবানের, মহিলঃ—৯ছিমা, ন—কখনই না, চ—ও, অন্য—এন্য, একঃ—এক, অপি—খদিও, हिनुय-मीर्चकानः विविद्यन-कथना-कथना करतः

#### व्यनुवांत्र

**"হে দুগনান কেউ যদি আপনার খ্রীপাদপত্ম যুগলের কৃপার লেশ মাত্রও লাভ করে** থাকেন তাহকে তিনি আপনার মহিমা হাদমক্ষম করতে পারেন। কিন্তু নারা আপনার সহিমা সমূদ্ধে জন্তুনা-কল্পনা করে, তারা দীর্ঘকাল বেদ অধ্যয়ন কলেও আপনাকে জাগতে शहब ना।"

#### ভাৎপর্য

এই প্লোকটি শ্রীমন্ত্রাগতত ,১০,১৪ ২৯) থেকে উদ্বত প্রক্রা-সংহিতার (৫/৩৩) নলা হয়েছে, বেলের বৃত্তভান্তর্গভানাক্রভারতী। প্রয়োশ্বর ভগবান শ্রীকৃথ্য যদিও সমস্ত জ্ঞানের চরম লক্ষা (বেট্রেল্চ স্থৈনিহমের বেদ্যো), তবুও যতাঞ্চল পর্যন্ত না ওছভেন্তি সহবারে क्षावातात (सवाय पाल एउसा यात्र एकक्ष्य क्षावानक्ष क्षाना याप्र ना कोई उन्ता বলেছে।—বেদের দুর্লভমদুর্লভমাত্মভারেনী। কিন্তু যারা ভগবানের ভন্তা, তারা আনায়াসে ভগৰা- কে ৰানতে পারেন ভগৰানের একটি নাম হচ্ছে 'অঞ্জিত, অর্থাৎ পরমেশব ভগবানকে কেউ পরাজিত করতে পারে না কিন্তু, তাঁর ভক্তের কাছে ওপবান পরাজয় খীকার করেন। সেইটি হলে তার সভাব সে সম্বন্ধে প্রাপ্রাদে বলা হয়েছে—

> **जातः श्रीकृषमायामि य खरम् शश्मितिराः ।** स्मरताग्रहण हि किङ्गासी बग्रह्मच पुन्तकामः ॥

'ভগবানের মাঘ, রূপ, ওণ, লীলা, পরিকর আদি জডেন্দ্রিয় গ্রাহ্য নয়, কিন্তু ইদ্রিয়ওলি খখন ভগবানের সেনায় যুক্ত হয়---তখন ভগবান তাঁর ভাক্তর কাছে নিজেনে প্রকাশ করেন।" সেইটিই হুছে তাঁকে জানার পদ্ধা

শ্রীমরাগ্রত থেকে গোপীনাথ আচার্য যে শ্লোকটি উল্লেখ করেছেন, সেটি শ্রীকৃঞ্জের কাছে পরাজিত হওয়ার পর প্রকার মুখনিঃসূত ক্লোক। শ্রীকৃথেন শক্তি পরীক্ষা করার জন্য প্রখ্যা তাঁর গ্লোপসথা এবং গো-বংসদের হরণ করেছিলেন তারপর শ্রীকৃষ্ণের অচিন্তাশক্তি দর্শন করে ব্রহ্মা স্বীকার করেছিলেন যে, জীকৃষ্ণের অনন্ত শক্তির কাছে তার অলৌকিক শক্তির তুলনাই হয় না। শ্রীকৃষ্ণকে জানতে যদি ব্রন্ধারও শ্রম হয়, তাহলে সাধারণ মানুযের কি কথা, জারা হয়ত শ্রীকৃষ্যকে বৃষ্ণতেই পারে না অথবা ভাদের নিজেনের ইন্দ্রিয় তৃত্তি সাধনের জন্য যাকে তাকে ত্রীকুঞ্জের অধভার বলে চালাবার চেট্টা করে।

শার্বভৌম ভট্রাচার্য উদ্ধার

## শ্রোক ৮৫-৮৬

যদ্যপি জগদ্শুরু ডুমি—শাস্ত্র-জ্ঞানবান । পৃথিবীতে নাহি পণ্ডিত তোমার সমান ॥ ৮৫ ॥ ঈশ্বরের কৃপা-দেশ নাহিক ভোমাতে। অতএব ঈশ্বরভত্ত্ব না পার জানিতে ॥ ৮৬ ॥

ভারপর গোপীনাথ আচার্য সার্বট্টোম ছট্টাচার্যকে বলদেন—"বনিও আপনি একজন মহান পতিত এবং বছ দিয়ের ওর এবং প্রকৃতপক্তে আপন্যর মতো পশ্চিত পৃথিবীতে নেই, কিন্তু তবুও আপনি খ্রীকৃক্ষের কৃপরে লেশমাত্র লাভ করতে পারেন নি, তাই আপনি তাঁকে জানতে পারছেন না, যদিও তিনি আপনায় গুটেই উপস্থিত রয়েছেন

## শ্ৰোক ৮৭

তোমার নাহিক দোষ, শাল্রে এই কহে। পাণ্ডিত্যান্যে ঈশ্বরতত্ত্ব-জ্ঞান কডু মহে ॥' ৮৭ ॥

#### যোকার্থ

"এতে আপনার দোষ নেই: শার্টেই বলা হরোছে—পাণ্ডিভার দারা কখনও পর্যেশ্বর ভগবানকে জানা যায় না "

#### **ভা**হপর্য

এই শোকটি খাতাও গুরুত্বপূর্ণ হড় বড় পণ্ডিভেরা পর্যন্ত শীকৃষ্ণকে জানতে পারেন না, অর্থচ থারা *ভগবদ্গীতার ভাষ্য র*চনা ফরতে সাহস করেন ভগবদশীতা পাঠ করার অর্থ হয়েছ খ্রীকৃষ্ণকে জানা, অথচ আমরা দেখি কন্ত বড় সব পণ্ডিড শ্রীক্ষাকে জানবার চেটা করতে গিয়ে মধ্যবিধান্তির সৃষ্টি করছেন। গোপীনাথ আচার্মের এই উভিটি বৈদিক শান্ত্রের বধ বর্ণনায় প্রতিপট্ন হায়েছে। *কঠোপনিয়দে* (১/২/২৩) বলা হয়েছে—

> माय्यापा अवहत्सम भएना म (अध्या म वहना खद्छन ) गरभरिक नुषुर्छ एडम जन्नान्तरैभाष चात्रा विद्युर्छ छन्। श्राम ॥

क*ोशनियरम* धारु७ (5/६/৯) अन काग्रगांग्र वना इरग्रह—

निया जटर्नम् प्रजित्रांभरनमा श्वास्थारनारिनव मध्यानाग्र श्वष्टे । . যাং ক্যাপঃ সত্যধৃতির্বতাসি ত্বাদৃগুনো ভূয়ারচিকেতঃ প্রষ্টা ॥

"পর্গমেশ্ব ভগবান প্রমান্মাকে প্রবচনের দ্বারা, মেধার দ্বারা, মুক্তি তর্কের দ্বারা এমনকি

428

লোক ৯২1

বৈদিক শাস্ত্র আধায়নের দ্বারাও লাভ করা যায় না কিন্তু, কেউ যদি ভগবানের কৃপার কামাত্রেও লাভ করেন, ভগবান যদি তার প্রতি প্রসয় হন, তাহলে তিনি তারে জানতে পারেন।" কিন্তু এই কৃপা লাভের যোগ্যপার ছেং কেবল ভগবভড়া তারাই কেবল পারেন পরমেশ্বর ভগবানকে জানতে ভারেন সেবায় ভগবান যখন প্রীত হন, তখন তিনি তার কাছে নিজেকে প্রকাশিত করেন, স্বয়মেব স্কুরত্যদঃ। বেনের বর্ণনার মাধ্যমে কেবল ভগবানকে জানার চেট্টা কর্লো, অথবা সেই সমস্ত উজি নিয়ে তর্গ-বিভর্গ কর্লো কোন লাভ হয় না।

## গ্লোক ৮৮

সাৰ্বডৌম কহে,—আচাৰ্য কহ, সাবধানে। তোমাতে ঈশ্বর-কৃপা ইথে কি প্রমাণে॥ ৮৮॥

## য়োকার্থ

সার্বভৌম ভট্টাচার্য প্রজিপ্রদা করলেন—"গোলীনাথ আচার্য। একটু সাবধানে কথা বলুন। আপনি যে ভগনানের কৃপা লাভ করেছেন, তার প্রমাণ কোথায়?"

#### শ্লোক ৮৯

আচার্য করে,—''বস্ত-বিষয়ে হয় বস্তু-জ্ঞান। বস্তুতত্ত্ব-জ্ঞান হয় কুপাতে প্রমাণ॥ ৮৯॥

#### ধোকার্গ

গোপীনাথ আচার্য উত্তর দিলেন—"পরসতত্ত্বস্ত সম্বন্ধে মধার্থ আনই প্রমেশ্বর ভগবাদের কৃপার প্রমাণ,"

## ভাহপর্য

মার্বভৌম ওট্টাভার্য ভার ভর্নীপতি গোপীনাথ আচার্যকে বগলেন, "প্রমেশ্বর ভগবান আমাকে কৃপ না করতে পারেন, কিন্ত তিনি যে আপনাকে কৃপ। করেছেন তার প্রমাণ কিঃ" তার উত্তরে গোপীনাথ আচার্য বললেন যে পর্যতত্ত্ব এবং তার বিভিন্ন শক্তি অভিনা তাই তার বিভিন্ন শক্তির প্রকাশের মাধ্যমে প্রযতন্ত্বকৈ জানা যায় প্রমৃতত্ব বস্তুতে তার সমস্ত শক্তিও একাধারে বিরাজ্যান। প্রমৃতত্ব তাচিত্তা শক্তি সমন্থিত এবং তিনিই হচেনে বাস্তব বস্তু—প্রাদ্য শক্তিবিবিধ্ব শ্রমতে।

বেদে বর্ণনা করা হয়েছে যে, পরমতন্ত্ বিবিধ শক্তি সমন্তিত কেউ যথন পরমতন্ত্রের বিবিধ বৈশিষ্ট্য এবং শক্তি হনযান্সম করতে পারেন, তখন তিনি পরমতন্ত্রের হনযান্সম করতে পারেন জড় জাগতিক স্তরেও কোন বস্তুর বৈশিষ্ট্য হনয়ন্সম করার মাধ্যমে সেই বস্তুকে জান হয়। যেমন, তাপ ধ্বেকে বোঝা যায় যে আগুন রয়েছে আগুন দেখা না গেলেও, তাপ অনুভব করার মাধ্যমে আগুনের উপস্থিতি অনুভব করা যায়। তেমনই কেউ যদি পরমতন্ত্রের বৈশিষ্ট্য অনুভব করাতে পারেন, তাহলে খুঝতে হবে যে তিনি ভগবানের কৃপার প্রভাবে পরমতন্ত্র বস্তুকে হনয়ন্সম করতে পেরেছেন

ভগবদ্গীতায় (१/২৫) বলা হয়েছে—মাহং প্রকাশঃ সর্বস্য—"পরমেশ্বর ভগবান সকলের কাছে নিজেকে প্রকাশ করেন না।" সেবোলুখে হি জিহ্নাসৌ স্বামেন স্কৃবত্যদঃ —"ডভের সেবায় সভটে হয়ে ভগবান নিজেকে তার কাছে প্রকাশ করেন।" অর্থাৎ ভগবানের কৃপা ব্যতীত কেউই ভগবানধে জানতে পারেন না জারনা করেনার রার বা অনুমানের হারা কখনও ভগবানকে জানা যায় না এটিই হল ভগবদ্গীতায় সিদ্ধান্ত

শ্লোক ৯০-৯১

ইহার শরীরে সব উপার-সাক্ষণ।
মহা-প্রেমাবেশ তুমি পাএগছ দর্শন ॥ ৯০ ॥
তবু ড' উপার-জ্ঞান না হয় ভোমার।
উপারের মায়া এই—বলি ব্যবহার ॥ ৯১ ॥

#### ্রেগ্রাকার্থ

গোপীনাথ আচার্য বললেন—''পরমেশ্বর জগবানের সমস্ত লক্ষণগুলি, মহাশ্রেমানিট্র অবস্থায় গ্রীটেডস্য মহাশ্রভূর শরীরে, আপনি দর্শন করেছেন। কিন্তু তবুও আপনি তাঁকে পরমেশ্বর জগবান বলে চিন্তে পারকেন লা। একেই বলে ঈশ্বরের মায়া

#### ফাৎপর্য

গোপীনাথ আচার্য সর্বভৌম ভট্টাচার্যকো বলকেন যে, যদিও তিনি শ্রীচেওনা মহাপ্রভূষ মহাপ্রেমানিট অবস্থা দর্শন করেছেন, এবং এই সমস্ত লক্ষণগুলি দেখে কোনা যায়। যে তিনিট হচ্ছেন পরমেশন ভগনান, নিন্দু তা সত্ত্বেও তিনি তাঁর অপ্রাকৃত পরিচয় স্থায়সম করতে পারকোন না। তিনি শ্রীচৈতনা মহাপ্রভূর লীলাসমূহ জাগতিক বলে মনে করেছিলেন। সেটি অবশাই ভগবানের মায়ারই প্রভাব

## গ্লোক ৯২

দেখিলে না দেখে তারে বহির্ম্থ জন " শুনি' হাসি' সার্বটোম বলিল বচন ম ৯২ ॥

## য়োকার্থ

'ভগৰানের বহিনদা প্রকৃতির দারা প্রভাবিত বহির্মুখ মানুষ, দেখেও দেখতে পায় না '' সেই কথা শুনে সার্বভৌগ ভট্টাচার্য হেতে বহুদেন—

## তাৎপর্য

হদের নির্মল না হলে অপ্রাকৃত ডগবড়জির উদয় হয় না। সেই সম্বাদ্ধ জগবদ্গীতায় ৭,২৮) বলা হয়েছে—

ষেষাং ত্তৰতং সাগং জনানাং পুণাকর্মণাম্। তে ধন্দুমোহনির্মুক্ত ভজক্তে মাং দৃতরতাঃ॥

"যাঁনা পূর্বজন্মে এবং এই জন্মে বহু পূণ্যকর্ম করেছেন, থাঁরা সর্বতোভাবে গাপমৃত হয়েছেন

শ্লোক ৯৮]

এবং দ্বন্দু ও মোহমুক্ত হয়েছেন, তাঁরা সুদৃত ভক্তি সহকারে আমার ভঙ্কা করেন।"
কেউ কমন শুদ্দুজ্জি সহকারে ভগবানের সেবায় যুক্ত হন জ্বন বুঝতে হবে যে,
ভিনি সমস্ত লাপ থেকে মুক্ত হয়েছেন আর্পাৎ বুবাছে হবে যে, ভগবপ্তকেরা সমস্ত লাপ থেকে মুক্ত গালী, দুদ্দুজকারী কমনও ভগবং-সেবা সম্পাদন করতে পারে না।
ভেমনই পাণ্ডিতাপূর্ণ অনুমানের মাধ্যমেও কেউ ভগবানের সেবায় যুক্ত হতে পারে না
এছ ভক্তবং প্রেমে ভগবানের সেবা করতে হলে, ভগবানের কৃপালাভের জন্য প্রতীক্ষ্য
করতে হয়

# প্লোক ৯৩ ইউগোষ্ঠী বিচার করি, না করিহ রোব । শান্ত্রদৃষ্ট্যে কহি, কিছু না লহৈছ দোব ॥ ৯৩ ॥

#### প্লোকার্থ

সার্বটোম উট্টাচার্য বললেন—"আমরা বন্ধুডাবে নিজেদের মধ্যে জালেচনা করছি, সুতরাং রাগ কর না, আমি শাল্রের ডিন্ডিটেই যা কিছু বলার বলছি। দরা করে এর দোঘ দর্শন কর না

# গ্লোক ৯৪

মহা-ভাগৰত হয় চৈতন্য-গোসাঞি । এই কলিকালে বিফুর অবতার নাই ॥ ৯৪ ॥

## য়োকার্থ

জীতৈতন্য মহাপ্রভু ঋষশাই একজন মহাভাগ্রত, কিন্তু আমরা তাকে বিমূর অবতার ৰলে এহণ করতে পারি না, কেননা শাস্ত্রের বর্ণনা অনুসারে কলিকালে ভগ্রানের অবতার নেই

# শ্লোক ৯৫ অতএব 'ব্রিযুগ' করি' কহি বিষ্ণুনাম । কলিযুগে অবতার নাহি,—শাস্তুজ্ঞান ॥ ৯৫ ॥

## শ্লোকার্থ

"শ্রীবিধ্যুর আর এক নাম হচ্ছে 'ব্রিযুগ', কেননা কলিযুগে বিধ্যুর অবতার নেই। এটি শাস্তেরই কথা।"

#### ভাৰপুৰ

পরমেশ্বর ভগবান, শ্রীবিধুক আর এফ নাম 'ব্রিযুগ', অর্থাৎ তিনি তিন যুগে প্রকাশিত হন কিন্তু এর প্রকৃত অর্থ হচ্ছে যে, তিনি কলিযুগো প্রজ্যক্ষভাবে প্রকাশিত না হয়ে প্রচ্ছান্তাবে প্রকাশিত হল সেই সম্বন্ধে শ্রীমন্তাগবতে (৭/৯,৩৮) বলা হয়েছে—
ইত্বং নৃতির্যাগনিদেবকাষাবতারৈ-

२२६ मृत्यात्रम्भारत्यात्रस्यात्रस्यः स्मित्राम् विधावग्रात्रम् इस्तम् खर्भदक्षणीलाम् । सर्गरं महाशुक्तम् शामि युगानुवृत्तरः इमाः करनी यमन्त्रतियुर्गादेशः माः कृम् ॥

"হে ভগনান, নর, পণ্ড, দেব খাবি, জলচর আদি লপে অবতীর্ণ হয়ে, আপনি এই জগতের সমস্ত শত্রুদের সংহার করেন। এইডাবে আপনি নিবাজানের আলোকে জগতকে উদ্ধাদিত করেন। হে মহাপুরুষ, কলিযুগে আপনি কখনও কখনও প্রচ্ছ্যাভাবে আবির্ভৃত হন তাই আপনি 'ত্রিযুগ' নামে অভিহিত হন।"

শ্রীল শ্রীধর সামীও প্রতিপর করেছেন যে, শ্রীনিফু কলিযুগে আবির্ভূত হন, নিস্তু অন্যান্য যুগে তিনি যেভাবে আচরণ করেন স্পেভাবে আচরণ করেন না। শ্রীবিষ্ণু আবির্ভূত হন দৃটি উদ্দেশ্য সাধনের জন্য—পবিত্রাগায় সাধুনাং বিনাশায় চ চুমুভাম্। অর্থাং "তিনি আবির্ভূত হন ভাজদের সঙ্গে লীলাবিলাস করার জন্য এবং অসুরদের সংখ্যার বরার জন্য।" সত্যা, রেতা এবং স্বাপর যুগে এই উদ্দেশ্যগুলি তাঁকে লাখন করছে দেখা যায়, বিজ্ঞ করিয়ুগে ভাষান আবির্ভূত হন প্রজন্মভাবে তিনি সন্যামনিভাবে অসুরদের সংখ্যার করে করে ভাজদের পবিত্রাণ করেন না। কলিযুগে ভাষানকে প্রত্যাক্ষভাবে উপলব্ধি করা যায় না, কিন্তু অন্য তিন যুগে করা যায়, তাই তার নাম 'ত্রিযুগ'

শ্রোক ৯৬-৯৮
ভানিয়া আচার্য করে দুংখী হঞা মনে।
শাস্ত্রজ করিঞা ভূমি কর অভিমানে ॥ ৯৬ ॥
ভাগবত-ভারত দুই শাস্ত্রের প্রধান ।
দেই দুই গ্রন্থ-বাক্যে নাহি অবধান ॥ ৯৭ ॥
দেই দুই কহে কলিতে সাক্ষাৎ-অবভার ।
ভূমি কহ,—কলিতে নাহি বিধ্যুর প্রচার ॥ ৯৮ ॥

## ফ্লোকার্থ

সেই কথা শুনে গোপীনাথ আচার্য অন্তরে দুয়খিত হয়ে বললেন, 'আপনি দিজেকে শাস্ত্রুজ্ঞ বলে অভিমান করেন। খ্রীমন্ত্রাগবত এবং মহাভারত, এই দৃটি শাস্ত্র সমস্ত বৈদিক শাস্ত্রের মধ্যে সবচাইতে শুরুত্বপূর্ণ, কিন্তু ভাতে যে নির্দেশ দেওয়া হয়েছে, সেই সম্বন্ধে আপনি অবগত নন সেই দৃই শাস্ত্রে বলা হয়েছে যে, কলিমুগে ভগবান সাক্ষাৎ অবতরণ করেন, কিন্তু আপনি বলছেন যে, কলিমুগে বিশুর অবতার নেই:

#### শ্লোক ১১

# কলিমূগে লীলাৰতার না করে ভগবান্। অতএব 'ত্রিযুগ' করি' কহি ডার নাম ॥ ৯৯ ॥

#### <u>রোকার্থ</u>

'কলিযুগে ভগৰানের শীলা-অবভার নেই। ভাই ভার নাম 'ত্রিযুগ'।"

#### ভাহপর্য

শীলা-অবতারে ছগবান অনায়াসে শীলাবিলাস করেন ৷ তিনি একের পর এক লীলাবিলাস করেন, এবং সেই সমস্ত শীলা অপ্রাকৃত আনন্দে পূর্ণ ও সেতালৈ সম্পূর্ণভাবে তিনিই নিমন্ত্রণ করেন এই সমস্ত শীলাম পরটোখার ভগবান সম্পূর্ণরূপে স্বাধীন জীল সন্যতন গোপামীকে শিক্ষা দেওয়ার সময় (তৈঃ চঃ মঃ ২০/২৯৮) শ্রীচৈতন্য মহাপ্রভু উল্লেখ করেন যে, ভগবানের শীলা-অবতার অসংখ্য—

> नीनांगणात्र कृरशन ना यात्र वर्गन । अथान कविद्यां कवि पित्र महाधम ॥

শ্রীটিভানা মহাপ্রভু সনাতন গোঝাহীকে বলেছিলেন, "কিন্তু ভবুও ভগবানের প্রধান লীলা-অবভারনের কথা আমি ভোমাকে বলব "

> प्रदम, कुर्य, त्रष्ट्नाध, नृमिश्ह, वीयन । वर्ताशमि—काथा थात या वाग्र शणम ॥

এইভাবে ভগবানের অসংখ্য লীলা-ভবেতার রয়েছেন, এবং তাঁরা সকলে অন্তুত সমন্ত দীলা প্রদর্শন করেন। করাছ অবতারে ভগবান করাছদেব সমূপ্র থেকে পৃথিবীকে উদ্ধার করেছিলেন কূর্ম অবতারে তিনি মন্দার পর্বত তাঁর পৃষ্ঠে ধারণ করেছিলেন সমূপ্র মন্থন করার জনা, এবং নরসিংছ অবতারে তিনি তাঁর নখকমল দ্বারা ছিরণ্যকশিপুর হলম্ম বিদীর্গ করে তাকে সংহার করেছিলেন, তাঁর ভক্ত প্রহ্লাদ মন্ত্রারাছকে রক্ষা করার জনা এগুলি ভগবানের দীলা-অবভারের একটি অসাধারণ এবং তালৌকিক দীলা

শ্রীল রূপ গোঝামী তার *পর্-ভাগবতামৃত* গ্রন্থে নিম্নলিখিত ২৫টি লীলা অবতারের উল্লেখ করেছেন—চতুঃসন, নারদ, বরাধ, মথসা, যক্ত, নরনারায়ণ, কলিল, দরাযোগ, হয়শীর্য (হয়গ্রীব), হংস, পৃথিচগর্ভ, ঋষভ, পৃথা, নৃসিধ্ব, পূর্ম, ধধন্তরি, মোহিনী, বামন, পরগুরাম, রাঘরেন্তা, বামন, ব্যব্দা, কৃষ্ণা, বুদ্ধ এবং কন্ধি

তিনি শ্রীচেতন্য মহাপ্রভুব নাম লীলা-অবতাররূপে উল্লেখ করেননি, কেননা তিনি তাঁব বরুপ আচ্ছাদিত করে অবতীর্ণ হয়েছেন (*ছদ অবতার*)। এই কলিযুগে ভগবানের নীলা অধকার নেই, কিন্তু শ্রীচেতন্য মহাপ্রভু রূপে ভগবান তাঁর অবতার প্রকাশ করেছেন সেই কথা *শ্রীমন্ত্রাগবতে* বিশ্লেষণ করা হয়েছে। গ্রোক ১০০

সার্বভৌম ভট্টাচার্য উদ্ধার

# প্রতিযুগে করেন কৃষ্ণ যুগ-অবতার । তর্কনিষ্ঠ হৃদয় তোমার নাহিক বিচার ॥ ১০০ ॥

#### গ্লোকার্থ

গোপীনাথ আচার্য বললেন, "প্রতি যুগে ভগবান অবতীর্ণ হন এবং তাঁর সেই অবতারকে বলা হয় যুগারতার। কিন্তু আপনার ভকনিষ্ঠ হনর এতই কঠিন যে, তা বিচার করার কমতা আপনার সেই

#### (ध्रोक ১०১

আসন্ বর্ণান্ত্রমো হাস্য গৃহুতোহস্থুগং তন্ঃ। শুক্রো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ ॥ ১০১ ॥

আসন্—ছিল, বর্ণ—রং, রয়:—তিনটি; হি—অবশ্যই, অস্য—তার, পৃহত—এহণ করে অনুযুগ্য—্যুগ অনুসারে; তমৃঃ—দেহ, তকুঃ—দেভ (সায়া), রক্তঃ—লাল, তথা—ও; লীত—পীত (পর্ণাড), ইদাধীয়—এখন, কৃষ্ণতায়—কৃষ্ণ; গতঃ—এহণ করেছে।

#### অনুবাদ

" 'পূর্বে আপদার পূত্র, যুগ অনুসারে ডিনটি বিভিন্ন বর্ণের পরীর ধারণ করেছিল সেগুলি হচ্ছে শ্বেত, রক্তা এবং পীত। এখন (ছাপর যুগে) সে কৃষ্ণবর্গ ধারণ করেছে। তাৎপর্য

এই শ্লোকটি জীমন্তাগবত (১০,৮/১৩) থেকে উদ্বৃত শ্রীকৃথের নামকরণ উৎসবে এটি দুর্গ মুনির উদ্বি তিনি বলেন যে জানানা যুগে ভগবান শ্বেত, রক্ত এবং পীত বর্গ ধারণ করে অবতীর্গ হয়েছিলেন এই পীত বর্গ সময়িত ভগবানের অবতার হচেনে শ্রীচৈতনা মহাপ্রভু: এর থেকে প্রতিপম হয় যে, পূর্বের অইটিংশতি কলিযুগেও ভগবান পীতবর্গ ধারণ করে অবতীর্ণ হয়েছিলেন। বিভিন্ন যুগে (সভা, ত্রেতা, ঘাপর এবং কলি) ভগবান বিভিন্ন বর্ণ ধারণ করে অবতীর্ণ হন পীতবর্ণ এবং আনানা বৈশিল্পা নিয়ে ভগবান শ্রীচৈতনা মহাপ্রভুম্বপে অবতীর্ণ হয়েছেন এটি সমান্ত বৈদিক আচার্যদের সিদ্ধান্ত

## শ্লোক ১০২

হৈতি দ্বাপর উর্বীশ স্তবন্তি জগদীশারম্ । নানাতন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু ॥ ১০২ ॥

ইতি—এইভাবে, দ্বাপরে—দ্বাপষ যুগো, উরু-ঈশা—হে রাজন, স্তবন্তি—বন্দনা করেন, জগৎ ক্ষারম্ প্রমেশ্বর ভগবানকে; নানা—বিভিন্ন, তন্ত্র—বেদানুগ শান্ত্র, বিধানেন—বিধির ধারা, কলৌ -কলিযুগো, অপি—অবশ্যই, তথা—তেমনই, শুণু—প্রথণ কর্মন।

## অনুবাদ

"কলিযুগে এবং বাপরমূগে, বিনিধ শাস্ত্র এবং বৈদিক শাস্ত্রবিধি অনুশীলনের দারা মানুখ শরমেশ্বর ভগবানের স্তব করেব। এখন দয়া করে দ্মাপনি আমার কথা অনুন।

#### ভাৎপর্য

এই প্লোকটি শ্রীমন্ত্রাগবত (১১/৫/৩১) থেকে উন্ধৃত,

#### (戦争 )の3

# কৃষ্ণবর্গং ত্বিবাহকৃষ্ণং সাক্ষোপাসান্ত্রপার্যদম্ । যজ্ঞৈঃ সংকীর্তনপ্রায়ের্যজন্তি হি সুমেধসঃ ॥ ১০৩ ॥

কৃষ্ণ-বর্ণম্—'কৃষ্' এবং 'গ' এই দুটি পদাংশ উচ্চারণ করতে; ছিন্না-অকৃষ্ণয়্ —অকৃষ্ণ বর্ণ ধারণ করে, সংজ্ঞাল—অস স্বরূপ অংশ সহ, উপ-অল—জক্তগণসহ, অল্প—'হরেকৃষ্ণ মহামন্ত' কীর্তনরূপ অল্প, পার্যদন্—গদাধর, সরল দামোদর আদি পার্যদসহ, ফ্রেল্ড-যাভার ধারা সংকীর্তন—সমবেতভাবে 'হরেকৃষ্ণ মহামন্ত' কীর্তন, প্রান্তঃ—প্রধানতঃ,
যক্তি—অল্লাধনা করে, হি—অবশাই, সুমেশ্বসঃ—থলা মথার্থ বৃদ্ধিমান

#### অনুবাদ

"যে পরমেশ্বর ভগবাদ 'কুল' ও 'প' পদাশে দুটি নিরন্তর উচ্চারণ করেন, কলিযুগের পুদ্ধিনান মানুদেরা তাঁর উপাসনার নিমিত্ব সমবেতভাবে নামসংকীর্তদ করে থাকেদ যদিও তার গাত্রবর্গ কৃষ্ণ নয়, তবুও তিনিই কৃষ্ণ। তিনি সর্বনা তাঁর পার্বন, সেবক, সংকীর্তনকপ তালু ও ঘনিষ্ঠ সহচর পরিবৃত্ত থাকেদ।"

#### ভাৰপা

জীমন্তাগরত থেকে উদ্বৃত (১১/৫/৩২) এই জোপটি খ্রীল জীব গোস্বামী তার *ক্রমসাদর্ভে* বিমোষণ করেছেন, এবং তা শ্রীল ভতিবিনেদে ঠাকুর আদিলীলার তৃতীয় পরিছেদে ৫১ নং লোকে উল্লেখ করেছেন।

## শ্লোক ১০৪

# সূবর্ণবর্গো হেয়াক্ষো বরাঙ্গশচন্দনাঙ্গদী ৷ সন্মাসকৃচ্ছমঃ শান্তো নিষ্ঠা-শান্তি-পরায়ণঃ ॥ ১০৪ ॥

সূবর্ণ-বর্ণাঃ থাঁর অপ্নকান্তি সোনার মতো; হেম-অঞ্চ—তন্ত কাকানের মতো থাঁর অস্ক; বরঅফ থাঁর সেহ অতান্ড সুন্দর; চন্দন-অঙ্গলী—তন্দন চর্চিত; সন্মাস-কৃত—সন্মাস গ্রহণ করে;
শমঃ—আত্ম সংয়ম; শান্তঃ—শান্ত; নিষ্ঠা: নিষ্ঠা; শান্তি—হরেকৃষ্ণ মহামন্ত প্রচারের দার।
শান্তি প্রাপনকারী, পরায়ণাঃ—সর্বদা ভগাবৎ-প্রেমানন্দে মধ্য।

#### অনুবাদ

'ভগনান তপ্ত কাঞ্চনের মতো অঙ্গকান্তি ধারণ করে (গৌরসুন্দররূপে) অবতীর্ণ হবেন। তাঁর সুন্দররূপ তপ্ত কাঞ্চনেরই মতো এবং তা চন্দন চর্চিত। তিনি সন্মাস আশ্রম অবলম্বন করে কঠোরভাবে আত্মসংযমী হবেন এবং মায়াবাদী সন্মাসীদের মতো নিবিশেষবাদী না হয়ে তিনি ভগবজুক্তিতে নিষ্ঠা পরামণ হবেন এবং সংকীর্তন জান্দোলনের স্বচনা করবেন।' "

#### ভা**ং**পর্য

গোলীনাথ আচার্য মহাভারত থেকে এই প্লোকটি উদ্বন্ধ করেছেন

যোক ১০৮1

## শ্লোক ১০৫

তোমার আগে এড কথার নাহি প্রয়োজন। উষর-ভূমিতে যেন বীজের রোপণ ॥ ১০৫ ॥

#### য়োকার্থ

ভারপর গোপীনাথ আচার্য বললেন—"তোমার কাছে এত সমস্ত প্রমাণ দেওগার কোন প্রয়োজন নেই, কেননা ভূমি হছে একজন ওর মনোধর্মী। উষর (ওর) ভূমিতে বীজ রোপণ করে থেমন কোন লাভ হয় না, ডেমনই ভোমার কাছে এই সমস্ত প্রমাণ দেখিয়ে কোন লাভ সেই।

#### গ্রোক ১০৬

ভোমার উপরে তাঁর কৃপা যবে হবে। এসৰ সিদ্ধান্ত তবে তুমিহ কহিবে॥ ১০৬॥

## অনুবাদ

"ডোমার উপর খখন ভগবানের কৃপ। হবে, তখন ভূমিও এ সমস্ত নিদ্ধান্ত ক্দরজম করতে পারবে এবং এই সমস্ত শাহ্র নিদ্ধান্তের উদ্ধৃতি গেকে

#### ঞোক ১০৭

ভোষার যে শিষা কহে কুতর্ক, নানাবাদ । ইহার কি দোষ—এই মামার প্রসাদ ॥ ১০৭ ॥

## শ্লোকার্থ

"ভোমার শিখারা যে কৃতর্ক করছে এবং নানারকম অপসিদ্ধান্তের অবভারণা করছে তাতে তানের কি দোহ—তা হল মারাবাদেরই কুফল।

#### ক্লোক ১০৮

যচ্ছক্তয়ো বদতাং বাদিনাং বৈ, বিবাদ-সংবাদ-ভূবো ভবস্তি । কুবস্তি চৈষাং মুত্রাত্মচোহং, তল্মৈ নমোহ-স্তণ্ডণায় ভূলে ॥ ১০৮॥

যৎ—যার; শক্তমঃ—শক্তি সমূহ; বদতাম্—তর্ক, যুগ্ডি; বাদিনাম্—পরস্পর বিরোধী; বৈ— অবশ্যই, বিবাদ—বিরুদ্ধ, সংবাদ—সাম্য; তুবঃ—বিষয়, ভবস্ভি—হয়ে যায়, কুবস্তি—করে; মিধা ৬

শ্লোক ১১৪]

চ—এবং; এয়াম্—ঐ সকলের; মুহুঃ—সর্বদা; আত্ম-মোহম্—দেহাত্মবৃদ্ধি; তক্তি তার প্রতি; নমঃ—প্রণতি; অনস্ত—জনস্ত; গুণায়—শুণামিত; ভূম্নে—সর্ব্ব।

#### অনুবাদ

"আমি সেই অনন্ত গুণে ওণাছিত পরম পুরুষকে আমার দওবং প্রগতি নিরেদন করি, মার বিবিধ শক্তির ফলে পরস্পর বিরোধ ও সাম্য ঘটে পাকে। এইভাবে মানা পরস্পর নিরোধী-ভাবসকলের ছারা পুনঃ পুনঃ দেহাস্মবৃদ্ধির উৎপত্তি করে।

#### ভাহপর্য

এই প্লোকটি গ্রীমধ্বাগনভান (৬/৪/৩১) একটি উদ্ধৃতি

## হোক ১০৯

যুক্তং চ সন্তি সৰ্বত্ৰ ভাষতে ত্ৰাহ্মণা যথা। মানাং মদীয়ামুদ্গৃত্য বদতাং কিং নু দুৰ্ঘটম্ ॥ ১০৯ ॥

যুক্তন্—যুক্ত চ—এবং: সন্তি—হয়: সর্বত্র—সর্বত্র, ভাষত্তে—বলেন, ব্রাহ্মণাঃ—রাহ্মণগণ: বথা—২৩টা মারাম্—মায়া: মদীয়াম্—আমার, উদ্পৃত্য—এহণ করে, ব্যক্তাম্—সলোধনী, বিম্—বি, বৃ—নিশ্চয়: দুর্ঘটম—দুর্ঘট

#### অনবাদ

" ব্রাক্ষণগণ যা বলেছেন, ডা সর্বত্র যুক্ত হরেছেঃ কেননা আমার মারাকে অবলম্বন করে যাঁরা বলেন, ডাঁদের পক্ষে দুর্ঘট কিছুই নয়।" "

#### ভাৰপৰ্য

শ্রীমন্ত্রাগরত থেকে উদ্বৃত (১১/২২/৪) এই থ্যোকটিতে লরমেনর ভগনান বিশ্লেয়ণ করেছেন যে, তান মানাশন্তি অসন্তব কার্য সম্পাধন করতে পারে, এখনই ছাত্রে মানাশন্তির প্রভাগ বহু কেরে দেখা গেছে যে, মনোধনী দার্শনিকেরা প্রকৃত সভাকে আছেদিত করে নিঃসন্ধানে প্রান্ত মাতবাদ স্থাপন করেছে পূর্বে কালিল, কনাদ, গৌতম, জৈমিনি, প্রমুখ প্রাক্ষা পার্শনিকেরা প্রান্ত ধার্শনিক মতবাদ সমূহ প্রতিষ্ঠা করেছেন এবং বর্তমান যুগেও তথাকথিত সমস্ত বৈজ্ঞানিকের। আপাত দৃষ্টিতে যুক্তি-প্রমাণ দেখিয়ে সৃষ্টিতত্ব সম্বন্ধে নানারকাম প্রান্ত মতবাদ স্থাপন করছে। এ সমস্ত প্রশ্নেষ্কর তগরানের মানাশন্তির প্রভাব ছেই ভগবানের মানাশে কখনও কখনও সভ্য বলে মনে হয়, কেননা তা প্রম সভ্য থেকে উদ্বৃত। মোহমনী মানার প্রভাব থেকে মুক্ত হতে হলে পরমেন্ধর ভগবানের কাণী বথাযথভাবে গ্রহণ করতে হবে তাহলেই কেবল মানার মোহমনী প্রভাব থেকে মুক্ত হত্যা বাবে

## গ্লোক ১১০

তবে ভট্টাচার্য কহে, যাহ গোসাঞির স্থানে । আমার নামে গণ-সহিত কর নিমন্ত্রণে ॥ ১১০ ॥

#### শ্লোকার্থ

সার্বভৌম ভট্টাচার্য উদ্ধার

তখন সাৰ্বভৌম ভট্টাচাৰ্য গোপীনাথ আচাৰ্যকে বললেন—"খ্ৰীটেডন্য মহাপ্ৰভূ শেখানে অবস্থান করছেন সেখানে যাও, এবং তাঁর পাৰ্যন্দহ আমার বাড়ীতে প্ৰসাদ পাওয়ার জন্য ভাঁকে নিমন্ত্ৰণ কর।

#### **८**वीक ১১১

প্রসাদ আনি' ভাঁরে করাহ আগে ভিক্সা। পশ্চাৎ আসি' আমারে করাইহ শিকা ॥ ১১১ ॥

#### য়োকার্থ

"লাগরাথের প্রসাদ এনে শ্রীটেড্ন্য মহাপ্রস্কু এবং জার পার্যসদের আরো নেবা করাও। তারপ্র, আমারে শিক্ষা দিও।"

## শ্ৰোক ১১২

আচার্য—স্তগিনীপতি, শ্যালক—ভট্টাচার্য । নিন্দা-স্ততি-হাস্যে শিক্ষা করা'ন আচার্য ॥ ১১২ ॥

#### ત્યાસાર્થ

লোপীয়াথ আচার্য ছিলেন সার্বজ্যের ছট্টাচার্যের ডগ্নীপতি এবং সার্বজ্যের ভট্টাচার্য ছিলেন তার শ্যালক তাই তাদের সম্পর্ক ছিল অত্যস্ত অন্তরন্ধ এবং মধুর। সূত্রাং রখনও নিন্দা করে, কখনওবা স্থৃতি করে এবং কখনও পরিহাস করে গোপীয়াথ আচার্য তাকে শিক্ষা দিক্ষিকেন,

## শ্লোক ১১৩

আচার্যের সিদ্ধান্তে মুকুন্দের হৈল সভোষ ৷ ভট্টাচার্যের বাক্যে মনে হৈল দুঃখ-রোষ ॥ ১১৩ ॥

## লোকার্থ

গোপীনাথ আচার্যের সিদ্ধান্ত শুনে গ্রীল মুকুন্দ দত্ত খ্ব সন্তন্ত হলেন। কিন্ত সার্বভৌম ভট্টাচার্যের উন্ধিতে তিনি অন্তরে অন্তরে দুর্ঘিত হলেন এবং একটু বিরক্ত হলেন।

#### প্লোক ১১৪

গোসাঞির স্থানে আচার্য কৈল আগমন । ভট্টাচার্যের নামে তাঁরে কৈল নিমন্ত্রণ ॥ ১১৪ ॥

## শ্ৰোকাৰ্থ

মার্বভৌম ভট্টাচার্যের নির্দেশ অনুসারে গোপীনাথ আচার্য শ্রীচৈতন্য মহাপ্রভুকে সার্বভৌম ভট্টাচার্যের গৃহে নিমন্ত্রণ করলেন। 008

**८**क्षीक ३३৫

গ্রীটেডন্য-চরিভায়ত

মুকুন্দ-সহিত কহে ভট্টাচার্যের কথা। ভট্টাচার্যের নিন্দা করে, মনে পাঞা ব্যথা ॥ ১১৫ ॥

<u>হোকার্থ</u>

মুকুন্দের সঙ্গে তিনি সার্বভৌম উট্টাচার্যের কথা গ্রীচৈতন্য মহাপ্রভুর সামনেই আলোচনা করলেন এবং অন্তরে ব্যথিত হয়ে ছট্টাচার্যের নিকা করলেন।

প্লোক ১১৬

ওনি মহাপ্রভু করে ঐছে মং কর। আমা প্রতি ভট্টাচার্যের হয় অনুগ্রহ ॥ ১১৬ ॥

ধোকার্থ

সে কথা শুনে শ্রীতৈতন্য সহাপ্রভু বললেন—"এভাবে কথা বলো না। আমার প্রতি সার্বভৌম ভট্টাচার্য গঞ্জীর স্নেহ প্রদর্শন করেছে।

(制本 559

আমার সন্ত্যাস-ধর্ম চাহেন রাখিতে ৷ বাৎসল্যে করুশা করেন, কি দোব ইহাতে ॥ ১১৭ ॥

য়োকার্থ

"আমার প্রতি বাৎসল্য-রেহবর্শত করশ্য করে তিনি আমার সয়্যাস ধর্ম রক্ষা করতে চান, তাতে তার কি দোষ ?"

প্রোক ১১৮

আর দিন মহাপ্রভু ভট্টাচার্য-সনে । আনদেদ করিলা জগরাথ দরশনে ॥ ১১৮॥

শ্লোকার্থ

ভারপরের দিন সকালবেলা শ্রীটেডনা মহাপ্রভূ সার্বভৌম ভট্টাচার্যের সঙ্গে জগলাধমনিয়ে গেলেন এবং মহানদে শ্রীশ্রীজগলাথদেবকে দর্শন করলেন

(割)本 シンカ

ভট্টাচার্য-সঙ্গে জাঁর মন্দিরে আইলা 1 প্রভুরে আসন দিয়া আপনে বসিলা ॥ ১১৯ ॥

শ্ৰোকাৰ্থ

তারপর তিনি সার্বভৌম ভট্টাচার্যের সঙ্গে তার গৃহে এলেন, এবং সার্বভৌম ভট্টাচার্য

শ্রীচৈতন্য মহাপ্রভূকে বসবার আসন দিয়ে, সন্মাসীর প্রতি মধ্যেচিত সম্মান প্রদর্শন করে। নিজে মেঝেতে বসলেন।

শ্লোক ১২০

বেদান্ত পড়াইতে তবে আরম্ভ করিলা। লেহ-ভক্তি করি' কিছু প্রভুরে কহিলা॥ ১২০॥

প্রোকার্থ

তারপর তিনি শ্রীচৈতন্য মহাপ্রভূবে বেদান্ত-সর্থন পড়ারে লাগলেন এবং সেহ ও ডক্তিসহকারে তিনি মহাপ্রভূবে উপদেশ নিছে শুরু করলেন।

ভাৎপর্য

শ্রীল ব্যাসদেব নটিও বেলান্ত-সূত্র বা প্রশা-সূত্র, সমান্ত পর্যার্থ-রাদীরাই বিশেষ করে সমন্ত সম্ভারের সর্যাসীরাই পাঠ করেন বেলান্ত-সূত্র সন্মাসীরের অবশ্য পাঠা, বেনানা তারে তারা বৈদিক প্রানের চরম সিদ্ধান্তে অধিন্ঠিত হতে পারেন অনশ্য এখানে যে বেলান্তের উল্লেখ করা হয়েছে তা হতে শারীকক-ভারা নামল প্রীশন্তরাচার্যের ভাষা। সার্বভৌগ প্রয়োগ বৈষ্যাব-সন্মাসী প্রীচেতন্য মহাপ্রভুকে মারাবাদী সন্নাসীতে পরিবর্তিত গরতে চেয়েছিলেন, তাই তিনি তালে বেলান্ত-সূত্রের শন্তরাচার্যের কৃত শারীরক-ভারা উপদেশ দেওয়ার আন্যোলন করেছিলেন শন্তর-স্থান্তর সমন্ত সমাসীলা গভীর নিটা সহকারে বেলান্ত-সূত্রের শারীরক-ভারা অধ্যয়ন করেন শান্তে নির্দেশ দেওয়া হয়েছে, বেলান্ত বাক্ষোম্ব সন্না রমন্তর—ভারাং দেবান্ত বাক্ষোম্ব সন্না রমন্তর—ভারাং, "সর্বদা বেলান্ত-সূত্রের অধ্যয়নের আনন্দ উপভোগ করা উচিত "

রোক ১২১

বেদান্ত-শ্রবণ,—এই সন্যাসীর ধর্ম । নিরন্তর কর ভূমি বেদান্ত শ্রবণ ॥ ১২১ ॥

য়োকার্থ

"সার্বভৌষ ভট্টাচার্য বলকোন—"বেদান্ত শ্রবণ করা সন্মাসীর প্রধান কর্তব্য। তাই ভূমি নিরন্তর বেদান্ত শ্রবণ কর."

গ্রোক ১২২

প্রাচ্ছ কর্মে—'মোরে তুমি কর অনুগ্রহ। সেই সে কর্তব্য, তুমি যেই মোরে কহ ॥' ১২২॥

শ্লোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূ উত্তর দিলেন—"আপনি আমার প্রতি অত্যন্ত কৃপা পরায়ণ এবং তাই আপনার উপদেশ শ্রবণ করা আমার কর্তব্য।"

৩৩৭

শ্লোক ১২৩

সাতে দিন পর্যন্ত ঐছে করেন শ্রবণে। ভাল হন্দ নাহি কহে, বসি' মাত্র শুনে ॥ ১২৩ ॥

#### শ্লোকার্থ

এইভাবে এক নাগাড়ে সাডদিন ধরে জীচৈতন্য মহাপ্রভু সার্বভৌম স্ট্রাচার্যের বেদান্ত-সূত্রের ব্যাখ্যা শ্রবণ করলেন। কিন্তু তিনি ভালমন্দ কিন্তুই বললেন না , কেবল সেখানে বঙ্গে সার্বভৌম স্ট্রাচার্যের ব্যাখ্যা শুমে গেলেন।

ক্লোক ১২৪-১২৫

আউম-দিৰসে তাঁরে পুছে সার্বভৌম । সাতদিন কর তুমি বেদান্ত ধারণ ॥ ১২৪ ॥ ভালমন্দ নাইি কহ, রহ মৌন ধরি'। বৃঞ্চ, কি না বুঝ,—বুঝিতে মা পারি ॥ ১২৫ ॥

#### জোকার্থ

অন্তম দিবলে সার্বভৌম ভট্টাচার্য শ্রীচৈতন্য মহাপ্রভূকে বললেন—"সাতদিন ধরে ভূমি বেনান্ত শ্রবণ করছ, ভালমন্দ কিছুই যা বলে কেবল মৌনাবলম্বন করে শ্রবণ করছ। ভাই আমি বৃনাতে পারছি মা, আমার ব্যাখ্যা ভূমি বুঝাতে পারছ কি না।"

त्यांक ১২৬-১২९

প্রভূ কছে—"মূর্থ আমি, নাহি অধ্যয়ন । তোমার আজাতে মাত্র করিয়ে শ্রবণ ॥ ১২৬ ॥ সন্মাসীর ধর্ম লাগি' শ্রবণ মাত্র করি । তমি যেই অর্থ কর, ব্রিতে না পারি ॥" ১২৭ ॥

#### য়োকার্থ

আঁতিতন্য মহাপ্রাম্ন উত্তর দিলেন—" মুর্খ আমি, ডাই আমি বেদান্ত-সূত্র অধ্যয়ন করি না আপেনি আদেশ দিয়েছেন ডাই আমি কেবল হবণ করছি। সম্যাসীর ধর্ম পালন করার জনাই কেবল আমি শ্রবণ করছি। কিন্তু দুর্ভাগ্যবদত আপনি যে শ্রব্ধ বিশ্লেষণ করছেন, তা আমি বুরুতে পারম্ভি না।"

#### তাৎপর্য

শ্রীটিছনা মহাপ্রাভূ অভিনয় করেছিলেন, যেন ডিনি নামে মাত্র সন্মাসী এবং একজন মূর্থ মায়াবাদী সন্মাসীরা নিজেদের জগদগুরু বলে প্রচার করতে অভ্যক্ত যদিও ওাদের গ্রাম অথবা শহরের বহিরের জগৎ সম্বন্ধে তাদের কোন অভিজ্ঞতাই নেই। এই ধরনের সন্মাসীরা ধরেই শিক্ষিতও নয়। কিন্তু দুর্ভাগাবশন্ত ভারতবর্ষে এবং ভারতের বাইরে এই ধরনের বহ মূর্য সদ্ধাসী বৈদিক শান্তের ভাৎপর্য না বৃথে বেদান্ত পাঠ করছে।
নবদ্বীপের শাসক চাঁদকাঞ্জীপ সঙ্গে যখন ইনিচতনা মহাপ্রভুর আলোচনা হয়, তথন ইনিচতনা
মহাপ্রভু বেদের একটি শ্লোক উপ্লেখ করেছিলেন, যাতে বলা হয়েছে যে কলিয়ুগে সন্নাম
প্রহণ করা নিযিদ্ধ যারা অত্যন্ত নিষ্ঠা সহকারে বৈদিক নির্দেশ পালন করেন এবং বৈদিক
শান্তে অধ্যয়ন করেন, তারাই কেবল সন্মাস গ্রহণ করতে পারেন ইনিচতনা মহাপ্রভু
সন্নামীর কোন্ত সূত্র বা ব্রক্ষ-সূত্র পাঠ করা অনুমোদন করেছিলেন, কিন্তু তিনি শক্ষরাচার্যের
শারীরক ভাষা অনুমোদন করেননি। তিনি এক জানগাম বলেছেন, 'মান্নানানী ভাষা ওনি পে
হয় সর্বনাশ'—শঙ্কনাচার্যের শানীরক-ভাষা শুনলে সর্বনাশ হয়। সর্বায়েরী এবং
পর্যার্থবাদীদের নিয়মিত কোন্ত-সূত্র পাঠ করা অবশ্য কর্তব্য, কিন্তু শারীরক-ভাষা কথনও
পাঠ করা উচিত নয়। এইটিই হঙ্গেই ইন্ডিছেনা মহাপ্রভুর সিদ্ধান্ত কেলন্ত-সূত্রের প্রণ্ড ভাষা হঙ্গেই প্রিন্ত্রান্তরত 'অর্থেছিয়াং প্রক্ষা সূত্রানাম্য'—বেদান্ত-সূত্রের প্রণ্ডো শ্রীল ন্যাসন্তর্থ
স্বার্য তার (কেলন্ত-সূত্রের) ভাষাও রচনা করেছেন এবং তা হল্পে শ্রীমন্ত্রান্তত

শ্লোক ১২৮-১২৯

ভট্টাচার্য কহে,—না বুঝি', হেন জ্ঞান খার। বুঝিবার লাগি' সেহ পুহে পুনর্বার ॥ ১২৮ ॥ তুমি শুনি' শুনি' রহ মৌন মাত্র ধরি'। হুদরে কি আছে তোমার, বুঝিতে না পারি ॥ ১২৯ ॥

#### শ্লোকার্থ

সার্বভৌম ভট্টাচার্য বললেন—"আমি বৃথতে পারছি না' এই আন যার রমেছে, সে বোঝবার জন্য পূনর্বার প্রশ্ন করে। কিন্তু ভূমি কেমল চুপচাপ বসে রয়েছ, ভোমার হাদরে যে কি আছে ভা আমি বৃথতে পারছি না।"

#### গ্লোক ১৩০

প্রভূ কছে,—''সূত্রের অর্থ বুঝিয়ে নির্মল। ভোমার ব্যাখ্যা শুনি' মন হয় ড' বিকল ॥ ১৩০ ॥

#### শ্লোকার্থ

শ্রীটেডন্য মহাপ্রভু তথন তাঁর মনের কথা ব্যক্ত করে বললেন—"সূত্রের অর্থ আমি শৃব স্কুড়াবে বৃথতে পারন্থি, কিন্তু আপনার ব্যাখ্যা শুনে আমার মন বিচলিত হচ্ছে।

#### তাৎপর্য

বেদান্ত-সূত্রের প্রকৃত অর্থ সূর্য কিরণের মতো সচ্ছ কিন্তু মায়াবাদীরা শকবাচার্য এবং তাল অনুগামীদের কলিত অর্থরেপ মেষের দ্বারা সেই স্থিকিরণকে আচ্ছাদন করার চেন্টা করে

শ্ৰোক ১৩০]

#### (制) つつ)

স্ত্রের অর্থ ভাষ্য কহে প্রকাশিয়া। তুমি, ভাষ্য কহ—স্ত্রের অর্থ আচ্ছাদিয়া॥ ১৩১॥

#### শ্লোকার্থ

"ভাষা সূত্রের অর্থ প্রকাশ করে, কিন্তু আপনি যে ভাষ্য আমাকে শোনাকেন তা মেষের মত সূত্রের অর্থকে আফ্রাদন করছে।

#### ভাৎপর্য

এই শ্লোকটির অর্থ স্থান্যক্ষম করার জন্য, অনুগ্রহপূর্বক আদিলীলার সপ্তম পরিক্রেদের ১০৬—১৪৬ শ্লোক সমূহ পাঠ করন

#### শ্লোক ১৩২

স্ত্রের মুখ্য অর্থ লা করহ ব্যাখ্যান । কল্পনার্থে ভূমি তাহা কর আচ্ছাদন ॥ ১৩২ ॥

#### ঝোকার্থ

"আপনি ব্ৰহ্ম-সূত্ৰের মুখ্য অর্থ বিশ্লেষণ করছেন না, পক্ষান্তরে আপনি আপনার কল্পিড অর্থের হারা মুখ্য অর্থকে আহ্হাদন করছেন।"

#### ভাৎপর্য

মায়ানাদী তাথবা নান্তিকেনা তাদের মনগড়া অর্থ দিয়ে বৈদিক শান্তের বিশ্লেষণ করতে চায় এই ধরনের মূর্ণদের একমাত্র কাজ হল্পে বৈদিক শান্ত্র-সিন্ধান্তের উপর নির্বিশেষবাদ আারোপ করা মায়াবাদী নান্তিকেরা ভগবদ্গীতারও বিশ্লেষণ করে ভগবদ্গীতার প্রতিটি শ্লোকে স্পন্তভাবে উপ্লেশ করা হয়েছে যে, শ্রীকৃষ্ণ হচ্ছেন পর্যোশ্বর ভগবান। প্রতিটি শ্লোকে বাসেদের বল্পছেন, শ্রীভগবান উবাচ—"পর্যোশ্বর ভগবান বল্পছেন শ্রীভগবান উবাচ—"পর্যোশ্বর ভগবান বল্পছেন শ্রীভগবান উবাচ—গর্মাশ্বর ভগবান বল্পছেন শ্রীভগবান উবাদ করা ব্যাছে যে শ্রীকৃষ্ণ হচ্ছেন পর্যোশ্বর ভগবান করা নান্তিকেরা তা সন্মেও প্রমাণ করার চেন্টা করে যে, পর্যাভার নির্বাহ্য এবং নির্বিশেষ ভানের প্রান্ত, কঞ্জিত অর্থ প্রতিপন্ন করার জন্য তাদের এখন সমান্ত বাক্চাভূর্য এবং ব্যাকরণের বিশ্লেষণ করতে হয় যে, যে কোন বুদ্ধিয়ান মানুবের কাছে তা হাসাকর হয়ে থাঠে, তাই শ্রীটেতকা মহাগ্রভ বলেছেন,—"মায়াখাদীর ভাষা শুনিলে হয় সর্বনাশ "

#### রোক ১৩৩

উপনিষদ-শব্দে যেই মুখা অর্থ হয় । সেই অর্থ মুখা,—ব্যাসসূত্রে সব কয় ॥ ১৩৩ ॥

#### লোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রভু বললেন—"বেদান্ত-সূত্র সমস্ত উপনিষদের সারাতিসার; তাই উপনিষদের যে মুখ্য অর্থ তা সবঁই বেদান্ত-সূত্র বা ব্যাস-সূত্রে রয়েছে।

#### ভাৎপৰ্য

উপনিষদ শব্দটির অর্থ শ্রীল ভক্তিসিদ্ধান্তে সুরস্বতী ঠাকুর জাঁর *অনুভাখো বিশ্লো*ষণ করেছেন অনুগ্রহ পূর্বক আদিলীলার দ্বিতীয় পরিচ্ছেদের পঞ্চম শ্লোক এবং আদিলীলার সপ্তম পরিচ্ছেদের ১০৬ এবং ১০৮ শ্লোকের বিশ্লোধণ পাঠ করুন,

#### のが かん

মুখ্যার্থ ছাড়িয়া কর গৌণার্থ কল্পনা । 'অভিধা'-বৃত্তি ছাড়ি' কর শব্দের লকণা ॥ ১৩৪ ॥

#### গ্লোকার্থ

''কোন রকম কর্মথ না করে প্রতিটি রোকের মুখ্য অর্থ গ্রহণ করা উচিত। বিশ্ব আপনি মুখ্য অর্থ পরিত্যাগ করে আপনার মনগড়া সমস্ত অর্থ সৃষ্টি করছেন।

#### শ্লোক ১৩৫

প্রমাণের মধ্যে আনতি প্রমাণ—প্রধান। আনতি যে মুখ্যার্থ কতে, সেই সে প্রমাণ॥ ১৩৫॥

#### লোকার্থ

"সমস্ত প্রমাণের মধ্যে প্রমৃতি প্রমাণ হচ্ছে সর্ব প্রধাম। জ্ঞাতি বা বেলে যে মুখ্য অর্থ বিশ্লেষণ করা হয়েছে, সেটি সর্বপ্রেষ্ঠ প্রমাণ।"

#### ভাহপর্য

শ্রীল জীব ব্যোস্থানীর তত্ত্-সন্দর্ভের (১০/১১) দুটি মোক সমমে শ্রীল বলদেব বিদ্যাভূযণের ভাষা এবং প্রকা-সূত্রের এই সূত্রওলি, যথা—শান্ত-যোদিশ্বাহ, (১/১৩) তর্নাপ্র তিপ্তানাহ, (২/১/১১) এবং শান্তভেক্ত শান্ত-মূলদ্বাহ (২/১/২৭)—সমমে শ্রীরামানুপ্রচার্য, শ্রীমধ্যাচার্য, শ্রীনিম্বার্লাচার্য এবং শ্রীল বলদেব বিদ্যাভূযণের ভাষা আলোচ্য। শ্রীন্ত্রীর গোস্বামী তার সর্ব-সংবাদিনী নামক প্রছে উল্লেখ করেছেন যে, যদিও প্রভাতভ্যাণ, মাতি-প্রমাণ, অনুমান আদি দল্ম প্রকার প্রমাণ রয়েছে, তবুও তার মধ্যে শান্ত শ্রমাণ বা প্রতি-প্রমাণ ব্যভীত অন্য সবকটি প্রমাণই ক্রান্ত বন্ধানীর যেহেতু ক্রম, প্রমাদ, নিপ্রাহ্মিকা এবং করণাপটিব—এই চাবটি প্রান্তির হারা চালিত, তাই তাদের বিশ্রেষণ কর্যনত অলান্ত হতে পারে না। একমাত্র 'শান্ত-প্রমাণ' বা 'বৈদিকা প্রমাণ' অলান্ত তাই বৈদিক প্রমাণকে একমাত্র প্রমাণ বলে গ্রহণ করা যায় না, বড় জোর সেণ্ডলিকে প্রমাণের পৃত্তীত্ত বলে গ্রহণ করা যেতে পারে

ভগবদগীতায় শ্রথমে ধৃতবাট্ট-উবাচ উল্লেখ করে বলা হয়েছে—

धर्मरकट्य कुरुरकट्य मगदन्छ। युगुश्मनः । ग्रामकाः भाखनरिष्ठन कियकुर्वेज मकाः ॥ ভগবদ্গীতার এই বর্ণনায় প্রমাণিত হয় যে, কুরুক্ষেত্র নামক এক ধর্মক্ষেত্রে পাণ্ডব এবং কৌধরেবা যুদ্ধ কববাব জনা সম্বেত্ত হয়েছিলেন তারপর তারা কি করেছিলেন? সে কথা ধৃতরাষ্ট্র সঞ্জয়কে জিজ্ঞানা করেছেন এই বর্ণনাটি যদিও অতান্ত স্পাই, কিন্তু তবুও নান্তিকেবা 'ধর্মক্ষেত্র' এবং 'কুরুক্ষেত্র' শব্দ দৃটির বিভিন্ন অর্থ বিশ্লেষণ করান চেষ্টা করে ভাই শ্রীল জীব গোলামী আয়াদের সাবধান করে দিয়ে গেছেন, কেনে রকম কল্পিত অর্থ প্রবণ না করতে কোনরকম কল্পিত অর্থ ভাড়া মধ্যমখভাবে শ্লোকগুলি গ্রহণ কবাই শ্রেয়

#### প্লোক ১৩৬

## জীবের অস্থি-বিষ্টা দুই—শন্ধ-গোমর । জাতি-বাকো সেই দুই মহা-পবিত্র হয় ॥ ১৩৬ ॥

#### নোলার্থ

জ্ঞীচৈতন্য মহাপ্রস্থ বললেন—"পদ্ধ এবং গোমর যথাক্রমে জীবের অন্থিও নিষ্ঠা, কিন্তু লেদের বর্ণনা অনুসারে এ দুটি অত্যন্ত পবিত্র

#### ভাহপর্য

বেদের মিদ্ধান্ত অনুসারে অছি এবং বিষ্ঠা সাধারণত অতান্ত অলবিত্র বেদে নির্দেশ দেওয়া হয়েছে, আছি এবং বিষ্ঠা স্পর্শ করলে তৎক্রণাৎ লনে করতে হয় কিন্তু পেই বেদেই আবার কলা হয়েছে যে, 'শন্ধ' এবং 'গোমর' যদিও 'অছি' এবং 'বিষ্ঠা' তথাপি সে দৃটি অতান্ত পথিয় আপাত দৃষ্টিতে এই ধরনের বর্গনা পরস্পর বিরোধী বলে মনে হলেও, ফাতিবাক্য বলে আমারা সেগুলি অস্ত্রান্ত বলে আম্বান্ত বলি আছি এবং গোমরা যে মহা পরিত্র সে সম্বন্ধে আমারের মনে কোন সদেবহু থাকে না।

#### শ্লোক ১৩৭

## স্বতঃপ্রমাণ বেদ সত্য যেই কয় । 'লক্ষণা' করিলে স্বতঃপ্রামাণ্য-হামি হয় ॥ ১৩৭ ॥

#### য়োকার্থ

"বেদ প্রতঃ প্রমাণ। বেদে যা বলা হয়েছে তা সবঁই সভা। আমরা যদি আমাদের কল্পনার খারা তার অর্থ বিশ্লোযণ করি, তা হলে বেদের স্বভঃপ্রামাণ্য হানি হয়।"

#### ভাৰপৰ্য

প্রত্যক্ষ, অনুমান, ঐতিহ্য এবং বেদ (শন্দ-প্রমাণ) এই চারিটি মুখ্য, প্রমাণের মধ্যে বৈদিক-প্রমাণ বা শন্দ-প্রমাণ হচ্ছে প্রধান। আমরা যদি বেদের বাণীর অর্থ বিশ্লেষণ করতে চাই, তাহলে আমাদের সৈ সম্বন্ধে করনা বা অনুমান করতে হয়। তারফলে বেদের শ্বতঃ প্রামাণ্যের হানি হয়

বেদান্ত-সূত্রের 'দৃশ্যতে ড়ু' (২/১/৬) —এই সূত্রটি সম্বন্ধে *ভবিষা-পুরাণের উপ্লেখ* করে শ্রীল মধ্বাচার্য বলেছেন— भक् यङ्गः माघार्थनं मन ভातकः পश्चसात्रकम् । मूज-तापागणः क्रियः तम देखार्य गमिकाः ॥ भूतानानि ह मानीद् देवक्यानि विद्या विद्यः । खकः श्रामानाः अरकसाः मात्र विभिन्न विरामित्रः ॥

থক্-বেদ যজ্যবেদ, সাম-বেদ, অথর্ব-বেদ, মহাভারত, পঞ্চরতে এবং মূল রামায়ণ—এই
সমকটি বৈদিক-শান্ত বলে বিদেচনা করা হয় প্রাণসমূহ (যেমন রন্ধাবৈকর্ত পূরাণ,
নারনীয়-পূরাণ, বিমূহ-পূরাণ এবং ভাগবত-মহাপূরাণ) বিশেষ করে বৈঞ্চবদের জন্য এবং
এগুলিও বৈদিক শান্ত পূরাণে, মহাভারতে এবং রামানাণে যা কিছু বলা হয়েছে তা
সমবিছে শতংই প্রমাণিত। তার আর অর্থ বিশ্লেষণ করার কোন প্রয়োজন নেই।
ভগবদ্গীতা মহাভারতের অন্তর্ভুক্ত, তাই ভগবদ্গীতার বাদী স্বতঃই প্রমাণিত তারও
অর্থ বিশ্লেষণ করার কোন প্রয়োজন হয় না তাল অন্য অর্থ বিশ্লেষণ করালে বেদের সমস্ত
প্রাণিকতা নই হয়ে যান

সার্বভৌম ভট্টাচার্য উদ্ধার

## শ্লোক ১৩৮ ব্যাস-সূত্রের অর্থ—- থৈছে সূর্যের কিরণ । স্বকল্পিত ভাষ্য-মেধে করে আচ্ছাদন ॥ ১৩৮ ॥

#### গোকার্থ

শ্রীষ্টেতন্য মহাপ্রফু বললেন—"খ্রীল ব্যাসদেব রচিত থ্রশ্বা-সূত্র সূর্যের কিরণের মতো স্বতঃ প্রকাশিত। কিন্তু মূর্য মানুষেরা ভালের মনগড়া ভাষ্যরূপ মেমের দারা সেই কিরণকে আফ্রাফিত করে।

## শ্লোক ১৩৯ বেদ-পুরাণে করে ব্রহ্ম-নিরূপণ। সেই ব্রহ্ম—বৃহত্বস্ত, ঈশ্বর-সক্ষণ ॥ ১৩৯ ॥

#### য়োকার্থ

"বেদ, পুরাণ আদি সমস্ত শান্তে ক্রমতত্ত্ব নিরুপিত ছয়েছে সমস্ত শান্তে ক্রম শব্দে পরমতত্ত্ব, বৃহৎ-বস্ত পরমেশ্বর জগবানকে বোঝান হয়েছে

#### ভাৎপর্য

নৃহত্তম তথ্ হচ্ছেন ব্রীকৃষ্ণ ভগবন্গীতায় (১৫/১৫) মীকৃষ্ণ বলেছেন, বেলৈক সবৈরহমের বেলো—"সমস্ত বেলের মধ্যে, আমিই হচ্ছি একমাত্র বেলা।" শ্রীমন্তাগবতে বলা হয়েছে যে, পরমতত্তকে তিনভাবে উপলব্ধি করা যায়, যথা—ক্রন্মা, পরমাণা এবং ভগবান (ব্রন্দোতি গ্রমান্তেন্তি ভগবান্ ইতি শন্যতে)। তাই পরমতত্ব উপলব্ধি বা ক্রন্মান্ত উপলব্ধির পরম স্তর্গ ইচ্ছে পরমেন্দ্রর ভগবানকে জানা।

শ্লোক ১৪০

সবৈশ্বর্থপরিপূর্ণ স্বয়ং ভগবান্। ভারে নিরাকার করি' করছ ব্যাখ্যান ৪ ১৪০ ॥

শ্লোকার্থ

"প্রকৃতপক্ষে পরমতত্ত্ব হচ্ছেন পরম পুরুষ ভগবাদ, এবং তিনি দর্ব ঐশ্বর্যে পরিপূর্ণ, কিন্তু ভাঁকে আপনি নিরাকার বলে প্রতিপন্ন করার চেষ্টা করেছেন

#### ভাৎপর্য

বৈক্ষা শব্দটির মানে হতের বৃহৎ। দর্ব বৃহৎ হচ্ছেন পর্মেশ্বর ভগবান শ্লীকৃষ্ণ সমগু
শক্তি এবং সমস্ত ঐশ্বর্য তার মধ্যে পৃথানে বিরক্তিমান তাই পরমত্ব পর্মেশ্বর ভগবান
হচ্ছেন দর্ব বৃহত্তম তাঁকে বিক্ষা বাদ সংখাধন করা হোক, বা 'পরমেশ্বর ভগবান' বলে
সংখাধন করা হোক, তাতে কিছু যায় আসে না, কেননা তা অভিন্ন তথা ভগবন্গীতার
অর্থন শ্লীকৃষ্ণকে পরম স্ত্রন্ধ পরম ধাম ধান শ্লীকার করেছেন। যদিও জীব অথবা জড়াপ্রকৃষ্ণিকে কথনও কথনও ক্রন্ধ ক্রন্ধ বলে বর্ণনা করা হয়, কিন্তু পরম ক্রন্ধ হচ্ছেন শ্রীকৃষ্ণ,
পরমেশ্বর ভগবান তিনি সমস্ত ঐশ্বর্থে পরিপূর্ণ, অর্থাৎ সমগ্র ঐশ্বর্থ, সমগ্র শক্তি, সমগ্র
যাশ, সমগ্র জ্ঞান, সমগ্র শ্রী এবং সমগ্র কেবাগ্যে তার মধ্যে পূর্ণরূপে বিরাজয়ান তার
নাক্তিক নিতা এবং তার পরমেশ্বরপ্ত নিতা ক্রেউ যদি সেই পরমতত্বকে নিরাকার বা
নির্বিশেষ বলে বিশ্বোয়ণ করতে চেন্টা করে, তাহলে সে ব্রন্ধ শন্দটির প্রকৃত অর্থাটি
বিকৃত্ত করে।

#### প্লোক ১৪১

'নির্বিশেয' তাঁরে করে যেই শ্রুভিগণ । 'প্রাকৃত' নিষেধি করে 'অপ্রাকৃত' স্থাপন ॥ ১৪১ ॥

#### য়োকার্থ

"বেদে কখনও কখনও তাঁকে 'নিবিশেষ' বলে বর্ণনা করা হয়েছে। তাতে বোঝান হয়েছে যে, প্রশেষক ভগকান এবং তাঁক সভে সভার্কিত স্বকিছু অপ্রাকৃত অর্থাৎ এই প্রাকৃত স্কর্গতের অতীত।"

#### তাৎপর্য

প্রমোশ্বর জগবান সম্বন্ধে *বেদে* বহু নির্বিশেষ বর্গনা রলেছে । যেমন *কোভাশতর উপনিয়দে* (৩/১৯) বন্দা হয়েছে—

অপাণিপাদো জবনো গ্রহীতা পশাত্যচক্ষুং স শূণোত্যকর্ণঃ । স বেক্তি বেদাং ন চ তস্যান্তি বেক্তা তমাহ্বগ্রাং পুরুষং মহান্তম্ ॥ 'পরমেশ্বর ভগবান যদিও হস্তপদহীন, তথাপি যজে নিবেদিত সমস্ত বস্তুই তিনি গ্রহণ করেন যদিও তিনি চক্ষুহীন, তথাপি তিনি সবকিছু দর্শন করেন। যদিও তিনি কর্ণহীন ভথাপি তিনি স্ববিশ্ছু প্রবেশ করেন " তাঁকে হস্তপদহীন বলে বর্ণনা করা হয়েছে বলে তাঁকে নিরাকার বা নির্বিশেষ বলে মনে করা উচিত নয়। প্রকৃতপশে এখানে বোঝান হয়েছে যে, আমাদের মতো তাঁর জড় হাত পা নেই। "চক্ষুহীন হয়েয়া সঞ্জেও তিনি সন্কিছু দর্শন করেন " অর্থাৎ আমাদের মতো জড় চক্ষু বিশিষ্ট তিনি নন। পক্ষাতরে, তাঁর এমনই চক্ষু রমেছে, যার দ্বারা জগতের সর্ব স্থানের, সর্ব জীবের অতীত ধর্তমান এবং ভবিষ্যৎ দর্শন করতে পারা যায়। বৈদিক শাস্ত্রে পর্যযেশ্বর জগবানের যে নির্বিশেষ বর্ণনা, তা কেবল তাঁর জড়াভীত চিন্মায় প্রতিপম করার জন্য। পরমেশ্বর জগবানেক নিরাকার বা নির্বিশেষ বলে প্রতিপম করা বেদের উপেশ্য নয়

#### গ্রোক ১৪২

যা হা শ্রুতির্জন্পতি নির্বিশেষং সা সাভিধতে সবিশেষমের । বিচারবোধ্যে সতি হস্ত তাসাং প্রায়ো হলীয়ঃ সবিশেষমের ॥ ১৪২ ॥

যা যা—খা কিছু, প্লাক্তি—নৈদিক মগ্রং জল্পতি—বর্ণনা করে, নির্বিশেষম্—নির্বিশেষ তথ্য সা—তাং সা—তাং অভিগত্তে—সরাসরি বর্ণনা (অভিধানের অর্থের মধ্যো); সবিশেষম্— নাম, রূপ, গুল, গীলা আমি ব্যক্তিত্ব বাচক বৈশিষ্টা, এব—অবশাই, বিচার-যোগে—বৃদ্ধির ত্বারা যখন গ্রহণ করা হয়, সঞ্চি—সত্তা, হন্তু—হানা; তাসাম্—সমস্ত বৈদিক মধ্যের, প্রায়ঃ —সর্বতোভাবে, বসীয়ঃ—মৃধ্য তাৎপর্য, স-বিশেষম্—ব্যক্তিত্ব বাচক বৈশিষ্টা; এব— ভানগাই।

ভালুবাদ

"শ্রীটেতলা মহাপ্রভু বলকোন, 'যে সমস্ত বৈদিক মত্রে পরমতন্তকে প্রথমে 'নির্নিশেয' বলে ধর্ণনা করে, সেই সেই বৈদিকমন্ত্র আবশেষে সবিশেষতন্ত্রকে প্রতিপাদন করে। 'নির্নিশেষ' ও 'সবিশেষ'—ডগবানের দৃটি গুণই নিতা কেউ যখন এই দুটি রূপেই পরযোগর ভগবানকে বিবেচনা করেন, তখন তিনি মথামণ্ডভাবে পরমত্ত্র ভালাজন করতে পারেন। তিনি ভখন ধুনতে পারেন পরমেশ্বর ভগবানের সবিশেষখুই প্রবল্প, কেননা ভাগতে সবিশেষ তথ্ট অনুভূত হয়, মির্নিশেষ তথ্ অনুভূত হয়, না।'

#### ভাৎপর্য

इमनीर्थ-अफशात्कत এই **खा**कि *खीरिकनाकर*खामग्र-गांग्रेस (७,७९) ४क्ठ दरसरह।

#### শ্লোক ১৪৩

ব্ৰহ্ম হৈতে জন্মে বিশ্ব, ব্ৰহ্মেতে জীবয় । সেই ব্ৰহ্মে পুনরপি হয়ে যায় লয় ॥ ১৪৩ ॥

#### গ্লোকার্থ

ব্রহ্ম থেকেই এই জগতের প্রকাশ হয়; ব্রহ্মে তার স্থিতি হয় এবং প্রদরে তা পুনরায় ব্রহ্মেট লীন হয়ে যায়।

#### ভাৎপর্য

তৈতিনীয় উপনিষ্ঠান বৰ্ণনা করা হয়েছে—যতো বা ইমানি ভূতানি জায়তে—"এখা থেকেই সমগ্র জড় জনাৎ আবির্ভূত হয়েছে " প্রশা-সূত্রের প্রথম মোর হচেছ জন্মদস্য যতঃ—"পরমতত্ত্ব হচেছ তা'—মার থেকে সবকিছুর উত্তব হয়েছে।" (ব্রহ্ম-সূত্র ১/১২) পরমতত্ত্ব হচেছ তা'—মার থেকে সবকিছুর উত্তব হয়েছে।" (ব্রহ্ম-সূত্র ১/১২) পরমতত্ত্ব হচেছন তীবৃষ্ণ ভাগবদ্বগীতায় (১০,৮) প্রীকৃষ্ণ বলেছেন, অহুং সর্বস্য প্রভাবো মার সর্বাং প্রবর্ততে—"আমি সমস্ত জড় ও চেতন জনতের উৎস সবকিছু আমাতেই বিরাজ করে।" তাই প্রীকৃষ্ণ হচেছন পরমতত্ব পরমোধার ভাগবান ভাগবদ্বগীতায় (৯,৪) প্রীকৃষ্ণ পূলবায় উল্লেখ করেছেন, মায়া তাতিমিং সর্বাং জন্মদন্যক্রমূর্তিনা—"আমার অব্যক্ত রূপের লারা আমি সমস্ত জাগতে বাাপ্ত " ব্রহ্ম সংহিতাতেও (৫ ৩৭) বর্ণনা করা হয়েছে, গোলোক এব নিবসত্যাখিলাগাভূতঃ—"যদিও পারমেশার ভগবান সর্বাণা গোলোক বৃন্দাবনে বিরাজ করেন, তথালি তিনি সর্ববাংগ্রা" তার সর্ববাংগ্র রূপ নির্বিশেষ, কেননা ভাতে তার রূপে দশন করা যায় না, প্রকৃতপক্ষে স্বকিছুই তার দেহ-নির্গত রশ্মিচেটায়ে বিরাজ করছে ব্রহ্ম-সংহিতায় (৫/৪০) বর্ণনা করা হয়েছে—

যস্য প্রভা প্রভবতো ছাগদণকোট-কোটিবশেষবসুধানিবিভূতিভিয়ম্ ।

"ভগধানের দেহ-নির্গত রাল্যিকটো থেকে অনন্ত কোটি ব্রক্তাণ্ডের উদ্ভব হয়েছে, ঠিক যেমন সূর্য থেকে এহ সকলের সৃষ্টি হয়েছে।"

> শ্লোক ১৪৪ 'অপাদান', 'করণ' এবং 'অধিকরণ'-কারক তিন। ভগবানের সবিশেষে এই তিন চিহ্ন। ১৪৪॥

> > শ্লোকার্থ

'অপানান', 'করণ' এবং 'অধিকরণ' আদি হল পরমেশ্র ভগবানের সবিশেষ রূপের ভিসটি ডিলে.''

#### **ভা**ৎপর্য

শ্রীল ছন্টিনিনে ঠাকুর ওার অমৃতস্থাই ভাষো বর্ণনা করেছেন যে, উপনিষ্ধনের নির্দেশ অনুসারে পরমেশন ওগনান ইন্দেন তিনি, যাঁর থেকে স্বকিছুর উপ্তব হয়েছে সমগ্র জগতের সৃষ্টি হয়েছে পরমন্ত্রশা পরমেশর ভগষান থেকে পরমন্ত্রশার শক্তিতে সমগ্র জগতের সৃষ্টি হয়েছে পরমন্ত্রশা পরমেশর ভগষান থেকে পরমন্ত্রশার শক্তিতে সমগ্র জগতের স্থিতি এবং পরমন্ত্রশা স্বকিছুর লয় হয়। এর থেকে আমরা বুবাতে পারি যে, পরমন্ত্রশার 'অপাদান' 'করণ' ও 'অধিকরণ' কারকজ্বরূপ তিন প্রকার লক্ষণ আছে এই তিন প্রকাব নিত্য লক্ষণের দ্বারা ভগবান নিতা সবিশেষরূপে প্রতীয়মান হন। এই সম্পর্কে শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর ঐতরেন উপনিষ্ধনের (১/১,১) একটি স্লোক উপ্লেশ করেছেন—

आश्रा वा देमरावन धराध आत्रीम् मानाद किकनभ् त्रेसद् त्र प्रेषका स्माकान नु तृक्षा देखि॥

প্রোক ১৪৬]

"শ্রথমে কেবল পরমেশ্বর ভগবান ছিলেন। অন্য কিছুই ছিল না তিনিই এই জগৎ সৃষ্টি করেছেল তেমনই স্বোভাশতত্ব উপনিষদে (৪/৯) বলা হয়েছে—

क्ष्मारित यक्षाः क्राण्यसं द्वाधानि कृतरः करार सक्र दाना वति । जन्मान् मागी मृत्रस्य निषयपण्य क्रियान्त्रस्या मागमा मस्नितन्द्रः ॥ क्रियान-देननिवस्य (०/১/১) वना द्रसार्द्य—

> যতো বা ইমানি ভূজানি আয়ন্তে, যেন জাজানি জীবন্তি যথ প্রযন্তাভিসংবিশন্তি, তবিজিজাসম্ব ভদত্রকা।

বাকণী ভৃগু যখন তার পিতা বর্ণাদেবকৈ ব্রক্ষ সদক্ষে জিজ্ঞাস। করেন, তার উত্তরে এটি বর্ণাদেবের উদ্ধি। এই মগ্রে 'হতো'(যে ব্রক্ষ থেকে বিশ্বের উদয়)—অপাদান-কারক, 'ফেন (যে ব্রক্ষ কর্তৃক বিদ্যালিত)—কারণ-কারক,'হং'অর্থাং 'যশ্বিন্ (যে ব্রক্ষে বিশেন প্রবেশ)—অধিকরণ-কারক। জীমজাগবতে (১/৫/২০) বর্ণিত হয়েছে—

ইদং ছি বিশ্বং জগবান্ ইবেডর যতো জগৎস্থাননিরোধ সভবঃ
"লগমেশ্বর ভগপানের বিরাট কলে সমগ্র জগৎ বিরাজমান, তাঁর থেকে স্বকিছুর উত্তব
হয়, তাঁর শভিতেই স্বকিছুর স্থিতি এবং প্রলমের পর তাঁর মধ্যেই সধবিছুর লয় হয় "

শ্লোক ১৪৫-১৪৬
ডগৰান্ বহু হৈতে ঘবে কৈল মন । '
প্ৰাকৃত-শক্তিতে তবে কৈল বিলোকন ॥ ১৪৫ ॥
সে কালে নাহি জগো 'প্ৰাকৃত' মনোনয়ন ।
অতএব 'অপ্ৰাকৃত' মন্তেন নেত্ৰ-মন ॥ ১৪৬ ॥

#### ক্লোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রকৃ বললেন—"পরমেশ্বর জগবান ঘখন বছ হতে ইচ্ছা করলেন, তখন তিনি জড়া-প্রকৃতির প্রতি দৃষ্টিপাত করলেন। সৃষ্টির পূর্বে প্রাকৃত মন অথবা নয়ন ছিল না; অতএব এর থেকে প্রতিপন্ন হয় যে ব্রন্দের দেৱ ও মন 'অপ্রাকৃত',"

#### ভাৎপর্য

ছালোগা-উপনিষদে (৬/২/৩) বর্ণিত হয়েছে, তদৈক্ষত বছসাধ প্রজায়েয়। এই শ্লোকে প্রতিপদ হয় যে, পরমেশ্বর ভগবান বহু হওয়ার বাসনা করেছিলেন এবং জড়া প্রকৃতির প্রতি তার দৃষ্টিপাতের মাধ্যমে জনতের সৃষ্টি হয়। অর্ধাৎ জড় জনতের সৃষ্টির পূর্বে মধ্য ৬

ত8৬

শ্রীটিচতন্য মহাপ্রভুন দর্শনের প্রভাবে সেই সমস্ত লোকেরা ভাদের নিজ নিজ মত পরিভ্যান করে বৈক্ষন হলেন।

### (到年 22-23

বৈষ্যবের মধ্যে রাম-উপাসক সব । কেহ 'ভত্তবাদী', কেহ হয় 'শ্রীবৈক্ষর' ॥ ১১ ॥

### (मेरे मन दियम्ब मशक्षमूत्र मर्नातः । कृषा-छेभामक दिन, नग्न कृषम्नारम ॥ ১२ ॥

294

### লোকার্থ

সেই সমন্ত্ৰ দক্ষিণ-ভারতের বৈক্ষৰদের মধ্যে কেউ ছিলেন প্রায়-উপাসক, কেউ ভস্ববাদী, কেউ শ্রী-বৈক্ষর। সেই সমস্ত বৈক্ষবেরা শ্রীটেডন্য মহাপ্রভূকে দর্শন করে কৃষ্ণোপাসক হলেন এবং নিরন্তর কৃষ্ণনাম প্রহণ করতে লাগলেন।

### ভাংপর্য

শ্রীল ভবিনিয়ার সরস্থতী ঠাকুর উল্লেখ করেছেন — "ভদ্বাদী বলতে শ্রীল মধ্যাচার্থের অনুগত বৈশ্বনারে বোঝার। লছকাচার্যের অনুগামী মামাবাদীদের থেকে পৃথক করার উদ্দেশ্যে মাধ্য-নৈথাবদের 'ভত্বাদী' বলা হয় , কেবলাগৈতবাদের কুযুক্তি-পৃষ্ট নির্বিশেষ-পর্যাক্ষাণ ভত্বাদী আচার্যাণ নিরসন করে 'ভগবতার্য' স্থাপন করেন মাধ্য-বৈশ্ববাণ-ক্রামার্থক (প্রদাসন্ত্রামান্ত্রাক্ষা (প্রদাসন্ত্রামান্ত্রাক্ষা তারা দলম ক্রমে আদিওক ক্রমার মোহিত অবস্থা স্থানার করেন না, থেহেত্ শ্রীল মধ্যাচার্য থার ভাগবত-ভাগেন্য টীবার ঐ ক্রমমোহন' ক্রমিল করেন না, থেহেত্ শ্রীল মধ্যাচার্য থার ভাগবত-ভাগেন্য টীবার ঐ ক্রমমোহন' করিছ-পরিভাগে করেছের। শ্রীমাধ্যবেশ্রপুরী মাধ্যবৈশ্ববদের অন্যতম হয়ে 'ভত্ববাদী' সংখ্যা সাভ্য করেননি।

যার। ৩ছতক্রির বিরোধী ভাসের বদা হয় 'লাহতী'। বিশেষ করে নির্বিশ্ববাদী বা মানাধানীদের পাষতী বলা হয়। *ছবিভঞ্জি-বিলামে* (১/৭৩) পাষতীর সংস্থ্যে বর্ণনা করে কল্ম হয়েছে—

> वस्त्र माताग्रभाः (मयः क्षणात्रशामिरेमवरेखाः । माराष्ट्रस्य विरामकः म् भावकी करवन् क्षतम् ॥

"যে ব্যক্তি প্রমেশ্বর ভগবান নারায়ণকৈ প্রশা, রুদ্র আদি দেবতাদের সমান বলে মনে করে, সে পাষভী।" ডক্ত কখনই ভগবান নারায়ণকৈ ক্রমা অথবা শিবের সমপ্র্যায়ভূতা বলে মনে করেন না।

ভত্তবাদীরা শ্রীকৃষ্ণ-উপাসক হলেও এবং শ্রীবৈধ্যকো লক্ষ্মী নারায়ণের উপাসক হলেও উভয়ের মধ্যেই শ্রীরায়চন্দ্রের উপাসনার প্রবলতা দেখা যায়।

অধ্যান্ত-রামারণ নামক গ্রন্থের দ্বাদশ, ব্রয়োগশ, চতুর্দশ এবং পদ্ধদশ অধ্যায়ে মূল শ্রীরাম-সীজের মূর্তির কাহিনী এইভাবে লিখিত আছে—'কোন ব্রাহ্বণ প্রতিজ্ঞা করেন যে, শ্রীরামচন্দ্রকে প্রতাহ দর্শন না করে তিনি কোন দ্রবা ভোজন করবেন না। এক সময় শ্রীরামচন্দ্র কার্যগতিকে সপ্তাহ কাল শ্রজা সমক্ষে আসতে সমর্থ হননি, সেইজন্য রামদশননিষ্ঠ প্রাহ্বণ সেই এক সপ্তাহ একবিন্দু জল পর্যন্ত গ্রহণ করেননি। অবশেবে আটনিন পর মবম নিবসে ব্রাহ্বণ ব্রামচন্দ্রের স্থান লাভ করেন।

শীরাসচন্দ্র ব্রাক্ষণের নিষ্ঠার কথা ওনে তার প্রাসাদে বক্ষিত রামসীতার সূর্তিবৃগল

494

সেই প্রকৃত ভক্ত ব্রাঞ্চণকে দিতে লক্ষ্ণকে আদেশ দেন , ব্রাক্ষণ কল্পানের কাছ থেকে তা প্রপ্ত হয়ে, যতদিন জীবিত ছিলেন সেই বিগ্রহময়ের দেবা করেন, এবং মৃত্যুকালে रनुमानरक छ। भिरा। यान चीरनुयान स्मारे विधश्चा वरकान वरक शहन वरत स्मान वरत स्मान বছকাল পরে ভীমদেন গড়মাদনপর্বতে গমন করঙো, সেখান থেকে নিদায় গ্রহণের সময় ঐ বিগ্রহন্ত্রয় হনুমান ভীমসেনকে প্রদান করেন ভীম রাজপ্রাসাদে ত। যতু সহকারে সংরক্ষণ করেন পাওব-বংশীয়া শেষ রাজা 'কেমাকান্ডে'র কাল পর্যন্ত ঐ বিগ্রহয়য়া রাজ গ্রাসাদে সেবিত হন, পরে ডা উড়িদার গঙ্গপতি রক্তাদের কাছে আদেন এবং ভাদের নাজকোষে সংগক্তিত ছিলেন শ্রীয়াধ্বাচার্য গুরি শিক্ষা শ্রীমরহরি তীর্থপাদকে বাজকোষ থেকে সেই মূল বামসীভার বিগ্রহ সংগ্রহ করে সেবা করার অনুমতি দেন।

এই নামসীতা বিগ্রহ ইন্ছাকু রাজ্ঞার সময় থেকে সূর্য-বংশীয় রাজাদের প্রামাদে রক্ষিত হনো, রামচয়ের জন্মের পূর্ব থেকে দশরথ কর্তৃক সেবিত হতেন। পরে লক্ষ্য ভাদের সেবা করতেন তারপর রামচন্দ্রের অধ্যেশে লক্ষ্য উক্ত ব্রহ্মণকৈ তা অর্পণ করেনঃ শ্রীমধ্বাচার্য তার তিরোভাবের তিন মাস বোল দিন পূর্বে ঐ বিশ্রহ্যর প্রাপ্ত হবে উতুপীগ্রামের মূল মঠ উত্তর রাড়ী মঠে স্থাপন করেন, সেই থেকে শ্রীমান্য-আচার্যগণ তাঁর অধিকারী আছেন - প্রীরামানুস্কাচার্টের অনুগামী শ্রীবৈক্ষবের। বীতারামের উপাসনা করেন। তিরুপতি এবং অন্যান্য স্থানে শ্রীরামন্তি রামানুক সম্প্রদায়ের বৈক্তনের মারা পঞ্জিত ইচেইন ৷ নামানুজীয়া সম্প্রদায়ে থেকে উত্তুত 'রামানন্দী' 'রামাং' বা 'ক্রিমারেং' সন্প্রদারে গ্রীরামসীতার উপাসনা প্রবলভাবে প্রতিষ্ঠিত আছে। রামানুষ্টীয় বৈধাবের। শ্রীকৃষ্ণ থেকে শ্রীরামচন্দ্রের অধিক অলগত

### (到本 5/0-58

বাম! রাঘব। রাম। রাঘব। রাম। রাঘব। পাহি মাম। कृष्ण। (कनद। कृष्ण) (कनद। कृष्ण) (कनद। द्रम आर्थ ॥ ५० ॥ এই প্রোক পথে পত্তি' করিলা প্রয়াণ ৷ গৌতমী-গঙ্গায় ষাই' কৈল গঙ্গাস্থান 🛙 ১৪ 🖠

### শ্ৰোকাৰ্থ

"হে রামচন্ত্র, হে রয়ুকুলতিলক, দয়া করে তৃমি আমাকে পালন কর। হে কৃষ্ণ, হে কেশন, দয়া করে ভূমি আমাকে রক্ষা কর।" পর চলতে চলতে প্রীচৈতন্য মহাপ্রভূ এই প্লোকটি কীর্ডন করতেন। এইভাবে কীর্ডন করতে করতে তিনি সৌভ্যমী পাল্লয় উপস্থিত হয়ে গঙ্গান্তান করলেন

### ডাৎপর্য

গৌতমী-গলা গোদাবরী-নদীর ধারা। রাজমহেন্দ্রির অপর ডটে গৌতম ক্ষির আল্রম ছিল বলে গোদাবরীর নাম 'গৌতমী গলা'।

শ্রীল ভজিবিনোদ ঠাকুর বলেছেন যে, শ্রীল কুফাদাস কবিরাজ গোস্বামী যে তীর্থ पर्यंत वर्गना करताहन खाराज स्डिएमानिक क्रम स्वेडे, छा छिनि निर्द्ध श्रीकात करताहम গোলিক-দাসের কন্ডচায় যে ক্রম পাওয়া যায়, তার সঙ্গে ভৌগোলিক বিবরণের সামগ্রাস্য রয়েছে। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর পাঠকদের সেই গ্রন্থের ক্রম দেখে বিচার করতে অনুরোধ করেছেন। গোকিক দাদের মতে রাজমহেন্দ্রি থেকে মহাপ্রভু ত্রিমন্দে গিয়েছিলেন এবং সেখন থেকে ঢ়ভিরাম-ভীর্ষে যান। এই গ্রন্থের মতে রাজমহেন্দ্রি থেকে মহাপ্রভু 'গৌভর্মী গঙ্গা' হয়ে মলিকার্জন-তীর্থে গমন করেন:

### গ্রোক ১৫

मिकार्जुन-कीएर्ष याँदै' मरक्ष प्रिका । তাহাঁ সৰ লেকে কৃঞ্জাৰ লওয়াইল ম ১৫ ম

### হোকার্ব

कातभव श्रीरेज्वना यदाश्रक प्रद्रिकार्जन-कीर्स निरम प्रदारमस्यव विश्रय प्रभीन करतन। সেখানে তিনি সমস্ত মানুষদের 'হরেকৃকা মহামন্ত্র' কীর্ডনে উদ্বন্ধ করেন

#### ভাহপর্য

মহিকার্জন - প্রীশেল নামেও পরিচিত। এই তীর্থস্থানটি কর্ণুলের সন্তর মাইল দক্ষিণে কৃত্যনদীর দক্ষিণতটে অবস্থিত , এই প্রামটি উচ্চ প্রাচীর দারা বেষ্টিত এবং স্ট্রের মধাস্থলে প্রধান দেবতা 'মানিকার্জন' লিবের মন্দির। এই শিবনিঙ্গটি জ্যোতির্লিকের অন্যতম বলে প্রসিদ্ধ।

### প্রোক ১৬

ब्रायमध्य प्रशासित कविन मन्त्रभाग । जरहावन-मुनिररङ्ख कदिला शंग्रव lt >७ n

### লোকার্থ

রামদাস নামক মহাদেকের বিগ্রাহ দর্শন করে জীচৈতন্য মহাপ্রভু আহোবল নামক স্থানে नुनिर्दरफरवंद्र अभिरत यात्।

### ক্লোক ১৭

**নুসিংহ দেখিয়া তাঁরে কৈল নতি-স্তৃতি** । সিদ্ধবট গেলা যাহাঁ মূর্তি সীতাপতি ॥ ১৭ ॥

### গ্ৰোকাৰ্থ

অহোৰল-নুসিংহ বিগ্ৰহ দৰ্শন করে শ্ৰীচৈতন্য মহাপ্ৰভূ তাঁকে বহু প্ৰণতি এবং স্তুতি করলেন। ভারপর সিদ্ধবট নমেক স্থানে সীভাপতি শ্রীরামচন্দ্রের বিগ্রহ দর্শন করলেন

ፈዋኔ ተ

এই সিদ্ধান্ত কুডাপা নগরের দশ মাইল পূর্বে অবস্থিত। এই স্থানটি 'সিন্টোট' নামে পরিচিত। পূর্বে এই স্থানটি 'দক্ষিণ কাশী' নামেও হাসিত্র ছিল। 'আশ্রম-বটবৃক্ষ' থেকে এই নামের উৎপত্তি।

গ্লোক ১৮

বমুনাথ দেখি' কৈল প্রথতি স্তবন । তাহাঁ এক বিপ্র প্রভূর কৈল নিমন্ত্রন ॥ ১৮ ॥

শ্ৰোকাৰ্থ

তিনি রদুনাথ শ্রীরামচন্দ্রকে দর্শন করে তাঁকে প্রশতি এবং ব্যব করকেন। তখন এক বিশ্র মধ্যাকে তার গৃহে প্রসাদ গ্রহণ করার স্কন্য তাঁকে নিমন্ত্রণ করলেন।

(ब्रॉक ३৯

সেঁই বিপ্ৰ রাম্পাম নিরন্তর লয় ৷
'রাম' বোম' বিনা অন্য বাণী না কহয় ৷৷ ১৯ ৷৷

য়োকার্থ

সেঁহ ব্রাহ্মণটি নিরস্তান রামচন্দ্রের দিব্যানাম উচ্চারণ করতেন। রামনাম ছাঙা তিনি অনা কোন নাম বলতেন লা

त्यांक ३०

সেই দিন তাঁর ঘরে রহি' ভিকা করি'। তাঁরে কুপা করি' আগে চলিলা গৌরহরি ॥ ২০ ॥

শ্লোকার্থ

সেইদিন খ্রীটেডনা মহাপ্রস্থু তার ঘরে রইলেন এবং ভার কাছে প্রসাদ ভিন্সা করলেন। এইডাবে ডাকে কুপা করে খ্রীসৌরহরি গুলিয়ে চলবেন।

(計本 4)

স্কলক্ষেত্র-তীর্থে কৈল স্কন্ধ দরশন । ত্রিমঠ অইলা, তাঁহা দেখি ত্রিবিক্রম ॥ ২১ ॥

শ্ৰেকাৰ্থ

স্কুন্দক্ষেত্র মামক তীর্থে শ্রীচৈতন্য মহাপ্রভু স্কুন্দদেবের মন্দির দর্শন করকেন। দেখান থেকে তিনি ত্রিমটে যান এবং মেখানে ত্রিবিক্তম-বিফুবিগ্রহ দর্শন করেন।

হোক ২২

পুনঃ সিদ্ধবট আইলা সেই বিপ্রশ্বরে । সেই বিপ্র কৃষ্ণনাম লয় নিরন্তরে ॥ ২২ ॥ প্ৰোকাৰ্থ

ত্রিবিক্রম-বিশ্ববিগ্রহ দর্শন করে প্রীটেডনা মহাপ্রভু সিদ্ধাৰটে সেই বিপ্রের ধরে আবার ফিরে এলেন। তথন সেখানে তিনি দেখাদেন যে, সেই বিপ্র নিরস্তর কৃষ্ণনাম গ্রহণ করছেন।

শ্ৰোক ২৩-২৪

ভিকা করি' মহাপ্রভূ তাঁরে প্রশ্ন কৈল।
"কহ বিপ্র, এই তোমার কোন্ দশা হৈল। ২৩॥
পূর্বে তুমি নিরন্তর লৈডে রামনাম। এবে কেনে নিরন্তর লও কৃষ্ণনাম ॥" ২৪॥

টোকা

সেখানে মধ্যাকে ডিক্সা করে শ্রীটেডনা মহাপ্রভূ ডাকে জিল্লাস্য করলেন, "হে বিশ্র, ডোমার এই দশা কিন্তাবে হল? আগে ডো ভূমি সকসময় রামনাম নিডে, এখন কেন নিরন্তর কৃষ্ণনাম গ্রহণ করছ?"

শ্লোক ২৫-২৭

বিপ্র বলে,—এই চোমার দর্শন-প্রভাবে ।
তোমা দেখি' গেল মোর আজন্ম স্বভাবে । ২৫ ॥
বাল্যাবিধি রামনাম-এহণ আমার ।
তোমা দেখি' কৃষ্ণনাম আইল একবার । ২৬ ॥
সেই ইইছে কৃষ্ণনাম জিহুতে বসিলা ।
কৃষ্ণনাম স্কুরে, রামনাম দুরে গেলা । ২৭ ॥

য়োকার্থ

সেই বিপ্র তথন উত্তর দিলেন, "ডোমার দর্শনের প্রভাবেই তা হয়েছে ডোমাকে দেখামাত্র আমার আজাদের শ্বভাব পরিবর্তিত হয়ে গেছে, বালাকাল থেকেই আমি রমেনাম প্রহণ করতাম। কিন্তু ভোমাকে দেখে আমার মুখে একবার কৃষণাম এল। সেই থেকে আমার জিহায় কৃষ্ণনাম হতে লাগল এবং রামনাম দূরে শ্বেল

শ্লোক ২৮

বাল্যকাল হৈতে মোর স্বভাব এক হয় । নামের মহিমা-শাস্ত্র করিয়ে সঞ্চয় য় ২৮ ।

ক্লোকাৰ্থ

"ছেটিবেলা খেকেই আমার একটা স্বভাব এই ধে, আমি নামের মহিমা শাস্ত্র সংগ্রহ করি।

### শ্লেক ২৯

### রমস্তে যোগিলোহনস্তে সত্যানকে চিদাস্থানি ৷ ইতি রামপদেনাসৌ পরং ব্রহ্মাভিধীয়তে ॥ ২৯ ॥

রমস্তে—আনন্দ আখাদন করেন; যোগিনঃ—যোগীগণ, অনস্তে জড়াতীতে, সজ্য আনন্দ—শ্রকৃত আনন্দ, চিৎ-আখানি—চিশ্বয় অক্তিহে; ইতি—এইভাবে, রাম—রাম; পদেন –পদেব ছারা, অসৌ—তিনি, পরমন্ত্রক্ষ—পদম প্রশা, অভিধীয়ন্তে—অভিহিত হন।

#### व्यनुवाद

" 'অনন্ত সজানন্দ—চিদাত্মাসকপ পরমতত্বে যোগীরা জালন লাভ করেন। এই জন্টই পরম প্রাধা-মন্ত্রকে রাম নামে অভিহিত করা হয়।"

### • তাৎপর্য

এইটি *পদ্ম-পূরাশে* রামচন্দ্রের শতনাম-স্ক্রোক্রের অইন শ্লোক।

### গ্লোক ৩০

### কৃষির্ভূবাচকঃ শব্দো শশ্চ নির্ভিবাচকঃ । তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীনতে ॥ ৩০ ॥

কৃষি:—'কৃষ্' ধাতৃ, ভূ—আকর্ষণীয় অস্তিত্ব, ৰাচকঃ—বাচক, ৰন্ধঃ—পদ্দ, বঃ—'ব' পদ; চ—এখং, নিৰ্বৃত্তি—প্ৰয়ামন্দ, ৰাচকঃ—বাচক, তনোঃ—সেই উন্তন্মেন, ঐকাম—ঐক্য, প্ৰংক্তেক্ত—প্ৰয়ে প্ৰদা, কৃষ্ণঃ—শ্ৰীকৃষ্ণ, ইতি—এইডাৰে, অভিধীয়তে—অভিহিত হয়।

### অনবাদ

" 'কৃষ্' ধাকু--'ড় অর্থাৎ আকর্ষক-সন্ধা-সচক, 'গ' সক নির্বৃতি অর্থাৎ প্রমানন্দ-নাচক।
'কৃষ্' ধাতুতে 'গ' প্রত্যা করে উভয়ের ঐক্যের ফলে 'কৃষ্ণ' সন্দে প্রমঞ্জ প্রতিপাদিত
হয় '

### ভাহপর্য

এই শ্লোকটি *মহাভারতের উদ্যোগ-নর্ব* (৭১/৪) থেকে উদ্ধৃত হয়েছে।

### হোক ৩১

### পরংক্রন্ধ দৃই নাম সমান ইইল । পুনঃ আর শান্তে কিছু বিশেষ পাইল ॥ ৩১ ॥

### লোকার্থ

" 'রাম' ও 'কৃষ্ণ' এই দুই নামই পরম ব্রহ্ম<sub>া</sub> তাতে সমতা বর্তমান। কিন্তু শাস্থ্রে এই নাম-পরমব্রসাধ্যের রদের ভারতম্য বৈশিষ্ট্য অনুসদ্ধান করতে গিয়ে আমি আরও বিশেষ কিন্তু বুঝলাম

### শ্লোক ৩২

শ্রীটেতনা মহাশ্রভর দক্ষিণ ভারতের তীর্থ পর্যটন

### রাম রামেতি রামেতি রমে রামে মনোরমে । সহস্রনামভিজ্ঞস্যং রামনাম বরাননে ॥ ৩২ ॥

রাম—রাম; রাম—রাম, ইডি—এইভারে; রাম—রাম, ইডি—এইভারে, রমে—আমি জানদ উপভোগ করি, রামে রাম নামে, মনোরমে—সব চাইতে সনোহর, সহস্থ-গামভিং—সহস্র বিষ্ণু নামে, চুলাম্—সমান, রাম-রাম—রামনাম; বরামনে—হে সুদরী।

### ञन्दाह

মহাদেব পাৰ্বতীকে ৰলালেন, "হে বরাননে, 'রাম' 'রাম' বলে মদোরম যে নাম, তাতে আমি রমণ (আনন্দলাভ) করি। একটি রামনাম সহস্র বিষ্ণু নামের তুলা।

### ভাৎপর্য

এই জেকটি *পদ্ম-পুরাণের* উত্তর গতের 'বৃহৎবিফু-সহক্রনামক্টোর' (৭২/৩৩৫) থেকে উদ্ধৃত হয়েছে।

### শ্লোক ৩৩

### সহত্রনাদাং পুণ্যানাং ত্রিরাবৃত্ত্যা তু খং ফলম্ । একাবৃত্যা তু কৃষ্ণস্য নামৈকং তং প্রয়ছতি ॥ ৩৩ ॥

मस्य-नाञ्चाम्—मस्य विद्यानारम्यः भूनामसम्—भूना महानतः व्रिश्-व्यावृद्धाः—िकायतः व्रिकादश्यः व्याताः कृ—किन्तः, सर्—याः, कनम्—मनः, क्रकम्ववृद्धाः—क्रवतः माळ व्यव्यातः स्थलः, कृ—किन्तः, कृष्णमाः—ञीकृश्यः नाम—नामः, क्षकम्—क्षणताः स्थाः, कर्—स्थि सनः, श्रामकि—क्षणाः करतः।

### অনুবাদ

" বিষ্ণুর পবিত্র সহস্রনাম তিনবার পাঠ করপে বে ফল হয় একবার মাত্র কৃষ্ণুনাম উচ্চারণ করলে সেই ক্ষম শান্ত হয়।"

### ভাহপর্য

প্রশাও পুরানের এই রোকটি শ্রীল রূপ গোস্বামীর লয়ভাগবতামূতে (১ ৫,৩৪৫) পাওয়া যান। এক বাম নাম সহল বিষ্ণুনামের তুলা সূতরাং তিনবার রাম নামের ফল, একবার কৃষ্ণুনামেই পাওয়া যার।

### গ্রোক ৩৪-৩৫

এই বাকো কৃষ্ণনামের মহিমা অপার । তথাপি লইতে নারি, তন হেতু তার ॥ ৩৪ ॥ ইউদেব রাম, তাঁর নামে সূখ পাই । সূখ পাঞা রামনাম রাত্রিদিন গাই ॥ ৩৫ ॥ লোকাৰ্থ

"এইভাবে কৃষ্ণনামের অপার মহিমা কীর্তন করা হরেছে। কিন্তু তা সত্ত্বেও আনি সেই নাম নিতে পারি না, তার কারণ হল প্রীরামচন্ত্র আমার ইউদেন, তাই ভার নামগ্রহণে অ্যামি আনন্দ আস্থানন করতাম। আর সেই আনন্দ অস্থানন করে আমি রাত্রিদিন রামনাম কীর্তন করতাম।

গ্রোক ৩৬

তোমার দর্শনে যথে কৃষ্ণনাম আইল । ভাহার মহিমা ভবে হাদয়ে লাগিল ॥ ৩৬ ॥

লোকার্থ

"ভোমানে দৰ্শন করে যখন আমার জিহুরে কৃষ্ণদাম স্ফুরিত হল, তখন আমার হলরে ক্ষুদানুমের মহিমা প্রকাশিত হল।

শ্লোক ৩৭

সেই কৃষ্ণ তুমি সাক্ষাৎ—ইহা নির্ধারিল ৷ এত কহি' বিপ্র প্রভুব চরণে পড়িল ৷ ৩৭ ৷৷

য়োকার্থ

"কৃমি সাক্ষাৎ সেঁই কৃষ্ণ, তা আমি নিশ্চিডভাবে জানতে পেরেছি।" এই বলে সেঁই ব্রাহ্মণ শ্রীটেডন; মহাপ্রভুৱ চরণে পভিত হলেন।

(গ্লাক ৩৮

তাঁরে কৃপা করি' প্রভূ চলিলা আর দিনে । বৃদ্ধকাশী আসি' কৈল শিব-দরশনে ॥ ৩৮ ॥

রোকার্থ

সেঁই এাজগলে কৃপা করে প্রীতৈতনা মহাপ্রভু তারপরের দিন সেবান থেকে বিদয়ে নিজেন, এবং বৃদ্ধকানীতে এসে মহাদেবের দর্শন করবেন।

ভাহপর্য

বৃদ্ধকাশীর বর্তমান নাম 'বৃদ্ধাচলম্' তা আর্কট জেলায় ভেলার নদীব উপনদী মধিমূপের তীরে অবন্ধিত। কেউ কেউ 'কালহন্তিপুর'কে 'বৃদ্ধকাশী' বলেন। বামনুজাচার্যের মাসীর পুন্ন গোলিন্দ অনেকদিন পর্যন্ত এই শিকের সেবা করেন।

লোক ৩৯

তাহাঁ হৈতে চলি' আগে গেলা এক গ্রামে । এক্রেপ-সমাজ ভাঁহা, করিল বিস্তামে ॥ ৩৯ ॥ শ্ৰোকাৰ্থ

তারপর ইটিডেন্য মহাপ্রভূ 'বৃদ্ধকাশী' তাগ করে এগিয়ে চলচ্চেন এক প্রামে তিনি দেবলেন যে, সেখানে অধিকাংশ অধিবাসীরাই বান্ধণ, তিনি সেখানে বিভাগ করার জন্য থামনেন।

(취취 80

প্রভুর প্রভাবে দোক আইল দরশনে ৷ লকার্বদ লোক আইলে না যায় গণনে ৷ ৪০ ॥

<u>স্লোকার্থ</u>

শ্রীচৈতন্য মহাপ্রভূর প্রভাবে লক্ষ লক্ষ লোক তাঁকে দর্শন করতে এসেছিলেন। তথম এয় লোক সমাধ্য হয়েছিল যে, যা গপনা করা সম্ভব ছিল না

(到本 8)

গোসাঞির সৌন্দর্য দেখি' তাতে প্রেমাবেশ । সবে 'কৃষ্ণ' করে, 'বৈক্ষর' হৈল সর্বদেশ ॥ ৪১ ॥

শ্ৰোকাৰ্থ

প্রীচৈতন্য মহাপ্রত্ন সৌন্দর্য এবং ভাতে ভগবং-প্রেয়ের আবেশ, ভা দেখে সকলেই 'কৃষ্ণ নমে' উচ্চারণ করতে লাগলেনঃ এইভাবে সকলে বৈষ্ণবে পরিণত হলেন।

শ্লোক ৪২-৪৩

তার্কিক-মীমাংসক, হত মায়াবাদিগণ ৷ সাংখ্য, পাতপ্রক, স্মৃতি, পুরাণ, আগমন য় ৪২ গ নিজ-নিজ-শাস্ত্রোদ্গ্রাহে স্বাই প্রচণ্ড ৷ সর্ব মত দূবি' প্রভু করে খণ্ড খণ্ড ৷৷ ৪৩ ৷৷

ল্লোকার্থ

সেখানে নানারকম দার্শনিক ছিলেন। সেখানে, ডাদের কেউ ডার্কিক—সৌডমীর নৈয়ায়িক ও কণাদীয় বৈশেষিক, কেউ জৈমিনীর অনুগামী ও মীমাসেক। কেউ শঙরাচার্যের অনুগামী মায়াবাদী। কেউ কপিলের অনুগামী সাংখ্য দার্শনিক; কেউ পতপ্রবাদীর অনুগামী অন্তাহযোগী। কেউ কৃতি-শাস্ত্রের অনুগামী, এবং পুরাণ ও ভদ্রশাস্ত্রের অনুগামী। এইভাবে সেখানে বিভিন্ন রক্ষমের দার্শনিক ছিলেন তারা সকলেই তালের নিজের মত প্রতিষ্ঠা করতে অভ্যন্ত পরাক্তমশালী ছিলেন, কিন্তু প্রীটেডন্য মহাপ্রত্ সেই সমস্ত মতের ভান্তি প্রদর্শন করে ভালের বিদ্যান্তকে খণ্ড করলেন।

ውክው

শ্রোক ৪৪

সর্বপ্র স্থাপর প্রভূ বৈক্ষবসিদ্ধান্তে। প্রভূব সিদ্ধান্ত কেহ না পারে বণ্ডিতে ॥ ৪৪ ॥

শ্লোকার্থ

বেদ, বেদান্ত, ব্রহা সূত্র এবং অচিন্তাজেলতেল তত্ত্বের ডিন্তিজে শ্রীটেডল্য মহাপ্রাত্ সর্বত্ত শুদ্ধ বৈশ্বব-সিদ্ধান্ত প্রতিষ্ঠা করলেন। মহাপ্রত্যুক্ত সিদ্ধান্ত কেউ খণ্ডন করতে পারল না।

स्थिक हर

হারি' হারি' প্রভূমতে করেন প্রবেশ। এই মতে 'বৈধাব' প্রভূ কৈল দক্ষিণ দেশ 1 ৪৫ ৪

য়োকার্থ

দ্রীতৈতন্য মহাপ্রভূ কর্তৃক পরাজিত হয়ে এই সমস্ত দার্শনিক এবং তাদের অনুগামীর। দ্রীতৈতন্য মহাপ্রভূব মতে প্রবেশ করলেন এইভাবে নীতৈতন্য মহাপ্রভূ সমগ্র দক্ষিণ-ভারতকে বৈশ্ববে পরিণ্ড করলেন।

শোক ৪৬

পায়তী আঁইল ফত পাণ্ডিত্য শুনিয়া ৷ গৰ্ব করি' আইল সঙ্গে শিষ্যগণ লঞা ॥ ৪৬ ॥

য়োকার্থ

শ্রীতৈতন্য মহাপ্রভূব পাণ্ডিভোর কথা শুনে পাষ্ট্রীরা তাদের শিষ্যদের সঙ্গে নিয়ে অত্যন্ত গর্নভরে সেখানে এলেন

শ্লোক ৪৭

বৌদ্ধাচার্য মহাপণ্ডিক নিজ নবমতে । প্রভুর আগে উদ্গ্রাহ করি' লাগিলা বলিতে ॥ ৪৭ ॥

হ্যোকার্থ

ভাদের মধ্যে একদ্বান হচ্ছেন মহাপণ্ডিত বৌদ্ধ-প্রাচার্য। ভাদের 'নবমত' প্রতিষ্ঠা করার জন্য প্রীটিডেন্য মহাপ্রস্কুর মধ্যে ভারা ভর্কের অবভারণা করলেন।

শ্ৰোক ৪৮

যদাপি অসম্ভাষ্য বৌদ্ধ অযুক্ত দেখিতে । তথাপি বলিলা প্ৰভু গৰ্ব খণ্ডাইতে ॥ ৪৮ ॥ লোকার্থ

যদিও বৌদ্ধন। বেদ-বিরোধী বলে সম্ভাষণের খোগ্য নয়, এবং তারা নিরীশ্বরবাদী বলে ভালের দর্শন করা উচিত সম্ভ, ভবুও ভালের মত খণ্ডন করার জন্য মহাপ্রাড়ু ভালের সঙ্গে আলোচন্য কর্মসন।

প্রোক ৪৯

তৰ্ক প্ৰধান বৌদ্ধশাস্ত্ৰ 'নৰ মতে'। তৰ্কেই ৰণ্ডিল প্ৰভু, না পাৱে স্থাপিছে ॥ ৪৯ ॥

শ্লোকার্থ

বৌদ্ধ-শাস্ত্র ভর্ত-প্রথবে এবং তার 'নবমত' নামক নয়টি সিদ্ধান্ত আছে বিজ শ্রীচৈতন। মহাপ্রভূ তামের বৃত্তির দ্বারীই তামের মত খণ্ডন করলেন তারা আর তামের মত স্থাপন করতে পারকেন সা।

ভাৎপর্য

শ্রীল ভাজিবিনেদ ঠাকুর তার অমৃতপ্রথাহ-ভাষো উল্লেখ বারেছেন—"বৌদ্ধ মাতে 'হিনামন' (হীনদান) ও 'মহায়ন' (মহাযান) দৃই প্রকার পদ্মা রয়েছে: সেই পদ্মা গামনের প্রভানস্করণ নামি নিছাও, যথা—১) বিশ্ব অনাদি, অতএব ঈশরশ্না; ২) জগৎ অসত্য, ৩) অহংতত্ব, ৪) জায় জালাওর ও পরলোক প্রকৃত, ৫) বৃদ্ধই তব্-লাভের উপান, ৬) নির্বাদই পরম তত্ব, ৭) বৌদ্ধার্শনিই দর্শন, ৮) বেদ—মানব-রচিত, ৯) দরা আদি স্বধর্ম আচরণই বৌদ্ধ-শীবন।"

তর্কের দ্বারা কেউ কখনও পরম তর্বকে জানতে পারে না। কেউ থর্কে অত্যন্ত দক্ষ
হতে পারেন, এবং তর্কের বারা তার মত স্থাপন করতে পারেন, কিন্তু তার থেকেও অধিক
পারেননী তর্কিক এসে আফার তার সেই মতকে খণ্ডন করে আন্য কোন মত স্থাপন করতে
পারেন। এইতাবে তর্কের দ্বারা বিভিন্ন মত স্থাপন এবং খণ্ডন হাওে পারে কিন্তু গ্রারা
বারা পরমতত্বকে জানা যায় না। যারা বেদের অনুগামী তারা তা জানেন কিন্তু এখানে
আমরা দেখতে পাছি দে, প্রীতৈতন্য মহাগ্রন্থ তর্কের দ্বারা বৌদ্ধদর্শন খণ্ডন করেছিলেন
যারা আগ্রের্টিক কৃষ্ণতাবনামৃতের প্রচারক, তাদের অবশাই এরকম আনেক মানুষের
সম্মুখীন হতে হবে, মারা যুক্তিতর্কে বিশ্বাস করে। তাই আগ্রের্ডান্ডিক কৃষণ্ডাবনামৃতের
প্রচারকদ্বের কিন্তু প্রতিতন্য মহাপ্রভুর মতো তাদের তর্কের দ্বারা পরান্ত করতে প্রস্তুত থাকতে
হবে। এই স্লোকে স্পন্তভাবে কলা হয়েছে, 'তর্কেই যণ্ডিল প্রভূ' শ্রীটিভন্য মহাপ্রভূ
তাদের সামনে এমন সমস্ত যুক্তি খাড়া করে দিলেন বে, তারা সেই সমস্ত যুক্তি খণ্ডন
করে তাদের মত প্রতিষ্ঠা করতে সক্ষম হননি

তাদের প্রথম সিছান্ত হচ্ছে "বিশ্ব অনাদি" কিন্তু তা বদি হয় তাহলে লয় কিন্তা কিনাশের কোন প্রশ্ন ওঠে না। কিন্তু বৌছদের মতে লয় বা ধ্বংস হঞ্ছে সর্বশ্রেষ্ঠ সত্য সৃষ্টি যদি নিতাকাল বর্তমান থাকে তাহলে লয় কিয়া বিনাশের কোন প্রশ্ন ওঠে না। তানের এই যুক্তিটি খুব একটা বলবান নাম, কেননা আমাদের ব্যবহারিক জীবনেও আমরা দেবি যে, জড় জগতে সবলিছুরই আদি আছে, মধ্য আছে, এবং অয়ে আছে। লৌছ-দর্শনে চরম লক্ষ্য হচ্ছে যে দেহটির লয় সাধন করা। দেহটির আদি আছে বলেই পেহটির বিনাশ সম্ভব। তেমনই, এই বিশ্ব একটি বিশাল দেহের মতো, কিন্তু, যদি খীকার করা হয় যে এই বিশ্ব অনাদি, তাহলে তার লর হওয়ার কোন প্রশ্ন ওঠে না। স্তরাং সবকিছুর লয় সাধন করার চেষ্টা করার মাধ্যমে শূন্য হওয়ার প্রচেট্টা অসম্ভব। আমাদের ব্যবহারিক অভিগ্রতায় সৃষ্টির আদি খীকার করতে আমরা বাধ্য, এবং আমরা যখন আদি খীকার করি তথন আমাদের অবশাই একজন স্বাধীকে খীকার করতে হবে। এই স্বাধীর নিশ্বাই স্বাধীপকা শারীর রয়েছে, যা ভগবদ্বাতীতায় (১৩/১৪) বর্ণিত হয়েছে—

मर्वेटः थानिभागः खर मर्वेट्डाश्किनिस्ताम्बम् । मर्वेटः क्रांटिमस्त्रास्य मर्वमान्छः छिष्ठेटि ॥

"ওার হাত-পা সর্বত্র, তার চক্ষু-মূখ সর্বত্র, এবং তিনি সব কিছু ওনতে পান। এইভাবে পরমান্যা বিরাজ করেন?

সেই পরম পূরুষ নিশ্চয়ই সর্ব্যা বর্তমান। তার দেহ সৃষ্টির আগ্নেও বর্তমান ছিল; তা না হলে তিনি অস্তা হবেন কি করে। সেই পরম পূরুষ যদি সৃষ্ট জীব হন, তাহলে তার অস্তা হবেয়ার কোন প্রশ্ন ওঠে না তার ফলে সিদ্ধান্ত করা ফার যে এক বিশেষ সময়ে এই জড় জগতের সৃষ্টি এবং সৃষ্টির পূর্বেও অস্তা ছিলেন, তাই অস্তা কোন সৃষ্ট জীব নন বিদ্ধান পরমন্ত্রশ্ব বা পরমান্ত্রা জড় পদার্থ কেবল আন্দার থেকে নিকৃষ্টই নয়, তা প্রকৃতপক্ষে আন্মার ভিত্তিতেই সৃষ্ট হয়েছে। জীবান্তা যথন মাতৃত্বঠার প্রবেশ করে, তথন মানোর দেওয়া জড় উপাদানওলি দিয়ে তার দেহ সৃষ্ট হয়। এই জড় জগতে স্বকিছুরই সৃষ্টি হয়েছে, অতএব একজন অস্তা নিশ্চয়ই রয়েছেন, বিনি হজেন জড় পদার্থ থেকে সম্পূর্ণ ভিন্ন পরম-আন্মা ভারবদ্বীতার প্রতিপন্ন হয়েছে যে, জড়া-প্রকৃতি নিকৃষ্ট এবং জীব হছে পরাপ্রকৃতি সম্ভ্রত। সূতরাং নিকৃষ্ট এবং উৎকৃষ্ট উভয় শক্তিই পরম পুরুষের

বৌদ্ধনা বলে বে, জগৎ অসতা কিন্তু তাদের এই সিদ্ধারটিও অর্থহীন। জগৎ অনিতা, কিন্তু তা বলে অসতা নয়। যদিও আমরা আমাদের দেহ নই, তবুও যতক্ষণ আমাদের দেহটি ররেছে, ততক্ষণ আমাদের দেহের সুখ-দুঃখ জনুভব করতে হয়। আমরা সেই সুখ-দুঃখওলিকে খুব একটা গুরুত্ব না-ও দিতে পারি, কিন্তু তাহলেও তা বাস্তব। অমরা বলতে পানি না তা মিথাা, দেহের সুখ-দুঃখওলি বদি মিথাা হত, তাহলে এই জগতও মিথাা হত এবং তাহলে কেউই তার কোন গুরুত্ব দিত না। অতএব সিদ্ধান্ত হতে—এই জড় জগৎ অসত্য বা কল্পনা নর, তা অন্থানী।

বৌদ্ধমতে অহং হচ্ছে চরম তত্ত্ব। কিন্তু তাহলে 'আমি' এবং 'ত্মি'র স্বাতম্ম পাকে

না। যদি 'আমি' না থাকি এবং 'তৃমি' না থাক, অর্থাৎ যদি আমাদের সতন্ত্র ব্যক্তিত্ব না থাকে, তাহলে তর্কের কোন সন্তাবনাই থাকে না। বৌদ্ধেরা তর্কের উপর নির্ভব করে, কিছু আহং যদি একমাত্র তত্ত্ব হয় তাহলে কোন প্রশ্নই থাঠে না। তর্ক করতে হলে 'তৃমি' বা অন্য আর একজন ব্যক্তি অনস্বীকার্য। হৈত দর্শনে—জীবাত্মা এবং পরমান্তার অন্তিত্ব অবলাই থাকবে। ভগবদ্গীতার ছিতীয় অধ্যায়ে (২/১২) ভগবান তা প্রতিপন্ন করে বলেছেন—

नः एकाश्रः खाकू नामः न घर न्यसः धनारियाः । म क्रिक न खिलासः मर्त्व वरायवः शरम् ॥

"এমন কোন সময় হিল না যখন আমি ছিলাম না অথবা তুমি ছিলে না অথবা এই সমস্ত বাজালা ছিল না, ভবিষয়েওও এমন কোন সময় থাকবে না যখন আমরা থাকব না।"

অতীতে বিভিন্ন শরীরে আমরা ছিলাম, এবং এই দেছের বিনাশের পরেও অন্য আর একটি দেহে আমাদের অভিত্ব থাকরে। আরা নিত্য এবং এই দেহে অথবা অন্য দেহে তার অভিত্ব চিরকাল অভ্যুর থাকে। এই জীখনেও আমরা একটি শিওর দেহ, একটি বালকের দেহ, একটি বৃধকের দেহ এবং একটি বৃদ্ধের দেহ লাভ করার অভিত্যতা উপলব্ধি করি। এই দেহটির বিনাশের পর আমরা আর একটি দেহ প্রাপ্ত বই বৌদ্ধরা জন্মান্তরবাদ বিশাস করে, কিন্তু তারা যথাযথভাবে পরবর্তী আমের তথ্ বিনোধণ করতে পারে না। চুরাশি লক্ষ বিভিন্ন প্রকারের জীবদেহ রয়েছে, এবং পরবর্তী জীবনে আমরা ভার মধ্যে থেকে যে-কোন একটি দেহ প্রাপ্ত হতে পারি। তাই মনুবা-শরীর সাভের নিশ্চয়তা নেই।

বীজনের গঞ্চার সিদ্ধান্ত—'বৃদ্ধই তব লাভের একমাত্র উপার'। এই সিদ্ধান্তিত মেনে নেওয়া যায় না। কেননা বৃদ্ধদেব বেদ মানেন নি। পরমতত্ব মনোধর্ম-প্রসূত জন্ধনা-কর্মনা ও অনুমানের বিবর নর। তা বাস্তব কল্প এবং তার সম্বন্ধীয় জ্ঞান যাস্তব জ্ঞান। সকলেই বিদি অধিকারী হর, অথবা সকলেই যদি তার নিজের বৃদ্ধিকে চরম মাপবাতি বলে মনে করে—বা আজ একটা বলাদান হয়ে পাঁড়িয়েছে—তাহলে নানামতের সৃষ্টি হবে এবং সকলেই দাবী করবে যে তার মতটি সর্বপ্রেট। এটি আজ একটি মস্ত বড় সমস্যা ইয়ে গাঁড়িয়েছে এবং সকলেই তার নিজেব মনমতো শাস্ত্র বিদ্ধোষণ করে এক একটা মত সৃষ্টি করছে। এবন সকলেই তার নিজেব মনমতো শাস্ত্র বিদ্ধোষণ করে এক একটা মত সৃষ্টি করছে। এবন সকলেই এক একটি মত্ত খাড়া করে সেটিকে পরমতার বলে চালাবার চেটা করছে।

বৈদ্ধিদের ষষ্ঠ নিজান্ত 'নির্বানিই পশ্রম শুরু'। নির্বাণ বা লয় জড় দেহটির বেলায় প্রযোজ্য, কিছু আব্যা এক দেহ থেকে আর এক দেহে দেহান্তরিত হয়। তা যদি না হুত তাহলে বিভিন্ন প্রকারের এত দেহের অন্তিত্ব কি করে সম্ভব? পরবর্তী জন্ম যদি সজ্য হয়, তাহলে পরবর্তী দেহটিও সত্য। যখনই আফরা একটি জড়দেহ ধারণ করি, তবন আমাদের আর একটি সেহ ধারণ করতে হবে। সমস্ত জড়দেহের চরম গতি যদি 'কিল্বিং)' হর ভাহলে আমাদের নিশ্চয়ই অক্কড় বা চিশ্বয় দেহ লাভ করতে হবে, যদি না আমনা আমাদের পরবর্তী জীগনকৈ মিধ্যা গলে গ্রহণ করতে চাই। চিশ্বয় দেহ কিভাবে লাভ করা যায় সেই সধ্যমে ভগবদ্গীতায় (৪/২) নিপ্লেষণ করে কলা হয়েছে—

> कप कर्म ह म पिनास्मरः यो त्वति उत्तरः । छाका प्रदरः भूनर्कन्न निष्ठि मार्स्मार्क स्मार्ट्कन् ॥

"হে অর্জুন মথাযথভাবে দিনি হাদয়কম করেছেন যে, আমার স্কাশ্ম এবং কর্ম দিবা, তাকে এই দেহতাগে করার পর আর এই জড় জগতে পুনরার জন্ম গ্রহণ করতে হয় না, তিনি আমার নিতাধামে ফিরে আনেন।"

এইটিই হতে সর্বান্তের সিদ্ধি, যার হারা জন্ত দেহের জন্ম-মৃতুরা বন্ধন অভিক্রম করে ভগবদ্ধানে ফিরে যাওয়া যায় এমন নয় যে আনাদের অভিক্র শূনা হরে বারা। অভিক্র গাকে, তবে আমরা যদি আমাদেরই এই জন্তদেহটিন প্রকৃত নির্বাণ চাই, ভাহতে আমাদের একটি চিন্মা নেত্র ধারণ করতে হবে; তা না হলে আন্মার নিভাল সম্ভব নয়।

নৌদ্ধদের সপ্তম সিদ্ধান্ত—'বৌদ্ধ-দর্শনই একমাত্র দর্শন।' তা ও মেনে নেওয়া যায় না কোনা সেই দর্শনে অনেক প্রান্তি ববেছে। পূর্ণ দর্শন হচ্ছে দেই দর্শন, যাতে কোন প্রান্তি নেই এবং তা হচ্ছে বেদান্ত-দর্শন। বেদান্ত-দর্শনে কোন প্রান্তি পুঁলে পাওয়া যায় না তাই আমরা স্বীকার করি যে, প্রম সত্যকে দ্বানার হন্দা কেনান্তই হচ্ছে চরাম দর্শন

বৌদ্ধদের অউম সিদ্ধান্ত—'বেদ মানব-রচিত'। তা যদি হত, তাহলে তা প্রামাণিক হত না। বৈদিক শান্ত থেকে আমরা জ্বনতে গারি যে, সৃষ্টির অন্ধানাল গরেই ব্রহ্মা বেদ প্রাপ্ত হরেছিলেন এমন নর যে প্রস্থা কেদ সৃষ্টি করেছিলেন, যদিও ক্রন্ধা হচ্ছেল এই ব্রন্ধাণ্ডের প্রথম পুরুষ ক্রন্ধা থদি এই প্রস্থাণ্ডের প্রথম সৃষ্ট জীব হন, অথক তিনি যদি বেদ সৃষ্টি করে থালেন, আহলে বৈদিক জ্বান ব্রন্ধার কাছে এল কি করে। স্থাভাবিকভাবে বোঝা যায় যে, বেদ এই ক্রন্ড জগতের ক্যোন সাধারণ অনুন্যর কাছ থেকে আনেনি প্রীমন্ত্রাগরতের বর্ণনা অনুসারে, তেনে ব্রহ্মাহলা ও আদি করেনে—"সৃষ্টির পার পর্যাহলের ভাগার প্রদার ক্রান্ধার ভাগার হালার ক্রেছে আন প্রকাশ করেছিলেন।" সৃষ্টির আনিতে ব্রন্ধা ছাড়া আর কেউ ছিলেন না, অথক তিনি বেদ রচনা করেন নি, সুতরাং বেদ কোন সৃষ্ট জীবের রচিত গ্রন্থ নয় পরমেশ্বর ভগবান, যিনি এই জ্বন্ধ ক্রণং সৃষ্টি করেছেন, তিনি বৈদিক জ্বান দান করেছেন। সেই কথা শহরাচার্যন্ত স্বীকার করেছেন, যদিও শহরাচ্যর্যের মত নয়।

বৌদ্ধদের নকম সিদ্ধান্ত—'দয়া আদি সং-ধর্ম আচনগই কৌদ্ধ-জীবন'। কিন্তু দয়া আদি ধর্ম আপেন্দিক আমবা দয়া তাকেই প্রদর্শন করি যে আমাদের থাকে নিকৃষ্ট অথবা যে আমাদের থাকে বেশী দুংগ-কট্ট পাছে, কিন্তু আমাদের থেকে উৎকৃষ্ট যদি কোন বাছি থাকেন, তাহলে তিনি আমাদের দয়ার পাত্র হতে পাছেন না। পকান্তরে আমরা তার দয়ার পাত্র। অতএব দয়া প্রদর্শন একটি আপেন্দিক ক্রিয়া। এটি পরমতত্ব নয়। আর তা ছাড়া, আমাদের নিশ্চিতভাবে জানতে হবে প্রকৃত দয়া কিঃ অসুত্ব ব্যক্তিকে

নিবিদ্ধ বস্তু আহার কবতে দেওরা, দগ্য নর পক্ষান্তরে তা হিংসা যতক্ষণ পর্যন্ত না আমর জানতে পারছি যে, প্রকৃত দরা কি, ততক্ষণ আমরা কেবল দরার নামে উৎপাতেরই সৃষ্টি করি। আমরা ফরি প্রকৃত দরা প্রদর্শন করতে চাই, তাহঙ্গে আমাদের কৃষ্ণভাবনার অনৃত প্রচার করতে হবে, বাতে জীব তার সৃস্ত চেতনা পুনকদ্ধার করে তার সক্রপে অধিষ্ঠিত হতে পারে। বৌদ্ধান্দর অহতে কারে করে না, তাই বৌদ্ধানর তথাকণিত দরা জীবের চরম মনন্দ সাধনে সমর্থ নর।

হোক ৫০

বৌদ্ধাচাৰ্য 'নৰ প্ৰশ্ন' সৰ উঠাইল। দৃঢ় মুক্তি-ডৰ্কে প্ৰভু খণ্ড খণ্ড কৈল। ৫০॥

ভোকার্থ

কৌজাচার্য 'নৰ প্রপ্ন'-এর সবকটি প্রশ্ন উথাপন করলেন, কিন্তু শ্রীচৈতন্য মহাপ্রস্তু দৃঢ় যুক্তির স্বারা সেওলি স্বতবিষ্ঠ করে ফেললেন।

দার্শনিক পণ্ডিত সবাই পাইল পরাজয় । লোকে হাস্য করে, বৌদ্ধ পাইল সজ্জা-ভয় ॥ ৫১ ॥

শ্লোকার্থ

সেই সমস্ক মনোধর্মী দার্শনিক এবং পণ্ডিতেরা শ্রীচৈতন্য মহাপ্রভূর কাছে পরাজিত হলেন ভা দেখে লোকেরা হাসতে লাগল এবং বৌদ্ধরা সচ্ছিত হল ও ওয় পেল।

ভাহপর্য

সেই সমস্ত দার্শনিকের। সকলেই ছিনেন নাউক, কেননা ভারা ভগবানেশ অভিত্যে বিশ্বাস কবতেন না। নাজিকেরা মনোধর্ম প্রসৃত জন্ধনা-কন্ধনায় খুব পারদর্শী হতে পারে এবং তথাকথিত দার্শনিক হতে পারে কিন্তু ভগবং-বিশ্বাসী বৈধ্ববন্ধ। তাদেশ অনায়াসে পরাজিত কবতে পারেন। ত্রীচেতনা মহাগ্রভুব পানার অনুসরণ করে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংযে যুক্ত সমস্ত প্রচারকনের দৃঢ় যুক্তির সাহায্যে সক্রকদের নাজিকদের পরাজিত করতে অত্যন্ত সুদক্ষ হতে হবে।

শ্লোক ৫২

প্ৰভূকে বৈফৰ জানি' বৌদ্ধ খবে গেল । সকল বৌদ্ধ মিলি' তবে কুমন্ত্ৰণা কৈল ॥ ৫২ ॥

গ্লোকার্থ

সেই বৌদ্ধরা বৃশাতে পেরেছিলেন যে, শ্রীচৈতন্য মহাপ্রান্থ হচ্ছেন বৈক্ষর তারা সকলে অভ্যন্ত বিষয়চিত্তে মরে ফিরে গোলেন, এবং সেখানে সকলে মিলে ভারা এক কুমন্ত্রণা করলেন।

শ্ৰোক ৫৩

অপবিত্র অন্ন এক থালিতে ভরিয়া ৷ প্রভু-আগে নিল 'মহাপ্রসাদ' বলিয়া ॥ ৫৩ ॥

<u>ভো</u>ৰাৰ্থ

একটি থালায় অপবিত্র থয়ে নিয়ে ছারা শ্রীচৈডনা মহাপ্রভুর কাছে গিয়ে, মহাপ্রসাদ বলে সেটি ভাঁকে দিলেন

#### खाद भर्य

তাপনিত্র অন্ন' বন্ধতে এখানে বৈদ্যনের গ্রহণের অন্যোগ্য অন্ন বোঝানো হয়েছে। অর্থাৎ অবিষ্যাবের দেওয়া তথাকথিব 'মহাপ্রদানও বিকর গ্রহণ করতে পারেন না। এটি সমস্ত বিদ্যাবিদ্য অনুসানগীম বিধি। প্রীচৈতনা মহাপ্রস্কৃতক দানা বিক্রব-আচার সথমে বিজ্ঞানা করা হয়, তথন মহাপ্রস্কৃত্র বলেছিদেন—''অসৎ সঙ্গ ত্যাগা—এই বৈক্রব-আচার'' (তৈঃ চা মধা ২২/৮৭) 'অসৎ বলতে এখানে অবৈক্রবকে ব্যোগান হয়েছে। অর্থাৎ অবৈক্রবের সন্ধ বোঝান করা উচিত না। মহাপ্রসাদের নাম করে কোন অবৈক্রব বিদ্যাব করা বিদ্যাব করা উচিত না। মহাপ্রসাদের নাম করে কোন অবৈক্রব কথান ভগরের করা অবিক্রবর প্রান্ত বালেনা আনেক সময় কৃষ্ণান্তারনামূত আন্দোলনের প্রচারকদের অবিক্রবর গৃহে আহার করতে হয়, কিন্তু তা ঘদি তথাবালাকৈ নির্দেশিত হয়, ভাহনে তা গ্রহণ করা যেতে পারে। সাধারণত অবৈক্রবের প্রস্তুত খানার বৈক্রবদের প্রহণ করা উচিত নয় অবৈক্রব যান প্রতিবিদ্যাবিদ্য বিদ্যাবন নির্বেশন করতে পারেন না, তাই তা মহাপ্রসাদ বলে গ্রহণ করা যায় না। ভগরন্গীতার (৯/২৬) বর্ণনা অনুসারে—

भारः भूमार एकाः (जारः स्था **६६ छन्छ। अवस्**छि । जनसः छन्छ। भारतसम्बद्धाः

'(ভগনান বলেছেন) কেউ যদি ছণ্ডি সহকারে আমাকে একটি পাতা, একটি ফুল, একটি ফল অথবা একটু জল দেয়, তাহলেও আমি ভা ক্রহণ করি।"

ভক্তি সংকারে ভক্ত তাঁকে যা দেন ভগবান তা ই গ্রহণ করতে পারেন। অবৈধনৰ নিবামিশায়ী হতে পারেন এবং অভান্ত পবিদার পরিচাহ হতে পারেন, কিন্তু বিশ্ববিমুখতাহেতৃ তার প্রদক্ত আয় বিষ্ণু কখনত গ্রহণ করেন না ভাই বৈশ্ববের পাশ্বে সেই অন গ্রহণ না করাই শ্রেয়।

শ্লোক ৫৪ হেনকালে মহাকায় এক পক্ষী আইল । ঠোটে করি' অয়সহ থালি লঞা গোলা ॥ ৫৪ ॥ শ্ৰোকাৰ্থ

নেই সময় এক বিশালকায় পকী সেধানে এসে ঠোঁটে কয়ে অন্নসহ সেঁই থালিটি নিয়ে আকাশে উত্তে গেল।

শ্ৰোক ৫৫

বৌদ্ধগণের উপরে অর পড়ে অমেধ্য হৈয়া। বৌদ্ধাচার্কের মাথার থালি পড়িল বাজিয়া ॥ ৫৫ ॥

শ্লোকার্থ

সেই অমেধা অন সমস্ত বৌক্ষদের মাধার উপরে পড়ল, এবং সেঁই থালাটি বৌদ্ধাচার্যের মাধার উপরে পড়ল। তার মাধার উপরে থালাটি পড়ায় এর প্রচণ্ড শব্দ হল।

শ্ৰোক ৫৬

তেরছে পড়িল থালি,—মাথা কাটি' গেল ৷ মূর্ভিড ছঞা আচার্য ভূমিতে পড়িল ॥ ৫৬ ॥

গ্লোকার্থ

তেরছাভাবে সেই থালাটি বৌদ্ধাচার্টের মাথার উপরে পড়ল, এবং তার ফলে তার মাধা কেটো গেল। বৌদ্ধাচার্য মূর্ছিত হরে ভূমিতে পড়লেন

> শ্লোক ৫৭ হাহাকার করি' কান্দে সব শিষ্যগণ । সবে আসি' প্রভ-পদে লইল শরণ ॥ ৫৭ ॥

> > গ্ৰোকাৰ্থ

বৌদ্ধানার্যের সমস্ত শিবোরা ভবন হাহাকার করে ব্রন্দন করতে লাগলেন, এবং ঐটচেতন্য মহাপ্রভুক্ত কাছে এনে তার শ্রীপাদপত্তে শর্মণ নিলেন।

শ্ৰোক ৫৮

ভূমি ভ' ঈশ্বর সাক্ষাৎ, ক্ষম অপরাব । জীয়াও আমার গুরু, করহ প্রসাদ ॥ ৫৮ ॥

হোকার্থ

তারা সকলে প্রীতৈতন্য মহাপ্রভূর কাছে প্রার্থনা করে বললেন, "আপনি সাক্ষাৎ ঈশ্বর, আমাদের সমস্ত অপরাধ আপনি ক্ষমা করুন। কৃপা করে আপনি আমাদের গুরুকে পুনকক্ষীবিত করুল।"

লোক ৬৪ী

(副本 49)

প্রভু কহে,—সবে কহ 'কৃঞ্চ' 'কৃষ্ণ' 'হরি' । গুরুকর্ণে কহ কৃষ্ণনাম উচ্চ করি' ॥ ৫৯ ॥

হোকার্থ

শ্রীটোতনা মহাপ্রান্ত তথন তাদের বলবেন, "তোমরা সকলে বল, 'কৃষ্ণ' 'কৃষ্ণ' 'হরি' এবং উত্তৈয়েরে তোমাদের ওঞ্জর কর্ণেও কৃষ্ণনাম উচ্চারণ কর।

গ্ৰোক ৬০

তোমা-সবার 'ওক্ক' তবে পাইবে চেতন । সব বৌদ্ধ মিলি' করে কৃষ্ণসন্ধীর্তন ॥ ৬০ ॥

লোকার্থ

''ভাহতো ভোমানের 'ওলা' চেতনা ফিরে পাবেম।'' জীতৈতন্য মহাগ্রন্থর উপদেশ অনুসারে তথ্য সমস্ত্র বৌদ্ধরা কৃষ্ণমাম সংকীর্তন করতে লাগলেন।

খোক ৬১

শুক্ত-কর্ণে করে সবে 'কৃষ্ণ' রাম' 'হরি' ৷ চেতন পাঞা আচার্য বলে 'হরি' 'হরি' ॥ ৬১ ॥

গ্রোকার্থ

সেই বৌদ্যাচার্যের শিষারা তথম তার কর্ণে কৃঞ্চ, রাম, হরি, ইত্যাদি সাম উচ্চারণ করতে লাগলেন, এবং তার ফলে ভাদের আচার্য চেডনা কিরে পেরে 'হরি' হরি' বলতে লাগলেন

### ভাৎপর্য

শ্রীল ভতিসিদ্ধান্ত সরস্থতী ঠাকুর মন্তব্য করেছেল থে, বৌদ্ধরা শ্রীচেতন্য মহাপ্রত্বর শ্রীমৃথে কৃথলাম-সীক্ষালাভ করেছিলেন, এবং ভারা ধরন কৃষলাম উচ্চারণ করছিলেন, তবন ভারা ভিয় মানুষে পরিগত হয়েছিলেন তথন আর ভারা পাষ্ট্রবং আচরণকানী বৌদ্ধ ছিলেন না। তাই ভারা তৎকাণাং শ্রীচৈতনা মহাপ্রভূব আদেশ শিরোধার্য করেছিলেন। তাদের স্বাড়াবিক কৃষণ্টোমের প্নর্জাগরণ হয়েছিল, এবং ভারা হরেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তন করতে এবং শ্রীবিষ্ণর পুরা করতে সক্ষম হয়েছিলেন।

গুনুই শিষ্যকে খায়াব বন্ধন থেকে উদ্ধান করেন, অর্থাৎ অন্তিওনা শিবোর চৈতনা সম্পাদন করে বিধুপুভাগ অনুপ্রাণিত ও নিযুক্ত করেন—ভারই নান 'দীক্ষা' বা দিবারান। কিন্তু এই ক্ষেত্রে অচেতন বৌদ্ধাচার্থের পূর্বে শিষারাই শ্রীটোতনা মহাপ্রভুর কুপার কুষলামে তৈনো লাভ করে তাদের তথ্যকথিত বৌদ্ধ গুরুল কর্ণে কৃষ্ণনাম উচ্চারণ করে আচার্থের কাল্র করলেন, এইটিই প্রস্পাবার পদ্ম। আচার্থ এই ক্ষেত্রে শিব্যে পরিশত হলেন, এবং তার শিষারা ধনন শ্রীদৈতন্য মহাপ্রভুর কাছে দীক্ষা শ্রাপ্ত হলেন, তখন তারা আচার্য রূপে কার্য করলেন। তা সম্ভব হয়েছিল, কারণ বৌদ্ধাচার্যের শিষারা শ্রীচৈতন্য মহাপ্রভুর কৃপা লাভ করেছিলেন। পরস্পরার মাধ্যমে শ্রীচৈতন্য মহাপ্রভুর কৃপা লাভ না করলে, আচার্যের কার্য করা যায় না। ভগদ্ওরু শ্রীচৈতন্য মহাপ্রভুর শিক্ষা অনুসারে আমানের কার্য করে কিভাবে 'ভক্ক' এবং 'শিক্য' হতে হয়।

শ্লোক ৬২

কৃষ্ণ ৰলি' আচাৰ্য প্ৰভূৱে করেন বিনয় । দেখিয়া সকল লোক ইটল বিশ্যয় ॥ ৬২ ॥

হোকার্থ

বৌদ্ধ আচার্য তথন কৃষ্ণনাম উজারণ করতে করতে অত্যন্ত বিনীতভাবে প্রীচেতন্য মহাপ্রভুর শরণাগত হলেন, এবং ভা সেখে সেখানে উপস্থিত সকলে অত্যন্ত বিশ্বিত

> শ্লোক ৬৩ এইরূপে কৌতুক করি' শচীর নন্দন । অন্তর্ধান কৈল, কেহু মা পায় দর্শন ॥ ৬৩ ॥

> > শ্লোকার্থ

এইভাবে শ্রীনন্দন ঐটেচতনা মহাপ্রভূ কৌতৃক করে সেখান থেকে অন্তর্হিত হলেন, এবং কেউ আর ঠাকে দেখকে পেলেন না।

> শ্লোক ৬৪ মহাপ্রভূ চলি' আইলা ত্রিপতি-ত্রিমল্লে ।

**छ्**र्जूज मृर्जि (मनि' त्याक्रोतास्थ करन ॥ ७८ ॥

লোকার্থ

ভারপর শ্রীচৈতন্য মহাপ্রভু তিরুপতি-তিরুষদ্রে চতুর্ভুজ মূর্ডি দর্শন করলেন। সেখান থেকে ভিনি নেডেই-পর্বত্তে গোলেন।

ভাৎপর্য

শ্রীন ভক্তিসিদ্ধান্ত সরস্থতী ঠাকুর ভৌগোলিক ক্রম অনুসারে শ্রীচৈতন্য মহাপ্রভূব শ্রমণ বর্ণনা করেছেন। তিরুপতি মন্দিরকে কথনও কথনও তিরুপটুর বলা হয় তা উত্তর আর্কটে চন্দ্রগিরি তালুকের অন্তর্গত প্রসিদ্ধ তীর্থ বোষটেশরের নামানুসারে ব্যেষটগিরি বা ব্যেষটোলি পর্বতের উপর আট মাইল দূরে 'শ্রী' ও 'ভূ' শক্তিষয় সহ চতুর্ভূজ 'বালাজী' বা ব্যেষটেশর বিশ্ব-বিশ্বহ আছেন। এই স্থানটিকে 'ব্যেষটক্ষেত্র' বলা হয় দক্ষিণ-ভারতে विका ३

বছ ঐশর্যাণ্ডিত মন্দির ররেছে, কিন্তু এই বালাজী মন্দির বিশেষ ঐশ্বর্যপূর্ণ ও সম্পদশালী মন্দির। আন্দিনমাসে (সেপ্টেম্বর-অক্টোবর) এখানে একটি অভি বৃহৎ মেন্দ্র হয়। এখানে দক্ষিণ রেলওয়ের তিরুপতি নামক স্টেশন আছে। ব্যেষ্টাচলের উপত্যকায় 'নিম্ব তিরুপতি' অবস্থিত। সেখানে কয়েকটি মন্দির বর্তমান। এখানে শ্রীগোবিন্দরান্ধ ও শ্রীরামচন্দ্রের বিগ্রহ আছেন। 'তিরুমহা'—সম্ভবত 'উর্ম্ব তিরুপতি'র প্রচীন কালের নাম।

শ্রীকৈতন্য-চরিতামত

প্রোক ৬৫ ত্রিপতি আদিয়া কৈল জীরাম দরশন। রঘুনাথ-আপে কৈল প্রশাম স্তবন ৪ ৬৫ ৪

त्राकार्थ

তিরূপতিতে এসে শ্রীটেডনা মহাপ্রভূ মন্দিরে জীরামচয়ের বিশ্রহ দর্শন করেন। সেখানে তিনি রযুনাথের প্রণায় এবং স্তব্ধ করেন।

ক্লোক ৬৬

স্বপ্রভাবে লোক-সবার করাএল বিশ্ময় । পানা-নুসিংহে আইলা প্রভু দ্যাময় ॥ ৬৬ ॥

**ঝোকার্থ** 

জীতৈতস্য মহাপ্রস্থ বেখানেই গেছেন, সেখানেই তার প্রভাব দর্শন করে লোকেরা বিশ্বিত হরেছেন। এইপ্রাথে সমাময় প্রীতৈতন্য মহাপ্রস্থ পানা-সুসিংহ মন্দিরে এলেন।

**জং**পর্য

পানা-নৃসিংহ বা পানাধলা-নৃসিংহ কৃষ্ণা কোন্তা বেজাওয়ানা-শহরেব সাত মাইল পুরে 'মঙ্কল গিনি'র মধ্যে অবস্থিত। এখানে হয়শো সোপান অভিক্রম করে মন্দিরে পৌছতে হয়। চিনিব পানা অর্থাৎ স্ববৎ ভোগ দেওয়া হয় বলে এই বিশ্রহের নাম পানা-নৃসিংহ। কবিত আছে যে নৃসিংহদেবকে সরবৎ ভোগ দিলে, ইনি সরবতের অর্থেকের কেণী গ্রহণ করেন না এই মন্দিরে তাঞ্জোরের ভূতপূর্ব মহারাজা 'কৃষ্ণের ব্যবহাত বলে কবিত' একটি শহা দান করেন, মার্চ মাসে এবানে একটি অতি হৃহৎ মেলা হয়।

শ্রোক ৬৭

নৃসিংহে প্রণতি-স্তুতি প্রেমাবেশে কৈল। প্রভুর প্রভাবে লোক চমকোর হৈল ॥ ৬৭ ॥

শ্লোকার্থ

শ্রেমাবেশে ঐতিতন্য মহাপ্রভু নৃসিংহদেবকে প্রণতি এবং স্তৃতি করলেন। ঐতিতন্য মহাপ্রভুৱ প্রভাব দর্শন করে লোকেরা চমংকৃত হলেন। শ্রোক ৬৮ শিককাণ্ডী আসিয়া কৈল শিব দরশন ৷ প্রভাবে 'কৈলব' কৈল সব শৈবগণ ৷৷ ৬৮ ৷৷

লোকার্য

শিবকাণীতে এসে শ্রীচৈতনা মহাপ্রস্থ শিবের বিগ্রহ দর্শন করলেন তাঁর প্রভাবে তিনি সমস্ক শৈবদের বৈশ্ববে পরিণত করলেন।

ভাহপর্য

িরকার্থী 'কার্যীপুরম্' বা 'দক্ষিণ কাশী' নামেও পরিচিত। এখানে অসংখ্য শিবলির আছেন, তার মধ্যে 'একাদর কৈল্যাসনাথ'-এর মন্দিরটি অভাও প্রাচীন

> শ্লোক ৬৯ বিফুকার্থী আসি' দেখিল লক্ষ্মী-নারায়ণ । প্রণাস করিয়া কৈল বহুত স্তবন ॥ ৬৯ ॥

ভারপর শ্রীতৈতন্য মহাপ্রভূ বিকুকাগীতে এসে সন্ধ্রী-মারায়ণের বিগ্রহ দর্শন করলেন।

ভাৎপর্য

কার্থী)পূরম্ থেকে বিশ্বুকার্থী প্রায় পাঁচ মাইল দূরে অবস্থিত এখানে 'বরদরাজ' বিযু-বিগ্রহ বিরাজিত আছেন। এবানে 'অনন্ত সরোবর' নামক একটি বৃহৎ সরোবর আছে

> শ্লোক ৭০ প্রেমাবেশে নৃত্য-গীত বহুত করিল ৷ দিন-মুই রহি' লোকে' 'কৃষ্ণভক্ত' কৈল ॥ ৭০ ॥

> > হ্মোকার্থ

সেখানে শ্রীটেডন্য মহাপ্রভু প্রেমাবেশে বহ নৃত্যাগীত করদেন, এবং দুইদিন সেখানে থেকে সেখানকার সমস্ত মানুষদের 'কৃকভন্ত' করদেন।

ক্লোক ৭১

ত্রিমলর দেখি' গেলা ত্রিকালহস্তি-স্থানে । মহাদেব দেখি' ভারে করিল প্রণামে ॥ ৭১ ॥

শ্লোকাৰ্থ

ত্রিমনর দর্শন করে প্রীচৈতন্য মহাপ্রড় ত্রিকালহন্তি লামক স্থানে গেলেন। সেখানে মহাদেরকে দর্শন করে তিনি তাঁকে প্রণতি নিবেদন করলেন।

গ্রোক ৭৭ী

#### सारभर

বিকালহন্তি, তিরুপতি থেকে গাইশ মাইল উত্তর-পূর্ব দিকে সূবর্গমূদী নদীর দক্ষিণ তটে অধস্থিত। এই স্থানটি 'বীকালহন্তি' বা প্রচলিত ভাষায় 'কলহন্তি' নামেও পরিচিত। এই স্থানটি 'বায়ুলিকশিব'-এর মন্দিরের জন্য কিবাতে।

### শ্লোক ৭২ পক্ষিতীর্থ দেখি কৈল শিব দরশন । বৃদ্ধকোল-ভীর্থে তবে করিলা গমন ॥ ৭২ ॥

#### যোকার্থ

পঞ্চিতীর্থে এটিচতন্য মহাপ্রাভূ শিবের মন্দির দর্শন করলেন। ভারপর তিনি বৃদ্ধকোল-তীর্থে গ্রমন করলেন।

#### ভাহপর্য

এই পকিতীর্থ 'ভিক্তকাভি-কুণ্ডম' নামেও পরিচিত এবং তা চিংলিপটের নর মাইল দক্ষিণ-পূর্বে সমতল ভূমি থেকে পাঁচশো ফুট উচ্চ গিরিমালর উপর একটি শিবমাদির। ঐ শিবিদ নাম বেদ-গিরি বা বেদাচলম্ এবং মৃতির নাম বেদগিরীশ্বর। প্রভিদিন দৃইটি বার্জনাধি এসে সেবায়েত প্রারীন কাছ থেকে আহার প্রাপ্ত হয়। কথিত আছে যে, আবহমান কাল থেকে এডাবেই তা চলে আসছে।

### (到本 9%

শ্বেতবরাহ দেখি, তাঁরে নমস্করি'। পীতাদ্বর-শিব-স্থানে গেলা গৌরহরি ॥ ৭৩ ॥

### ঝোকার্থ

বৃদ্ধকোলে শ্রীটেডন্য মহাপ্রভু শ্বেডবরাহ মন্দিরে যান। সেখালে শ্বেডবরাহ-দেডকে প্রবৃত্তি নিবেদন করে ডিমি শীডাশ্বর-শিব দর্শন করতে যান।

### ভাহপর্য

পেতবরাহদেবের মন্দির বৃদ্ধকোলে (শ্রীমুক্তম্) অবস্থিত। এই মন্দিরটি একটি মাত্র প্রস্তার নির্মিত এবং 'মহাবলী পুরম্' বা 'বলীপীঠম্' থেকে প্রায় এক মাইল দক্ষিণে। এই মন্দিরের অভাস্তরে বরাহকালী বিক্তাবিপ্রহের উপরে শেষনাগ ছত্র ধারণ করে আছেন। পীতামর-শিবের আর একটি নাম চিদাম্বরম্ এই মন্দিরটি 'কুড্ডালোর' শহর থেকে ছাবিশ মাইল দক্ষিণে এই বিগ্রহের নাম 'আকাশ লিম্ন পির'। এই সুমূহ্ম মন্দিরটি উনচাল্লিশ একর জমির উপর অবস্থিত এবং চতুর্দিকে যাট মুট প্রথা পরিবেটিত।

### প্লোক ৭৪ শিয়ালী ভৈরবী দেবী করি' দরশন । কাবেরীর ভীরে আইলা শচীর নন্দন ॥ ৭৪ ॥

#### শোভার্য

শিয়ালী ভৈত্তবী দেশী দর্শন করে শচীনন্দন গৌরহরি কাবেরীর তীরে এসে পৌছলেন। ভালপর্য

শিয়ালী ভৈরবী তাঞ্জান জেলার, তাঞ্জোর শহর থেকে আটচল্লিশ মহিল উত্তর-পূর্বদিকে অবস্থিত। সেখানে একটি বিখ্যাত শৈব মন্দির ও প্রকাণ্ড সরোবর আছে ঐ মন্দিরটি ভিক্তজান সম্বন্ধর নামক এক শৈবের নামে উৎসর্গীকৃত প্রবাদ আছে যে, ঐ শিবভন্ত শিক্তরণে মন্দিরে আগ্রমন করলে তৈববী তাকে জুন্য পান করাতেন সেখন থেকে জ্রান্তিনলারী জেলায় কোলিরন বা কাবেরী-নদীতীরে গমন করেন শ্রীমন্ত্রাগবিতে (১১/৪/৪০) এই কাবেরী-নদীকে মহাপৃদ্ধা বাদে বর্ণনা করা হয়।

त्यांच १४

গো-সমাজে শিব দেখি' আইলা বেদাবন । মহাদেব দেখি' তাঁরে করিলা বন্দন ॥ ৭৫ ॥

### প্লোকার্থ

ভারপর মহাপ্রভু গো-সমাজ নামক শৈব-তীর্থে দিব-বিগ্রছ দর্শন করেন, এবং সেখান থেকে বেলাবনে সিয়ে মহাদেবকে ধর্শন করে তার বন্দনা করেন।

### **দ্বাহপর্য**

গো-সমাজ গুনাটি শৈবদের ভীর্থ। বেদাবন,—ভাঞ্জের জেলার তিরুত্তরাইপ্লতি ভালুকের ৮ছিল পূর্ব কোণে এবং পরেণ্ট কলিমিয়ারের পাঁচ মাইক্ষ উত্তরে অবস্থিত। সেখানকার প্রাথ্যপুণার মতে তীর্থ হিসেবে রামেশ্বরের পরেই এর স্থান

প্লোক ৭৬

অমৃতলি<del>য়-শি</del>ষ দেখি' বন্দন করিল । সব শিবালয়ে শৈষ 'বৈষ্ণব' ইইল ॥ ৭৬ ॥

### শ্লোকার্থ

অমৃত-নিজ নামক শিব বিগ্রহ দর্শন করে প্রীটেডন। মহাপ্রভূ তাঁর বন্দনা করলেন শ্রীটেডনা মহাপ্রভুর অপ্রাকৃত প্রস্তাবে দেই সমস্ক শিব মন্দিরের শৈবরা বৈধ্বব যুলেন।

শ্লোক ৭৭

দেবস্থানে আসি কৈল বিষ্ণু দরশন । শ্রী-বৈষ্ণবের সঙ্গে ভাইা গোচী অনুক্ষণ ॥ ৭৭ ॥

### ল্লোকার্থ

দেবস্থানে শ্রীচৈতনা অহাপ্রভু শ্রীবিফু-বিগ্রহ দর্শন করেন, এবং বহুকণ রামানুজাচার্যের অনুগায়ী শ্রী-বৈক্ষবদের সঙ্গে আলোচনা করেন। শ্লোক ৭৮ কুন্তকর্ণ-কপালে দেখি' সরোবর । শিব-ক্ষেত্রে শিব দেখে গৌরাকস্কর ॥ ৭৮ ॥

লোকার্থ

কুম্বকর্ণ-কপালে সরোবর দর্শন করে প্রীটেডনা মহাপ্রভূ নিব-ক্ষেত্র নামক স্থানে নিব

### ভাৎপর্য

রাবণের প্রত। কুস্তকর্ণের নাম অনুসারে এই স্থানটির নামকরণ হয়েছে। বর্তমানে এটি তাঞ্জের শহরের চরিশ মাইল উত্তর-প্রদিকে কুস্তকোশ্য নগর। এখানে বারোটি লিবমন্দির, চারটি বিষ্ণমন্দির ও একটি ব্রগারে মন্দির আছে। তাঞ্জের নগরে শিকাদা নামক সক্ষেবরের তীরে শিবন্দের নামক স্থান। সেখানে বৃহতীশ্বর-শিবমন্দির নামক একটি দিশাল শিবমন্দির আছে

প্লোক ৭৯ পাপনাশনে বিষ্ণু কৈল দরন্দন। শ্রীরনক্ষেত্রে তবে করিলা গমন ॥ ৭৯ ॥

### যোকার্থ

শিব-ক্ষেত্র থেকে প্রীটেডনা মহপ্রেড় পাপনাশন তীর্থে গমন করেন এবং সেখানে প্রীবিষ্ণুর বিগ্রহ দর্শন করেন। ভারপর ডিনি শ্রীরঙ্গক্ষেত্রে গমন করেন।

### ভাৎপর্য

কালো কারো মতে এই পাপনাশন নামক স্থান কুন্তকোলন খেকে আট মাইল দক্ষিণ-পশ্চিমে। অন্য কারো মতে তিনেভেলি ভোলার অন্তর্গত পালমকোটা নগার থেকে বিশ্ব মাইল পশ্চিমে পাপনাশন নামক একটি নগার আছে। এখানেই একটি মনিবের নিকটে তামপর্টী নদী পাহাড় থেকে সমতল ভূমিতে এনে পড়েছে।

শ্রীরঙ্গমের (শ্রীরঙ্গম) একটি প্রসিদ্ধ স্থান। ব্রিটনাপারীর কাছে কাবেরী বা কোলিরন নামক একটি দলী আছে। শ্রীরঙ্গম তাঞ্জার জেলার কুন্তকোণম্ থেকে প্রায় দশ মাইল পশ্চিমে এই কাবেরী নদীর উপর অবস্থিত। শ্রীবঙ্গনাথের মন্দিরটি ভারতের বৃহস্তম মন্দির। এই মন্দিরটির চতুর্দিকে সাতটি প্রাকার রয়েছে। শ্রীবঙ্গমের সাতটি রান্তার প্রাচীন নাম—

5) ধর্মের পথ, ২) রাজমাহেন্দ্রের পথ, ৬) কুলম্পেগরের পথ, ৪) আলিনান্তনের পথ, ৫) কিকবিক্রমের পথ, ৬) মাড়মাড়ি-গাইনের তিকবিন্তি পথ, এবং ৭) অভূইরানলইন্দানের পথ। চোলগঙ্গে আদিকুলোত্বঙ্গের পূর্বে রাজমাহেন্দ্র রাজক্রন, তার পূর্বে ধর্মবর্ম, তারও পূর্বে শ্রীবঙ্গমের পত্তন হয়। কুলশেখর প্রভৃতি কয়েকজন এবং আলক্ষাক্র শ্রীনের-মন্দিরে বাস করেছিলেন। ধামুলাচার্ম, রামানুজাচার্ম, সৃদর্শনাচার্ম প্রভৃতি শ্রীবঙ্গনাথের সেবার প্রথনে ভাগ্যক্ষতা করেন

লক্ষ্মীর অবভার 'গোনাদেবী' যিনি বারো জন সিদ্ধ দিবাস্থির মধ্যে অন্যতথা, তিনি রহনাথের সঙ্গে পরিণীতা হন। পরে তিনি প্রীরহনাথের দেহে প্রবেশ করেন কারমুক্ অবভার তিকুমন্থই আলোবার দুস্যবৃত্তির ছারা স্থিত খনে প্রীরহ্নাথের চতুর্থ প্রাকার বা প্রাচীর ও অন্যান্য সৃহাদি নির্মাণ করেন। কথিত আছে—সুশো উনন্যই কলানে ভোতরভিপ্পতি আলোবার জন্মপ্রহণ করে ভক্তি বাজন করতে করতে কোন বারবনিতার প্রলোজনে পতিত হন। প্রীরহ্মনাথ তার সেবকের দুর্দশা দর্শন করে তাকে উদ্ধার কবার জনা নিজের একটি স্বর্শপার কোন সেবকের হারা র নারীর গৃহে পার্টিয়ে দেন। মন্দিরে স্বর্পপার নেই দেশে বহু অনুসন্ধানের পর সেটি সেই বারবনিতার গৃহে পার্টিয়া যায়। বহুসনাগের কৃপা দর্শন করে ভক্তের তাম দূর হয়। তিরুমন্তইর আবির্ভাবের পূর্বে রহুমাথের ভূতীয় প্রাধ্যরে তিনি ভূক্সী-কানন রচনা করেছিলেন।

শ্রীটোতন্য মহাপ্রভুর দক্ষিণ ভারতের তীর্থ পর্যটন

শ্রীরামানুজাচার্যের কৃরেশ নামক এক বিখ্যাত শিশ্বা ছিলেন তাঁর কনিউ পুত্র— শ্রীরামপিরাই, তার পুত্র—বাগবিজয়ভট্ট, তার পূত্র—বেদব্যাসভট্ট বা শ্রীসুদর্শনারার্য এই মহাব্যের বার্থনাই-কালে মুসলমানেরা রঙ্গনাথের মন্দির আক্রমণ করে এবং ধার হাজান শ্রী-বৈফরকে হত্যা করে। সেই সময় শ্রীরঙ্গনাথদেবকে তিরুপতিতে স্থানারেরিত করা হয় বিজ্ঞানগার রাজ্যের অধীনে গিন্ধির শাসনকর্তা শ্রী-বৈফর ব্রাক্ষণ 'কাশার উদরৈরে' বা 'গ্যোহ্বার্যা শ্রী-বৈক্ষবদের প্রার্থনায় শ্রীরঙ্গনাথদেবকে তিরুপতি থেকে 'সিংহরকো আন্তর্মন করে তিন বংসর রাধেন এবং পরে ১২৯৩ শব্যাদে শ্রীরঙ্গক্ষেত্র পুন প্রতিষ্ঠিত করেন শ্রীরঙ্গনাথ মন্দিরের প্রাকারের পূর্বগারে শ্রীল বেদায়েরেশিক রচিত শ্রীরঙ্গনাথজীর মন্দিরে প্রত্যাবর্তনের বর্ণনা বোদিশ্র আছে।

> শ্লোক ৮০ কাবেরীতে স্নান করি' দেখি' রঙ্গনাথ ! স্তুতি-প্রণতি করি' মানিলা কৃতার্থ ৷ ৮০ ॥

> > প্লোকার্থ

কাবেরী নদীতে সান করে শ্রীচৈতন্য মহাপ্রস্থ রঙ্গনাথলীকে দর্শন করেন এবং তাঁকে স্তুতি ও প্রণতি নিবেদন করে নিজেকে কৃতার্থ বলে মনে করেন।

> প্লোক ৮১ প্রেমাবেশে কৈল বহুত গান নর্তন । দেখি চমংকার হৈল সব লোকের মন ॥ ৮১ ॥

> > শ্ৰোকাৰ্থ

শ্রীরঙ্গনাধন্তীর মন্দিরে শ্রোমবিষ্ট হয়ে শ্রীচৈতন্য মহাপ্রভূ বহুক্ষণ নৃত্যকীর্তন করদেন। ভা দেখে সেখানে উপস্থিত সকলে চমংকৃত হলেন। [भगा 🖫

(回春 **本**回

(製庫 か)

জী বৈষ্ণৰ এক,—'ৰেক্টে ভট্ট' নাম । প্ৰভূবে নিমন্ত্ৰণ কৈল করিয়া সন্মান ॥ ৮২ ॥

শ্লোকার্থ

ব্যেদট ভট্ট নামক একজম শ্রী-বৈক্ষব শ্রীচৈতন্য মহাশ্রভূকে গভীর প্রভাসহকারে ভার গৃহে নিমন্ত্রণ করলেন

ভাৎপর্য

বোদট ভট্ট ছিলেন শ্রীরসক্ষেত্র-প্রবাসী একজন শ্রী-সম্প্রদারের রাজণ। শ্রীরস্ব ভামিল দেশের অন্তর্ভুল, ভবি সেখানকার অধিবাসীদের 'বোদট' নাম বর্তসমকালে হয় না। তবি অনুযান করা হয় যে বোদটে ভট্ট সেখানকার অধিবাসী ছিলেন না। হয়তো তাদেন রংশ বিদ্বুদিন আগে থেকে শ্রীরসমে বাস করেছিলেন। বোদট ভট্ট ছিলেন 'বড়-গলই'-শাখান্থ রামানুলীয়-বৈখন শ্রীপার প্রবোধনেক্ষ সরস্বতী ছিলেন জার মাত্রা। বোদট ভট্টার পূত্রই পরবর্তীকালে শ্রীল গোলাল ভট্ট গোস্বামী নামে পরিচিত হন এবং কুলাবনে রাধারসল শ্রুভিন্তা করেন শ্রীনরহরি চক্রনতী রচিত ভাজিরগুলের (প্রথম তর্জ) প্রছে তার বিদ্বারিত বিবরণ পাওয়া যায়

রোক ৮৩

নিজ-মরে লএগ কৈল পাদপ্রকালন 1 সেই জল লএগ কৈল সবংশে ভক্ষণ ম ৮৩ ম

শ্লোকার্থ

শ্রীবোষ্ট শুট্র শ্রীটেডনা মহাগ্রভূকে ডার গৃহে নিয়ে গিরে তার পাদপ্রকালন করে সেই পাদোদক সবংশে পান করনেন

(副年 98-96

ভিকা করাএম কিছু কৈল নিবেদন।
চাতুর্মাস্য আসি' প্রভু, হৈল উপসন্ত ॥ ৮৪ ॥
চাতুর্মাস্যে কৃপা করি' রহ মোর ঘরে।
কৃষ্ণকথা কহি' কৃপার উদ্ধার' আমারে ॥ ৮৫ ॥

শ্লোকার্থ

তিনি থ্রীচৈতন্য মহাপ্রভূকে যধ্যাছে ভিক্না করিয়ে, তারপর বলনেন, "প্রভূ, চাতুর্মাস্যের সময় উপস্থিত, কৃপা করে যদি আপনি এই চারমাস আমার গৃহে থাকেন এবং কৃষ্ণকথা বলে আমাদের উদ্ধার করেন, ভাহলে আমারং কৃতার্থ হব।" শ্লোক ৮৬ তাঁর ঘরে রহিলা প্রভূ কৃষ্ণকথা-রসে । ভট্টসঙ্গে গোডাইল সুখে চারি মাসে র ৮৬ ॥

শ্লেকার্থ

ব্যেকট ভটোর অনুরোধে প্রীটিডনা মহাপ্রকু চাতুর্মাসের চারমাস ভার গৃহে অবস্থান করেন, এবং তার সঙ্গে কৃষ্ণকথা আলোচনা করে মহা-আনন্দে তিনি চারমাস অভিবাহিত করেন,

শ্লোক ৮৭

কাবেরীতে স্থান করি' শ্রীরক্ত সর্শন ৷ প্রতিদিন প্রেমাবেশে করেন নর্তন ॥ ৮৭ ॥

ল্লোকাৰ্থ

সেখানে অন্যানকালে ঐটেডনা মহাপ্রস্কু প্রতিদিন কাথেরীতে স্থান করে শ্রীরন্ধন।থাজীকে দর্শন করতেন এবং প্রেমাথেশে নৃত্য করতেন।

শ্লোক ৮৮ সৌন্দর্যাদি প্রেমাবেশ দেখি, সর্বলোক। দেখিবারে আইমে, দেখে, খণ্ডে দুঃখ-শোক। ৮৮ ॥

য়োকার্থ

সেখানে সমস্ত সোকেরা শ্রীচৈতন্য মহাগ্রন্থর সৌন্দর্য এবং জ্বাবংগ্রেমের আবেশ দেখতে আসভেন এবং তা দেশে ভাদের সমস্ত দৃঃখ ও শোক দূর হত।

গ্লোক ৮৯

লক লক লোক আইল নানা-দেশ হৈছে ৷ সবে কৃঞ্চনাম কহে প্ৰভুকে দেখিতে ৷ ৮৯ ॥

শ্লোকার্থ

নানাদেশ থেকে লক্ষ লক্ষ লোক শ্রীচৈতন্য মহাপ্রভূকে দেখাতে এসেছিলেন মহাপ্রভূকে দেখামাত্রই ডাপ্তা সকলে 'হ্রেকৃঞ্চ মহামন্ত্র' কীর্ডন কর্যুতন।

শ্লোক ৯০

কৃষ্ণনাম বিনা কেহ নাহি কহে আর । সবে কৃষ্ণভক্ত হৈল,—লোকে চমংকার ॥ ১০ ॥

শ্লোকার্থ

কৃষ্ণনাম দ্বাড়া থার কেউ কিছু বলত না এইবাবে সকলেই কৃষ্ণভক্ত হলেন এবং তা দেখে লোকেরা চমংকৃত হলেন।

গ্লোক ৯৭]

শ্রীরঙ্গক্ষেত্রে বৈদে যত বৈশ্বব-ব্রাহ্মণ। এক এক দিন সবে কৈল নিমন্ত্রণ ॥ ১১ ॥

শ্ৰোকাৰ্থ

শ্রীরঙ্গক্ষেত্রে যত ব্রাক্ষণ-বৈষ্ণব বাস করতেন তারা সকলে একদিন একদিন করে শ্রীচৈতন্য মহাপ্রভুকে তাদের গৃহে নিমন্ত্রণ করেছিলেন।

শ্লোক ৯২

এক এক দিনে চাতুৰ্মাস্য পূৰ্ণ হৈল । কতক ব্ৰাহ্মণ ডিক্ষা দিতে না পাইল ॥ ১২ ॥

শ্লোকার্থ

এক একদিন করে নিমন্ত্রণ করে চাতুর্মাস্য পূর্ণ হল, কিন্তু কয়েকজন ব্রাহ্মণ শ্রীচৈতন্য মহাপ্রভূকে ডিক্ষা দিতে পারপেন না।

শ্লোক ৯৩

সেই ক্ষেত্রে রহে এক বৈষ্ণব-ব্রাহ্মণ । দেবালয়ে আসি' করে গীতা আবর্তন ॥ ৯৩ ॥

শ্লোকার্থ

শ্রীরঙ্গক্ষেত্রে একজন বৈচ্চব-ব্রাহ্মণ ছিলেন, ডিনি প্রতিদিন দেবালয়ে এসে ভগবদ্গীতা পাঠ করতেন।

শ্লোক ৯৪

অন্তাদশাধ্যায় পড়ে আনন্দ-আবেশে । অশুদ্ধ পড়েন, লোক করে উপহাসে ॥ ৯৪ ॥

শ্লোকার্থ

সেঁই ব্রাহ্মণ প্রতিদিন ভগবং-প্রেমানন্দে আবিষ্ট হয়ে ভগবদ্গীতার আঠারোটি অধ্যয়ে পাঠ করতেন, কিন্তু তিনি অন্তন্ধভাবে উচ্চারণ করে তা পাঠ করতেন, এবং লোকেরা তা তনে হাসত।

গোক ৯৫

কেহ হাসে, কেহ নিন্দে, তাহা নাহি মানে । আবিষ্ট হঞা গীতা পড়ে আনন্দিত-মনে ॥ ৯৫ ॥ শ্লোকার্থ

তিনি অশুন্ধভাবে পাঠ করতেন বলে কেউ হাসত, কেউ তা নিন্দা করত, কিন্তু তিনি তাতে কর্ণপাত করতেন না; প্রেমাবিস্ট হয়ে আনন্দিত অন্তরে তিনি গীতা পড়ে যেতেন।

শ্লোক ৯৬

পুলকাশ্রু, কম্প, শ্বেদ,—যাবৎ গঠন ৷ দেখি' আনন্দিত হৈল মহাপ্রভুর মন ॥ ৯৬ ॥

গ্রোকার্থ

ভগবদ্মীতা পাঠ করার সময় সেই ব্রাহ্মণের দেহে পুলক, অশ্রু, কম্প, স্বেদ আদি সাত্ত্বিক বিকার দেখা যেত; এবং তা দেখে শ্রীচৈতন্য মহাপ্রভূ অন্তরে অত্যন্ত আনন্দিত হলেন।

তাৎপর্য

মূর্যতাবশতঃ যদিও সেই ব্রাহ্মণ যথায়থভাবে ভগবদৃগীতার শ্লোক উচ্চারণ করতে পারভেন
না, কিন্তু তবুও ভগবদৃগীতা পাঠ করার সময় তিনি অপ্রাকৃত আনন্দে বিহুল হতেন এবং
তার অঙ্গে সমস্ত সান্থিক বিকারগুলি দেখা যেত। ভাবের সেই সমস্ত লক্ষণগুলি দর্শন
করে শ্রীটোতনা মহাপ্রভু অভ্যন্ত আনন্দিত হ্রেছিলেন। তা থেকে বোঝা যার যে পর্মেশ্বর
ভগবান ভত্তিতে সন্ধৃষ্ট হন, পাণ্ডিতো নয়। যদিও তিনি ভগবদৃগীতার শ্লোকগুলি
অশুদ্ধভাবে উচ্চাবণ করেছিলেন, তবুও শ্রীটোতন্য মহাপ্রভু যিনি হচ্ছেন শ্রীকৃষ্ণ স্বরাং, তিনি
তার বিশেষ কোন গুরুত্ব দেন নি। পক্ষান্তরে, তিনি তার ভাব (ভক্তি) দর্শন করে অভ্যন্ত
আনন্দিত হয়েছিলেন। শ্রীমন্তাগবতে (১/৫/১১) সেই সম্বন্ধে বলা হয়েছে—

তদাখিসগো कनजापनिপ্रবো यश्चिन् প্রতিশ্লোকমবদ্ধবতাপি । নামান্যনন্ডস্য যশোদ্ধিতানি যৎ শৃপত্তি গায়ন্তি গুণন্তি সাধবঃ ॥

"পক্ষান্তরে যে সাহিত্য অন্তহীন প্রমেশন ভগবানের নাম, রূপ, গুণ, যশ, লীলা ইত্যাদির বর্ণনায় পূর্ণ, তা দিব্য শন্দ-তরঙ্গে পরিপূর্ণ এক অপূর্ব সৃষ্টি, যা এই জগতের উদ্রান্ত জনসাধারণের পাপ-পদ্দিল জীবনে এক বিশ্ববের সূচনা করে। এই অপ্রাকৃত সাহিত্য যদি নির্ভূলভাবে রচিত নাও হয়, তবুও তা সৎ এবং নির্মলচিত্ত সাধুবা শ্রবণ করেন, কীর্তন করেন এবং গ্রহণ করেন।"

এ ব্যাপারে আবও অধিক তথ্যের জন্য এই শ্লোকের তাৎপর্যটি আরও বিশদভাবে আলোচনা করা যেতে পারে।

শ্লোক ৯৭

মহাপ্রভূ পুছিল তাঁরে, শুন মহাশয়। কোন্ অর্থ জানি' তোমার এত সুখ হয়॥ ৯৭॥ শ্রোকার্থ

ত্রীতৈতন্য মহাপ্রভূ সেই ব্রাক্ষণকৈ জিল্লাসা করলেন, "মহালয়, স্থগক্ষীতার কেনে কর্থ উপলব্ধি করে আপনার এত আনন্দ হচ্ছেঃ"

শ্ৰোক ৯৮

বিপ্ৰ কৰে,—সূৰ্য আমি, শব্দাৰ্থ না জানি। শুদ্ধান্তৰ্ম গীতা পড়ি, শুক্ত-আজা মানি' ॥ ৯৮ ॥

শ্ৰোকাৰ্থ

সেঁই ব্রাহ্মণ উত্তর দিলেন, "আমি মূর্খ, তাই প্লোকের অর্থ আমি বৃঞ্জি না। কিন্তু যোহেতু আমার শুরুদের আমাকে প্রতিদিন কাবন্ধীতা পাঠ করতে আদেশ দিয়াছেন, তাই কথনও শুজুতাকে এবং কথনও অশুজুতাকে আমি গীতাপাঠ করি।"

তাৎপর্য

সর্বোত্তম সিদ্ধিলাভের এটি একটি অপূর্ব দৃষ্টাত, সেই ব্রাক্ষণ এত সাফলা লাভ কলেছিলেন যে, তিনি শ্রীকৈতনা মহাপ্রভাব দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হরেছিলেন, যদিও তিনি অওকভাবে গীতাপাঠ করেছিলেন। তার ওক্তি-অনুশীলন ওছ উচ্চারণ আদি কড় বিষয়ের উপর নির্ভরশীল ছিল না প্রকাতেরে, তার সাফলা নির্ভর করছিল যধার্যথভাবে তার ওক্তরেবের আলেশ পালন করার উপর।

> য়স্য দেবে পরা ভক্তিখন্ম দেবে তথা ওরৌ। তসৈতে কবিতা হাপা: প্রকাশক্তে মহাদানা ॥

(एरथाएउस-উপनियम ७/२०)

"প্রয়েশ্য জ্ঞানান এবং ওরুদেবের প্রতি নিনি ঐকান্তিক ভক্তিপ্রয়েশ, সমস্ত বেদের মর্থার্থ সেই মহায়ার হাদয়ে প্রকাশিত হয়।"

প্রকৃতপক্ষে ভগবদ্গীতা অথবা প্রীমন্তাগৰতের তন্ত উরেই হানরে প্রকাশিত হয়, যিনি নিষ্ঠা সহযারে ওকদেবের আদেশ পালন করেন। পর্যোশ্বর ভগবান এবং ওকদেব উত্তেব প্রতিই সমান শ্রন্থাশীল হওয়া উচিত অর্থাৎ, কৃষ্ণ এবং ওকদেব, উভয়ের প্রতি প্রদাশীল হওয়াই পার্যার্থিক জীবনে সাফল্য লাভেয় একসার উপায়।

রোক ১৯-১০১

অর্জুনের রথে কৃষ্ণ হয় রক্জুধর।
বিদয়াছে হাতে তোত্র শ্যামল সুন্দর । ৯৯ ॥
অর্জুনেরে কহিতেছেন হিত-উপদেশ।
তারে দেখি হয় মোর আনন্দ-আবেশ । ১০০ ।
যাবৎ পড়োঁ, তাবৎ পাও তার দরশন।
এই লাগি গীতা-পাঠ না ছাড়ে মোর মন ॥ ১০১ ॥

শ্লোকাৰ্থ

সেই প্রাক্ষণ ৰক্ষদেন, "বধনই আমি ভগবন্দীতা পাঠ করি ভখনই আমি দেখি, অর্জুনের রথের সারথি হয়ে স্থামসূদর শ্রীকৃষ্ণ হাতে যোড়ার রশি নিয়ে বসে আছেন এবং অর্জুনকে হিজোপদেশ দান করছেন। তাঁকে দেখা মাত্রই আমি আনদেদ আবিষ্ট হই, এবং বখনই আমি গ্রীতা পড়ি, ভখনই আমি তাঁকে দর্শন করি। সেই জলাই আমার মল লীডা-পাঠ করার অভ্যান স্কড়তে পারে না।"

(割す )03

প্রভূ করে,—গীতা-পাঠে তোমারই অধিকার ৷ ভূমি সে জানহ এই গীভার অর্থ-সার ৷৷ ১০২ ৷৷

**টোকার্থ** 

শ্রীতৈতন্য মহাপ্রমূ তখন সেই ব্রাহ্মগকে বঙ্গলেন, "গীতাপাঠে তোমার যথাওঁই অধিকার রক্ষেত্র, এবং ভূমিই গীতার সারমর্ম ক্ষমদম করেছ।"

ভাৰণৰ

শাত্রে বর্ণনা করা হরেছে— গুজান জগনতং গ্রাহাং ন বুজা ন চ টীকরা। ভর্নধন্দীতা এবং *শ্রীমন্ত্রাগবড়েব* মর্ম উপলব্ধি করতে হয় ভক্তভাগনতের কাছ থেকে শ্রুগণ করার মাধ্যমে। বৃদ্ধি অথবা পাণ্ডিভ্যের ধারা তা বোঝা যায় না। সেই সমুদ্ধে আরও বলা হয়েছে—

> গীতাধীতা চ যেনাপ অভিভাবেন চেড্সা। কেম্পান্তপুরাণানি তেনাধীতানি সর্বশঃ॥

"যিনি শ্রন্ধা এবং ভব্জি সহকারে *ভগবন্গীতা* পাঠ করেন তার কাছে সমস্ত বৈদিন ক্সাস প্রকাশিত হয়। *শোতাশতর উপনিয়দের* (৬/২৩) বর্ণনা অনুসারে—

> यमा मार्थ भंग छक्तिर्घण भारत छथा शासी । जरेमार्ड कथिडा दावी इकानरस प्रशासना ॥

সমস্ত বৈদিক শাস্ত্রের মর্ম উপলব্ধি করতে হয় শ্রন্ধা এবং ভণ্ডির মাধ্যমে, পাণ্ডিভ্যের দ্বারা নর। তাই আমরা ভাগবদ্গীতা ধধায়ত্ব প্রারা করেছি বহু পণ্ডিত এবং দার্শনিক ভাঁদের পাণ্ডিভ্যের দ্বারা ভগবদ্গীতা পাঠ করেম। ভাঁরা কেবল ভাঁদের সময়েরই অপ্চয় করেন এবং বারা ভাঁদের ভাষা পাঠ করে ভারাও বিপশ্যামী হয়।

শ্লোক ১০৩ এত বলি' সেই বিশ্লে কৈল আলিঙ্গন । প্ৰতুপদ বরি' বিপ্ল করেন রোদন য় ১০৩ ॥ 606

শ্ৰেকাৰ্থ

এই বলে প্রীচৈতন্য মহাপ্রভূ সেই ব্রাজগকে আনিক্স করলেন, এবং শ্রীচৈতন্য স্বহারপুর শ্রীপাদপন্ম জড়িয়ে ধরে সেই ব্রাহ্মণ তখন ব্রুহন করতে খাঁকেন।

রোক ১০৪

তোমা দেখি' তাহা হৈছে षिওপ সৃথ হয়। সেঁই কৃষ্ণ তুমি,—হেন মোর মনে লর ॥ ১০৪ ॥

সেঁই ব্রাহ্মণ বললেন, "ভোমাকে দেখে আমার ভার খেকেও ছিণ্ডণ আনন্দ কেনী হচ্ছে। আমার যনে হতেই যেন তুমিই সেই কৃষ্ণ।

(別年 )04

কৃক্ষব্দুর্ত্যে তাঁর মন হঞাছে নির্মল । অতএব প্রভূর তত্ত্ব জানিক সকল I ১০৫ I

সেঁই ব্রাক্ষণের হলেয়ে জীকৃষ্ণ প্রকাশিত হয়েছিলেন, তাই তাঁর মন নির্মল হয়েছিল এবং সেইজনাই তিনি প্রীচৈতন্য মহাপ্রভুর তত্ত্ব জানতে সক্ষম হয়েছিলেন।

(創本 20%

তবে মহাপ্রভু জারে করাইল শিক্ষণ। এই বাড় কাহাঁ না করিহ প্রকাশন 🏾 ১০৬ 🖠

(ব্যাকার্থ

খ্ৰীতৈতনা মহাপ্ৰড় ওৰন সেঁই গ্ৰাহ্মণকে শিক্ষা দান করেছিলেন, এবং তিনি যে গ্ৰীকৃষ্ণ, সেঁই কথা কার্যের কাছে প্রকাশ না করতে তাঁকে অনুরোধ করেছিলেন।

(बीक ३०१

সেই বিপ্র মহাপ্রভুর বড় ভক্ত হৈবা । চারি মাস প্রভূ-সঙ্গ কভূ না ছাড়িল ॥ ১০৭ ॥

লোকার্থ


খ্রীটৈজন্য মহাপ্রভু রামানন্দ রায়কে জাঁর তীর্থযাত্রার কথা সনিস্তাহের বর্ণনা করলেন: এবং 'ব্ৰদ্মসংহিতা' ও 'কৃককৰ্ণামৃড' প্ৰস্থ দুখানি দিকেন।

শ্ৰোক ৩২৪

প্রভু কহে, —তুমি থেই সিদ্ধান্ত কহিলে। এই मूंरे भूषि स्मेर मन मान्नी मिला ॥ ७२६ ॥

ঞ্জীটেডনা সমাপ্রত বললেন, "ভগবন্ধতি সম্বন্ধে যে সমস্ত্র নিদ্ধান্ত তৃমি আমাকে বলেছিলে, সেই সমস্ত সিদ্ধান্ত এই দৃটি গ্রাছে সমর্থন করা হয়েছে।"

হ্যোক ৩২৫

রায়ের আনন্দ হৈল পুস্তক পহিয়া । প্রভূ-সহ আস্থাদিল, রাখিল লিখিয়া 🛚 ৩২৫ 🗈

<u>রোকার্থ</u>

সেই দুটি গ্রন্থ পেয়ে রামানন্দ বার অভাস্ত আনন্দিত হরেছিলেন। ঐটচতনা মহাপ্রভুর সঙ্গে ভিনি সেই গ্রন্থ দৃটি আশ্বাদন করেছিলেন, এবং তার প্রতিলিপি লিখে নেখেছিলেন।

শ্লোক ৩২৬

শ্লোক ees] শ্রীট্রেডন্য মহাপ্রভুর দক্ষিণ ভারতের ভীর্থ পর্যটন

'গোসাঞি আইলা' গ্রামে ইইল কোলাহল ৷ প্ৰভূকে দেখিতে লোক আইল সকল ॥ ৩২৬ ॥

প্ৰোকাৰ্থ

প্রীচৈতন্য মহাপ্রভুর আগমন সংবাদ পেয়ে সকলে আনন্দে উদ্বেল হয়ে কোলাবুল করতে नाशरमनः अवर उरकवार प्रकरम केरक स्थरिक अस्तर।

গ্রোক ৩২৭

লোক দেখি' রামানন্দ গেলা নিজ-ঘরে 1 মধ্যাকে উঠিলা প্রকু ভিকা করিবারে ॥ ৩২৭ ॥

শ্ৰোকাৰ্থ

সেই লোক-সমাবেশ দেখে প্রীরামানদ রয়ে তার গুহে ফিরে গেলেন: মধ্যাতে প্রসাদ গ্রহণ করার ঋদ্য মহাপ্রভুগ্ত উঠলেন।

শ্ৰোক ৩২৮

রাত্রিকালে রায় পুনঃ কৈল আগমন । দুই জনে কৃষ্ণকথার কৈল জাগরণ । ৩২৮ ॥

লোকার্থ

রাক্তিবেলা রামনের রায় আবার এলেন, এবং দুক্তনে সারারাত জেগে কৃষ্ণকথা আলোচনা कारण ।

শ্ৰোক এ২৯

पृष्टे सारा कृष्ककथा करव ब्राजि-मिर्ग । প্রম-আনন্দে গেল পাঁচ-সাও দিনে ॥ ৩২৯ ॥

শ্ৰোকাৰ্থ

রামানন্দ রায় এবং প্রীটেডনঃ মহাপ্রভ দিবা-রাম্র কৃঞ্চকথা আলোচনা করছেন এবং এইভাবে পরম আনম্বে ভারা পাঁচ-সাতদিন কাটালেন।

শ্রোক ৩৩০-৩৩১

রামনেন্দ কহে,—প্রভু, ডোমার আন্তর্গ পাঞা ৷ রাজ্ঞাকে লিখিলুঁ জামি বিনয় করিয়া 🛚 ৩৩০ 🗓 বাজা মোরে আজ্ঞা দিল নীলাচলে যথিতে 1 চলিবার উদযোগ আমি লাগিয়াছি করিতে ॥ ৩৩১ ॥ লোকার্থ

রামানন্দ রায় বলনেন, "প্রামূ আপনার আন্তা অনুসারে, আমি অব্যস্ত বিনীতভাবে রাজাকে পত্র লিখেছিলাম। মহারাজ আমাকে নীলাচলে যেতে আজা দিয়েছেন, এবং আমি সেখানে যাওয়ার উদ্যোগ করছি।"

শ্লোক ৩৩২

প্রভূ করে,—এথা মোর এ-নিমিডে আগমন ৷ ভোমা লএল নীলাচলে করিব গমন ॥ ৩৩২ ॥

শ্লেকার্থ

প্রীচেতনা মহপ্রেড় নলদেন, "এইজনাই আমি এখানে এসেছি। আমি ঠিক করেছি বে ভোমাকে নিয়ে একতে নীলাচকে খাব।"

শ্লোক ৩৩৩

রায় করে,—প্রভু, আগে চল নীলাচলে। মোর সঙ্গে হাতী—দোড়া, সৈন্য-কোলাহলে ॥ ৩৩৩ ॥

য়োকার্থ

র্মানন্দ রায় বলদেন,—"প্রভূ, আপনি আগে নীলাচলে যান। অমের সলে হাতী, যোড়া. নৈন্য ইড্যাদির কোলাহল, ভাতে আপনার অসুবিধা হবে।

শ্লোক ৩৩৪

দিন-দশে ইহা-সবার করি' সমাধান । তোমার পাছে পাছে জামি করিব প্রয়াণ ॥ ৩৩৪ ॥

শ্লোকার্থ

"দিন-দৰোকের মধ্যে এই সংবর সমাধান করে আমি আপনার পিছনে পিছনে নিলচেন্দে যাব।"

প্রোক ৩৩৫

তবে মহাপ্রভূ ভাঁরে আসিতে আজা দিয়া । নীলাচলে চলিলা প্রভূ আনন্দিত হুএল ॥ ৩৩৫ ॥

শ্ৰোকাৰ্থ

তখন স্ত্রীচৈতন্য মহাপ্রভু রামানন্দ রায়কে আসতে অজ্ঞা দিয়ে আনন্দিত-চিত্তে নীলাচলের দিকে যাত্রা করলেন। শ্লোক ৩৩৬

যেই পথে পূর্বে প্রভূ কৈলা আগমন । সেই পথে চলিলা দেখি, সর্ব বৈষ্ণবগণ ॥ ৩৩৬ ॥

শ্ৰোকাৰ্থ

প্রীটেডনা মহাপ্রত বে পথ দিয়ে পূর্বে এসেছিলেন, সেই পথ দিয়েই নীলাচলের দিকে চললেন। পথে সমস্ত বৈধনদের সঙ্গে তাঁর সাক্ষাৎ হল।

শ্ৰোক ৩৩৭

যাহাঁ বায়, লোক উঠে হরিধ্বনি করি'। দেখি' আনন্দিত-মন হৈলা গৌরহরি ॥ ৩৩৭ ॥

্ৰোকাৰ্থ

প্রীচৈতন্য মহপ্রেকু দেখানেই যেতেন, সেখানেই মানুব ছরিঞ্চনি দিতেন, এবং তা দেখে প্রীচৈতনা মহপ্রেকু মনে অভাস্ত আনন্দ লাভ করতেন।

বেতত কাছে)

আলালনাথে আসি' কৃষ্ণদাসে পাঠাইল । নিজ্যানন্দ-আদি নিজগণে বোলাইল য় ৩৩৮ য়

শ্লোকার্থ

আলোলনাথে পৌছে শ্রীচৈতন্য মহাপ্রভূ নিজানন্দ আদি অন্তর্জ পার্যদদের ভাকনার জন্য কৃষদাসকে পঠিলেন।

শ্ৰোক ৩৩১

প্রভুর আগমন শুনি' নিজ্যানন্দ রায় । উঠিয়া চলিলা, প্রেমে থেহ নাহি পায় ॥ ৩৩৯ ॥

প্লোকার্থ

শ্রীচৈতনা মহাপ্রভুর আর্থমন সংবাদ পাওয়া মাত্রই নিভাগনদ প্রভু তাঁর সঙ্গে যিলিড হওয়ার জন্য ভূটবেন—প্রেমে তিনি অকৈর্ম হয়ে পড়েছিলেন

শ্ৰোক ৩৪০

জগদানন্দ, দামোদর-পণ্ডিত, মুকুন্দ । নাচিয়া চলিলা, দেহে না ধরে আনন্দ ॥ ৩৪০ ॥

লোকার্থ

জন্মানন্দ পণ্ডিড, দামোদর পণ্ডিড, মৃকুন্দ, এঁরা সকলে নাচতে নাচতে শ্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে মিলিভ হওয়ার জন্য চললেন। তখন তাঁদের হৃদধ্যে আনন্দ আর ধরছিল না শ্লৌক ৩৪১

গোপীনাথাচার্য চলিলা আনন্দিত হুঞা । প্রভূবে মিলিলা সবে পথে লাগু পথেল ॥ ৩৪১ ॥

শ্ৰোকাৰ্থ

গোপীনাথ আচার্য আনন্দে উছেল হয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে ছুটলেন। তাঁরা সকলে পথে মহাপ্রভুৱ সাক্ষাৎ পেয়ে তাঁর সঙ্গে মিলিক ইলেম।

শ্লোক ৩৪২

প্রভু প্রেমাবেশে সবায় কৈল আলিসন। প্রেমাবেশে সবে করে আনন্দ-ব্রুদ্ধন ॥ ৩৪২ ॥

ক্ৰোকাৰ

প্রেমাবেশে শ্রীটেওন্য মহাপ্রকু ওাদের সকলকে আলিজন করলেন, এবং প্রেমাবিস্ট হয়ে তার। সকলে আনন্দ-ক্রন্সন করতে লগেলেন।

শ্লোক ৩৪৩

সার্বভৌম ভট্টাচার্য আনন্দে চলিলা । সমুদ্রের তীরে আসি' প্রভুরে মিলিলা ॥ ৩৪৩ ॥

ধ্যোকার্থ

সার্বটোর ভট্টাচার্য মহা আনদে প্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে মিলিড হতে চললেন এবং সমূলেন তীরে মহাপ্রভুর সঙ্গে ভার সাক্ষাৎ হল।

গ্লোক ৩৪৪

সার্বভৌম মহাপ্রভুর পড়িলা চরণে । প্রভু ভারে উঠাঞা কৈল আলিসনে ॥ ৩৪৪ ॥

শ্ৰোকাৰ্থ

সার্বভৌম ভট্টাচার্য এসে শ্রীচৈতন্য মহপ্রেছ্র চরণকমলে পতিত হলেন, মহাপ্রস্কৃ ওাকে উঠিয়ে আলিসন করলেন

গ্রোক ৩৪৫

প্রেমারেশে সার্বভৌম করিলা রোদনে। সবা সঙ্গে আইলা প্রভূ ঈশ্বর-দরশনে ॥ ৩৪৫ ॥

শ্লোকার্য

প্রেমারেশে সার্বভৌম ভট্টাচার্য ক্রন্সন করতে লাগলেন। ভারপর ভাদের সকলকে নিরে গ্রীচৈতন্য মহাপ্রকু জগলাথদেনের দর্শন করতে গেলেন। গ্লোক ৩৪৬

জগন্ধাথ-দরশন প্রেমাবেশে কৈল । কম্প-শ্বেদ-পূলকাশ্রুতে শরীর ভাসিল ॥ ৩৪৬ ॥ ৬৭৯

শ্ৰোকাৰ্থ

প্রেমানিস্ট হরে শ্রীতৈতনা মহাপ্রকু জগদাধ্যেবকে দর্শন করলেন এবং কম্প, স্নেদ ও পুলকাজ্যতে তার পরীর জাসতে লাগল।

গ্ৰোক ৩৪৭

বহু নৃত্যগীত কৈদ প্রেমাবিষ্ট হঞা । পাণ্ডাপাল আইল সবে মালাপ্রসাদ লঞা ॥ ৩৪৭ ॥

প্রোকাণ

শ্রেমারিট হয়ে ঐট্ডেডন্য মহাপ্রাপু বহু নৃত্য-গীত করলেন, এবং তথন সমস্ত পাশুরো জগলাধদেবের মাল্য ও প্রসাদ নিয়ে সেখানে এলেন

ভাৎপর্য

জন্মাপদেরের সেবজদের বলা হয় পাঙা বা পড়িত তারা সকলে প্রকাশ যারা মদিরেব বাহিরের কাজকর্ম দেবাশোনা করেন, তাকের বলা হয় 'পাল' এই দৃই একরে 'পাঙাপাল' হনেতে

(創本 985

মালা-প্রসাদ পাঞা প্রভু সৃস্থির ইইলা । জগরাখের সেবক সব আনক্ষে মিলিলা ॥ ৩৪৮ ॥

শ্লোকার্থ

স্থাসাধদেবের মালা প্রমাদ পেয়ে। শ্রীচৈতন্য মহাপ্রভু সৃদ্ধির হলেন তবন জগলাগদেবের সমস্ত মেবকেরা মহা আনন্দে তাঁর সঙ্গে মিলিড ইলেন।

ঞ্চোক ৩৪৯

কাশীমিশ্র আসি' প্রভূর পড়িলা চরপে। মান্য করি' প্রভূ ভাঁরে কৈল আলিঙ্গনে ॥ ৩৪১ ॥

হোকার্থ

ভারপর কাশীনিত্র প্রমে প্রীচৈতনা মহাপ্রভুর বীচরণকমলে পতিত হলেন, এবং মহাপ্রভু তথন তাকে প্রভাসহকারে অলিঞ্জন করলেন।

্ৰোক তওদী

[यथा ≥

শ্রোক ৩৫০

প্রভু লঞা সার্বভৌম নিজ-ঘরে পেলা । মোর ঘরে ডিফা বলি' নিমন্ত্রণ কৈলা ॥ ৩৫০ ॥

হোকার্থ

''আজ আমার ঘরে ডুমি ভিকা গ্রহণ করনে''—বলে শ্রীচৈতন্য সহাপ্রভূকে নিমন্ত্রণ করে সর্বিভৌম ভট্টাচার্য খাঁকে ভার গৃহছ্ নিয়ে গোলেন।

গ্লোক ৩৫১

দিব্য মহাপ্রসাদ অনেক আনহিল ৷ পীঠা-পানা আদি জগরাথ যে খাইল ৷ ৩৫১ ৷৷

গ্লোকার্ঘ

পীঠা, পানা আদি যা কিছু জগ্যাধনের খেয়েছিলেন, সেই সমস্ত মহাপ্রসাদ সার্বভৌম ভট্টাচার্য প্রচুর পরিমাণে আন্যালেন।

শ্লোক তথে

মধ্যাক করিলা প্রভু নিজগণ লঞা ৷ সার্বটোম-যরে ডিকা করিলা আসিয়া ॥ ৩৫২ ॥

ক্লোকাৰ্থ

তার অন্তর্জ পার্যদদের সঙ্গে নিয়ে শ্রীটেতন্য মহাস্তমু মধ্যাক্ষে সার্বভীম ভট্টাচার্টের ঘরে। ভিক্য কর্মসন।

শ্লোক ৩৫৩

ডিক্ষা করাএল তাঁরে করাইল শয়ন । আপনে সার্বভৌম করে পাদসম্বাহন ॥ ৩৫৩ ॥

শ্ৰেকাৰ্থ

ভিকা করিয়ে সার্বভৌম ভট্টাচার্য শ্রীটেডন। মহাপ্রভৃত্কে শহন করালেন এবং তিনি নিজে তাঁর পাদসম্মাহন করলেন।

প্লোক ৩৫৪

প্রভূ তাঁরে পাঠাইল ভোজন করিতে ৷ সেই রাত্রি তাঁর মরে রহিলা তাঁর প্রীডে ॥ ৩৫৪ ॥

লোকার্থ

প্রীটেচতন্য মহাপ্রত্ তথ্ন তাকে ডোজন করতে পাঠালেন এবং তাকে বুশী করার জনা তিনি সেঁই রাজে সেখানে রইলেন। শ্লোক ও৫৫

সার্বভৌম সঙ্গে আর লঞা নিজগণ । তীর্বমাত্রা-কথা কহি' কৈল জাগরণ ॥ ৩৫৫ ॥

শ্ৰোকাৰ্ঘ

শ্রীচৈতন্য মহাপ্রভু সার্বভৌম ভট্টাচার্য এবং তাঁর অন্তরক পার্যদদের তাঁর তীর্থ-যাত্রার কথা শোন্যনেন। এইভাবে তাঁরা সারায়াত জেগে মহাপ্রভুর তীর্থ যাত্রার বর্ণনা খনলেন।

স্মোক ৩৫৬

প্ৰভূ কৰে,—এড তীৰ্থ কৈলু পৰ্যটন ৷ তোমা-সম বৈষ্ণৰ না দেখিলু একজন ৷৷ ৩৫৬ ৷৷

য়োকার্থ

শ্রীচৈতনা মহাপ্রভূ সার্নভৌম ভট্টাচার্যকে বললেন, "আমি এত তীর্থ পর্যটন করলাম, কিন্তু কোগাও তোমায় মতো একজন বৈক্ষকে আমি দেখলাম না।"

শ্লোক ৩৫৭

এক রামানক রায় বহু সুখ দিল। ভট্টা করে,—এই লাগি' মিলিডে কহিল ॥ ৩৫৭ ॥

য়োকার্থ

ব্রীচেডনা মহাপ্রভূ বললেন, "এক রামনেন রায় আমাকে বহু আনন্দ দিয়েছে " সার্বভীয় ভট্টাচার্য বললেন, "সেইঞ্জনাই আমি তোমাকে তার সঙ্গে সাঞ্চাৎ করতে বলেছিলায়,"

ভাহপর্য

জ্বীতৈতনাচপ্রেদ্য নাটক (অন্তর অংক) : জ্বীকৃষ্ণটোতন্য— সার্বভৌগ, আমি বছ ত্বীর্থে প্রমণ করলাম, কিন্তু কোথাও ভোমান মতো একজন বৈঞ্চবও দেখলাম মা সে মাই হোক একমাত্র রামানন্দ রায়ের বাংগবটাই অনৌকিক।

সার্বভৌম তাই আমি তোমাকে তার সঙ্গে সাক্ষাৎ করেছে অনুরোধ করেছিলমে শ্রীকৃষ্ণটোতনা সেই সমস্ত ভার্মস্থানে অবশা বহু বৈষধ রয়েছেন এবং তাঁকের অধিকাশেই নানায়ণ উপাসক। অন্যরা যামের তত্ত্বাদী বলা হব, তাঁরাও লক্ষ্মী নারায়ণের উপাসক। কিন্তু তাঁলা কেউই ওদ্ধবৈষকে নন। বহু শিক-উপাসক ব্যেছে, এবং নান্তিক রয়েছে কিন্তু ভট্টাচার্য, রামান্ত্র রায় ও তাঁর মত আমার খুব ভাল গোছে

শ্লোক ৩৫৮

कीर्यवाज्ञा-कथा वरे किन् प्रमाणन । प्रशक्तरण करिनं, विश्वात नो वात वर्गन ॥ ७৫৮ ॥ দ্রোকার্থ

তীর্গমন্ত্রোর কথা আমি এখানে শেষ করছি। আমি তা সংক্রেপে বর্ণনা করলমে, কেননা বিস্তারিতভাবে বর্ণনা করা সম্ভব নয়।

ভাৎপর্য

শ্রীল ভতিনিদ্ধান্ত সরস্বতী ঠাকুর তার অনুভাষো বলেছেন "এই পরিছেদের চুয়াতর ধ্যাকে 'শিয়ালী ভৈরবী দেনী কবি দরশন' এটির পরিবার্তে 'শিয়ালীতে শ্রীভূ বরাহ করি দরশন' হবে শিয়ালী এবং চিদ্মরমের কাছে দুবিখ্যাত 'শ্রীদুরুম্' মনির। দেবানে শ্রীভূবরাহ-দেব বিগ্রহ আছেন চিদ্মরম তাধ্কের অন্তর্ভুক্ত দক্ষিণ আকট জেলার শিয়ালীর কাছে 'শ্রীভূ-বরাহদেব'-ই বিরাজমান, 'ভৈরবীদেবী' হব।''

গ্ৰোক ৩৫১

অনন্ত চৈতনালীল। কহিতে না জানি । লোভে লজ্জা খাঞা তার করি টানটোনি ॥ ৩৫৯ ॥

গ্ৰোকাৰ্থ

শ্রীটেচডান মহাপ্রভুর দীলা অনন্ত কেউই তা ফথায়থভাবে কর্ননা করতে পারে না, তন্ও লোভেন বলবতী হয়ে, লঞ্জার মাথা খেয়ে, তা নিয়ে ট্রাটানি করি।

গ্ৰোক ৩৬০

প্রভূর তীর্থযাত্রা-কথা তলে যেই জন ৷ তৈতন্যতরণে পার গাড় প্রেথখন ৷৷ ৩৬০ ৷৷

শ্লোকার্ধ

খ্রীতৈতন্য মহাপ্রভুর তীর্থমাত্রার কথা যিনি শ্রবণ করেন, তিনি শ্রীচৈতন্য মহাপ্রভুর শ্রীশালণকে গভীর প্রেমরূপ মহাসম্পদ কান্ত করেন।

তাৎপর্য

শ্রীল ভতিসিদ্ধান্ত সনসতী গৈলে তার অনুভাষো বলেছেন "নির্নিশেষনাদীরা তারের জন্দ ইন্মির অনুভৃতির মাধ্যমে পরমতরের রূপ কল্পনা করে এবং তারা সেই কলিত রূপেন উপদেশা করে কিন্তু শ্রীসভাগেরত বা শ্রীচেতনা মহাগ্রুতু সেই ধরনের ইন্মির তর্পদমর্য় উপাসনাকে 'পরমার্থ' বলেন না।" মারাবাদীরা কল্পনা করে যে, তারাই ভগবান। তারা অনুসান করে যে, ভগবানের কোন রূপ নেই এবং তার মনস্ত রূপই মানুষের আকাশকুসুম কল্পন মাত্রে সায়োবাদী এবং ভগবানের রূপের কল্পনারারী উত্তরেই লান্ত। তালের মতে শ্রীরিপ্রহের আরাধনা অথবা ভগবানের যে কোন রূপ বদ্ধজীকের মোহ প্রস্তুত কল্পনামার। কিন্তু, শ্রীচেতনা মহাপত্র তার অচিন্তাভেলভেলতত্ব দর্শনের মাধ্যমে শ্রীমন্ত্রাগবতের সিদ্ধত্তে দৃটভাবে প্রতিষ্ঠা করেছেন সেই দর্শন অনুসারে পরমেশ্বর ভগবান এবং তার সৃষ্টির মধ্যে নিজ্য তেন এবং অভেন সম্বন্ধ রূপের ভগবান এবং তার সৃষ্টির মধ্যে নিজ্য তেন এবং অভেন সম্বন্ধ রূপের অর্থাৎ ভাবের মধ্যে নুগপং বৈচিত্র ও

সমা বর্তমান এইভাবে শ্রীটোতনা মহাগ্রভু সকাম কর্মী, মনোধরী জানী এবং অস্থাঙ্গ যোগীর অনুভূতির অকর্মগুতা প্রদর্শন করেছেন এদের উপলব্ধি, সময় এবং শস্তির অপন্য মাত্র

দৃষ্টিত প্রাপন করার জন্য শ্রীকৈডনা মহাপ্রভু বিভিন্ন মন্তির দর্শন করাতে গিয়েছিলেন মোনাই তিনি গিয়েছেল, সেখানেই তিনি পরমেশ্বর ভগবানের পতি তারং প্রেম প্রদর্শন করেছেন। বৈদ্ধর কথন কোন দেবদেবীর মন্দিরে ধান, তথন তার সেই দেবদেবী দর্শন এবং মানাবাদীদের দেবদেবী দর্শন,—এই দৃইবের মধ্যে পার্থকা রয়েছে প্রকাসাহিত্যত সে সম্বন্ধে বলা হরেছে—শিবমন্দিরে বৈষ্ণবের শিব-বিশ্রহ দর্শন তারৈষ্ণারের শ্রীবিশ্রহ দর্শন থেকে ভিন্ন। অবৈদ্ধরেরা মনে করে যে, প্রেমের বিশ্রহ একটি কল্পিত রূপ, কেনা তারা মনে করে যে পরমত্ত্ব নিরাকার এবং মির্বিশেষ। কিন্তু রৈশ্বন কর্পারে বিব এবং পরমেশ্বর ভগবান শ্রীবিশ্বন্ধত খুরাপ্র ভেদ ও আভেদ সম্বন্ধ কর্তমান এই সম্পর্কে ধূয় এবং দ্বির পৃষ্টাত দেবলা হয়েছে ক্ষিত্র প্রকৃত্তপক্ষে দুর্ঘই বিন্তু মেই সঙ্গে তা তিক দুর্য নায়। অর্থাৎ, দুর্য ও সইয়ের মধ্যে নিতা ভেদ এবং থ্যভেদ সম্পর্ক বর্তমান। এইটিই শ্রীক্রিডনা মহাপ্রভুর দর্শন, এবং তা ভ্রম্বন্ধ্বীতার (৯ ৪) নির্মানিখিত ক্লোক্টিভে অতিপম হয়েছে—

भन्नो फ्लिमिन नर्वर क्यांम्यासम्बद्धिना १ मरश्चानि नर्वकृतानि न हाश्र एक्युविश्वल ॥

" আমার অব্যক্ত মৃতিতে আমি সমস্ত জগতে পরিবাধে, সমস্ত জীব আদার মধ্যে রয়েছে, কিন্তু আমি তাদের মধ্যে নেই।"

পরমতন্ত্র ভগনান হচ্ছেন সবকিছু, কিন্তু ওঁাব আর্থ এই নয় যে সনবিছু ভগনান তাই প্রতিভান মহাপ্রভূব এবং তাঁর অনুগামীল সমস্ত দেব-দেবীর মন্দিরে যান, তালা এই সমস্ত দেব-দেবীর মন্তিলেন মহাপ্রভূব পদান এনুসানকরে করে করভাবই সমস্ত মন্দিরে যাওয়া উচিত। কথনও কথনও জন্তবাদী সহজিলারা অনুমানকরে যে, গোলীদেব করতায়ানী দেবীর পূজা এবং বিষয়াসকে মানুষদের কালীপূজা এবই ব্যাপান। কিন্তু গোলীনা কাতায়ানী দেবীর কাছে শ্রীকৃষ্যকে পতিরূপে পাওয়াব প্রার্থনা করেছিলেন। প্রভানীর কালীননিবে যায় কোন জন্তবন্ত্র লাভের আশায় এইটিই গ্রন্থ এবং অভক্রের উপাসনার পার্থক্য।

ভঙ্গ-পরস্পরাব ধারার শ্রৌতপস্থার মাহাদ্ধ্য বৃথতে না পোরে তর্কপদ্ধীর। 'হেনোথিয় বা পঞ্চ-উপাদনার মতবাদ তৈরি করে। অর্থাৎ তারা মনে করে যে বাহ্য জনাতে উর্থার্থের বিভিন্ন 'অনুভাবে অনাতম বলে ধান করে পাঁচটি উপাস্য দেবতার একটিকে 'পরমেশ্বন কলে বিশ্বাস করে নিলেই হল, এই সমস্ত কেবল কল্পনা মাত্র, এবং চলমে ধ্যানের পরিপক্ষ অবস্থার এই সমস্ত রূপ আর থাকারে মা, তথম কেবল নিরাকার রাক্ষেবই দর্শন হরে এই ধরনের গার্শনিক অনুখান শ্রীচেতনা মহাপ্রভু এবং বৈষ্যাবের। স্বীকার করেন না নির্বিশেষবাদী নান্তিকেরা অর্থনিত রূপের কল্পনা করতে পারে, কিন্তু বৈষ্যবেরা কেবল পরমেশ্বর ভগানাকেই স্থীকার করেন। মান্তামীদের এই কল্পিত রূপের উপাসনা

পৌরুলিকতা বা প্রতিমা পূজা; তাই পরবর্তীকালে 'নির্বিশেষরাদে' পরিণত হয়েছে। কৃষ্ণ দর্শনের অভাবের ফলে জীব অবৈধ্যর হয়ে পঞ্চ উপাসক হয়, কখনও বা নাস্তিক হয়, কিন্তু প্রীচৈতন্য মহাপ্রভু স্বয়ং আচবণ করে প্রমার্থ-সাধনের পত্না প্রদর্শন করে গেছেন। সে সম্বন্ধে শ্রীচৈতন্য-চরিতামৃত্তে (৮/২৭৪) বলা হয়েছে—

স্থাবর জঙ্গম দেখে না দেখে ওার মূর্তি। সর্বত্র হয় নিজ ইষ্টদেখ স্ফুর্তি॥

"মহাভাগবত অবশাই স্থাবর ও জন্তম, উভয় প্রকার জীবকেই দর্শন করেন, কিন্তু তিনি তাদের রূপ দর্শন করেন না। পক্ষান্তরে, সর্বত্র তিনি পরমেশ্বর ভগবানেকই দর্শন করেন। পরমেশ্বর ভগবানের শক্তিকে দর্শন করে বৈফাকেরা তৎক্ষণাৎ পরমেশ্বর ভগবানের চিত্রয় রূপ দর্শন করেন।"

# শ্লোক ৩৬১

চৈতন্যচরিত শুন শ্রদ্ধা-ভক্তি করি'। মাৎসর্য ছাড়িয়া মুখে বল 'হরি' 'হরি'॥ ৩৬১॥

# শ্লোকার্থ

দয়া করে শ্রন্থা এবং ভক্তিসহকারে শ্রীচৈতন্য মহাপ্রভুর অপ্রাকৃত-লীলা শ্রবণ করুন এবং মাৎসর্য পরিত্যাণ করে মূখে 'হরি' বলুন।

# শ্লোক ৩৬২

এই কলিকালে আর নাহি কোন ধর্ম। বৈষ্ণব, বৈষ্ণবশাস্ত্র, এই কহে মর্ম ॥ ৩৬২ ॥

# শ্লোকার্থ

বৈষ্ণৰ এবং বৈৰুব-শাস্ত্ৰের অনুগমন করা ছাড়া কলিকালে আর কোন ধর্ম নেই। সমস্ত শাস্ত্ৰের এইটিই হচ্ছে মর্মকথা।

# তাৎপর্য

ভগবস্তুজিন পদ্ম এবং ভক্তিশাস্ত্র, এই দুইয়ের প্রতি সৃদৃঢ় শ্রদ্ধা পরায়ণ হওয়া কর্তবা। কেউ যদি শ্রদ্ধাসহকারে শ্রীটেডন্য মহাপ্রভুর লীলা প্রবণ করেন, তাহলে তিনি মাৎসর্যপূন্য হতে পারেন। শ্রীমন্তাগবত নির্মৎসরদের জন্য (নির্মৎসরাণাং সতাম্)। এই যুগে শ্রীটেডন্য মহাপ্রভুর সংকীর্তন আন্দোলনের প্রতি মাৎসর্য-পরায়ণ হওয়া উচিত নয়। পক্ষান্তরে, সকলেবই 'হলেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তন করা উচিত। এটাই জীরের নিত্য ধর্মের সাবমর্ম, যাকে বলা হয় সনাতন ধর্ম। প্রকৃত বৈষ্ণর ভগবানের ভদ্ধভক্ত এবং কৈষ্ণব-শান্ত বলতে বোঝায় শ্রুতি বা বেদ, যাকে বলা হয় শব্দ প্রমাণ। কেউ যদি নিষ্ঠা সহকারে বৈদিক শান্তের অনুগমন করে পরমেশ্বর ভগবানের দিবানাম কীর্তন করেন, তাহলে তিনি অপ্রাকৃত

**শোক ৩৬৫] খ্রীটেতন্য মহাপ্রভুর দক্ষিণ ভারতের তীর্থ পর্যটন** 

পবস্পরায়া অধিষ্ঠিত হন। যারা জীবনের পরম উদ্দেশ্য সাধন করতে চান তাদের তারশ্যই এই পদ্ম অনুসরণ করতে হবে। *শ্রীমন্তাগরতে* (১১/১৯/১৭) তাই বলা হয়েছে—

**Birds** 

अञ्जः প্रভाष्ट्रशिवश्यम् यानाः ४५ स्वराह्यः ॥ अभारपयुनयञ्चामाम् विकल्लाः म विवल्लारः ॥

"বৈদিক শান্ত্রে,—প্রত্যক, অনুভূতি, ইতিহাস এবং অনুমান এই ঢার প্রকার প্রমাণ রয়েছে। পরমতত্ত উপলব্ধি করতে হলে, সকলকে এণ্ডলির উপর নির্ভর করা উচিত।"

# শ্লোক ৩৬৩

চৈতন্যচন্দ্রের লীলা—অগাধ, গম্ভীর । প্রবেশ করিতে নারি,—স্পর্শি রহি' তীর ॥ ৩৬৩ ॥

# শ্লোকার্থ

শ্রীটেতন্য মহাপ্রভুর লীলা অন্তহীন এবং গভীর। তাতে প্রবেশ করার ক্ষমতা আমার নেই, তাই ভীরে দাঁড়িয়ে আমি তা কেবল স্পর্শ করি।

শ্লোক ৩৬৪

চৈতন্যচরিত শ্রন্ধায় শুনে যেই জন। যতেক বিচারে, তত পায় প্রেমধন॥ ৩৬৪॥

# শ্লোকার্থ

শ্রন্ধা-সহকারে যিনি শ্রীটেতন্য মহাপ্রভুর শীলা যতই শ্রবণ করেন এবং বিচার করেন, ততই তিনি ভগবৎ-প্রেমরূপ মহাসম্পদ সাভ করেন।

গ্লোক ৩৬৫

শ্রীরূপ-রঘুনাথ-পদে যার আশ। চৈতন্যচরিতামৃত কহে কৃষজাস ॥ ৩৬৫ ॥

# শ্রোকার্থ

শ্রীল রূপা গোস্থামী এবং শ্রীল রঘুনাথ গোস্থামীর শ্রীপাদপদ্মের আশ্রয় নিরন্তর কামনা করে, তাঁনের পদান্ধ অনুসরণ করে আমি কৃষ্ণদাস শ্রীচৈতন্য-চরিতামৃত বর্ণনা করছি।

# তাৎপর্য

যথারীতি শ্রীল রূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ দাস গোস্বামীন শ্রীপাদপদ্মে শরণাগত হয়ে শ্রীলশ কৃষজ্যাস কবিরাজ গোস্বামী এই অধ্যায় সমাপ্ত করেছেন।

ইতি—'শ্রীচেতন্য মহাপ্রভুর দক্ষিণ ভারতের তীর্থ পর্যটন' নামক প্রীচেতন্য-চরিতামৃতের মধালীলান্ত্র নবম পরিচেদের ভক্তিবেদান্ত তাৎপর্য সমাপ্ত।

# শ্রীচৈতন্য মহাপ্রভুর জগন্নাথপুরীতে প্রত্যাবর্তন এবং বৈষ্ণবসহ মিলন

শ্রীচেভন্য মহাপ্রস্ক বখন দক্ষিদ ভারতে তীর্থ পর্যটন কর্মানুকো, তখন সার্বভৌম ভট্টাচার্যের সলে মহারাজ প্রভাগরনের অনেক কথোপর্কথন হয় মহারাজ প্রভাগরত যথন শ্রীচৈতনা মহাপ্রভকে দর্শন করার অভিলাব প্রকাশ করেন, তখন সার্বভৌম ভট্টাচার্য বলেছিলেন থে, মহাগ্রন্ত মন্দ্রিপ থেকে প্রত্যাবর্তন করলে তাঁর সঙ্গে কোন প্রকারে মহারাজের সাক্ষাৎ করিয়ে দেকে। ঐতিহনা মহাপ্রভ দক্ষিণ ভারত থেকে লগমাথপুরীতে ফিল্লে একে কাশী নিয়ের গতে বাস করেন। সার্বভৌম ভট্টাচার্য শ্রীচৈতন্য মহাপ্রভর কাতে গিয়ে সেএগাসী বৈষ্ণবদের পরিচয় করিয়ে দিকেন। রামানন্দ প্রয়োর পিতা ভবানন্দ বার প্রীটেডন মইপ্রভর সেবা কররে জনা তার আর এক পুত্র বাণীনাথ পট্টান্যাক্তরে মহাপ্রভার কাছে রাগেন মহাপ্রভু কালা কৃষ্ণবাসের ভট্টথানির সম্বন্ধ-জনিত কল্পবেন কথা পার্যসদের বলেন এবং ভাকে বিনায় নেবার প্রভাব করলে শিতানন্দ প্রভ ও অন্যান্য ভারতা যুক্তি করে তাকে দিয়ে নক্ষীপে এবং গৌডমেলে সর্বত্র শ্লীচিতনা মহাপ্রভার প্রত্যাগমনের সংবাদ পাঠালেন নক্ষীপ আদি প্লানে সংবাদ গোলে প্রক্রার প্রকৃত্তি দর্শনে আসবার উদ্যোগ করতে লাগলেন সেই সময় পরমানস্প্রী নদীয়া নগরে এসে প্রীচৈতনা মহাপ্রভর নীলাচলে পৌছানোর সংবাদ শ্রণণ করে ছিল্ল কমল্যান্যগুকে সঙ্গে নিয়ে অগ্যাথপুরীতে গ্রীট্রতনা সহাপ্রভুর ঞ্চান্তে এনে পৌছান নব্দ্বীপ্রাসী পুরুষোত্তম ভট্টাচার্য বারাণসীতে 'চেতনানন্দ নামক ওপুর কাড়ে সন্ধাস গ্রহণ করে, নিজেই 'স্বরূপ' নাম গ্রহণ করে নীলাচলে এটিচতন্য মহাপ্রভাগ চরপে এনে উপস্থিত হন। প্রীঈশরপুরীর অপ্রকটের পর তার সেবক 'গোবিদা' খাব আজা অনুসামে প্রীচিতনা মধ্যপ্রভার কাছে পৌছান। কেশবভারতীর সম্পর্কে প্রস্থানন্দ ভারতী—শ্রীচেতনা মহাপ্রভার মানা, তিনি উপস্থিত হলে মহাপ্রভ কুপা করে তার চর্মাম্বর ছাত্রালেন। মহাপ্রভুর প্রভাবে ব্রহ্মানন্দ ভাষ মহোস্থ্য আমতে পেরে ভাকে 'কৃষ্ণ' বলে দিল্লভ বনলে। কিন্তু দাৰ্বভৌম কম ইটিডনা মহাপ্ৰভাবে সাঞ্চাৎ কথা বলে সাধানন ক্ষুক্র তথন প্রতিভন্য মহাগ্রন্ত সেই কথাকে 'অভিন্তুতি' নলে অনাদন বারেন ইতিমধ্যে, কাশীশব গোন্ধামীও শ্রীচৈতনা মহাপ্রভাগে গর্মন করতে সেখানে এসে উপস্থিত হলেন এই পরিচেছদে সমূদ্রে নদ-নদীর বিলানের মডো শ্রীচৈতনা মহাগ্রভয় সঙ্গে বছ দেশের ভক্তদের মিলনের কম্ম বর্ণিত ইয়েছে।

(취(**주)** )

ভং বন্দে সৌরজনদং স্বস্য যো দর্শনামৃতিঃ ! বিচ্ছেদাবগ্রহল্লানভজনস্যান্ডলীবন্ধং ॥ ১ ॥ তম্ তাঁকে, বন্ধে আমি কদনা করি, গৌর শ্রীচেতন্য মহাপ্রভু, জলদম্ সলভবা মেদ, স্বস্যু--তাঁর নিজের, মঃ--- যিনি, দর্শন অমৃতৈঃ তাঁর দর্শনরূপ অমৃতের ছারা, বিচ্ছেদ্ --বিচ্ছেদরূপ, অবগ্রহ --বৃত্তির অভাব; স্থান স্থলিন; ভক্ত ভক্ত, শস্যানি--শস্যসমূহ, অজীবরং---প্রাণ দান করে রক্ষা করেছিলেন।

व्यनुवाप

যিনি তার দর্শনরূপ অমৃত বর্ষণ করে বিজেদরূপ অনাবৃষ্টিজনিও মলিন ভক্ত শসাদের জীবন দাস করেছিলেন, সেই বৌরস্থাপ মেমকে আমি কক্ষ্যা করি।

শ্লোক ২

ভার জন্ম শ্রীটৈতনা জন্ম নিত্যানন্দ । জন্মবিত্ততক্র জন্ন নৌরম্ভক্তবৃন্দ ॥ ২ ॥

যোকাৰ

শ্রীতৈতন্য মহাপ্রভূর জয় প্রীনিক্যানন্দ প্রভূর জয়! শ্রীকাকৈত আচার্য প্রভূর জয়! এবং শ্রীতৈতন্য মহাপ্রভূর সমস্ত কন্তান্তনের জয়!

শ্লোক ও

পূর্বে মহাপ্রভু চলিলা দক্ষিণে । প্রভাপরুক্ত রাজা তবে বোলাইল সার্বভৌমে ॥ ৩ ॥

শ্লোকার্থ

র্মীটেডনা মহাপ্রত্ব ঘখন দক্ষিণ ভারতে তীও পর্যটন করতে বিরেছিলেন, তখন মহারক্ষে প্রতাপক্ষর সার্বস্টোম ডট্টাচার্যকে ভার প্রামাদে ডেকে পাঠালেন।

য়োক ৪

বসিতে আসন দিল করি' নমঞ্চারে । মহাপ্রভুর বার্তা তবে পৃছিল তাঁহারে ॥ ৪ ॥

হ্মোকার্ঘ

সার্গভৌম ভট্টাচার্য যখন রাজার সঙ্গে দেখা করতে একেন, তথন মহারাজ প্রতাশক্ষম ঠাকে প্রথতি নিবেদন করে বসতে আসন দিলেন, এবং তাঁর কাছে লীচৈতনা মহাপ্রভূব কথা জিল্লাসা করলেন

त्वांक ६

ন্তনিলাঙ তোমার মরে এক মহাশর। গৌড় ইইতে আইলা, ভেঁহো মহাকৃপামর ৫ ৫ ॥ ভোকার্থ

মহারাজ প্রভাগরুর সার্বভৌম ভট্টাচার্যকে বললেন, "আমি শুনলাম যে, আপনার গৃহে গৌড়বল থেকে এক মহাকৃপামর মহাপুরুষ এসেছেনঃ

রোক ৬

ভোমারে বহু কৃপা কৈলা, কহে সর্বজন । কুপা করি' করাহ মোরে ভাঁহার দর্শন ॥ ৬ ॥

গ্ৰোকাৰ্থ

"সকলেই বলতে যে ডিনি আপনাকে বছ কৃপা করেছে। কৃপা করে আপনি আমাকে ভার হৰ্মা করান।"

ক্লোক ৭

ভট্ট কছে,—হে শুনিলা সৰ সভা হয় ৷ ভার দর্শন ভোমার ঘটন না হয় ৷ ৭ ৷৷

কোকাৰ্থ

তথ্য সার্যন্তীয় ভট্টাচার্য উত্তর দিলেন, "আপনি বা শুনেছেন তা সত্য, কিন্তু আপনায় সহে তারে সাক্ষাংকার ঘটানো সূমই কঠিন।

মোক ৮

বিরস্ত সম্যাসী তেঁহো রছেন নির্মানে ৷ স্বপ্রেহ না করেন তেঁহো রাজদরশনে ৷৷ ৮ ৷৷

গ্ৰোকাৰ্থ

"তিনি একজন বিরক্ত স্ম্যাসী এবং তিমি নির্মানে থাকেন, স্বপ্থে তিনি রাজস্পনি করেন শা।

হোক ১

ভথাপি প্রকারে তোমা করাইতাম দরশন ৷ সম্প্রতি করিলা ভেঁহো দক্ষিণ গমন ॥ ৯ ॥

শ্লোকার্থ

"ডবুও কো-শুকারে আমি আপনার সঙ্গে তাঁর সাক্ষাংকার করাতাম। কিন্তু সম্প্রতি তিনি দক্ষিণ-ভারতে রমন করেছেন।"

(創本 20-22

রাজা কহে, জগন্নাথ ছাড়ি' কেনে গেলা ৷ ভট্ট কহে,—মহান্তের এই এক লীলা ৷৷ ১০ ৷৷

গোক ১০

মিয়া ১০

# তীৰ্থ পৰিত্ৰ কৰিতে কৰে ভীৰ্থনমণ । সেই ছলে নিস্তারয়ে সাংসারিক জন ॥ ১১ ॥

## ভোকার্থ

बांका किकामा करायन, "जिनि नीनाइन एएड (कन इटन (शरनन?" क्रोंसार्य छैन्द्रत দিলেন, "মহাপুরুষদের দীলাই এইরকম। তীর্ঘ পরিত্র করার জন্য ভারা জীর্গ ল্লমণ करतम, धरः (अदे हर्ल सङ् क्यांट्यत नक्टन व्यानक मानुसरमत खेकांड करतम।"

# (日本 25

ভবিধা ভাগৰতান্ত্ৰীপীড়ভাঃ স্বয়ং বিভো ৷ তীৰ্থীকুৰ্বন্তি তীৰ্থানি স্বান্তঃস্থেন গদাভূতা ॥ ১২ ॥

ভবৎ—আপনার, বিধাং—মতো, ভাগবভাং—ভগবস্থান্তগণ, ভীৰী—ভীর্থসমূহ, ভূজাঃ— খানজিত, স্বাম—নিজেনাই, বিজ্ঞা—হে সর্বশক্তিমান, জীবী-কৃষপ্তি—তীর্গে পরিগত করেন, জীর্মানি—তীর্থসমূহকে, স্ব-অন্তঃ-স্থেন—তাঁদের স্থীয় ছলয়স্থিত, স্নাত্মতা—পরমেশন <u>भूगेनात्मव बाला ।</u>

#### व्यवस्था

আপনার মতো ভাগবতেরা নিজেরাই তীর্থখন্তপ। ঠামের পশ্চিতান জনা ভগবান মর্সনা फीरमा इत्तरम कामहान करदन अवः छाष्ट्रि कीता भाशीशरमत भाभ दाता मिना তীর্ণস্থানওলিকে পবিত্র করেন।'

# ভাহপর্য

এই ছোনটি জীমন্তাগনতে (১/১৬/১০) বিদ্বরের প্রতি মহারাক্ত শুনিন্তিরের উভি। এই প্লোকটি আদিলীলারও (১/১৩) নয়েছে।

# त्यांक ५७

বৈধাৰের এই হয় এক স্বভাব নিশ্চল ৷ তেঁহো জীব নহেন, হন স্বতন্ত্ৰ ঈশ্বর য ১৩ ॥

# লোকার্থ

"তীর্থ পরিত্র করার জন্য তীর্থ ভ্রমণ এবং সেই ছুলে জড়-আবদ্ধ মানুষদের উদ্ধান করা,— বৈষ্মবেল এই একটি নিশ্চল স্বভাব। প্রকৃতপক্ষে শ্রীচেতন্য মহাগ্রন্ত 'জীব' নন, তিনি স্বতম্র উপার। তবুও প্রাহেমরাপে ভক্তাকভার হয়ে তিনি কৈছকের মতো আচরণ করছেন।"

# ভাৎপর্য

দ্রীল ভত্তিসিদ্ধান্ত সনস্বতী টাকুর তাঁর *অনুভাষে বলেছে*ন, "ভপ্নবানের ওছভভ কৈঞ্চনান তীপ গমন করে ভীর্থকে পবিত্র করেন এবং তীর্থনাসী সাংসারিক মানুষনের সেই তীর্গকান

ছলে উদ্ধান করেন। এটটি পরস্থাক-দৃংখী ওদ্ধান্তকের নিতা স্বভাব। কিছু শ্রীচৈতনা সহাগ্রন্থ পরতম্র ভক্ত বৃদ্ধিতে লীলাবিলাস করলেও তিনি স্বয়ং স্বতন্ত পরমেশ্বর তিনি পূর্ব, গুরু, নিত্য-মৃক্ত ,"

# (関本 )8

রাজা করে.—ভাঁরে ভূমি যাইতে কেনে দিলে। পার পড়ি' বর করি' কেনে না রাখিলে ! ১৪ 11

সেঁই কথা ওনে মহারাজ প্রভাপরুদ্ধ বন্দদেন, "আপনি কেন ভারে যেতে দিলেন? কেন র্ডার পায়ে পড়ে বন্ধু করে তাঁকে আপনি এখানে রাখলেন না?"

## (11) 주 3 년

ভট্টাচার্য করে,—ঠেহো স্বনং ঈশ্বর স্বতন্ত্র। সাকাৎ শ্রীকৃষ্ণ, তেঁহো নহে পরতন্ত্র য় ১৫ ॥

### যোকার্থ

সার্বভৌন ভট্টাচার্য উত্তর দিলেন, "শ্রীট্যৈতন্য মহাপ্রস্তু স্বয়ং প্রমেশ্বর ভগবাদ এবং তিনি সম্পূর্ণরূপে স্বতম্ব—তিনি সাকাৎ জীক্ষা, তিনি কারও অধীন নন

# গ্রোক ১৬

তথাপি রাখিতে তাঁরে বহু যদু কৈলুঁ। ঈশবের স্বতন্ত্র ইচ্ছা, রাখিতে নারিলুঁ ॥ ১৬ ॥

ভবুও তাঁকে এখানে রাখার বছ চেষ্টা আমি করেছি, কিন্তু ঈশ্বরের ইচ্ছা স্বতন্ত্র ভাই আমি তাঁকে এখানে থরে রাখতে পারলাম না।"

# (到本 )9

রাজা কহে,—ভট্ট ভূমি বিজ্ঞশিরোমণি। তুমি ভারে 'কৃষণ' কহ, ভাতে সভ্য মানি ॥ ১৭ ॥

# শ্ৰোকাৰ্থ

মহারাজ প্রতাপক্তা বললেন, "ভট্টাচার্য, আপনি বিজ্ঞাশিরোমণি তাই আপনি থবন নীচৈতনা মহপ্রেরুকে 'কৃষ্ণ' বলছেল, তখন আমি ডা সডা বলে মেনে নিচ্ছি

# ভাহপর্য

এইভাবে পানস্থিক ভান লাভ করতে হয় , পারমার্থিক পথে অগ্রসর হতে খন্সে আড়ার্য বা সদওকর বাক্য মেনে নিতে হয়। মেটিই নাঞ্চা লাভের প্রকৃত পছা কিছা ওকরপে

জেল ২৩

ভাঁকেই বরণ কলতে হবে, যিনি ভগবানের অনন্য ভক্ত এবং নিষ্ঠা সহকারে যিনি পূর্বতন আচার্যাসের নির্দেশ অনুসর্থ করছেন। সেই কম সদ্ভক্তর বাকা শিবাধে মানতে হবে, ভাহতেই সাফল্য অবশাস্থানী। সেইটিই বৈদিক পদ্ম।

সার্বভ্রায় ভট্টাচার্য ছিলেন একজন তথ্যপ্রতীয় প্রাহ্মণ, আন প্রভাপক্রছ ছিলেন ক্ষরিত্র। ক্ষরিয়া রাজারা নিষ্ঠাভারে প্রাহ্মণ ও সাধ্দের নির্দেশ মেনে চলতেন এবং এইভাবে ভারা তামের রাজ্য শাসন করতেন তেমনই বৈশারা রাজার নির্দেশ মেনে চলতেন এবং শৃদ্রের ভিনিট উচ্চবর্দের সেবা করতেন এইভাবে প্রাহ্মণ, ক্ষরিয়া, বৈশা এবং শৃদ্র তাদের কর্তব্য সম্পোদন করার নাধানে সৌহার্দাপূর্ণভাবে সহাবহান করতেন। তার ফলে সমান্ত শান্তিপূর্ণ ছিল এবং মানুহেরা কৃষ্ণভক্তি সম্পাদন করতে সমর্থ ছিলেন। এইভাবে আলক্ষমা জীবন যাধান করে জীবনাস্তে তারা তামের প্রকৃত আলম্য ভগবছানে ফিরে যেতেন।

**अधिक ३**४

পুনরপি ইহাঁ টার হৈলে আগমন । একবার দেখি করি' সফল নয়ন ॥ ১৮ ॥

জোকার্থ

"আবার যদি তিনি এখানে আসেন, ভাহলে একবার তাঁকে দর্শন করে আমি আমার মরণ সার্থক করব।"

(क्रीक ३५

ভট্টাচার্য কহে,—ভেঁহো আসিবে অল্পকালে । রহিতে ভাঁরে এক স্থান চাহিন্দে কিরলে ॥ ১৯ ॥

রোকার্থ

সার্বটোর ভট্টার্টার্য বললেন, "ডিনি কিচুদিনের মধেই আসবেন। তারে থাকার জন্য আমি একটি নির্ম্জন স্থান চাই।

(財本 30

ঠাকুরের নিকট, আর ইইবে নির্জনে । এমত নির্ণয় করি' দেহ এক স্থানে ॥ ২০ ॥

শ্লোকার্থ

"প্রগরাথদেবের মনিরের কাছে অখচ নির্দ্তন, এরকম একটি স্থান আপনি আমকে নির্ণয় করে দিন."

> গ্লোক ২১ রাজা কহে,—ঐছে কাশীমিশ্রের ভবন । ঠাকুরের নিকট, হয় পরম নির্হুন 1 ২১ 1

শ্ৰোকাৰ্থ

মহারাজ উত্তর দিলেন, "কাশীমিশ্রের ক্তবন ক্রায়াখনেবের মন্দিরের কাছেই, অর্থচ স্থানটি পরম নির্জন।"

লোক ২২

এত কহি' রাজা রহে উৎকণ্ঠিত হঞা । ভট্টাচার্য কাশীমিশ্রে কহিল আসিয়া ॥ ২২ ॥

শ্লোকাৰ

এই বলে প্রীটেডনা মহাপ্রভূব প্রত্যাবর্তনের জন্য মহারাজ প্রভাপক্ষর উৎকৃষ্টিও হয়ে বুইলেন। সার্বভৌম ভট্টাচার্য তথন কাশীমিশ্রকে নিয়ে মহারাজ প্রতাপক্ষয়ের সেই বাসনার কথা আদাকেন।

শ্লৌক ২৩

কালীযিশ্র করে,—আমি বড় ভাগাবান্। যোর গৃহে 'প্রভূপাদের' হবে অবস্থান ॥ ২৩ ॥

শ্লোকার্থ

সেঁই কথা তবে কাশীমিতা কললেন, "আমি অভ্যন্ত ভাগ্যবাদ বে, প্রজুপাদ (বীটেডনা মহাপ্রভূ) আমার গৃহে অবস্থান কলকেন।"

ভাৎপর্য

এই শ্লোকে প্রীচেতনা মহাপ্রভূব সম্বন্ধে 'প্রভূপান' শন্দটির ব্যবহার অত্যন্ত তাৎপর্যপূর্ণ সেই সম্পর্কে প্রীল অভিনিদিছান্ত গোলামী প্রভূপান মন্তব্য করেছেন—"প্রীচেতনা মহাপ্রভূ করেই ভগবান প্রীকৃষ্ণ এবং তার সমস্ত অনুগত জনেরা তাকে প্রভূপান বলে অভিনিত করেই। অর্থাৎ তার প্রীপানপরে বর প্রভূ আরার প্রহণ করেছেন।" ওদ্ধ বৈশ্ববকৈ প্রভূ বলে সম্বোধন করা হয়: এবং এই সম্বোধন করা একটা বিশেব কৈয়াব-আচার অনেক প্রভূ মকন আনা কেনে প্রভূর প্রীপানপাছা আত্রায় গ্রহণ করেন, তখন তাকে 'প্রভূপান' নামে অভিহিত করা হয়। প্রীনিত্যানন্দ প্রভূ এবং প্রীতারৈত আচার্য প্রভূকেও 'প্রভূপান' বলে সম্বোধন করা হয়: প্রীচেতনা মহাপ্রভূ, প্রীথেরত প্রভূ এবং প্রীনিত্যানন্দ প্রভূ এরা সকলেই বিশ্বানক তাই তারা সমস্ত জীবেরই নিতা আত্রাম প্রীবিদ্ধা সকলেরই নিত্য প্রভূ, এবং প্রীবিদ্ধার প্রতিনিধি তার অন্তর্ক সেবক সেই কৃষ্ণতের্বেতা প্রীক্তর্কনের তার শিষ্ণের কাছে সাফাং 'প্রীকৃষ্ণটেডনা' বা 'হরি' স্বরূপ বলে 'ও বিশ্বাপান' বা 'প্রভূপান'। তাহাতা অপর ওদ্ধানতে বা গ্রহ বিশ্বাব এবং আনের অসীকৃত শিলা, প্রত্যেকে প্রত্যেক্ত কাছে প্রভূতন বা গ্রহ বিশ্বাব এবং আনের অসীকৃত শিলা, প্রত্যেক প্রত্যেক্ত কাছে প্রভূবন বিশ্বাব অরা কাছ কাছে সমস্ত্রান্তর প্রীন্তনানক, প্রীচিতনা-চরিতান্ত, প্রীচিতনা-ভাগাবত আদি প্রস্তে ও ভক্ত ভক্ত-সম্প্রদায়ে দৃষ্ট হয়।

খ্রাকৃত মহাজিয়ারা 'বৈশ্বর' নামে অতিহিত হত্তমার যোগা নয়। তালা মনে করে যে, জাত-শোসাঞির। কেবল প্রভূপাদ পদবার। এই ধরনের মূর্থ সহজিয়ারা মুখে 'বৈয়েবগাসানুসাস' পড়তি শদের ব্যবহারের দ্বারা দৈন্যের ছলনা বা কপটতা করে। কিন্তু, এদ-বৈয়েবলে তারা 'প্রভূপাদ' বলে সযোধা করার বিরোধিতা করে। অর্থাৎ 'তারা মধার্থ 'গ্রভূপাদ' বা সদ্প্রকৃত্তর প্রতি ঈর্মা পরারণ তারা সদপ্রকৃত্তে একজন সাধারণ মানুর বলে মনে করে অধ্বন সন্তর্জাত জাতিবৃদ্ধি করে। শ্রীল ভতিসিদ্ধাত স্বস্থতী ঠাকুর এই ধরনের সহজিয়াদের সবচাইতে দুর্ভাগা বলে করি। করেছেন, কেননা তানের এই এপরাধের মতে তারা নরকগামী হয়.

## (對帝 48

এইমত পুরুষোস্তমবাসী কত জন । প্রভুকে মিলিতে সবার উৎকণ্ঠিত হল ॥ ২৪ ॥

## শ্ৰোকাৰ্থ

এইডাবে জগ্যাথপূরীর সমস্ত অধিবাসীরা শ্রীটেড্যা মহাপ্রকুর সঙ্গে প্নরার মিলিড ইওয়ার জন্য উৎস্কৃতিত হয়ে বইলেন।

## মোক ২৫

সর্বলোকের উৎকণ্ঠা যবে অত্যন্ত বাড়িল । মহাপ্রভ দক্ষিণ হৈতে তবহি আইল গ ২৫ ॥

# য়োকার্থ

সকলের উৎকণ্ঠা যথন প্রবলভাবে বর্থিত হল, তথন প্রীচৈতন্য সহাপ্রভু দল্পিণ-ভারত থেকে ফিল্লে এলেন।

# শ্লোক ২৬-২৭

ত্রনি' আনন্দিত হৈল সবাকার মন । সবে আসি' সার্বভৌমে কৈল নিবেদন ॥ ২৬ ॥ প্রভুর সহিত আমা-সবার করাহ মিলন । তোমার প্রসাদে পাই প্রভুর চরণ ॥ ২৭ ॥

# লোকার্য

শ্রীটৈতন্য মহাপ্রভূব কিরে আসার সংবাদ শেয়ে সকলে অভ্যন্ত আনন্দিত হলেন, এবং তারা সকলে গিয়ে সার্বভৌম ভট্টাচার্যের কাছে নিবেদন করলেন—"দমা করে শ্রীটেতন্য মহাপ্রভূর সঙ্গে আমাদের সাক্ষাৎ করিয়ে দিন। আপনার কৃপার প্রভাবেই কেবল তার চরণাশ্রম লাভ করা যায়।"

শ্লোক ২৮

শ্ৰোক কৰ

ভট্টাচার্য কহে,—কালি কাশীমিশ্রের ঘরে ৷ প্রভু ঘাইকেন, ভাষা মিলাৰ সবারে ॥ ২৮ ৪

# শ্লোকার্থ

সার্বভৌন ভট্টাচার্য ডাদের কললেন—"কাল শ্রীমদাহাপ্রভূ কাশী মিশ্রের বাড়ীতে মাবেন। দেখানে ভার সঙ্গে আপ্রাদের সকলের সাক্ষাৎ করিছে দেব।"

শ্ৰোক ২৯

प्राप्त किन महाटालू खडीहार्ट्स महान । जनवाथ एउन्टन टेक्स महातरस्य ॥ २७ ॥

প্লোকার্থ

প্রদিন প্রীটেডন্য মহাপ্রভু সার্বভৌহ ভট্টাচার্যের সঙ্গে মহারঙ্গে ঋণয়াথ দর্শন করলেন

গ্ৰোক ৩০

মহাপ্রসাদ দিয়া ভাইঃ মিলিলা সেবকগণ। মহাপ্রসু সবাকারে কৈল আলিঙ্গন ॥ ৩০ ॥

**ট্রোকার্থ** 

ক্ষারাগদেবের সমস্ত নেবকেরা জনলাধের মহাপ্রসাদ নিয়ে মহাপ্রস্কুর সলে মিলিত হলেন শ্রীচৈতন্য মহাপ্রস্কু তথন ভাষের সক্ষশকে আলিজন করলেন।

শ্রোক ৩১-৩২

দর্শন করি' মহাপ্রস্কৃ চলিকা বাহিরে । ভট্টাচার্য আনিল ভারে কাশীমিশ্র-ঘরে ॥ ৩১ ॥ কাশীমিশ্র আসি' পড়িল প্রভুর চরণে । গ্রহ-সহিত ভাষা ভারে কৈল নিবেদনে ॥ ৩২ ॥

# য়োকার্থ

জননাখনেবকে দর্শন করে প্রীতৈজনা মহাপ্রভূ মন্দির থেকে বেরিয়ে এলেন। সার্বভৌষ ভট্টাচার্য তাঁকে কাশীমিশ্রের বাড়ীভে নিয়ে এলেন। কাশী মিশ্র তথন শ্রীটেডন্য মহাপ্রভূর শ্রীপাদগন্যে পতিত হয়ে ভার গৃহসহ-আশ্রা তাঁকে নিবেদন করলেন।

শ্লোক ৩৩

প্রভূ চতুর্ভুক্ত সূর্তি ভারে দেখাইল ৷ আত্মসাৎ করি' ভারে আলিঙ্গন কৈল ৷ ৩৩ ৷

### শ্ৰোকাৰ্থ

শ্রীচেত্রন্য মহাপ্রস্কু তথন কাশীনিশ্রকে তার চতুসূজ-রূপ দেখালেন। তারপর আক্রসং করে তিনি তাকে আলিক্স করকেঃ,

### (創奉 48

তবে মহাপ্রভূ তাহাঁ বসিলা আসনে। চৌদিকে বসিলা নিজ্যাননাদি ভক্তগণে ॥ ৩৪ য

### লোকাৰ্থ

শ্রীতিওন্য মহাপ্রজু কেখানে তার আসনে বসলেন, এবং নিত্যা<del>নৰ প্রভু প্রমুখ ডাড়ানা</del> তার চারপাশে বসলেন।

### গ্লোক ৩৫

সুখী হৈলা দেখি' প্রভু বাসার সংহান । যেই বাসায় হয় প্রভুৱ সর্ব-সমাধান ॥ ৩৫ ॥

### গ্ৰোকাৰ

বেখানে শ্রীরৈতন্য মহাপ্রভুৱ থাকার ব্যবস্থা করা হয়েছিল সেই স্থানটি দেখে স্থাটিতভন্য মহাপ্রভু সুখী হলেন সেখানে তাঁর প্রয়োজনতালর সক্ষধন হরেছিল।

### শৌক ওঙ

নাৰ্বন্ধীয় কহে,—প্ৰভু, যোগ্য তোমার বানা । ভূমি অজীকার কর,—কাশীমিশ্রের আশা ॥ ৩৬ ॥

### শ্লোকার্থ

সার্বস্টোম স্কট্টাচার্য তাঁকে তথম বললেন, "প্রাস্ত্, এই স্থানটি আগনার বানের উপযোগী। আপনি দয়া করে এখানে শাকুন, সেটি কানীমিলের জালা।"

### শ্ৰোক ৩৭

প্রভূ কহে,—এই দেহ ভোমা-সবাকার। বেই ভূমি কহ, সেই সমত আমার ॥ ৩৭ ॥

### হোকার্য

ত্রীটিতন্য মহাপ্রভূ কলকেন, "এই দেহটি ভোমাদের সকলের। তাই ভোমরা যা কলবে, তাতেই আমি সম্মন।"

### শ্লোক ৩৮

তবে সার্বভৌম প্রভুর দক্ষিণ-পার্ছে বসি'। মিলাইতে লাগিলা সব পুরুষোত্তমবাসী ॥ ৩৮ ॥

#### শ্রোকর্থে

সার্বভৌষ ভট্টাচার্য তথন প্রীচৈতন্য মহাপ্রভুর ডান পাশে বঙ্গে, সমস্ত পুরুষোত্তমবাসীদের মধ্যে মহাপ্রভুর পরিচয় করিয়ে দিতে লাগলেন

### প্রোক ৩৯-৪০

এই সৰ লোক, প্রভূ, বৈসে নীলাচলে। উৎকণ্ঠিত হ্ঞাছে সৰে ভোদা মিলিবারে ॥ ৩৯ ॥ তৃষিত চাতক বৈছে করে হাহাকার। তৈছে এই সব,—সবে কর অঙ্গীকার ॥ ৪০ ॥

### লোকার্থ

সার্বভৌষ ভট্টাচার্য বললেন, "প্রভূ, এই সমস্ত নীলাচলবাসী আপদার সত্নে সাক্ষাৎ করার জন্য অভ্যন্ত উৎকণ্ডিত হরেছে। ভৃষ্মার্থ চাতক যেভাবে হাছাকার করে, এরাও সেভাবে হাছাকার করছে। মুখা করে আপনি এলের অসীকার করুন.

### ক্লোক ৪১

জগন্নাথ-সেবক এই, নাম—জনার্দন ! অনবসরে করে প্রভূত্ত জীঅঙ্গ-সেবন ॥ ৪১ ॥

#### লোকার্থ লোকার্থ

সার্বাভীন ভট্টাচার্য প্রথমে ক্ষমর্গনের সঙ্গে ঐতিভ্রন্য সহাপ্রকৃত্র পরিচয় করিয়ে দিয়ে ক্যানেন,—"ইনি হজেন ক্ষমর্গন, ইনি ক্রশারাধের সেবক। 'ক্ষমবসরে' ইনি জগদাধদেনের ঐপ্রাক্তর সেবা করেন।"

### ভাৎপর্য

স্থানযাত্রা থেকে রপয়াত্রার দিন পর্যন্ত পদের দিন জগ্যাথ্যদেব মন্দিরে আনুপস্থিত থাকেন. সেই সময়টিকে বলা হম 'জনবসর'। জনার্দন, যার সঙ্গে সার্বভৌম ভট্টিচার্য শ্রীটেডনা মহাজকুর পরিচয় করিয়ে দিছিলেন, তিনি সেই সময় জীজগ্যাথদেবের জীঅসের সেবা ধবনে। দেই সময় জগ্যাথদেবের জীঅস নতুন করে সাজান হয়, এবং এই উৎসবকে বলা হয় 'নব-যৌধন'।

### स्त्रीक हर

কৃষদাস-নাম এই সুবর্ণ-বেত্রধারী । শিবি মাহাতি-নাম এই লিখনাধিকারী । ৪২ ॥

### <u>লোকার্থ</u>

ভারণর সার্বজৌম ভট্টাচার্য কৃষ্ণনামের বলে শ্রীচৈতন্য মহাপ্রভুত্ত পরিচয় করিয়ে দিয়ে

### ভাহপর্য

দেউলবরণ পদপাপ্ত কর্মচারী, যিনি মাতৃলা-পাঁক্তি লিখে খ্যাকেন, ডাকে বলা হয় 'শিখন-অধিকারী'।

### গ্ৰোক ৪৩

প্রদান্তমি≝ ইঁহ বৈধ্যৰ প্রধান । জগরাথের মহা-সোয়ার ইঁহ 'দাস' নাম ॥ ৪৩ ॥

### য়োকার্থ

"ইনি হজেন প্রদাস মিশ্র, একজন মহান বৈকক; ইনি জাগালাগদেকের একজন মহান দেবকা এবং এঁব নাম দাস'।

### ভাহপর্য

উড়িমান বহু প্রাধানের উপাধি 'দাস' সাধারণত প্রাক্ষণধার 'দাস' উপাধি হয় না, কিন্তু উড়িমান জগমাগদেশের দাসাসূচক এই 'দাস' উপাধি। প্রবৃত্তপক্ষে সকলেই দাস, কেন্দার সকলেই পর্যাধার জগবানের সেবক সেই সূত্রে দাস-উপাধিতে ব্রাক্ষণদেরই স্বর্গাপ্তি অধিকরা। এই সিদ্ধাপ্ততি চুল্লি-ভট্ট-সন্মত।

### (到) 本 88

মুবারি মাহাতি ইহ—শিশিমহাতির ভাই 1 তোমার চরণ বিনু আর গতি নাই ৪ ৪৪ ম

### **্লোকা**র্থ

'ইনি হছেন শিশি মাহাতির ভাই মুরারি নাহাতি। ভোমার চর্ণ ছাড়া এর আর কোম গতি নেই।

### (ग्रांक 80

চন্দনেশ্বর, সিংহেশ্বর, মুরারি ত্রাহ্মণ । বিফুলাস,—ইত্ খ্যায়ে ভোমার চরণ ॥ ৪৫ ॥

### লোকার্থ

"ইনি চন্দনেশ্বর ইনি সিংহেশ্বর, ইনি মুরারি ব্রাহ্মণ এবং ইনি বিকৃষণে—এরা সকলেই নিরম্রর তোমার শ্রীসাপপালের খানে করেন।

### (創年 86

প্রহররাজ মহাপাত ইঁহ মহামতি ৷ প্রমানন্দ মহাপাত্র ইঁহার সংহতি ৪ ৪৬ ৪ শ্ৰোকাৰ্য

"ইনি মহামতি প্রহররাজ মহাপাত্র, আর ইনি ভার সঙ্গী প্রসানন্দ মহাপাত্র।

(대한 8**)**]

### তাৎপর্য

উডিয়ার রাজাদের মধ্যে এই নিয়ম প্রচলিত আছে যে, মৃও সঞ্চার অয়োষ্টি কলে গেকে পরবর্তী উত্তরাধিকারী সিংখাননে আরোহণ বা অভিযোকের পূর্ব পর্যন্ত এক প্রয়ন-কাল রাজ-পুরোহিত-কংশের কোন বাজি সিংহাসন আরোহণ করে রাজদিও ধাবদ করনেন মাতে রাজ-সিংহাসন শূনা অবস্থায় পড়ে না থাকে সেই পুরোহিতদেনই বংশানুজনে 'প্রহররাজ' বলা হত।

### (刺春 84

এ-সব বৈধ্যৰ—এই কেত্রের ভূষণ । একান্তভাবে চিন্তে সবে তোমার চরণ ॥ ৪৭ ॥

### গ্ৰোকাৰ্থ

"এই সমস্ত নৈক্ষৰ জগনাথ পুনীর অলহার এরা সকলেই একান্ডভাবে আপনার শ্রীপাদপক্ষের খ্যান করেন।"

### প্রোক ৪৮

তবে সবে ভূমে পড়ে দণ্ডবং হএল। সবা আলিকিলা প্রভূ প্রসাদ করিয়া ॥ ৪৮ ॥

### হোকার্থ

এইভাবে পরিচর করিয়ে দেওরার পর, ছারা সকলে শ্রীচৈতন্য মহাপ্রভূকে দণ্ডবং প্রণতি নিবেদন করকেন। ভাষের প্রতি অভাস্ত প্রদায় ইয়ে শ্রীচৈতন্য মহাপ্রভূ ভাষের সকলকে আবিশ্বন করকেন।

### কৌক ৪৯

হেনকালে আইলা তথা তথানন্দ রায় \
চারিপুত্র-সঙ্গে পড়ে মহাপ্রভুর পায় 11 ৪৯ 11

### শ্লোকার্থ

সেই সময় চার পূত্র সঙ্গে নিয়ে ভবানন্দ রায় সেখানে এসে উপস্থিত হলেন এবং শ্রীটেডনা মহাপ্রতুর শ্রীপাদগলে পতিত হলেন।

### ভাৎপর্য

ভবানন্দ রাফের পাঁচ পুত্র, তাদের একজন হচ্ছেন মহান শ্রীরামানন্দ রয়। শ্রীচৈতন্য মহাপ্রভূ যক্ষ্য দক্ষিণ-ভারত থেকে জগন্নাথপুরীতে ফিরে এলেন তথ্ন ভথনন্দ রামের সঙ্গে তাঁর প্রথম সাক্ষাৎ হয় বামানক রায় ডক্ষাও রাজকার্মে যুক্ত হিলেন, তাই ভবানক রায় মখন শ্রীটেডনা মহাপ্রভুর সঙ্গে সাক্ষাৎ করতে আন্দেন তথন তিনি তার অন্য চাল পুথাকে সঙ্গে নিয়ে প্রসাহিলেন আদের নাম—বাধীনাথ, গোপীনাথ, কলানিথি, মুগানিথি। ভবানক রায় এবং তাঁর পাঁচ পুরের বর্ণনা আদিলীনায় (১০/১৩০-১০৪) রয়েছে।

হোক ৫০

সার্বভৌম কহে,—এই রায় ভবা<del>নক</del> ৷ ইহার প্রথম পুত্র—রায় রামানক ॥ ৫০ ॥

শ্রোকার্থ

সার্বভৌম ভট্টাচার্য বললেন, "ইনি ডবানন্দ রায়। এরই জ্যেষ্ঠ পুত্র রামানন্দ রায়।"

(制本 4)

তবে মহাপ্রস্কু তাঁরে কৈল আলিসন । . স্তুতি করি' কহে রামানন-বিবরণ ॥ ৫১ ॥

গোকার্থ

তখন ব্রীট্রেডন্য মহাপ্রতু ভবামল রায়কে আলিঙ্গন করলেন এবং অনেক প্রশাসে। করে তিনি ভাকে রামানল রামের কথা ২লনেন।

क्षीक ६५

রামানক-হেন রড় যাঁহার তলয় ৷ তাঁহার মহিমা লোকে কহন না খায় ॥ ৫২ ॥

<u>ক্লোকার্থ</u>

গ্রীটেডনা মহাপ্রকু ভবানন্দ রায়ের প্রতি স্থতি করে বললেন, "রামানশের স্বতো রক্ত্র খার পুত্র, তার মহিমা এ জগতে বর্ণনা করা যায় না।

ক্লোক ৫৩

সাকাৎ পাণ্ডু তুমি, তোসার পদ্মী কুন্তী । পঞ্চপাণ্ডব তোমার পঞ্চপুত্র মহামতি য় ৫৩ ॥

শ্লোকার্থ

"আপনি সাক্ষাৎ মহারাজ পাশু, এবং আপনার পদ্ধীই হচ্ছেন কুন্তীদেবী। আপনায় পাঁচটি মহামতি পুত্র হচ্ছে পঞ্চপাশুর।"

**হোক ৫**8

রায় কহে,—আমি শৃদ্র, বিষয়ী, অধম। তবু ভূমি স্পর্শ,—এই উন্ধর-লক্ষণ ॥ ৫৪ ॥ শ্লেকার্থ

প্রীটেডনা মহাপ্রভুর এই স্তুতি-কাক্য ওনে ভবানন্দ কালেন, "আমি শুদ্র এবং বিষয়ী। অধম। এত অধঃপতিত হওলা সম্বেও আপনি আমাকে স্পর্ন করছেন আপনার এই করুপাই প্রমাণ করে যে অংপনি স্বরং ভগবান।"

खादशर्ध

**बीयज्ञ**भवस्थीलाव (a/১৮) बना इराउट्स-

শ্লোক ৫৪]

विमाविनग्रमण्यस्य ज्ञान्तरः शवि रुखिनि । छनि देहर समादक ह मिखाः मञ्जूषितः ॥

"তথ্যস্থী পণ্ডিত বিদা। ও বিনয়সম্পন্ন ব্রাহ্মণ, গাড়ী, হস্তি, কুকুর এবং চণ্ডাল, এদের সকলকে সমণ্টিতে দর্শন করেন।"

পারমার্থিক মার্থে দারা অনেক উয়ত, তারা মানুনের জড়জাগতিক অবস্থার নোন ওকত্ব দেন না, অতি উজ চিত্রায়ন্তরে অধিনিত বান্ধি চিত্রায় পরিচিতির পরিপ্রেক্তিত সকলকে দর্শন করেন, তাই তিনি বিশ্বান ব্রাক্ষণ কুকুর, চন্ডাল, অথবা অনা সকলের প্রতি সমন্টিসম্পার। তিনি ভাড় পরীরটি দর্শন করেন না, চিয়ার আধাকে দর্শন করেন। তাই ভবানন্দ রাম জীতিতনা মহাপ্রভুক মহিমা কীর্তিন করে বলেছিলেন তিনি (ভবানন্দ রাম) শৃত্র ও বিশ্বানী হওয়া সন্থেও জীতৈতনা মহাপ্রভু তাকে ভারজা করেনেনি, পকান্তরে তিনি অবে আলিক্ষন দান করে ধনা করেছেন। জীতিতনা মহাপ্রভু ভবানন্দ রাম ও তার পুত্র রামানন্দ রাম প্রমৃথদের অতি উন্নভ পারমার্থিক স্থিতির কথাই বিচার করেছিলেন ভগবানের সেকলবেও মনোভার এরকমই। তিনি জান্তি-দর্ম-নির্বিশ্বেমে সমন্ত জীবকে আজা দান করেন। সন্তক্ত সমন্ত মানুষকেই উদ্ধান্ধ করেন এবং পারমার্থিক ভবে অধিনিত হতে অনুপ্রণিত করেন। এই ধরনের ভগবান্তকের শর্ণাগত হওয়ার ফলে জন্ম সার্থক হয়। সেই সমন্ধে জীমন্তাগবন্তে (২/৪/১৮) বলা হয়েছে—

कित्राज-वृत्ताक्क-शृतित्य-शृक्षना आजीत-छडा धतमाः चनापरः । राष्ट्रामा ह शाशा वर्ष्मभाषातास्याः छशाति छटेच अजनिकटन मगः ॥

"কিরাউ, হুন, অক্স, পুলিদ, পৃক্ষশ, আজীর, গুৱা, যথন, খস ইত্যাদি জাতি এবং অন্য সকলে যারা নানারকম পাপকর্মে লিপ্ত, তারাধ ভগবস্তুক্তের চরণাপ্রায় গ্রহণ করার ফলে সমস্ত পাপ থেকে বৃক্ত হলে নির্মল হতে পারে। সেই মহান ভক্তের শ্রীচরণে আমার প্রথতি নিকেন্দ্র করি।"

যিনি পরনেশ্বর ভগবান অথবা তার শুদ্ধভারে শরণ গ্রহণ করেন, তিনিই সমস্ত জড় কলুব থেকে মুক্ত হয়ে চিত্ময় স্তরে উরীত হন। সেই কথাও ভগ*বদ্গীতায়* (১/৩২) প্রতিপর হয়েছে—

> गार हि भार्थ साभाञ्चिक एक्शि मृह भाभरयानग्रह । जिसा रेक्शांकथा मुजरक्शि वाछि भवार गाठिम ॥

"হে পার্থ নীচ কুলোডুও স্থী, কৈশা এবং শৃক্তও বদি আমার শ্বণদাও হয়, অহলে ভারাও পরমগতি লাভ করে "

### **ट्यांक** ६६

নিজ-গৃহ-বিত্ত-জ্ঞুত্য-শৃঞ্চপুত্র-সনে । আত্মা সমর্গিলু আমি ভোমার চরণে ॥ ৫৫ ॥

### শ্ৰোকাৰ্থ

শ্রীট্রৈডন্য মহাপ্রভূর করুণার শ্বীকৃতি প্রদর্শন করে ভবানন্দ রাম করনেন, "আনর গৃহ, ধন-সম্পদ, বিদ্য এবং পধ্যপুরসহ আমি নিজেকে ভোমার চরণে সমর্গণ করনাম।

### ভাৎপৰ্য

এইটিই শ্রুণাগতির পছ।। খ্রীল ভাতিবিনেস ঠাকুর গেরেছেল—

"মানস, সেহ, গ্রেছ, যো কিছু মোর । অপিনু ওুনা পদে নন্দকিশোর চ"

কেউ যথম তগৰানের প্রীপাদপথ্যে শরণ গ্রহণ করেন, তখন তরে যা আছে সেই সব কিছু দিরো—তাদ গৃহ তাম দেই, তার মন সবকিছু ওার চরশে নিবেদন করে ওার শরণ গ্রহণ ফারেন তগরালের শরণাগত হওয়ার পথে যা কিছু প্রতিবছক অর্থাং যা কিছু আসকি তা সগই তংগ্রাণাং তগরালের চরণে নিবেদন করতে হয়। কেউ যনি তার পরিশারের সমালকে নিয়ে গুগগালের শরণাগতে হন, তাহলে তার নল্লাম গ্রহণ করার আর কোন প্রয়োজন থাকে না কিন্তু তথাক্ষিত পরিবারের সনসাল্ল যদি ভগবত্বতিন পথে প্রতিবছক হয় ভাইলে ভগরানের চরণে সম্পূর্ণভাবে শরণাগত হওয়ার ফান তংকণাং তাদেন ত্যাগ করা উচিত্ত

### স্থোক ৫৬

এই বাণীনাথ রহিবে ভোমার চরণে। যবে যেই আজ্ঞা, ভাহা করিবে সেবনে ॥ ৫৬ ॥

### লোকার্থ

ভবানন্দ রায়ে বচলেন, "আমার এই পূত্র বালীনাখকে আমি আগনার শ্রীপাছপথে অর্পন করলাম। অংপনি যথন তাকে যা আদেশ করবেন, মেই অনুসারে সে সর্বজন আগনার সেবা করবে।"

### त्हांक ६१

আজীয়-জ্ঞানে মোরে সঙ্গোচ না করিবে। যেই ধবে ইচ্ছা, তবে সেই আজ্ঞা দিবে॥ ৫৭॥ <del>য়োকার্থ</del>

"হে প্রস্কু, আমাকে আপুনার আস্থীয় বলে মনে করুল আপনি নিঃসজোচে যখন খা ইক্ষা হবে সেই আদেশ দেবেন।"

প্লোক ৫৮

প্রভূ করে,—কি সম্নোচ, তুমি নহ পর ! জন্ম জন্মে তুমি আমার সবংশে কিন্তর ৷ ৫৮ ৷৷

হোকার্থ

প্রতিতন্য মহাপ্রস্কৃতবন ভবনেশ রালকে বললেন, "তোমার সকে আমার সঙ্কোচ কি ? ভূমি জামার পর নও। ককে কবে সবংশে ভূমি আমার দাস

বোক ৫৯

দিন-পাঁচ-সাত ভিতরে আসিবে রামানদ ৷ তাঁর সঙ্গে পূর্ণ হবে আমার আনন্দ ॥ ৫৯ ॥

গ্রোকার্থ

"পাঁচ-সাও দিনের ভিতর রয়োনন্দ রায়- এখানে আস্বে: এবং সে এগে ভার সদলাভে আমার জানক পূর্ণকা প্রাপ্ত হবে।"

> শ্ৰেষ্ট ৬০ কাৰে কৈল

এত বলি' প্রভূ তাঁরে কৈল আলিগদ ৷ তাঁৰ পুত্র সৰ শিরে ধরিল চরণ ॥ ৬০ ॥

গ্ৰোকাৰ্থ

এই বলে ঐতিভাগে মহাপ্রমূ ভ্রমানন্দ রায়কে আলিমন করলেন, এবং তার পূত্রদের মন্তবে তার প্রিপাদপদ্ম স্পর্শ করালেন।

গ্লোক ৬১

ভবে মহাপ্রভূ তাঁরে ষরে পাঠাইল। বাণীনাথ-পটনায়কে নিকটে রাখিল ॥ ৬১ ॥

হোকার্থ

ভারপর ব্রীচৈতন্য মহাপ্রভু ভন্যনন্দ রায়কে ভার গৃহে পাঠালেন, এবং বাণীনাথ পট্ট নায়ককে ঠার কাছে রাখলেন।

হোক ৬২

ভট্টাচাৰ্য সৰ লোকে বিদায় করাইল ৷ তবে প্রভূ কালা-কৃষ্ণনাসে বোলাইল ॥ ৬২ ॥

### শ্রোকার্থ

সার্বভৌম ভট্টাচার্য তখন সকলকে বিদায় দিলেন। প্রীচেতন্য মহাপ্রভু কালাকৃক্ষাসকে ভাকালেন।

### প্লোক ৬৩-৬৫

প্রভু করে—ভট্রাচার্য, শুনহ ইহার চরিত।
দক্ষিপ নিয়াছিল ইহ আমার সহিত 1 ৬৩ ॥
ভট্রপারি-কাছে গোলা আমারে ছাড়িয়া।
ভট্রপারি হৈতে ইহারে আনিপুঁ উদ্ধারিয়া ॥ ৬৪ ॥
এবে আমি ইহাঁ আনি' করিলাঙ বিদায়।
যাহাঁ ইচ্ছা, যাহ, আমা-সনে সাহি জার দার 1 ৬৫ ॥

### য়োকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রয় বলকেন, "ভট্টাচার্য, এই লোকটির চরিত্র কেমন শোল—সে আমার সক্ষে দক্ষিণ-ভারতে বিয়েছিল। কিন্তু সে যখন আমাকে ছেড়ে ভট্টথারিদের কাছে চলে যায়, তখন আমি একে ভট্টথারিদের কাছ থেকে উদ্ধার করে নিয়ে আসি। এখন আমি একে বিদার দিতে চাই। তার যেখানে ইছো সেখানে যাক। এর প্রতি আর আমার কোন সায়-সানিত্ব সেই "

### ভাৎপর্য

কালাপুয়াদাসকৈ ভট্টিথারি নামক যাদাপরেশ খ্রীলোকেল খ্রলোকন দেশিয়ে গ্রন্থ করেছিল।

গাদা এত প্রবল যে—কালাক্যালস প্রীচিতনা মহাপ্রকৃষ্ণ সন্থ তাগে করে, যাঘারর নামণীনের

সন্ত পরিছেল জীব তাব পুন্দ কাতন্ত্রের ফলে, প্রীচিতনা মহাপ্রকৃষ্ণ সন্থ লাভ করা

সন্তেও মাদার দালা প্রলোজিত হয়ে মহাপ্রকৃষ্ণ সন্ধ তাগা করতে পারে। মাদার প্রভাবে যে

সাক্র্যাভাবে গোছিত খ্রোছে সেই দুর্ভাগাই কেবল প্রীচিতনা মহাপ্রকৃষ্ণ সন্ধ ত্যান করতে

পারে অত্যান্ত সাবধান না হলে, মাদা যে কাউকে তাল কাছে টেনে নিকে পারে, এফার্কি

তিনি যদি চৈতনা মহাপ্রকৃষ্ণ বাজিগাত নেবলও হন তাকেও। সূতরাং অন্যান্তর আর কি

কালা ভট্টিথারিরা তাদের স্থীলোকদের প্রলোজন দেশিয়ে তাদের সংখ্যা যুদ্ধি করত।

এর পোরে স্পট্টভাবে প্রমাণিত হয় যে ভাগানের সন্ধ থেকে যে কেউ, যে কোন সময়ে

অধ্যংগতিত হতে পারে কেবল তাল ক্ষুদ্ধ স্বাতান্ত্রের একটু অপব্যবহার করনেই হল।

ভগনানের সন্থ গোকে একবার বিভিন্ন হলে, জন্ত ক্লাণ্ডের দুইন দুর্দশা ভোগ করতে হয়।

মীটিতনা মহাপ্রভূ যদিও কালা কৃষ্ণানার্যক বর্জন করেছিলেন, তবুও থেকে আর একটি সুবোধ

দেওয়া হয়েছিল, যা গরবতী প্রোক্ষে কর্মিত হবে।

শ্লোক ৬৬

এত গুনি' কৃষ্ণদাস কান্দিতে লান্দিল। মধ্যাহ্ন করিতে মহাপ্রভু চলি' গেল ॥ ৬৬॥ লোকার্থ

মেই কথা ওনে কাল্যকৃষ্ণদাস ক্রন্তন করতে ওক্ত করলেন কিন্ত শ্রীচৈতন্য মহাপ্রভূ ভার সেই ক্রন্তনকে সম্পূর্ণভাবে উপেকা করে মধ্যান্ত করতে গেলেন।

শ্ৰোক ৬৭

নিত্যানন্দ, জগদানন্দ, মৃকুন্দ, দামোদর । চারিজনে যুক্তি তবে করিলা অন্তর ॥ ৬৭ ॥

হোকার্থ

তখন নিজ্যানক প্রস্কু, ছলানমেন্দ পণ্ডিত, মুকুন্দ এবং দামোদর পণ্ডিত, এই চানজানে মিলে যুক্তি করে একটি পরিকল্পনা করলেন।

### ভাৎপর্য

শহমেশর ভগবানও যদি কাউকে পরিতাপে করেন, কিন্তু ভগবস্তুন্ত তাঁকে পরিত্যাগ করেন না। তাই ভগবস্তুন্তনা ভগবানের থেকেও অধিক কৃপালু শ্রীনরোভম দাস ঠাকুর গোনোছেন—"ভড়িয়া বৈষ্ণথ সেবা নিস্তার পাএগাছে কেবা"। কাখনও কাখনও ভগবান মতাত কঠোর হতে পারেন, কিন্তু ভগবস্তুক্ত সর্বদাই দয়াময় তাই কালাকুকাদাস এইভাবে উপরোক্ত চারক্রন ভতের কৃপা কাভ করেছিলেন।

ক্ষোক ৬৮-৭০
গৌড়দেশে পাঠাইতে চাহি একজন ।
ভাই কৈ কহিবে যাঁই, প্রভুর আগমন ॥ ৬৮ ॥
অবৈত-শ্রীবাসাদি বত ভক্তগর ।
সবেই আসিবে গুনি' প্রভুর আগমন ॥ ৬৯ ॥
এই কৃষদাসে দিব গৌড়ে পাঠাঞা ।
এত কহি' তারে রাখিলেন আশ্বাসিয়া ॥ ৭০ ॥

### গ্রোকার্থ

এই চারজন ভগৰন্তক বিবেচনা করলেন, "শচীমাতাকে প্রীচেডনা মহাপ্রকৃত্ব জগদাথপুরীতে প্রভাগমনের কথা জনোবার জন্য আমরা কভিকে গৌড়-বঙ্গে পাঠাতে চহি জীঅহৈত আচার্য প্রভু, প্রীবাস প্রভু প্রসুখ সমস্ত ভক্তরাও তাঁর আগমন বার্তা পেয়ে স্কাগমথপুরীতে আসবেন। সুজ্রাং এই কৃষকাসকে দিয়ে আমরা গৌড়ে খবর পাঠাব।" এই বলে ভারা কালাকৃষকাসকে আশাস দিলেন।

### ভাহপর্য

শ্রীটেতন্য মহারতু ভাকে পরিভাগে করেছেন বলে, কালাকৃঞ্জান অত্যন্ত দুংখিত হয়ে এন্দন

শ্ৰোক ৭০

*(*क्षाक ५-७)

করতে ওরা করেন। তাই ভগবস্তুক্তরা তার প্রতি কৃপা–পরামণ হয়ে তাকে আখাস দেন এবং ভগবানের সেবা চালিয়ে যেতে অনুগ্রাণিত করেন।

**রোক ৭১-৭৩** 

আর দিনে প্রভুষ্থানে কৈল নিবেদন ।
আজা দেহ' গৌড়-দেশে পাঠাই একজন ॥ ৭১ ॥
ডোমার দক্ষিণ গমন শুনি' শুটী 'আই' ।
অধ্যৈতাদি ভড়ে সৰ আছে দুঃখ পাই' ॥ ৭২ ॥
একজন যাই' কত্ত্ শুভ সমাচার ।
প্রভ কহে.—সেই কর, যে ইচ্ছা ভোমার ॥ ৭৩ ॥

### ৱোকার্থ

তার পরের দিন সমস্ত ভর্তনা শ্রীটেডনা মহাপ্রভুকে অনুরোধ করলেন, "তুমি যদি আদেশ দাও তাহলে আমরা কাউকে বলদেশে পাঠাই। তোমার দক্ষিণে অওয়ার সংকাশ পেয়ে শ্রীমাতা এবং অভৈতানি ভক্তগণ অভান্ত দুর্যখিত হত্তে রয়েছেন। একজন কেউ নিয়ে তোমার ফিরে আসায় শুশু সংবাদ দান কক্ষক। শুখন শ্রীটেডনা মহাপ্রভু বললেন, "তোমানের যা ইত্যা তাই কর।"

শ্লোক ৭৪

তবে সেই কৃষ্ণনাসে গৌড়ে পাঠাইল ৷ বৈষ্ণব-সবাকে দিতে মহাপ্রসাদ দিল ॥ ৭৪ ॥

आकार्य

তথম তারা সেঁই কালাকৃষ্ণদাসকে বন্ধদেশে পাঠালেন এবং সমস্ত বৈশ্ববকে দেওয়ার জন্য তার সঙ্গে মহাপ্রসাদ দিলেন।

শ্ৰোক ৭৫-৭৬

তবে গৌড়দেশে আইলা কালা-কৃষ্ণদাস ।
নবদীপে গেল তেঁহ শচী আই-পাশ ॥ ৭৫ ॥
মহাপ্রসাদ দিয়া তাঁরে কৈল নমস্কার ।
দক্ষিণ হৈতে আইলা প্রভ্,—কহে সমাচার ॥ ৭৬ ॥

### হোকার্থ

তথ্য কালাকৃষ্ণদাস গৌড়দেশে নবদীপে শটামাডার কাছে এলেন। তাঁকে কালাবদেবের মহাপ্রমাদ দিয়ে প্রণতি নিবেদন করে জীটেডনা মহাপ্রভুর দক্ষিণ থেকে ফিরে আসার সংবাদ দিলেন (料本 99-50

শুনিরা আনন্দিত হৈল শচীমাতার মন ৷
শ্রীবাসাদি আর যত যত ভক্তগণ ৷৷ ৭৭ ৷৷
শুনিরা সবার হৈল পরম উল্লাস ৷
শুনিরা সবার হৈল পরম উল্লাস ৷৷ ৭৮ ৷৷
শুনিরত-আচার্য-গৃহে গোলা কৃষ্ণদাস ৷৷ ৭৮ ৷৷
শুনিরে প্রসাদ দিয়া করি' নমস্কার !
সম্পৃক্ কহিল মহাপ্রভুর সমাচার ৷৷ ৭৯ ৷৷
শুনি' আচার্য-গোসাঞির আনন্দ ইইল ৷
প্রেমারেশে ভ্রার বহু নৃত্য-গীত কৈল ৷৷ ৮০ ৷৷

ক্লোকার্থ

সেই ওয়া সংবাদ পেয়ে শচীমাতা অতান্ত আনন্দিতা হলেন এবং শ্রীবাস ঠাকুর প্রামুখ নবন্ধীশের সমস্ত ভক্তরা শ্রীটেডন্য মহাপ্রভুর স্বাস্থাগপুরীতে ফিরে আসার সংবাদ পেয়ে পরম উল্লেসিড হলেন। ভারপর কালাকৃষ্ণদাস পান্তিপুরে শ্রীঅবৈত আচার্যের গৃহে গিয়ে, ভাকে স্বাক্ষাধানের মহাপ্রসাদ নিয়ে প্রথমি নিবেদদ করে শ্রীটেডন্য মহাপ্রভুর সমস্ত সংবাদ সবিস্তারে বর্ণনা করলেন। ভা ওনে অবৈত আচার্য প্রভুর মহা আনন্দ হল এবং প্রোবাশে হক্ষার করে ভিনি বহুক্রণ নৃত্য-গীত করলেন।

রোক ৮১-৮৫

হরিদাস ঠাকুরের হৈল পরম আনন্দ !
বাস্থেব দত্ত, ওপ্ত মুরারি, সেন শিবানন্দ ! ৮১ !!
আচার্যরম্ম, আর পণ্ডিত ব্যোশ্রর !
আচার্যনিধি, আর পণ্ডিত গদাধর !! ৮২ ৷৷
শ্রীরাম পণ্ডিত, আর পণ্ডিত দামোদর !
শ্রীমান্ পণ্ডিত, আর বিজয়, শ্রীধর !! ৮৩ ৷৷
রামবপণ্ডিত, আর আচার্য নন্দন !
কতেক কহিব আর যত প্রভুর গণ !! ৮৪ ৷৷
গুনিয়া সবার হৈল পরম উল্লাস ৷
সবে সেলি' গেলা শ্রীঅহৈতের পাশ !! ৮৫ !!

### হ্লোকার্য

সেই শুক্ত সংবাদ পোৱে হরিদাস ঠাকুরের পরম আনন্দ হল। বাসুদেব দত্ত, মূরারি শুশু, শিবালন্দ সেন, আচার্যরত্ত্ব, বক্ষেল্যর পশুন্ত, আচার্য নিধি, গদাধর পশুত, শ্রীরাম-

শ্ৰোক ৯৩

পশুত এবং শ্রীদামোদর পশুত, শ্রীমন্ পশুত, বিজয়, শ্রীধর, রাষর পশুত, অধৈত আচার্যের পুত্র আদি শ্রীচৈতন্য মহাপ্রভুর যত ভক্ত ছিলেন, সকলেই সেই সবোদ পেরে পরম উল্লাসে শ্রীতট্যৈত আচার্যের গৃহে প্রকেন।

> শ্লোক ৮৬ আচার্যের সবে কৈল চরণ করন। আচার্য-গ্লোসাঁই সবারে কৈল আলিঙ্গন I ৮৬ II

> > গ্ৰোকাৰ্থ

ডারা সকলে শ্রীতাছৈত জাচার্য প্রভূত্ত শ্রীপাগপন্ধ কদনা করপেন, এবং ভাষেত জাচার্য প্রভূ তথ্য ভাষেত্র সমালকে আলিজন করপেন।

শ্লোক ৮৭

দিন দুই-তিন আচাৰ্য মহোৎসৰ কৈল। নীলাচল ঘাইতে আচাৰ্য যুক্তি দৃঢ় কৈল ॥ ৮৭ ॥

स्रोकार्ध

ভখন আহৈত আচাৰ্য প্ৰজু দু-তিন দিন ধৰে মহোধনৰ কমলেন। ভারপায় তিনি সকলকে মিয়ো মীলাচলে যাওয়াৰ যুক্তি কমলেন:

কোক ৮৮

সং মেলি' নবদীপে একত ইঞা ৷ নীলান্তি চলিল সচীয়াতার আক্রা লঞা ৷ ৮৮ ৷৷

য়োকার্থ

সমন্ত ভক্তরা নবছীপে একত্রিত হলেন এবং শচীমতোর অনুমতি নিয়ে ক্ষণায়াধপুরীতে চলকেন।

শ্ৰোক ৮৯

প্রভুর সমাচার শুনি' কুলীনপ্রামবাসী । সত্যরাজ্ব-রামানক মিলিলা সবে জাসি' ॥ ৮৯ ॥

গ্লোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রভুর জ্বারাখপুরীতে বিরে আসার সবেদ পেরে কুলীন রামবাসী সভারাজ-রামানক প্রমুখ সমস্ত শুক্তবর্গ শ্রীঅট্ডের জাচার্যের সঙ্গে মিলিত হলেন।

(計画 90

মুকুন্দ, নরহরি, রযুনন্দল খণ্ড হৈছে । আচার্যের ঠাঞি আইলা নীলাচল মহিতে ॥ ১০ ॥ লোকার্থ

মৃকুন্দ, নরহরি এবং ব্রঘুনন্দন প্রমুখ সমস্ত ভক্তরা নীলাচলে বাধ্যয়ার জন্য শ্রীখণ্ড থেকে নীশ্রট্যেত আচার্য প্রভুর কাছে এলেন।

শ্লোক ৯১

সেকালে দক্ষিণ হৈতে পরমানকপুরী ৷ গলাতীরে তীরে আইলা নদীয়া নগরী ৷৷ ১১ ৷৷

য়োকার্থ

সেই সময় পরমানকপূরীত দক্ষিণ ভারত থেকে গলার তীরে তীরে ত্রমণ করে দদীয়া নগরীতে এনে উপস্থিত হলেন।

(ओक केर

আইর মন্দিরে সূথে করিলা বিশ্রাম ৷ আই তাঁরে ভিকা নিলা করিয়া সন্মান !৷ ৯২ ৷৷

য়োকার্থ

পরমানন্দপূরী নবস্থাপে দঠীমাতার গৃহে এসে সূথে বিশ্রাম করদেশ। শচীমাতা তাকেঁ অনেক সম্থান করে ডিফা দিকোন।

শ্লোক ৯৩

প্ৰভুৱ আগমন ভেঁহ ভাহাঞি গুনিব । শীয় নীলাচল বহিতে তার ইচ্ছা হৈল ॥ ১৩ ॥

গ্লোকার্থ

শটিয়েতার গৃত্তে অবস্থান করার সময় প্রমানন্দশ্রী জীচৈতন্য মহাপ্রকৃষ ভগায়ংগপূরীতে প্রভাগমনের সংবাদ পেলেন এবং তিনি তৎক্ষণাৎ নীলাচলে যেতে মনস্থ করলেন

(制本 28

প্রভুর এক ভস্তা—'দ্বিজ্ঞ কমলাকান্ত' নাম । ভারে লএর নীলাচলে করিলা প্রয়াশ ॥ ১৪ ॥

হোকার্থ

হিন্ত কমলাকান্ত নামক শ্রীচৈতন্য মহাপ্রস্কুর এক তক্ত ছিলেন পরমানন্দপুরী তাঁকে নিয়ে নীলাচলে যাত্রা করলেন।

শ্লোক ১৫

সত্তবে আসিয়া তেঁহ মিলিলা প্রভূরে । প্রভূর আনন্দ হৈল পাঞা ভাঁহারে ॥ ১৫ ॥

শ্ৰেক ১০০

শ্লেকার্থ

তিনি শীয়াই প্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে এমে মিশিত হলেন এবং তাকে পোরে প্রীচিতন্য মহাপ্রভুর অভ্যন্ত আনদ হল।

শ্লোক ৯৬

প্রেমাবেশে কৈল জার চরণ কলন। তেঁহ প্রেমাবেশে কৈল প্রতৃরে আলিক্স ॥ ৯৬ ॥

ল্লোকার্ঘ

শ্রেমাবেশে রীটেডন্য মহাপ্রভূ পরমানত্বপুরীর পাদপদ্ম কথনা করকেন এবং পরমানত্বপুরী ভাকে গভীর প্রোয়ে আলিকন করকেন:

শ্ৰোক ৯৭

প্রভূ কহে,—তোমা-সঙ্গে রহিতে বাঞ্ছা হর ৷ মোরে কৃপা করি' কর নীলাত্রি আতাম ॥ ১৭ ৷৷

শ্লোকার্থ

থ্রীটেডন্য মহাপ্রত্ম উাত্তে বললেন, "আমার খুব ইচ্ছা থে, আপনার সদে থাকি। ভাই আমাকে কৃপা করে আপনি জগ্যাথপুরী আশ্রত করণ।"

রৌক ৯৮

পুনী কৰে,—ভোমা-সকে রহিতে বাঞ্ছা করি'। গৌড় হৈতে চলি' আইলাগু নীলাচল-পুরী ॥ ৯৮ ॥

त्रांकार्थ

পরমানকপুরী উত্তর দিকেন, "আমিও ডোমায় সঙ্গে থাকতে চাই। তাই আমি গৌড়বক থেকে জগনাথপুরীতে এসেছি।

(訓本 みか-200

দক্ষিণ হৈতে শুনি' তোমার আগমন ।
দটী আনন্দিত, আর যত ভক্তগণ ॥ ১৯ ॥
সবে আসিতেছেন ভোমারে দেখিতে ।
তাঁ সবার বিলম্ব দেখি' আইলাঙ ছরিতে ॥ ১০০ ॥

প্লোকার্থ

"দক্ষিণ থেকে ভূমি ফিরে এসেছ ওলে শ্রীমাডা এবং সমস্ত ভক্তরা আনন্দিত হয়েছেন।

ভারা সকলে ভোষকে দেখতে আসছে। কিন্তু ভাদের আসার বিলম্ব দেখে আমি ভাডাভাডি চলে ধলাম।

(割4 202

কাশীমিশ্রের আবাসে নিড়তে এক ঘর ৷ প্রভু তাঁরে দিল, আর সেবার কিন্তর ॥ ১০১ ॥

শ্ৰোকাৰ্থ

তার খাকোর জন্য শ্রীচৈডনা মহাপ্রস্কু কাশীমিশ্রের গৃহে একটি নিরিবিলি হর দিদেন এবং তার সেবার জন্য একজন ভূষ্য দিলেন।

শ্ৰোক ১০২

আর দিনে আইলা স্বরূপ দামোদর ৷ প্রভুর অভ্যন্ত মর্মী, রসের সাগর ৷ ১০২ ৷

য়োকার্থ

ভার পরের মিন স্বরূপ সামোদরও সেখানে এসে উপস্থিত হলেন ভিমি ছিলেন শ্রীক্রেন্য মহাপ্রকৃত্ব একজ্বল অভি অন্তর্গ বন্ধু এবং ভগনং-প্রেম্রূপ রসের সাগর

ভাৎপর্য

শোরে যে সন্তব্দ মৃশুন এবং উপবাস ইত্যাদি করার নির্দেশ রয়েছে, সেগুলি ক্যাবাদের পরেক্ষে নির্দেশ। কিন্তু ভগবানের প্রসাদ গ্রহণ করা ছিল মহাপ্রভাব সাক্ষাই আদেশ তাই স্বাভাবিকভাবেই ভজ্জরা প্রসাদ গ্রহণ করাকেই তাঁদের প্রধান কর্তব্য বলে মনে করেছিলেন।

#### (対す ) > 8

তাহাঁ উপৰাস, যাহাঁ নাহি মহাপ্ৰসাদ। প্ৰভূ-আজ্ঞা-প্ৰসাদ-ভ্যাগে হয় অপরাধ ॥ ১১৪ ॥

#### শ্লোকাৰ

"বেখানে মন্ত্রপ্রসাদ নেই সেখানেই উপবাদ করতে হয়, কিন্তু ভগবান নিজে যখন প্রসাদ প্রহণ করতে কলছেন, তখন সেই প্রসাদ যদি ত্যাগ করা হয় ভাহলে অপরাধ হয়

#### (副本 226

বিশেষে শ্রীহন্তে প্রভু করে পরিবেশন । এক লাভ স্থাড়ি' কোন করে উপোষণ ॥ ১১৫ ॥

#### লোকার্থ

"বিশেষ করে শ্রীটেডনা মহাপ্রভূ ঘর্ষন নিজের হাতে সেই প্রসাদ পরিবেশন করছেন, তথন সেই পরম সৌভাগ্য ভ্যাগ করে কে উপবাস করবে স

#### <u>ভোক ১১৬</u>

পূর্বে প্রভূ মোরে প্রসাদ-অন্ন আনি' দিল ৷ প্রাতে শব্যায় বসি' আমি সে অন্ন খাইল ৷ ১১৬ ৷

লেক ১২০ী

#### রোকার্থ

"পূর্বে একদিন সকালবেলা শ্রীচৈতন্য মহাপ্রভু আমাকে জ্বালাখনেকে মহাপ্রসাদ এনে দিয়েছিলেন, এবং আমি হাত মুখ পর্যন্ত না ধুরে শব্যায় বসে সেই প্রসাদ এক্ করেছিলাম

#### গ্লোক ১১৭

### যাঁরে কৃপা করি' করেন হাদরে প্রেরণ। কৃষ্ণাশ্রয় হয়, ছাড়ে কো-লোক-ধর্ম ॥ ১১৭ ॥

### শ্লোকার্থ

"দাকে কৃপা করে তিনি হুদরে প্রেরণা দেদ, তিনিই ঐকান্তিকভাবে কৃষ্ণের চরণে আগ্রায় গ্রহণ করেন এবং সবরকম বৈদিক আচার এবং কৌকিক আচার পরিভাগ করেন।

#### ভাৎপর্য

छगयन्गीछाट्छछ (১৮/७७) छगदान निर्मंत्र निरारक्न—

मर्वधर्याम् भतिजाका मारमकः भत्नकः श्रव । ध्यशः प्राः मर्वभाश्यरका स्मापनिकामि मा ७६३ ॥

"সর্গপ্রকার ধর্ম অনুষ্ঠান ভ্যাগ করে কেবল আমার শরণাগত হও। তাহলে আমি ভোমাকে সমস্ত পাপ থেকে মুক্ত করব, কোন ভয় কর না।" ভগবানের কৃপার প্রভাবেই কেবল ভগবানের প্রতি এইরকম মৃত বিশাস সম্ভব ভগবান সকলেরই হুলরে বিরক্তিমান এবং ভিনি যখন ওঁরে অন্তর্গ্যে অনুয়াণিত করেন তবন সেই ভক্ত বৈদিক আচার অথবা লৌকিক আচার অনুষ্ঠান না করে ভগবানের অপ্রাকৃত প্রেমমনী সেবার নিজেকে উৎসর্গ করেন। শ্রীমন্ত্রাগবত (৪/২৯/৪৬) থেকে উদ্ধৃত পানবতী লোকটিতে সেই তথ্ প্রতিপার হয়েছে।

#### (朝春 225

### যদা ঘমনুগৃত্যাতি ভগবানাস্মভাবিতঃ । স জহাতি মতিং লোকে বেদে চ পরিনিষ্ঠিতাম্ ॥ ১১৮ ॥

যদা—যবন; যম্—যাকে, অনুগৃত্যুত্তি—বিশেষ অনুগ্রহ প্রদর্শন করেন; ভগকন্—পরমেশর ভগবান, আত্মভাবিতঃ যিনি সকলের হাদরে বানে আছেন; স—দে, জহাতি—ভ্যাস করেন; মতিম্—হতি, লোকে—লৌকিক ব্যবহারে, বেদে—বৈদিক কর্মানুষ্ঠানে, চ—ও, পরিনিষ্ঠিতাম্—আসক

#### অনুবাদ

"কেউ যখন হৃদয়ে বিরাজমান ভগবানের শ্বারা অনুপ্রাণিত হন, তখন তিনি সবরকয় লৌকিল ব্যবহার এবং বৈদিক ক্যানুষ্ঠানের অপেকা ভ্যাস করেন।

#### **ভা**ংপর্য

নাত্রণ মৃনি মহারাজ প্রচীনবর্হিকে প্রস্তুনের উপাধান বর্ণনা করে এই নির্দেশটি দিয়েছেন। পরমেশন ভগনানের কৃপা বাতীত কেউই কর্মকাণ্ডের দুর্গতি থেকে ফুন্ত হতে পারেন না। নারদমূলি উপ্লেখ করেছেন (ভাগবত ৪/২৯/৪২ ৪) যে, ভগবানের কৃপা বাতীত ব্রহ্মা, রুদ্র, মনু, দক্ষানি প্রজ্ঞাপতি, চতৃঃসন, মর্থাচি, অব্রি, অঙ্গিরা, পুলস্তা, পুলহ, রুতু, ভৃত, বশিষ্ঠ এবং তিনি ম্বয়ং—কেউই জগবতম্বাঞ্জনে লাভ করতে পারেন নি

#### রোক ১১৯

তৰে রাজা অট্টালিকা হৈতে তলেতে আইলা । কাশীমিশ্র, পড়িছা-পাত্র, দূঁহে আনাইলা ॥ ১১৯ ॥

#### হোকার্থ

ভারপর মহারাজ প্রভাগরুত্র অট্রালিকার উপর থেকে নেমে এদেন এবং কাশীমিশ্র ও পড়িছাকে ভাকাকেন।

#### (別年 ライローライン

প্রতাপরুত্র আজা দিল সেই দুই জনে। প্রভূ-স্থানে আসিয়াছেন যত প্রভূব গণে ॥ ১২০ ॥ স্বারে স্বাছন্দ বাসা, স্বাছন্দ প্রসাদ। স্বাছন্দ দর্শন করাইছ, মতে যেন বাধ ॥ ১২১ ॥

#### ল্লোকার্থ

মহারাজ প্রতাপক্ষত্র শুক্ষন কংশীমিশ্র এবং দন্দিরের পড়িছাকে বললেন, "শ্রীচৈতনা মহাপ্রভুৱ কাছে ঠার হও ভক্ত ও পার্যদ এসেছেন, তালের সকলের থাকার জন্য স্বাচ্ছন্যপূর্ণ বাসস্থান ও প্রসালের ব্যবস্থা করুন; এবং তালের ভাল করে মন্দির দর্শন করান, বাতে তালের কোন অসুবিধা লা হয়

#### त्थाक ३३३

প্রভুর জান্তা পালিহ দুঁহে সাবধান ইএট । ভাজা নহে, ভবু করিহ, ইঙ্গিত বুনিয়া ॥ ১২২ ॥

#### হ্লোকার্থ

শ্রীচৈতনা মহাপ্রতুর আমেশ আপনারা ভালভাবে পালন করবেন। যদি তিনি আদেশ নাও দেন, ভবুও ইজিত কুরো তার যা প্রয়োজন তা সব সরবরাহ করবেন।"

#### **्रोक ३२०**

এত বলি' বিদায় দিল সেই দুই-জনে । সার্বভৌম দেখিতে আইল বৈঞ্চব-মিলনে ॥ ১২৩ ॥ [**अवा** 55

**টোকা**ৰ্য

এই বলে রাজা ভাদের দুজনকে বিদায় দিলেন। আর সার্বভৌম ভট্টাচার্য বৈক্ষবদের সঙ্গে প্রীচৈতনা মহাপ্রভুর মিলন দেখতে গেলেন।

(計本 ) 28

গোপীনাথাচার্য ভট্টাচার্য সার্বভৌম । দূরে রহি' দেখে প্রভুর বৈক্ষব-মিলন ॥ ১২৪ ॥

গ্ৰোকাৰ্থ

সোপীনাথ আচার্য এবং সার্বভৌম ভট্রাচার্য দৃর থেকে বৈক্ষবদের সঙ্গে জীচিতন্য মহাপ্রভুর মিলন দেখতে লাগলেন

(制本 255-259

নিংহছার ভাহিনে ছাড়ি' সব বৈধ্যবগণ । কানীমিশ্র-গৃহ-পথে করিলা গমন ॥ ১২৫ ॥ হেনকালে মহাপ্রভু নিজগণ-সঙ্গে । বৈষ্ণবে মিলিলা আসি' পথে বহরতে ॥ ১২৬ ॥

ছোকার্থ

সিংহ্যারকে দক্ষিণে রেখে সমস্ত বৈক্ষণণ কাশীমিখের গৃহের দিকে চললেন। সেই সময় ঐতিহতন্য মহাপ্রফুত তাঁর পার্যদদের সঙ্গে দিয়ে মহা আনক্ষে পথে বৈক্ষমদের সঙ্গে এসে মিকিত হলেন।

(関本 249-24)

অতৈত করিল প্রভুৱ চরণ কলন । আচার্যেরে কৈল প্রস্কু প্রেম-আলিগন ॥ ১২৭ ॥ প্রেমানন্দে হৈলা দুঁহে পরম অস্থির । সমর দেখিয়া প্রস্কু হৈলা কিছু বীর ॥ ১২৮ ॥

গ্ৰোকাৰ্থ

আহৈও আচার্য প্রভূ ইটিডেন্য মহাপ্রভূর চরণ কদনা করকেন, এবং গভীরভাবে শ্রীচেডনা মহাপ্রভূ তথন থাকে আলিগন করকেন। প্রেমানন্দে দূজনে পরম অস্থির হলেন, কিন্ত শ্রীচৈতন্য মহাপ্রভূ সেই পরিবেশের কথা বিচার করে নিজেকে সম্বরণ করকেন।

> প্রোকে ১২৯-১৩০ ত্রীবাসাদি করিল প্রভুর চরণ বন্ধন । প্রত্যেকে করিল প্রভু প্রেম-আলিকন ॥ ১২৯ ॥

একে একে সর্বভন্তে কৈল সম্ভাষণ । সবা লঞা অভান্তরে করিলা গমন ॥ ১৩০ ॥

শ্লোকার্থ

ভারপর শীৰাৰ আদি সমস্ত ভক্তরা একে একে প্রীচৈতন্য মহাপ্রভুর চরণ বন্দনা করপেন, এক মহাপ্রভূ ভাঁদের প্রত্যেককে গভীর প্রেমে আদিকন করলেন । এইভাবে তিনি একে প্রকে সমস্ত ভক্তদের সম্ভাষণ করদেন এবং ভারপর সকলকে নিয়ে গৃহাভ্যন্তরে গমন

(副章 202

মিলের আবাস সেই হয় অল্প ছান । অসংখ্য বৈষ্ণৰ ভাহাঁ হৈল পরিমাণ ॥ ১৩১ ॥

লোকার্থ

কাশীনিকার গৃহটি সম্প্র-পরিসর হলেও ভাতে অসংখ্য বৈকাবের বসবার হান হয়েছিল.

জোক ১৩২

আপন-নিকটে প্রভূ সরা বসাইলা । আপেনি প্রীহতে সরাহে মাল্য-গন্ধ দিলা ॥ ১৩২ ॥

শ্ৰোকাৰ্থ

ব্রীতিভনা মহাপ্রাকৃ সমস্ত ভক্তদের খাঁরে কাছে বদালেন এবং স্বহুত্বে মালা ও চন্দন নিলেন।

গ্লোক ১৩৩

ভট্টাচার্য, আচার্য ডবে মহাপ্রভুর স্থানে ৷ মধাযোগ্য মিলিলা সবাকার সনে ॥ ১৩৩ ॥

লোকার্থ

ভখন গোণীনাথ আচার্য এবং সার্বভৌম ভট্টাচার্য ঐতিহতন। মহাপ্রভূর স্থানে সমস্ত বৈক্ষাদের কথাকোল্য সম্ভাবণ করে উদ্দের সঙ্গে মিলিড হলেন।

(到本 508

অভৈতেরে কহেন প্রভূ মধুর বচনে । আজি আমি পূর্ণ ইইলাঙ তোমার আগমনে ॥ ১৩৪ ॥

ল্লোকার্ঘ

ইটিচতনা সহাত্তমূ অহৈছত আচাৰ্যকে অত্যন্ত সধ্বভাবে বললেন—"তোমার আগমনে আজ আমি পূর্ণ হলাম।"

(割本 286)

**শ্লোক ১৩৫-১**৩৬

অবৈত কহে,—ঈশবের এই স্বভাব হয়।
যদ্যপি আপনে পূর্ণ, সর্বৈশ্বর্যময় য় ১৩৫ ম
তথাপি ভক্তসঙ্গে হয় সুখোলাস।
ভক্ত-সঙ্গে করে নিভা বিবিধ বিলাস ম ১৩৬ ম

#### গ্ৰোকাৰ্থ

আহৈত আচার্য প্রভু উত্তর দিলেন, "পরযোগন প্রথবানের প্রমনই স্বভাব বদিও তিনি স্থাং পূর্ব এবং সকল ঐশ্বর্যমন্তিত তবুও তিনি উদ্ধ তব্তের সস লাভ করে মহা আনন্দ উপড়োগ করেন, এবং তাই তাঁর ভক্তদের সঙ্গে তিনি নিত্যকাল বিবিধ লীলা বিলাস করেন।"

রোক ১৩৭-১৩৮

বাসুদেব দেখি' প্রভু আনন্দিত ছঞা।
তাঁরে কিছু কহে তাঁর আদে হস্ত দিয়া 1 ১৩৭ ॥
যদ্যপি মুকুল—আমা-সঙ্গে শিশু হৈতে ।
তাঁহা হৈতে অধিক সুধ ভোমারে দেখিতে 1 ১৩৮ ॥

্ব্রার্ডা ক্লোকার্থ মুকুন্দ দরের পিতা বাসুদের দয়কে কেবে জভাস্ত আমন্দিত হয়ে তার গায়ে হাত দিরে শ্লীকৈতন্য মহাপ্রকৃ বলকোন—"সদিও মুকুন্দ জামার শৈশকের সাবী, তবুও ভার থেকে আপনাকে দেখে আমি কেনি আনক পাই।"

তাৎপর্য

ারে 🕵

বাস্পের দত্ত ছিলেন প্রীচেতনা মহাপ্রভূগ শৈশকের সাগী মৃকুন্দ দত্তের প্রিতা। বন্ধকে দেখে খাডানিকভাবে আনন্দ হয়, কিন্ত প্রীচেতনা মহাপ্রভূ এখানে বাস্পুদের দত্তকে বললেন, ভার শৈশকের বন্ধু মৃকুন্দ দত্তকে দেখে যে আনন্দ হয় তার গেকেন্ড আনেক বেশী অভ্যন্দ পান ভিনি যথন ভাকে দেখতে পান।

শ্ৰোক ১৩১

বাসু কংহে,—মুকুন আদৌ পাইল ভোমার সঞ্চ। ভোমার চরণ পাইল সেই পুনর্জন্ম ॥ ১৩৯ ॥

#### য়োকার্য

বাসুদেব দন্ত বললেন, "মৃকুন্দ যে শৈশব গেকে হোমার সঙ্গ লাভ করেছে এবং ডোমার শ্রীপাদপন্নে আশ্রয় লাভ করেছে, তার ফলে সে পুনর্জন্ম লাভ করেছে। (制本 )80

ছেট হঞা মুকুন এবে হৈল আমার ছোষ্ঠ । তোমার কুপাপাত্র তাতে সর্বগুপে শ্রেষ্ঠ ॥ ১৪০ ॥

শ্লোকার্থ

"তার ফলে গ্রেট ইয়েও মুকুন্দ আয়ার জ্যেষ্ঠ হল। সে তোমার কৃপাপাত্র, তাই সে সর্বওণে শ্রেষ্ঠ।"

(関本 282-284

পুনঃ প্রভু কহে—আমি জোমার নিমিজে।
দুই পুততক আনিয়াছি 'দকিপ' ইইতে ॥ ১৪১ ॥
বরূপের ঠাই আছে, লহু তা লিখিয়া।
বাসুদেব আনন্দিত পুত্তক পাঞা ॥ ১৪২ ॥

য়োকার্থ

প্রীটেডনা মহাপ্রকৃ ডাঁকে ৰক্তান্য, "আপনার জন্য আমি দক্ষিণ-ভারত থেকে দৃটি এছ নিয়ে এসেছিঃ সেই এছ দৃটি স্বশ্নপের কাছে রয়েছে, তা আপনি লিখে নিন " সেই প্রস্তু দৃটি পেয়ে বাসুদেব দক্ত অভ্যন্ত আনস্থিত ছবেদ।

গ্ৰোক ১৪৩

প্ৰত্যেক বৈষ্ণৰ সৰে লিখিয়া শইল ৷ ক্ৰমে ক্ৰমে দুই গ্ৰন্থ সৰ্বত্ত ব্যাপিল ॥ ১৪৩ ॥

স্থোকার্থ

সমস্ত বৈষ্ণাৰের সেই প্রস্থ লিখে নিলেন, ক্রমে ক্রমে সেঁই গ্রন্থ দৃটি (ব্রহ্মসংহিতা এবং কৃষ্ণাকর্ণামৃত) ভারতের সর্বন্ন ছড়িয়ে পড়ল।

(制本 788

শ্রীবাসাদো কহে প্রমু করি' মহাপ্রীত । তোমার চারি-ভাইর আমি ইইন বিক্রীত ॥ ১৪৪ ॥

ৰোকাৰ্থ

শ্রীবাস ঠাকুর এবং কাঁর ভাইদের উদ্দেশ্যে পভীর প্রীতি-সহকারে শ্রীচৈতন্য মহাপ্রভূ বললেব, "ভোমার চার ভাইদ্রের কাছে আমি বিভিন্ত হয়েছি।"

(到本 )84

শ্রীবাস কহেন,—কেনে কহ বিপরীত । কৃপা-মূল্যে চারি ভাই হই ভোমার ক্রীত ॥ ১৪৫ ॥ [平位 55

#### **দ্রোকার্থ**

শ্রীবাস ঠাকুর তথন তার উত্তরে বজলেন, "ভূমি কেন বিপরীত কথা কছে? প্রকৃতপক্ষে আমানের চার ভাইকে ভূমি তোমার কৃপারূপ মূল্য দিয়ে কিনে নিয়েছ।"

(学) >84->89

শন্তরে দেখিরা প্রভূ কহে দাখোদরে। সগৌরব-প্রীতি আমার তোমার উপরে ॥ ১৪৬ ॥ ওদ্ধ কেবল-প্রোম শহর-উপরে । অতথ্য তোমার সঙ্গে রাখ্য শহরে ॥ ১৪৭ ॥

#### গ্ৰোকাৰ্থ

শকরকে দেখে স্থীটেডন্য মহাপ্রমু দামোদককে বললেন, "তোমার প্রতি আমার শ্রীতি আহা এবং মর্যাদা মিশ্রিত কিন্তু শকরের প্রতি আমার শ্রেম ওছ এবং কডক্রেন্ড। তাই তুমি সব সময় ডোমার ছোট ভাই শকরকে তোমার সলে রেখো।"

#### **ভা**ংপর্য

এই লামোদর পণ্ডিত স্বরূপ দামোদর নন। সামোদর পণ্ডিত ছিলেন শাস্কলেব ব্যেটে প্রতার। মহাপ্রস্থ এগানে দামোদর পণ্ডিতকে কলদেন যে, তার প্রতি তার প্রেম নর্যাদা মিশ্রিত, কিন্তু তার কমিষ্ঠ প্রাতা শাস্করের প্রতি তার প্রেম শুদ্ধ এবং স্বত্যস্পূর্ত।

(श्रीक 585

দামোদর কহে, শঙ্কর ছোট আমা হৈতে। এবে আমার বড় ভাই ভোমার কৃপাতে । ১৪৮ ॥

#### ক্লোকাৰ্থ

দাযোদর পণ্ডিত ভার উত্তরে বললেন, "লছর যদিও আমার ছোট ভাই, কিছু জ্ঞাপদার বিশেষ কৃপা লাভ করার ফলে, আজ খেকে সে আমার বড় ভাই হল।

(新年 )8岁

শিবানশে কহে প্রভু,—ভোমার আমাতে । গাঢ় অনুরাগ হয়, জানি আগে হৈতে ॥ ১৪৯ ॥

#### লোকাৰ্থ

ভারপর শ্রীটেচতন্য মহাপ্রভু শিকানন্দ স্নোকে কনন্দেন, "আমি আগে খেকেই আনি যে, আমার প্রভি ভোমার অনুরাগ অভ্যস্ত গভীর।"

ह्यांक ३४०

ওলি' শিবানন্দ সেন প্রেমাবিষ্ট হওর । দশুবং হওর পড়ে শ্লোক গড়িয়া ॥ ১৫০ ॥

#### হোকার্থ

সে কথা শুনে শিবনেশ সেন প্রেমাবিট হয়ে একটি প্লোক আবৃত্তি করতে করতে ভূপতিত হয়ে সপ্তবং প্রথতি নিবেছন করলেন।

#### (制本 242)

নিমক্কতোহনত তবাৰ্ণবান্তশ্চিরায় মে কৃপমিবাসি লব্ধ: ৷ তুয়াপি লব্ধ: ওপবলিদানীমন্তমং পাত্রমিদং দয়ায়াঃ ॥ ১৫১ ॥

নিমজ্জত:—নিমজ্জিত, অনন্ধ—হে অনত, ভব-অর্থব-অন্তঃ—সংসার সমুখ্রে, চিরায়— বহুলাল পরে: মে—আবার, কৃষ্ণম্—কৃত, ইব—মতন, অসি—তুমি হও, লব্ধঃ—সদ্ধ, দ্বা—তোমার বারা, অপি—ও, লব্ধ্বযু—পদ্ধ হয়েছে, ভগবন্—হে প্রভু, ইদানীম্— সম্ভতি, অনুব্যম্—সর্বপ্রেষ্ঠ, পাত্রম্—পদ্ধ, ইদম্—এই, দ্যায়াঃ—তোমার কৃপা প্রদর্শন করার জনা।

#### অনুবাদ

"হে জনত। সংসার-সমূত্রে নিমন্ত্রিত থেকে বহুকাল পরে আগমাকে আমি কুল স্বরূপে লাভ করেছি! হে প্রভূ, আগনিও আমাকে লাভ করে সম্প্রতি আগমার সন্মান অভি উত্তয় পরে পেলেন।"

#### ভাৎপর্য

এই শ্লোকটি আলবন্দার যানুনাচার রচিত। জন্ম-মৃত্যু-জন্না-ব্যাধির দুংখ-দুর্দশারর সংসাধ-সমুদ্রে নিমন্ডিত হওরার করেও জগবানের সঙ্গে সন্দার্কের পূনং প্রতিষ্ঠা করা যায়। জড় জগতে চবালী লক্ষ জীবদেহ রয়েছে, তার মধ্যে কেবল মনুষ্যু-শরীর পাওয়ার ফলে জন্ম-মৃত্যুর বন্ধ্য থেকে মৃক্ত হওয়ার সুযোগ পাওয়া যায়। কেউ যথন জগবানের ভক্ত হন, তবন তিনি ভরবার সংসার সন্ত্র গেকে উজার লাভ করেন। দুঃখ-দুর্দশায়য় ভড় জগতে বেঁচে থাকার সংগ্রামে লিপ্ত অধ্যপতিত জীবদের প্রতি কুপা প্রদর্শন করতে জগবান সর্বদাই উপুখ। সে সম্বন্ধে জগবান (১৫/৭) বলেছেন—

भरेभवारत्यां कीवरतारक कीवज्ञाः मनाधनाः । भनः वर्षानीतिवानि धक्छित्रानि कर्षात्रः ॥

"জড়-জগতের বন্ধনে আবদ্ধ সমস্ত বন্ধ জীবেরাই আমার বিভিন্ন অংশ জড় জগতের বন্ধনে আবদ্ধ হরে পড়ার ফলে ভারঃ মনসহ ছটি ইন্দ্রিয়ের দ্বারা প্রকৃতিরূপ ক্ষেত্রক কর্ষণ করছে।"

এইভাবে প্রতিটি জীবই এই জড় জগতে কঠোর সংগ্রাম করছে। প্রকৃতপক্ষে জীব ভগবানের বিভিন্ন অংশ, এবং সে যখন পরমেশর ভগবানের শরণাগত হয়, তখন সে জন্ম-মৃত্যুর বছন থেকে মৃক্ত হয়। অধংপতিত জীবের প্রতি কৃপাগরায়ণ হয়ে ভগবান সর্বদাই এই ভবসমূদ্র থেকে জীবদের উদ্ধার করতে উদ্গ্রীব। জীব যদি তার অবস্থা সম্পর্কে অবগত হয়ে প্রয়েশ্বর ভগবানের শরণাগত হয়, তাহলেই তার জীবন সার্গক হয় অর্থাৎ সে জড় জগতের বছন থেকে মূক্ত হয়ে প্রকৃত আলয় ভগবানের পরম ধামে ফিরে যেতে পারে।

শ্লোক ১৫২

প্রথমে মুরারি তথ্য প্রভূরে না মিলিয়া। বাহিরেতে পড়ি' আছে দওবং হুঞা । ১৫২ ॥

ক্লোকাৰ্থ

মুরারি শুলু প্রথমে প্রীচৈত্তন্য মহাপ্রভুত্ত সঙ্গে মিলিক লা হয়ে দণ্ডবং প্রথতি নিবেদন করে বাইরে পড়েছিলেন।

গ্ৰোক ১৫৩

মুরারি লা দেখিয়া প্রস্তু করে অন্নেবণ । মুরারি লাইকে ধাঞা আইলা কহন্দন ॥ ১৫৩ ॥

श्रीकार्य

মুরারি ওপ্তকে দেখতে না পেরে জীচৈতন্য মহাপ্রভূ তার খোঁজ করতে লাগলেন। কখন মুরারি ওপ্তকে যুঁজাতে বহু ভক্ত ক্রন্ড গতিতে দর খেকে বেরিয়ে এলেন।

(前本 )48

তৃণ দুইওচ্ছ মুরারি দশনে ধরিয়া। মহাপ্রভূ আগে গেলা দৈন্যাধীন হঞা ॥ ১৫৪ ॥

মোকার্থ

দত্তে দৃইওক্ষ্ তৃপ ধারণ করে মুরারি ওপ্ত অভাক্ত দীনভাবে শ্রীচৈতন। মহাগ্রভুর সামধ্যে গোনেন

শ্লোক ১৫৫-১৫৬

মূরারি দেখিয়া প্রজু আইলা মিলিতে ।
পাছে ভাগে মূরারি, লাগিলা কহিতে ৫ ১৫৫ ॥
মোরে না ছুইহ, প্রভু, মৃঞ্জি ড' পামর ।
ভোষার স্পর্শযোগ্য নহে পাপ কলেবর ৪ ১৫৬ ৪

শ্লোকার্থ

মুরারি ওপ্তকে দেখে শ্রীটেচতন্য মহাপ্রভূ ভাকে আলিছন করতে গেলেন, কিন্তু মুরারি ওপ্ত সেখান থেকে পিছনে সরে গিয়ে বলতে লাগলেন—"প্রভূ আমাকে শর্শ করে। না, আমি অত্যন্ত ঘূণ্য। আমার এই পাগ কলেবর ডোমার শংশের ঝেগা নয়।" (割)本 309

প্রভূ করে,—মুরারি, কর দৈন্য সম্বরণ । ভোমার দৈন্য দেখি মোর বিদীর্ণ হয় মন ॥ ১৫৭ ॥

লোকার্থ

ইটিডেল্য মহাপ্রকৃ তথন বললেন, "মুরারি, সমা করে তৃমি ডোমার দৈন্য সবেরণ কর। তোমার এই দৈন্য দেবে আমার হুসমা বিদীর্থ হয়।"

শ্লোক ১৫৮

এত বলি' প্রকু তাঁরে কৈল আলিছন । নিকটে বসাঞা করে অঙ্গ সমার্জন ॥ ১৫৮ ॥

গ্ৰোকাৰ্থ

এই যদে গ্রীটেডন্য মহাপ্রভু মুরারিকে আলিস্ন করলেন এবং টাকে টার পালে বনিয়ে তাঁর থারে হাত বুলাতে লাগলেন।

(倒す )なみ-)かつ

আচার্যরম্ব, বিদ্যানিথি, পণ্ডিত গদাধর ৷ গঙ্গাদাস, হরিডট্ট, আচার্য পুরন্দর য় ১৫৯ ॥ প্রত্যেকে সবার প্রভু করি' গুণ গান ৷ পুনঃ পুনঃ আলিজিয়া করিল সম্মান য় ১৬০ য়

লোকার্থ

শ্রীচৈতনা মহাপ্রস্থ আচার্যরন্ধ, বিদ্যানিষি, গলাধর পণ্ডিত, গলাদাস, হরিডট্ট, আচার্য পুরাদর, এদের সকলের ওপগান করলেন, পুনঃ পুনঃ তাদের আলিক্ষন করে তাদের মহিচায়িত করলেন।

(割本 )も)

সবারে সম্মানি' প্রভুর ইইল উল্লাম । হরিদাসে না দেখিয়া কহে,—কাহাঁ হরিদাস ॥ ১৬১ ॥

**क्षाकार्थ** 

এইভাবে সকলকে সম্মান প্রদর্শন করে প্রীচৈতন্য মহাপ্রভূত পরম উল্লাস হল। তথন হরিদাসকে না দেখতে পেয়ে তিনি জিল্ঞানা করলেন, "হরিদাস কোথায়?"

শ্ৰোক ১৬২

দূর হৈতে হরিদাস গোসাঞে দেখিয়া । রাজপন্ধ-প্রান্তে পড়ি' আছে দশুবৎ হঞা ॥ ১৬২ ॥

শ্লোক ১৬২ী

9 byte

[34] 22

দূর থেকে খ্রীচৈতনা মহাপ্রভূকে দর্শন করে হরিদাস ঠাকুর রাজপাধের প্রান্তে দশুবৎ হয়ে পড়েছিলেন।

(当)本 200

मिलन-हारन व्याप्ति' शकुरत ना मिलिना । রাজপথ-প্রান্তে দূরে পড়িয়া রহিলা 🛚 ১৬৩ 🟗

যেখানে সমন্ত ভজারা জীতৈতন্য মহাপ্রভুত্ত সভে মিলিড হয়েছিলেন, হরিদাস মৈকুর নেখানে একে মহাপ্রকৃষ্ণ দক্ষে মিলিও না ছলে দূরে রাজপথের প্রান্তে পড়েছিলেন।

(明年 798

ডক্ত সৰ থাএগ অহিল হরিদানে নিতে। প্রভ তোমায় মিলিতে চাহে, চলহ দ্বরিতে 🛭 ১৬৪ 🗈

সমস্ত অক্তরা তথন হরিদাসকে দেওয়ার জন্য ছটে এলেন। তার কাচে বিয়ে তারা তখন বললেন—"মহাপ্রভু তোমার সঙ্গে মিঞ্চিত হতে চান। ভাড়াভাড়ি জার কাছে চল।"

आवि ३७४

হরিদাস কহে.—মৃঞি নীচ জাতি ছার ৷ মন্দির-নিকটে বাইতে মোর নাহি অধিকার 🗈 ১৬৫ 🗈

কোকার্থ

হবিদাস ঠাকুর তথন বদদেন, "আমি দীচ স্কান্তি এবং আমি অভান্ত অধঃশতিত। তাই যদিবের কাছে যাওয়ার অধিকার আমার নেই।"

कास्मर्ग

হরিদাস ঠাকুর এত উমত স্তরের বৈষধ্য ছিলেন যে, তাঁকে হরিদাস গ্যোখামী বলা হত, किन्नु छन्। आधारण मानुराव हिन्ताबारारक छिनि विहलिए कदर्स हाननि। छिनि अमन्दे মহান বৈক্ষম ছিলেন যে, তাঁকে 'ঠাকুর' ও 'গোসাঞি' বলে সম্বোধন করা হত;—এই উপাধি দৃটি সর্বোত্তম বৈষ্ণবের ক্ষেত্রে প্রয়োগ করা হয়। সাধারণত গুরুদেবকে এবং পরমহংসদের গোসাঞি এবং ঠাকুর বলা হয়। হরিদাস ঠাকুর পারমার্থিক মার্গের সর্বোচ্চ স্তরে অধিষ্ঠিত ছিলেন, কিন্তু যদিও শ্রীচৈডল মহাশ্রেড় করং ভাকে আহুন করেছিলেন তব্ও তিনি মন্দিরের কাছে যেতে চাইতেন না। জগরাথমন্দিরে একনও কেবল কর্ণাক্রম ধর্মবেলম্বী হিন্দুদেরই প্রবেশ করতে দেওয়া হয়। অন্যান্য জাতির মধ্যে বিশেষ করে

অহিন্দুদের যন্দিরে প্রবেশ করতে দেওয়া হয় না , এটি সেখানকার বহুদিনের প্রথা এবং ভাই শ্রীল হরিদাস ঠাকুর মন্দিরে প্রবেশ করার সমস্ত যোগ্যতা থাকা সম্বেও মন্দিরের কাছেও যেতেন না। একেই বলা হয় বৈষ্ণকের দীনতা

(数)本 シャネーファイ

নিভূতে টোটা-মধ্যে স্থান যদি পাঙ ৷ ভাহাঁ পড়ি' রহো, একলে কাল গোড়াঙ 🏾 ১৬৬ 🗈 জগন্নাথ-সেবকের মোর স্পর্শ নাতি হয় ৷ তাহা পড়ি' রহোঁ,—মোর এই বাঞ্চা হয় ॥ ১৬৭ ॥

ছরিবাস ঠাকুর তার মনোবাসনা বাক্ত করে কললেন, "উদ্যানের মধ্যে যদি আমি কোন মিতৃত ছান পাঁই, ভাহলে সেধানে একলা থেকে আমি কালযাপন করতে পারি। আমি এইভাবে দূরে থাকতে চাই, যাতে জগরাখের সেকছদের সলে আমার স্পূর্ণ না হয়, बहेरिट् **कामात वाजना।**"

(現金 76年

এই কথা লোক গিয়া প্রভূৱে কহিল ৷ ওনিয়া প্রভুন মনে বড় সূথ ইইল য় ১৬৮ য

ভক্তরা পিয়ে যখন বীঠৈতদা সহাপ্রভূকে সেই কথা বললেন, তখন মহাপ্রভূ অন্তরে व्यक्तव आनम्बद इरमा।

> (前年 )4岁 হেনকালে কালীমিল, পড়িছা,—পূই জন ৷ আসিয়া করিল প্রাভুত্ত চরণ কমন ॥ ১৬৯ ॥

> > প্রোকার্য

সেই সময় কানীমিশ্র ও মন্দিরের পড়িছা, দুজনে সেখানে এনে শ্রীচৈতনা মহাপ্রভুর वीचांप्रथम क्यान करताना।

(関本 290

সৰ্ব বৈষ্ণৰ দেখি' সূৰ বড় পাইলা 1 यथीरयाश भवा-अस्य व्यानत्क शिक्षिका ॥ ५०० ॥

য়োকার্থ

সমস্ত্র বৈক্ষবদের দেখে কাশীমিশ্র ও পড়িছা উভযেই অত্যন্ত আনন্দিত হলেন। বর্ণাযোগ্য সন্মান প্রদর্শন করে তাঁরা ভাঁচের সঙ্গে মিলিড প্রলেন।

ዓъሌ

(学) 393

ঐতিভন্তন চরিভায়ত

প্রভাগদে দুই ছানে কৈল নিবেদনে। थांख्या (पर:--- देक्करवत कति সमाधान ॥ ১৭১ ॥

शिया ५५

ভারা দৃত্তানে প্রীচৈডন্য মহাপ্রভূর কাছে নিকেন করপেন—"দরা করে আপনি আদেশ মিন মাতে আমরা এই সমস্ত বৈক্ষকের আহার এবং বাসক্লানের ব্যবস্থা করতে পারি।

গ্ৰোক ১৭২

সবার করিয়াছি বাসা-গৃহ-ছান । মহাপ্রসাদ সবাকারে করি সমাধান 🛚 ১৭২ 🖠

**টোকা**র্থ

"माज दिकागरमते वामञ्चारमत ग्रावद्यां कहा इरसाई धन्ध महाक्ष्मारमञ्ज जारामका कर्ता वंदशयह।"

(創本 590

প্রভ করে,—গোপীনাথ, হাহ' বৈষ্ণৰ লঞা 1 যাহাঁ যাহাঁ কহে বাসা, ভাইা দেহ' সঞা 🗈 ১৭০ 🗈

লোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রস্ত তখন গোপীমাথ আচার্যকে বসলেন, "কাশীমিল ও পড়িছা বেখানে এই সমন্ত বৈধাৰদের থাকার ব্যবস্থা করেছেল, সেখানে তুমি ঠানের নিয়ে যাও।"

(金) 本 398

মহাপ্রসাদার দেহ বাণীনাথ-শ্বানে। प्रव रिकारवर हैंरहा कविरव गमाधार**ा । >**98 ।।

গ্ৰেকাৰ্থ

ভারপর শ্রীটেডন্য মহাপ্রভু কাশীমিন্ত এবং মন্দিরের পড়িছাকে কললেন, "জগলাথদেবের মহাপ্রসাদ বাণীনাথকে দিন, সে ভাহলে সমস্ত বৈক্ষবদের তা পরিবেশন করার माशिष त्नरव।

> (到本 )94-)96 আমারে নিকটে এই প্রেপর উদ্যানে 1 একখানি ঘর আছে পরম-নির্জনে ॥ ১৭৫ ॥

সেই ঘৰ আমাকে দেহ' আছে প্ৰয়োজন ৷ নিভতে বসিয়া ভাহা করিব স্মরণ 🛭 ১৭৬ 🖠

শ্ৰোকাৰ্থ

"আমার গৃহের নিকটে এই পৃষ্ণের উদ্যানে এক পরম নির্জন স্থানে একখানি ঘর আছে। সেই ঘর্টি আপনারা আমাকে দিন। কেননা সেটির আমার প্রয়োজন আছে সেখানে নিভুতে ৰসে আমি ভগবামের শ্রীপাদপল্ল করব ে

ভাৎপর্য

'নিভূতে বসিরা ভাইা করিন স্থানগ'—শ্রীচৈতন্য মহাপ্রভুর এই উক্তিটি অত্যন্ত ভাৎপর্যপূর্ণ নিভাতে 'হত্তেক্তা মহাময়ে' কীঠন করে জীকুফের পাদপর স্থানগ কনিষ্ঠ অধিকারী ভাঙাদের অনুকরণীয়া নর। আমাদের সব সময় মনে রাখতে হবে যে, শ্রীটেডন্য মহাপ্রভু তাঁর নিজের জন্য অথবা হরিদাস ঠাকুরের জন্য সেই স্থানটি চেয়েছিলেন হঠাং হরিদাস ঠাকুরের মতো ভাগবতভরে উদ্লীও হয়ে নির্জন স্থানে 'ক্রেকুফা মহামন্ত' কীর্তন করে শ্রীকৃত্তের শ্রীলামলন্দ্র স্মর্য কর। স্থার মর। ছরিদাস ঠাকুরের মতো মহাভাগরত অথবা প্রীক্রৈতনা মহাপ্রভাই এইভাবে খারেন করতে পারেন।

সম্প্রতি আমি দেবছি, থাওর্জাতিক কৃষ্ণভাষনামৃত সংযের কিছু ভক্ত প্রচারকার্য পরিত্যাগ করে নির্মানে উৎসাহী হয়েছে এটি খুব ডাল লক্ষণ ন্যা খ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর কনিষ্ঠ অধিকারী ভক্তের নির্ম্জন ভজনের নিদা করেছেল - ওার প্রচিত একটি কবিতার তিনি লিখেছেন--"প্রতিষ্ঠার তরে নির্জনের ঘরে, তব হয়িনাম ধ্বেবল কৈতর"। কনিষ্ঠ অধিকারী ডাজের এই নির্জন জন্মদের অভিনয় প্রতিষ্ঠা লাজের জন্ম প্রভারতা মাত্র। কলিও অধিকারী ভক্তের পক্তে তা কখনই সন্তব নয়। কলিও অধিকারী ভারের পথের ওক্তদেবের নির্দেশ অনুসারে যথাসাধ্য পরিশ্রম করে স্রীচৈতন্য মহাপ্রভাগ বাণী প্রচাব করা অবন্য কর্তবা। ভগবড়কির পরিপক্ষ অসম্বার্ট কেবল প্রীটেডনা মহাপ্রভ व्यथना धनिनाम ठाकुरतत मराजा निर्धन ज्ञान बरम 'इरसकुका महामात्र' कीर्टन कहा थाए। প্রীচেতনা মহাতার যদিও ভগবান স্বাং, তবুও তিনি ছ'বছর ধরে ভারতের সর্বত্র প্রমণ করেছিলেন এবং ভারপর আমানের শিক্ষা দেওয়ার জন্য জগুৱাখলুরীতে ভাবসর গ্রহণ করেছিলেন। জগরাপপুরীতে অবস্থান কালেও ত্রীচৈতন্য মহাপ্রস্ত জগাণেথাদেবের মন্দিরে অগমিত ভক্ত নিয়ে মহা সংকীর্তন শিলাস করছেল অর্থাৎ পারুমার্থিক জীবনের শুকুরেট হরিদাস ঠাতৃরের অনুকরণ করা উচিত নয়। প্রথমে ভক্তিমার্গে উপ্লিড সাধন করতে হবে এবং প্রীচিতন্য মহাপ্রভূর অনুমোদন লাভ করতে হবে। তথনট কেবল নির্ভন স্থানে 'হতেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তন করে ভগবানের শ্রীপাদপর স্মরণ করা সম্ভব ইন্দ্রিয়খনি অভাস্ত প্রবল, এবং কনিষ্ঠ ভক্ত বদি হরিদাস ঠাকুরের অনুকরণ করতে যায়, তাহলে তার শত্রুরা (কাম, ক্রোথ, লোভ, মোহ এবং মাৎসর্য) ভাকে আক্রমণ করে পরাভূত করবে 'হরেকুফ্র মহানত্ত্ব' কীর্তন করার পরিবর্তে এই কনিষ্ঠ ভক্ত তথন কেবল যুমিয়ে যুমিয়ে নাক ডাকাবে

(製金 75年)

প্রচারকার্য উন্নত স্তরের ভক্তদের জন্য, এবং উন্নত ভক্ত যখন ভক্তিমার্গে আরও উন্নতি লাভ করে, তখন তিনি প্রচার কার্য থেকে অবসর গ্রহণ করে নির্জন স্থানে 'হরেকৃষ্ণ মহামন্ত্র' কীর্তন করতে পারেন। কিন্ত, কেউ যদি মহাভাগবতদের অনুকরণ করতে যায় তবে ভার অধঃপতন অবশাস্তাবী, ঠিক বৃশাবনের সহজিয়াদের মতো।

শ্লোক ১৭৭-১৭৮

মিশ্র কহে,—সব তোমার, চাহ কি কারণে? আপন-ইচ্ছায় লহ, যেই তোমার মনে ॥ ১৭৭ ॥ আমি-দুই ইই তোমার দাস আজ্ঞাকারী । যে চাহ, সেই আজ্ঞা দেহ' কুপা করি'॥ ১৭৮ ॥

### গ্ৰোকাৰ্থ

কাশীমিশ্র তথন শ্রীটৈতন্য মহাগ্রভূকে বললেন, "সবকিছুই আপনার, আপনি চাইছেন কেন? আপনার যা ইচ্ছা তাই আপনি নিয়ে নিন। আমরা দু'জনে আপনার আন্তর্ম পালনকারী দাস। কুপা করে আপনি আমাদের আদেশ দিন, আপনার যা প্রয়োজন।"

(श्रीक ५१%

এত কহি' দুই জনে বিদায় লইল । গোপীনাথ, ৰাণীনাথ—দুঁহে সঙ্গে নিল ॥ ১৭৯ ॥

শ্ৰোকাৰ্থ

এই বলে কাশীমিশ্র এবং পড়িছা, গোপীনাথ ও বাণীনাথকে সঙ্গে নিয়ে সেখান থেকে বিদায় নিলেন।

শ্লোক ১৮০

গোপীনাথে দেখাইল সৰ ৰাসা-ঘর । ৰাণীনাথ-ঠাঞি দিল প্রসাদ বিস্তর IL ১৮০ ॥

শ্রোকার্থ

গোপীনাথ আচার্যকে তাঁরা সমস্ত বাসা-ষরগুলি দেখিয়ে দিলেন, এবং বাণীনাথকে তাঁরা প্রচর পরিমাণে জগলাথদেবের মহাপ্রসাদ দিলেন।

প্লোক ১৮১

বাণীনাথ আইলা বহু প্রসাদ পিঠা লঞা । গোপীনাথ আইলা বাসা সম্ভোর করিয়া ॥ ১৮১ ॥ গ্লোকার্থ

কহ প্রসাদ, পিঠা নিয়ে বাণীনাথ ফিরে এলেন, এবং গোপীনাথ আচার্যও বাসস্থানওলি সংস্কার করে ফিরে এলেন।

শ্লোক ১৮২-১৮৩

মহাপ্রভু কহে,—শুন, সর্ব বৈশ্ববগণ ।
নিজ-নিজ-বাসা সবে করহ গমন ॥ ১৮২ ॥
সমুদ্রমান করি' কর চূড়া দরশন ।
তবে আজি ইহঁ আসি' করিবে ভোজন ॥ ১৮৩ ॥

গ্ৰোকাৰ্থ

মহাপ্রভূ তখন সমস্ত বৈষ্ণবদের বললেন, "আপনারা সকলে আপনাদের নিজ-নিজ বাসস্থানে গমন করুন। ভারপর সমুদ্রে সান করে, জগরাথদেবের মন্দিরের চূড়া দর্শন করেন, এবং ভারপর এখানে এসে ভোজন করুন।"

(訓本 > > 8

প্রভূ নমস্করি' সবে বাসাতে চলিলা । গোপীনাথাচার্য সবে বাসা-স্থান দিলা ॥ ১৮৪ ॥

গ্লোকার্ঘ

শ্রীচৈতন্য মহাপ্রভূকে প্রণাম করে সমস্ত ভক্তরা তাঁদের বাসস্থানে গোলেন, এবং গোপীনাথ খাচার্য তাঁদের বাসস্থান দেখিয়ে দিলেন।

শ্লোক ১৮৫

মহাপ্রভু আইলা তবে হরিদাস মিলনে । হরিদাস করে প্রেমে নাম-সংকীর্তনে ॥ ১৮৫ ॥

শ্লোকার্থ

তারপর, প্রীটেডল্য মহাপ্রভূ হরিদাস ঠাকুরের সঙ্গে সাক্ষাৎ করতে গেলেন, এবং সেখানে গিয়ে তিনি দেখলেন যে, হরিদাস ভগবৎ-প্রেমে বিহুল হয়ে "হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ ক্ষ হরে হরে / হরে রাম হরে রাম রাম রাম হরে হরে",—এই মহামন্ত্র কীর্তম করছেন।

শ্ৰোক ১৮৬

প্রভূ দেখি' পড়ে আগে দণ্ডবৎ হঞা । প্রভূ আলিঙ্গন কৈল তাঁরে উঠাঞা ॥ ১৮৬ ॥

#### গ্ৰোকাৰ্থ

ত্রীচৈতন্য মহাপ্রভূকে দেখামাত্রই হরিদাস ঠাকুর তাঁকে দশুকং প্রথতি নিকেন করলেন, এবং প্রীচৈতন্য মহাপ্রভূ তাঁকে উঠিয়ে জালিকা করলেন।

#### শ্লোক ১৮৭

দূইজনে প্রেমাবেশে করেন ত্রন্দলে। প্রজু-গুণে ভূত্য বিকল, প্রভু ভূত্য-গুণে ॥ ১৮৭ ॥

#### শ্ৰোকাৰ্থ

প্রেমে বিবৃদ্ধ হয়ে তথন তাঁরা দুজন ফ্রন্সন করতে লাগলেন। প্রভুর ওপে ভূত্য বিকল হলেন এবং ভূড্যের ওপে প্রভূ বিকল হলেন।

#### ভাহপর্য

মানানাদীরা বলে নে, জীব ও ঈশরে কোন ভেদ নেই, এবং ভারা সিদ্ধান্ত করে যে জীবের নিকার এবং ঈশরের বিকার একই বস্তু অর্থাৎ, মাহাবাদীরা বলে বে, জীব যদি সন্তুম হয় ভাহলে ভগবানও সন্তুষ্ট হন, এবং জীব যদি অসম্ভুষ্ট হয়, ভাহলে গুগবানও অসম্ভুষ্ট হন। এইভাবে কথার মারপাচে, মারাবাদীরা প্রমাণ করতে চেটা করে যে, জীবে এবং ঈশরে কোন ভেদ নেই কিছু তা সত্য নয় এখানে কৃষ্ণদাদ করিবানে গোলামী বিশ্লেষণ করেছেন—'শ্রভু-ওগে ভূভা বিকল, শ্রভু ভূভ্য-ওগেন'। ভগবান এবং জীব সমান নন, কেননা ভগবান সর্ব অবস্থাতেই প্রভু এবং জীব সর্ব অবস্থাতেই ভূভ্য। অপ্রাকৃত ওগের প্রভাবে বিশান যো এবং ভাই বলা হয় যে, ভগবানের ভক্ত হঙ্গেন ভগবানের হানয় এবং ভগবান হচ্ছেন ভক্তের হলয়, তা ভগবদগীতায়েও (৪/১১) বিশ্লেষণ করা হয়েছে—

> त्व यथा गार श्रममारक खारकरेथव छवामारम् । मम कर्मानुवर्णस मनुगाः भाष मर्तमः ॥

"হে পার্থ: যে যেভাবে আমার শরণাগত হয়, আমি সেইভাবে তাদের পুরস্কৃত করি। সকলেই সর্বতোভাবে আমার পর্যই অনুসরণ করে।"

ভাগার সর্বদাই তার ভৃত্যের অপ্রাকৃত ওলের জন্য তাকে অভিনন্দন জানাতে উৎসূক। ভৃত্য মহাসুবে তার প্রভূর সেবা করেন, এবং ভগবানও গভীর আদানে তার ভৃত্যকে তার থেকে দেশী প্রতিদান দেন।

### শ্লোক ১৮৮ হরিদাস করে,—প্রভূ, না ছুইও মোরে। মৃত্রি—নীচ, অস্পৃদ্য, পরম পামরে ॥ ১৮৮ ॥

#### শ্ৰোকাৰ্থ

হরিদাস ঠাকুর বদকেন, "প্রাড়ু, দরা করে আপনি আমাকে স্পর্শ করবেন না, কেননা আমি অতার অধ্যপতিত, অস্পৃদ্য এবং স্বচাইতে অধ্য।"

#### (制金 7.29)

त्यांक ५५०]

প্ৰাভূ কৰে,—তোমা স্পৰ্শি পৰিত্ৰ ইইতে । তোমাৰ পৰিত্ৰ ধৰ্ম নাহিক আমাতে ॥ ১৮৯ ॥

#### য়োকার্থ

শ্রীচৈতনা মহাপ্রাড় বললেন, "আমি নিজে পবিত্র হওয়ার জন্য ভোমাকে স্পর্ন করছি, কেমনা ভোমার মতে পবিত্র করার ক্ষমতা আমার নেই "

#### **ভাহপর্য**

এইটি ডাঙেন সঙ্গে ভগবানের মধুর সম্পর্কের একটি সুন্দর দুষ্টান্ত ভক্ত মনে করেন বে তিনি সব চাইতে অধম, এবং ভাই ভগবানের তাকে স্পর্শ করা উচিত নয় এবং ভগবান মনে করেন যে এত অপবিত্র জীবের সংস্পর্শে তিনি অপবিত্র হয়ে গোছেন যদে ভার ভড়াকে স্পর্শ করে তিনি পরিত্র হচেছন। প্রকৃতপক্ষে ভন্ত এবং ভগবান উভনেই পবিত্রঃ কেন যা অভ অগতের কলুব উচিনের স্পর্শ করাতে পারে না গুণগতভাবে ভারা সমান কেননা ভারা উভয়েই পরম পবিত্র কিন্তু আয়তনগভভাবে ভাঁলের মধ্যে পার্থকা রয়েছে—ভগবান হচেছন অসীম এবং জীব সীমিত। তাই ভক্ত সর্বদাই ভগবানের অধীন থাকেন, এবং ভাঁলের এই সম্পর্ক নিতা এবং অবিচলিত। ভৃত্য যদি কখনও প্রভূ হত্তে চায়, ভাহকেই সে মায়ের কর্বলিভূত হয়। এইভাবে জীব ভার স্বাভাগ্রের অপব্যবহার করার ফলে মায়ের প্রভাবে আগমে হয়।

সামানাদীরা প্রস্তু এবং ভূতাকে বা ঈশ্বর এবং জীবকে এক করে পিশ্বেষণ করতে চাহ, কিন্তু কি করে যে ভারা এক হয় তা ভারা বিশ্বেষণ করতে পারে না জীব এবং ঈশ্বর যদি এক হয় ভাহকে জীব মায়ার কবলিভূত হয় কি করে। ভারা বিশ্বেষণ করার চেন্তা করে যে, জীব যথন সায়ার বন্ধন থেকে যুক্ত হয়, সে তৎক্ষণাৎ তথাকথিত ঈশ্বরে পরিণত হয়। এই ধরনের ব্যাখ্যা সন্তুতিজ্ঞানক নায় ঈশ্বর যেছেতু অসীম, তাই তিনি কথনও মায়ার অধীন হন না, ভা যদি হতেন ভাহলে তার অসীমত্ব শীকার করা যায় না। ভাই মায়াবালীদের মতবাদ প্রাপ্ত প্রকৃতিপক্ষে ঈশ্বর সর্ব অবস্থাতেই ঈশ্বর এবং অসীম, এবং জীব সসীম হওয়ার ফলে কশ্বনও কথনও মায়ার প্রভাবে আচ্চার হয়ে পড়ে মায়াও ভাগানেরই শক্তি, এবং ডাই তাও অসীম, ভাই সসীম জীব—ইশ্বর অথবা ইশ্বর শক্তি অ্যার দ্বারা প্রভাবিত হতে বাস্ক্য হয়। জীব যথন মায়ার বন্ধন থেকে মৃক্ত হয় ভবন মে জাবার ভাবানের ৩৯ সেবকে পরিণত হয়ে গুণগতভাবে উগবানের সঙ্গে এক হতে পারে। এইটিই অসীম ভাগবিনের সঙ্গে সসীম জীবের সম্পর্ক।

(数)本 フツローフツフ

কলে কৰে কর ভূমি সর্বতীর্থে স্থান । ক্ষণে করে ভূমি মজ্জ-তগোন্দান । ১৯০ । নিরস্তর কর চারি বেদ অধ্যয়ন। দিজ-ন্যাসী হৈতে ভূমি পরম-পাবন ॥ ১৯১ ॥

#### হোকার্য

হরিদাস ঠাকুরের মহিনা বর্ণনা করে প্রীচৈতন্য মহাপ্রস্কু কলপেন, "প্রতিক্রণ ভূমি সর্বতীর্থে মান কর এবং প্রতিক্রনে ভূমি যয়ে, ভপশ্চর্যা ও দান কর। নিরন্তর ভূমি চার ক্রে অধ্যয়ন কর যে কোন ব্যাসাধ কিংবা সন্মাসী গেকেও ভূমি অনেক অনেক পরিত্র।"

### (関本 ラタイ

অহো বত শ্বপচোহতো গরীয়ান্ যজ্জিহাতো বর্ততে নাম ভূজ্যন্। তেপুরপত্তে জুহুবুঃ সমুরার্যা ব্রহ্মানুচুর্নাম স্বান্তি যে তে ৪ ১৯২ ॥

আহো বন্ধ-নি অনুতঃ শ্বলাচঃ—অন্তাজ আদি নীচ কুলোত্তত, অন্তঃ—দীক্ষিত প্রাজগদের থেকেও, গরীয়ান্—শ্রেষ্ঠ, বং—নান; জিন্বান্ধে—জিন্তান, বর্ততে—বিরাজ করে; দাম—দিব্য নাম, ভূড্যম্—আপনার, তেপুঃ—অনুষ্ঠিত হয়েছে; ভগঃ—ভগ-মের্য; তে—ভারা; জ্ব্যু—ন্যক্ত অনুষ্ঠান করেছিল; সন্ধুঃ—নমক্ত পবিত্র তীর্থে সান করেছে; আর্থাঃ—নদাচারী; ক্রন্ধা—সমস্ত বেদ, অনুষ্ঠুঃ—পাঠ করেছে, নাম—দিব্য নাম; গুপন্তি—কীর্তন করে; যে—মিনি; তে—ভারা

প্রীটেডনা মহাপ্রস্কু ডখন এই শ্লোকটি বললেন—"হে জনবান, যাদের জিহুনে আপদার নাম বিরাজ করে, তাঁরা যদি অভ্যন্ত নীচকুলেও জন্ম গ্রহণ করে ভারলেও উরো লোক। বাঁরা আপনায় নাম কীর্ত্তন করেম উরো সবরকম ডপন্যা করেছেন, সমস্ত যন্তা করেছেন, সর্বতীর্থে সান করেছেন এবং সমস্ত বেদ পাঠ করেছেন। সূত্রাং তাঁরা আর্থ মধ্যে পরিগণিত "

#### ভাৎপর্য

ভাষী কথাটির অর্থ হচ্ছে উন্নত। পারমার্থিক নিক দিরে উন্নত না হলে তাকে আর্থ বলা যায় না, এবং এইটিই আর্থ ও অনার্থের মধ্যে পার্থকঃ। অনার্থ হচ্ছে তারা বারা পারমার্থিক বিষয়ে উন্নত নয়। বৈদিক সংস্কৃতি অনুসরণ করে, রক্তা অনুষ্ঠান করে এবং বৈদিক বিধি নিষেধ নিষ্ঠাভরে অনুসরণ করে, রাক্তা, সন্নাসী বা অর্থ হওরা করে। বশ্ববন্ধ ওণ অর্থন না করলে ব্রাহ্মণ, সন্নাসী বা আর্থ হওয়া যায় না। ভাগকত ধর্ম কাউকে লোকদেখানো ব্রাহ্মণ, সন্নাসী বা আর্থতে অনুমোদন করে নঃ। এখনে যে সমস্ত ওপ বা যোগ্যতার কথা বর্ণনা করা হয়েছে, তা শ্রীমন্ত্রাগরতে (৩/৬৩/৭) ভগবন্তভির মহিমা হৈদরক্ষম করার পর কপিলদেবের মাতা পেবহুতির উঞ্চি। এইভাবে দেবহুতি সর্বতোভাবে ভগবন্তভদ্যের মহিমা কীর্তন করেছেন।

(学)を 25つ

এত বলি ভাঁরে লঞা গেলা পুল্পোদ্যানে। অতি নিভূতে ভাঁরে দিলা বাসা-স্থানে ॥ ১৯৩ ॥

ব্রীচৈডন্য মহাপ্রভূর বেড়া কীর্ডন লীলা

প্লোকার্থ

এই বলে প্ৰীচৈতন্য মহাপ্ৰভূ হরিদাস ঠাকুরকে নিয়ে পুস্পোদ্যানে গোণেদ এবং সেখানে অতি নিভূতে তাঁকে ৰাকবার জারগা দিলেন।

(到本 558

এইস্থানে রহি' কর নাম-সংকীর্তন ৷ প্রতিদিন আসি' আমি করিব মিলন ॥ ১৯৪ ॥

লোকাৰ্ব

শ্রীভৈতন্য মহাপ্রকু ছরিদাস ঠাকুরকে বলগেদ—"এখানে থেকে ভূমি নাম সংকীর্তন কর। প্রতিমিন এলে আমি তোমার সকে সাক্ষাৎ করব।"

> রোক ১৯৫ মন্দিরের চক্র দেখি' করিহ প্রণাম । এই ঠাঞি তোমার আসিবে প্রসাদার ॥ ১৯৫ ॥

> > য়োকার্থ

"স্থানাথায়েৰের মন্দিরের চক্রা সেখে ভূমি তাঁকে প্রদাস করতে, এবং প্রতিদিন তোমার্ম জন্য এখানে প্রসাদ পাঠিয়ে সেওয়ার ব্যবস্থা করব।"

#### তাৎপর্য

শ্রীক হরিদাস ঠাকুর যেহেতু মুসলমান পরিবারে জন্মাহণ করেছিলেন, তাই তিনি
জনালাগদেকের মন্দিরের মধ্যে প্রবেশ করতে লারতেন না কিন্তু তবুও, শ্রীচৈতনা মহাপ্রত্ব তাকে নামাচার্য শ্রীল হরিদাস ঠাকুর কলে স্বীকৃতি দিয়েছিলেন। হরিদাস ঠাকুর কিন্তু নিজেকে জন্মাগমন্দিরে প্রবেশের অযোগ্য বলে মনে বরতেন শ্রীচৈতন্য মহাপ্রভু যদি চাইতেন, তাহলে তিনি হরিদাস ঠাকুরকে জন্মাথ মন্দিরে নিয়ে যেতে পারতেন, কিন্তু মহাপ্রভু পচলিত রীতি লক্ষ্মন করতে চামনি তাই প্রভু তার ভৃত্যকে বলেছিলেন, দূর থেকে মন্দিরের চক্র দেখে প্রপতি নিক্ষেন করতে অর্থাৎ, কেন্ড যদি মন্দিরে চুকতে না পারে, অথবা নিজেকে মন্দিরে প্রবেশের অযোগ্য বলে মনে করেন, তাহলে তিনি বাইরে থেকে মন্দিরের চক্র দর্শন করতে পারেন, এবং তা মন্দির অভ্যন্তরে বিগ্রহ দর্শন করারই

প্রীটোডনা মহাপ্রভূ হরিদাস সৈকুরের কাছে প্রতিজ্ঞা করেছিলেন যে, তিনি প্রতিদিন ভাকে দেখতে আসকেন এবং ভা থেকে বোঝা যায় যে হরিদাস সকুর এও বড় ভক্ত विका ५५

শ্লোক ২০২ী

ছিলেন যে, যদিও তিনি নিজেকে মন্দিরে প্রবেশের অবোণা বলে খনে ক্ষমেগছিলেন, কিন্তু তবুও ভগবান স্বয়ং প্রতিদিন তার সঙ্গে নাক্ষাং করতে আসতেন। এখনকি প্রসাদ সংগ্রহ করার জনাও তাঁকে গুরের বাইরে যেতে হত না। প্রীচেতনা মহাগ্রভু তাঁকে আদাস দিয়েছিলেন যে প্রতিদিন তিনি তাঁর কাছে প্রসাদ পাঠিয়ে দেনেন। ভগবদ্দীতায় (৯/২২) তগবান আশাস দিয়েছেন। 'যোগক্ষেমং বহামাহম্'। ভগবান তাঁর ভাকের সমস্ত প্রয়োজনগুলি সরবরায়ে করেন।

যার কৃত্রিয়ভানে হরিদাস ঠাকুরের আচরণ অনুকরণ করতে উদগ্রীয়, তাদের মনে রাখা উচিত যে এই পরনের জীবনগরা গ্রহণ করের পূর্বে জীচেতনা মহাগ্রন্থ গ্রথনা ওার প্রতিমিদির আদেশ পাওয়া অবশ্য কর্তনা গ্রন্থভন্ত অথবা ওগণানের মেবকের কর্তনা হছে ভগবানের আদেশ পারন করা। জীচিতনা মহাগ্রন্থ নিত্যানশ প্রভাবে বলেছিলেন, গৌড়বঙ্গে গিয়ে প্রচার করতে, এবং তিনি রাপ গোরামী ও সন্ধান্তন গোরামীকে বর্লেছিলেন কৃত্যাবনে গিয়ে লুপ্ত তীর্থ উদ্ধার করতে। তেমনই আবার তিনি হরিদাস ঠাকুরকে নির্দেশ দিয়েছিলেন জগায়াথপুরীতে থেকে ভগবানের নাম কীর্তন করতে। জীচিতনা মহাগ্রন্থ বিশ্বিয় ভক্তকে বিভিন্ন নির্দেশ দিয়েছিলেন তাই মীচেতন্য মহাগ্রন্থ অথবা তার প্রতিমিধ্বি নির্দেশ ভাতৃ হরিদাস ঠাকুরের আচরণ অনুকরণ করা। উচিত নয়। এই ধরনের অনুকরণের নিয়া করে প্রীয় ভক্তিসিদ্ধান্ত স্বর্গতী ঠাকুর বলেছেন—

দুষ্ট মন তুমি কিসের বৈক্ষর ছ প্রতিষ্ঠার তরে, নির্ম্পনের ঘরে, তব 'প্রবিনায়' কেবল 'কৈতব' ৫

যদি শেউ ইণ্ডিটা লাভের আশায় নির্জন স্থানে হরিনাম করার অভিনয় করে, তাহলে তার পথন অসশাস্থাদী কেননা সেই নির্জন স্থানে সে ভগবানের কথা চিগ্রা না করে শামিনী শাধানের কথা চিগ্রা করবে

#### শ্রোক ১৯৬

নিত্যানন্দ, জগদানন্দ, দামোদর, মুকুন্দ । হরিদাসে মিলি' সবে পাইল আনন্দ ॥ ১৯৬ ॥

#### হ্ৰোকাৰ্থ

নিজানক প্রভু, জগদাকক পণ্ডিত, দামোদর পণ্ডিত এবং মৃকুক প্রভু হরিদাসের সঞ্চে মিলিড হয়ে অভ্যন্ত আনন্দিত হলেন

> শ্লোক ১৯৭ সমূদ্রমান করি' প্রতু আইলা নিজ স্থানে। অবৈতাদি গোলা সিদ্ধ করিবারে সানে ॥ ১৯৭ ॥

লোকার্থ ,

সমুদ্রে স্থান করে শ্রীচৈতন্য মহাপ্রভূ যখন তার ঘরে ছিরে এজেন, তথন অধৈত আচার্য প্রমুখ সমস্ত ভক্তরা সমূত্রে স্থান করতে সোলেন।

প্লোক ১৯৮

আসি' জগন্নাথের কৈল চূড়া দরশন । প্রভুর আবাসে আইলা করিতে ভোজন ॥ ১৯৮ ॥

হোকার্থ

সমূদ্রে স্থান করে জারা সকলে জগলার মন্দিরের চূড়া দর্শন করলেন সারপর প্রীচৈতনা মহাপ্রতুর বাসস্থানে ভোজন করতে এলেন।

त्यांक ১৯৯

সবারে বসাইলা প্রভু যোগ্য ক্রম করি' ৷ জীহন্তে পরিবেশন কৈল গৌরহরি ৷৷ ১৯৯ ৷৷

লোকার্থ

ৰোগাড়া এবং বৈক্ষৰতা অনুসারে শ্রীতৈওলা মহাপ্রভু সমস্ত কর্মানের বসালেন তারপর তিনি স্বহন্তে প্রসাদ বিতরণ করতে শুক্ত করণেন।

রোক ২০০

অল্প জন নাহি আইনে দিতে প্রভূব হাতে ৷ দুই-তিনের অন্ত দেন এক এক পাতে ৷৷ ২০০ ৷৷

त्साकार्थ

মহাপ্রভূত্র হাতে অস্ত্র অয় ওঠে না, তাই তিনি এক একজনের পাতে দু'ডিন জন্দের অয় দিতে লাগলেন।

গ্রোক ২০১

প্রভু না খাইলে কেহ না করে ভোজন ৷ উর্ধ্ব-হন্তো বসি' রহে সর্ব ভক্তগণ ॥ ২০১ ॥

শ্ৰোকাৰ্থ

প্রভূ না খেলে ভক্তরা কেউ ভোজন করবেন না, ডাই ডারা সকলে হাত ওটিয়ে বলে বটকেন।

> রোক ২০২ স্বরূপ-গোসাঞি প্রভূকে কৈল নিবেদন । ভূমি না বসিলে কেহ না করে ভোজন ॥ ২০২ ॥

[#H 22

হরপে-গোসাঞি ওবন ঐতিচতন্য মহাপ্রভূকে কললেন—"ভূমি প্রসাদ এইণ করতে না বসলে কেউ কিছু খাবে নাঃ

শ্লৌক ২০৩-২০৪

তোমা-সঙ্গে রহে যত সন্মাসীর গণ। গোপীনাথাচার্য তাঁরে করিয়াছে নিমন্ত্রণ । ২০৩ ॥ আচার্য আসিয়াছেন ডিকার প্রসাদার লঞা। পুরী, ভারতী আছেন তোমার অপেকা করিয়া ॥ ২০৪ ॥

শ্ৰোকাৰ্থ

"কোমার সঙ্গে যে সমস্ত সদ্যাসীরা আছেন, পোপীনাথ আচার্য উদদের প্রথম গ্রহণ করকে নিমন্ত্রণ করেছেন। গোপীনাথ আচার্য উচ্চের ডিকার প্রসাদার নিয়ে গ্রহেছন, গ্রহ পরমাদক পুরী এবং ব্রজানক ভারতী ভোমার জন্য অপেকা করছেন।

(創年 400

নিজ্যানন্দ লঞা ডিক্সা করিতে বৈস ভূমি। বৈফাবের পরিবেশন করিতেছি আমি ॥ ২০৫ ॥

গ্ৰোকাৰ্থ

"দিত্যামন্দ প্রভূকে মিয়ে তুমি জিলা করতে বস, আর জমি সমস্ত বৈধানদের পরিবেশন করছি।"

अंकि २०५

তবে প্রভু প্রসাদার গোবিন্দ-হাতে দিলা । যত্ন করি হরিদাস-ঠাকুরে পাঠবিলা ॥ ২০৬ ॥

লোকার্থ

তথন প্রীচৈতন্য মহাপ্রত্ বস্তু করে প্রসাদার গোকিনের হাতে দিরে হরিদাস ঠাকুরের কারে পাঠালেন।

শ্লোক ২০৭

আপনে বসিলা সৰ সন্মাসীরে গঞা । পরিবেশন করে আচার্য হর্বিত হঞা ॥ ২০৭ ॥

গোকাৰ্

তারপর শ্রীচৈতন্য মহাপ্রাকু সন্থাসীদের নিয়ে প্রমাদ গ্রহণ করতে ক্যালেন; এবং অক্যন্ত আনদের সঙ্গে গোপীনথে আচার্য প্রমাদ পরিবেশন করতে লাগকেন। (औक २०४

স্বরূপ শোসাঞি, দামোদর, জগদানক। বৈষ্ণবেরে পরিবেশে তিন জনে—আনক ॥ ২০৮ ॥

প্ৰোকাৰ্য

স্বরূপ থোসাক্রি, দামোদর এবং জগদানস্থ পণ্ডিত মহা আনক্ষে ভক্তদের প্রসাদ পরিবেশন করতে লাগলেন।

শ্লেক ২০৯

নানা পিঠাপানা খায় আকণ্ঠ পুরিয়া । মধ্যে মধ্যে 'হরি' কহে আনন্দিত হঞা ॥ ২০৯ ॥

য়োকার্থ

খারো আকঠপুরে পিঠা-পালা খেতে লাগলেন, এবং মাঝে মাঝে মহা আদলে হরিধ্বনি বিত্তে লাগলেন।

ভাৎপর্য

প্রসাদ প্রহণ করার সময় 'হ্রিণ্যনি' দেওয়া এবং 'শরীর অবিদ্যা জাদ' আদি কীর্তন করার প্রথা বৈক্তবনের মধ্যে প্রচলিত আছে। প্রসাদ সেবা করার সময় মদে কাশতে ছবে যে, এই প্রসাদ কোন সাধারণ শাবার ময়, প্রসাদ অপ্রাকৃত বস্তু তাই সেই কথা মদে করিয়ে দেওয়ার জনা বস্তা হয়েছে—

> मश्रामास शावित्य नामज्ञानि देवसस्य । स्वानुश्रावज्ञाः ज्ञाकम् विचारमा देनव ज्ञानाज्ञ ॥

"মথেন্ট পূণাবান না হলে মহাপ্রসাদ, ভগবানে, ভগবানের দিব্যনাম এবং বৈধাবনের মহিয়া উপলব্ধি করা যার না।" ভগবানের প্রসাদ, ভগবানের নাম এবং ভগবানের শুদ্ধভান চিন্মাভার। প্রসাদকে কন্দরে সাধারণ খাবার বলে মনে করা উচিত নয় তেমনই ভগবানকে নিবেদন করা হরনি বে খাদ্ধ-প্রবা তা স্পর্ণ করা উচিত না। সমস্ত বৈধাবেরা তাই নিষ্ঠাভরে প্রসাদ ছাড়া আর জন্য কোন বাবার প্রহণ করেন না ভগবানের প্রীবিগ্রহ, ভগবানের প্রসাদ এবং ভগবানের দিব্যনাম বে এই জড় জগভের বস্তু নর, তা হান্মাস্থম করে গাভীর বিশাস সহকারে ভগবানের প্রসাদ প্রহণ করা উচিত, ভগবানের দিব্য নাম কীর্তন করা উচিত এবং মন্দিরে ভগবানের প্রীবিগ্রহ আরাজনা করা উচিত। তাহলে সর্বদা চিন্মর ভরে অনিষ্ঠিত হওরা যার (রক্ষাভ্রনার করাতে)।

লৌক ২১০

ভোজন সমাপ্ত হৈল, কৈল আচমন। সবারে পরাইল প্রভু মান্য-চন্দন ॥ ২১০ ॥ শ্লোকার্থ

ভোজন সমাপ্ত ইলৈ সকলে আচমন করলেন, এবং ঐটিচতনা মহাপ্রাকু ভখন সকলকে মাদ্য-চন্দম পরালেন।

(क्षीक २३)

বিশ্রাম করিতে সবে নিজ বাসা গেলা । সন্ধ্যাকালে আসি' পুনঃ প্রভুকে মিলিলা ॥ ২১১ ॥

যোকাৰ্থ

প্রসাদ সেবা করার পর তারা সকলে বিশ্রাহ করার স্বাদ্য উচ্চের বাসার থেলেন, এবং সদ্মাবেলায় আবার শ্রীটেডনা মহাপ্রভুর সঙ্গে মিলিড হলেন।

(ओक २)२

হেনকালে রামানত অইলা প্রভূ-ছানে । প্রভূ মিলাইল তাঁরে সব বৈষ্ণবর্গণে ॥ ২১২ ॥

শ্লোকার্থ

সেই সময় রামানদ রায়ও ব্রীটোতদ্য মহাপ্রভুর কাছে এলেন, এবং মহাপ্রভু সমস্ত বৈফাবদের সঙ্গে তাঁর পরিচয় করিছে নিলেন।

গ্রোক ২১৩

সবা লএটা গেলা প্রভু জগল**থালর ।** কীর্তন আরম্ভ ভথা কৈল মহাশয় ॥ ২১৩ ॥

গ্ৰোকাৰ্থ

খ্রীচৈতদ্য সহাপ্তকু তথন ওাদের সকলকে নিয়ে জগন্নথমেৰের মন্দিরে গেলেন এবং সকলকে নিয়ে জগনানের নাম সংকীর্তন আরম্ভ ৩ক করলেন।

(別) 4 2 2 8

সন্ধ্যা-খৃপ দেখি' আরম্ভিলা সংকীর্তন । পড়িছা আসি' সবারে দিল মাল্য-চন্দন ॥ ২১৪ ॥

শ্লোকার্থ

জগদাপদেবের ধৃপ-আরতি দর্শন করে তারা সংকীর্তন করতে আরম্ভ করবেন। স্থান পড়িছা এসে তাদের সকলকে মালা ও চন্দন দিলেন।

শ্ৰোক ২১৫

চারিদিকে চারি সম্প্রদায় করেন কীর্তন। মধ্যে দৃত্য করে প্রভু শচীর নন্দন ম ২১৫ ॥ শ্লেকার্থ

চারদিকে চারটি সম্প্রদায় কীর্তন করছিল, এবং মাঝখানে শচীনক্তন শ্রীচৈডন্য মহাপ্রভূ নৃত্য করছিলেন।

প্রোক ২১৬

অষ্ট মৃদদ বাজে, বক্রিশ করতাল । হরিধ্বনি করে সবে, বলে—ভাল, ভাল ॥ ২১৬ ॥

ক্ৰোকাৰ্থ

চারটি দলে আটটি মূলস এবং বত্রিশটি করতাল বাজছিল; এবং ওাঁদের সেই কীর্তস ওলে সকলে ছবিধ্বনি দিতে লাগলেন এবং বলতে লাগলেন—"খুব ভাল। খুব ভাল।"

त्र्यांक २১१

কীর্তনের ধ্বনি মহামদল উঠিল । চতুর্নল লোক ভরি' ব্রহ্মাণ্ড ভেনিল ॥ ২১৭ ॥

য়োকার্থ

সেই সংকীর্তনের ধ্বনির প্রভাবে মহামদলের উদয় হল এবং সেই সংকীর্তনের ধ্বনিতে ব্যক্ষায়ের চকুর্যশ ক্তবন ভরে উঠন।

রোক ২১৮

कैठिन-बातरस क्ष्म केथिन' ठनिन । नीनाठनवात्री स्नाक शका चाँरेन ॥ २১৮ ॥

ঞাকার্থ

সংকীর্তন যখন শুরু হল, তখন ভগবং-প্রেমে চতুর্দিক প্লাবিত হল, এবং সমস্ত জনপ্রথপুরীয় অধিবাসীয়া সেখানে মুটে এলেনঃ

শ্লোক ২১৯

কীৰ্তন দেখি' সবার মনে হৈল চমৎকার । কভু নাহি দেখি ঐছে প্রেমের বিকার য় ২১৯ য়

ল্লোকাৰ্য

সেই কীর্তন দেখে সকলে চমধ্কৃত হলেন, এবং কাঁরা সকলে বলতে লাগলেন, "কোথাও আমরা এরকম শ্রেমের বিকার দেখিনি "

(201年 も25分)

শ্ৰোক ২২৯

শ্লোক ২২০

তবে প্রভূ জগল্লাথের মন্দির বেড়িয়া। প্রদক্ষিণ করি' বুলেন নর্তন করিয়া 🛭 ২২০ 🖠

শ্ৰোকাৰ্থ

তখন শ্রীটেডনা মহাপ্রভূ নৃত্য করতে করতে জনমাধদেবের মন্দির প্রদক্ষিণ করতে माग्रसन ,

শ্ৰেকি ২২১

আগে-পাছে গান করে চারি সম্প্রদার । আছাড়ের কালে ধরে নিত্যানন রায় 🛭 ২২১ 🗈

ক্লোকার্থ

মন্দির প্রদক্ষিণ করার সময় শ্রীচৈতন্য মহাপ্রভূত আগে ও পিছনে চারটি সম্প্রদার কীর্তন করছিল; এবং নৃত্য করতে করতে জীতৈতন্য মহাপ্রস্কু বর্থন ভাবের আবেশে আছাড় খেয়ে প্ডছিলেন, তথ্য নিত্যানক প্রাতৃ তাকে ধ্রছিলেন।

রোক ২২২

অঞ্চ, পুলক, কম্প, স্কেদ, গন্তীর হুড়ার 1 প্রেমের বিকার দেখি' লোকে চমৎকার 🛙 ২২২ 🗈

त्याकार्थ

মহাপ্রভুর খ্রীঅঙ্গে অখ্যা, পুলক, কম্প, স্বেদ, গরীর হকার ইড্যাদি প্রেমের বিকার দেখা দিজিল। ভা দেশে সমস্ত লোকেনা চমংকৃত ইলেন।

গ্ৰোক ২২৩

পিচুকারি ধারা জিনি' অঞ্চ নয়নে। চারিদিকের শোক সব করয়ে সিনানে ॥ ২২৩ ॥

লোকার্থ

পিচকারির ধানার মতো তাঁর দুচোখ দিয়ে প্রেমাক্র নির্গত হচ্ছিল। সেই প্রেমাক্রত চারদিকের লোকেরা স্বাত হলেন।

ল্লোক ২২৪

'বেড়ান্ত্য' মহাপ্রভু করি' কতক্ষণ । মন্দিরের পাছে রহি' করয়ে কীর্তন 1 ২২৪ চ প্রোকার্থ

মন্দির প্রদক্ষিণ করে কিছুক্ষণ নৃত্য করার পর শ্রীহৈতন্য মহাপ্রতু মদিরের পিছনে থেকে কীর্ত্তন করতে লাগলেন।

শ্ৰোক ২২৫

চারিদিকে চারি সম্প্রদার উচ্চৈঃম্বরে গায় ৷ मरश <u>जाधन-नृज्य करत भौततात्र । २२</u>० ॥

লোকার্থ

চারদিকে চার সম্প্রদায় উক্তররে গান করছিল, এবং মাঝখানে প্রীচৈড্যা মহাপ্রস্থ তাওব নতা করভিকেন।

শ্ৰোক ২২৬

বহুক্প নৃত্য করি' প্রভু স্থির হৈলা । চারি মহান্তেরে তবে নাচিতে আজ্ঞা দিলা ॥ ২২৬ ॥

গ্রোকার্থ

বহুকণ দৃত্য করার পর ছির হরে জীচৈডন্য মহাপ্রভূ চারজন মহাস্তকে নাচতে আদেশ **फिटनत**।

য়োক ২২৭

এক সম্প্রদায়ে নাচে নিজানন্দ-রামে। অকৈত-আচার্য নাচে আর সম্প্রদায়ে ম ২২৭ ॥

গ্ৰোকাৰ্থ

अक मन्द्रभारत निज्ञानम् अस् माहरू माश्ररमन, अवर धना मन्द्रमारत घरेष्ठ घारार्थ क्षकु नाइटक माश्रास्त्र।

গ্রোক ২২৮

আর সম্প্রদায়ে সাচে পশুত-বক্রেশ্বর । শ্রীবাস নাচে আর সম্প্রদায় ভিতর গ্ল ২২৮ 🏗

শ্ৰেকাৰ্থ

चार क्रक मन्त्रपाता निक्रमंत शिवन महित्व नागरनम, वनः चना मन्त्रपाता श्रीनाम शिक्र नांहरङ नागतनः।

শ্লোক ২২৯

মধ্যে রহি' মহাপ্রতু করেন দরশন 1 তাহা এক ঐশ্বর্য তার হইল প্রকটন 🛭 ২২৯ 🗈

PO2

যখন এই নৃত্য-কীৰ্তন ছচ্ছিল, তখন প্ৰীচেতনা মহাপ্ৰভ সেই চাৰ সম্প্ৰদায়ের মাৰখাৰে भारत जा प्रभान कराएक माधरनान, धावर कथन कांत्र अकि क्षेत्रई श्रकान इरमञ्जन।

প্লোক ২৩০

চারিদিকে নৃত্যগীত করে হত জন : সবে দেখে,—প্রভু করে জামারে দরশন ॥ ২৩০ ॥

চারদিকে যারা যারা নৃত্য-গীত করেছিলেন, ওাঁনের সকলের মনে হল—"মহাপ্রভু আ্রানেক (सर्गराहर।"

ছৌৰ ২৩১

চারি জনের নৃত্যু দেখিতে প্রভুর অভিলাব। সেই অভিনাবে করে ঐশ্বর্য প্রকাশ 🛙 ২৩১ 🛭

ব্রীটোডন্য মহাপ্রকৃর চারজনের নৃত্য দেখতে অভিনাম হল, এবং সেই অভিনাম অনুমারে তিমি কিছু এখর্ম প্রকাশ করলেন।

শ্ৰোক ২৩২

দৰ্শনে আহেশ তাঁৰ দেখি' মাত্ৰ জানে ৷ কেমনে টৌদিকে দেখে.—ইহা নাহি ভালে ৷ ২৩২ ৷৷

যাঁনাই তখন শ্ৰীটেডনা মহাপ্ৰভকে দেখেছিলেন, জারাই ব্ৰুতে পারছিলেন বে, তিনি কোম অনৌকিক-দীলা বিলাস করছেন, কিছু গ্রারা বুৰতে পারকেন না কিভাবে তিনি वावनित्व सम्बद्धासन

শ্ৰোক ২৩৩

পুলিন-ভোজনে যেন কৃষ্ণ মধ্য-স্থানে। টোদিকের স্থা কছে,—আমারে নেহানে 🛙 ২৩৩ 🗈

শ্ৰোকাৰ্থ

वृष्णावरन यभूनात कीरत कीत अर्थारमत भाग्रंथील वरत कृष्ण प्रचन वन (लाव्यन करावन, তখন তাঁর চারদিকে সমস্ত সখারা বলত, "কৃষ্ণ কেবল আমাকে দেবছে।" ঠিক ভ্রেমনই সেই সংকীর্তনের সময় সকলেরই মনে হয়েছিল মেন শ্রীটেডন্য মহাপ্রভু কেবল ভাকেই (पर्यसञ्ज।

स्थि ১১

শ্ৰোক ২৩৪

নৃত্য করিতে যেই অহিমে সমিধানে 1 মহাপ্রভু করে তাঁরে দৃঢ় আলিকনে য় ২৩৪ য

লোকার্থ

নৃত্য করতে করতে কেউ খখন ইটিছতন্য মহাপ্রভূম কাছে আসছিলেন, মহাপ্রভূ তথন তাঁকে দচভাবে আনিক্রন করছিলেন।

প্রোক ২৩৫

মহানুত্য, মহাপ্রেম, মহাসংকীর্তন 1 দেখি' প্ৰেয়াবেলে ভালে নীলাচল-জন ৷ ২৩৫ ৷

সেই মহান নৃত্য, মহাপ্রেম, মহাসংকীর্তন দর্শন করে প্রেমাবেলে সমস্ত মীলাচলবাসীরা আন্তুসাগ্তৰ অস্তিলেন।

শ্ৰোক ২৩৬

গলপতি রাজা শুনি' কীর্তন-মহত । আট্রালিকা চড়ি' দেখে স্বগণ-সহিত ম ২৩৬ ম

त्साकार्थ

সেট সংকীতনের মাচান্তঃ ঋৰণ করে মহারাজ প্রকাপক্ষর তার আপদক্ষদদের সঙ্গে নিয়ে প্রাসাবের চড়ার আরোহণ করে সেই নৃড্য-কীর্ডন দেখতে লাগলেন

গোকার্থ ২৩৭

কীর্তন দেখিয়া রাজার হৈল চমৎকার। প্রভূকে মিলিতে উৎকন্স বাড়িল অপার 11 ২৩৭ 11

ভোকার্থ

সেই কীর্ত্তন দেখে রাজা চমধ্যকত হলেন, এবং তাঁর শ্রীচৈছন্য মহাপ্রভর সঙ্গে মিলিত 

বোক ২৩৮

কীর্তন সমাপ্তে প্রভু দেখি' পৃষ্পাঞ্জলি । সৰ্ব বৈষ্ণৰ লএই প্ৰভু আইলা বাসা চলি' ৷৷ ২৩৮ ৷৷

শ্লোক ২৪৬

#### গ্ৰোকাৰ্থ

সেই সংকীর্ত্তন যখন সমাপ্ত হল, তথন শ্রীচৈতন্য মহাপ্রকু জ্বসামাধদেবের পৃষ্ণাগ্রনি দর্শন করফোন তারপর সমস্ত বৈষ্ণবদের নিমে তিনি তাঁর বাসস্থানে কিরে গেলেন।

শ্লেক ২৩৯

পড়িছা আনিয়া দিল প্রসাদ বিস্তর । সবারে বাঁটিয়া ভাহা দিলেন ঈশ্বর ॥ ২৩৯ ॥

মন্দিরের পড়িছা তখন প্রচুর পরিমাধে প্রসাম এনে মিলেন, এবং শ্রীতৈওল্য মহাপ্রভু স্বরং সেই প্রসাম ভন্তাদের মধ্যে বিতরণ করলেন।

ক্লোক ২৪০

সবারে বিদার দিল করিতে শয়ন : এইমত লীকা করে শটার নন্দ। ১৪০ 🛭

**টোকার্থ** 

তারপর তিনি শারম করার জন্য সকলকে বিষয়ে দিলেন। এইভাবে শটালন্দন প্রীচৈতন্য মহাপ্রায় তারে দ্বীলাবিলাস করেছিলেন।

প্লোক ২৪১

যাল**ং আছিল। সবে মহাপ্রভূ-সঙ্গে।** প্রাঠদিন এইমত করে কীর্তন-রকে ॥ ২৪১ ॥

*রোকার্থ* 

गधन (निर्दे नमक छछता सगमाधभूतीरछ वाम खीरिकठना महाराष्ट्रत मरण हिरलन, छथन প্রতিদিন छोता वीरेछारा महा खानस्य मध्यीर्छन मीमानियाम करतहरमन।

**শোক ২৪২** 

এই ড' কহিলুঁ প্রভূর কীর্তন-বিলাগ ৷ যেবা ইয়া ওনে, হয় কৈডনোর দাস ॥ ২৪২ ॥

শ্লোকার্থ

এইভাবে আমি শ্রীটেডনা মহাপ্রভুর সংকীর্তন লীলাকিলাস বর্ণনা করলাম, এবং আমি সকলকে আশীর্বাদ করি—এই লীলা বে-ই শ্রহণ করবে, সে-ই শ্রীটেডনা মহাপ্রভুর দাস হবে। ক্লোক ২৪৩

শ্রীরূপ-রঘুনাথ-পদে মার আশ । চৈতন্যচরিতামৃত করে কৃষ্ণান্য ॥ ২৪৩ ॥

<u>ছোকার্থ</u>

শ্রীল রূপ গোষোমী এবং শ্রীল রযুনাথ দাস গোষামীর শ্রীপাদপত্তে আমার প্রণতি নিবেদন করে এবং ভাষের কৃপা প্রার্থনা করে, ভাষের পদাক অনুসর্গ পূর্বক আমি কৃৎজ্ঞাস শ্রীতৈহন্য-চরিতামৃত কর্ণনা করছি।

देखि—'श्रीकेटना यहाश्रङ्क रहण कीर्टन मीना' नामक श्रीकेटना-इतिकामृत श्राह्म प्रशा भीनाम क्रमामम भवित्यसम्ब एकिरवमास स्थानमं प्रमासः

### দ্বাদশ পরিচেছদ

# গুণ্ডিচা মন্দির মার্জন

শ্রীল ভতিনিনেম ঠাকুর তাঁর অমৃতভ্রনাহ ভাষো এই পনিচেন্দের কথাসার-এ বলেছেন । উড়িঝার মহারার প্রথাপকত শ্রীভৈতনা মহাপ্রভূকে দর্শন করার অনেক চেন্টা করলেন। শ্রীল নিতানন্দ প্রস্তু সমস্ত ভক্তদের সামে নিরে রাজার মনোভার মহাপ্রভূকে জানালেন, কিন্তু তবুও মহাপ্রভূ রাজ্ঞাকে দর্শন করতে সম্মত হলেন না। তথন নিত্যানন্দ প্রভূ শ্রীভৈতনা মহাপ্রভূর একটি বহির্বাস তার কাছ থেকে নিরে রাজাকে পাঠালেন আর একদিন রামানন্দ রার রাজাকে অনুপ্রহ করার জন্য মহাপ্রভূকে অনুরোধ করলেন, কিন্তু মহাপ্রভূ তাতে সম্মত না হয়ে রাজ্যর পূত্রকে আনতে আনেশ দিলেন রাজপুরের কৃষ্ণাকরলেন।

ভারপর বববাত্রার পূর্বে প্রীচৈতন্য মহাপ্রভু তার ভক্তদের মিয়ে ওণিচামদির গৌত ও মার্ক্রন করলেন। তারপর ইন্দ্রদুধে সরোবরে সান করে উপবনে সমস্ত বৈশ্বরুগদের নিরে প্রসাদ সেবা করদেন। মন্দির মার্জন করার সময় কোন গৌড়ীয় ভক্ত মহাপ্রভুর চরণে রুপ দিরে সেই জল পান করার একটি প্রেম-রহস্যের উদয় হল। আবার তারৈত আচার্যের পূত্র প্রীধোপাল মুর্ছিত হলে 'জর মূর্ছ্ ভল হর না দেখে মহাপ্রভু তাকে চেতন ফ্রাবেন। প্রসাদ সেবার সময় প্রথেত আচার্য প্রভু এবং নিত্যানদ প্রভুর মধ্যে প্রেমকর হয়েছিল। অবৈত জন্তার্য প্রভু বংলছিলেন—"অজ্ঞাত কুলগীল নিত্যানদের সঙ্গে একসাথে ভোজন করা গৃহস্থ-প্রাক্ষণের কর্তবা ময়।" তার উত্তরে নিত্যানদ্য প্রভু বঙ্গেছিলেন—"জর্মত আচার্য ক্রমতিসিন্নাতে নিপুন ভাই তার মতো অবৈতবাদীর নলে একরে বসে ভোজন করালে ভঙ্গলোকের মনোভাব বি রক্ষম হয়ে যেতে পারে বলা যায় না।" এই উভর প্রভুর কথারই অনেক গৃঢ় রহস্য আছে, তা কেবল ভগবন্তকরাই বৃথতে পারেন। বৈশ্বরুলের সেবা হরে যাওয়ার পর ক্ষমণ দালোদের আদি সন্ধান্যণ গৃহের মধ্যে প্রসাদ সেবা করকেন। প্রীন্য বৌধনে দর্শনের দিনে ভক্তদের নিয়ে জীচিতন্য মহাপ্রভু জগবন্তু-দর্শনে বিশেষ প্রীতি লাভ কংক্রম।

রোক ১
জীওভিচা মন্দিরমাত্মবৃদ্ধঃ
সংমার্জয়ন কালনতঃ স গৌরঃ ৷
স্বচিত্তবচ্ছীতলমূজ্জ্বলঞ্চ
কৃষেয়পবেলৌপয়িকং চকার ॥ ১ ॥

শ্রীওতিচা মন্দিরম্ — শ্রীওতিচ। মন্দির, আন্ম-বৃদ্ধৈঃ—অন্তরম ভক্তদের সংমার্জনয়ন্ পরিষ্কার করেছিলেন, স্কাশনতঃ—প্রশালক আদির ধারা, সঃ—সেই, গৌরঃ—শ্রীচৈতনা 230

সিধা ১২

(호il 주 22)

মহাপ্রভু: স্ব-চিত্ত-বং—তার হৃদয়ের মতো, শীতলম্—জেগ-ক্সনারূপ অনলজনিত বিতাপ বিহীন: উ**হত্তলম্—**দীপ্তি বিশিষ্ট: চ<del>—ও,</del> কৃ**ফ-উপবেশ-ঔপয়িকম্—শ্রীকৃ**মেল উপবেশনের যোগ্য: চকার -করেছিলেন

#### व्यनुकोम

"ন্ত্রীচৈতন্য মহাপ্রস্তু তাঁর অন্তরক ভক্তদের নিয়ে শ্রীওওিচা সন্দির সংমার্জন ও প্রকালন করে পরিজার করেছিলেন এবং সেই মন্দিরকে তার হৃদয়ের মতো শীওল ও উত্তর্গ करत खीकरणत उभरतनम-स्थाना करतिहरूला।"

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ্র 1 জয়াবৈত্তক জয় গৌরভক্তকৃদ 🛚 ২ 🗎

টোকার্থ

শ্রীচৈতন্য মহাপ্রভূत করা। শ্রীসমিত্যানন্দ প্রভূব করে। শ্রীকারেত আচার্য প্রভূব করে। এবং শ্রীট্রেডন্য মহাপ্রভুর সমস্ত ভক্তস্থের জর।

গ্লোক ৩

জন্ম জয় জীবাসাদি গৌরভক্তগণ ৷ भक्ति (एर.—कित (पन टेक्क्स वर्गन । ७ ।

শ্রীৰাস আদি প্রীট্রৈডন্য মহাপ্রভূর ভক্তদের জন হোক। আমি ভাদের কাছে প্রার্থনা করি, তাঁরা যেম আমাকে শক্তি দেন যাতে আমি শ্রীচৈতন্য মহাপ্রভুর চরিতামৃত কর্ণনা করতে পারি 🕡

त्यांक 8

**शृ**दर्व मिक्कव देशरा क्षकृ गरव करिना । র্তারে মিলিতে গজপতি উৎকণ্ডিক হৈলা ॥ ৪ ॥ त्वाकार्च

পূর্বে, দক্ষিণ ভারত শ্রমণ করে শ্রীচৈডন্য মহাপ্রভূ যখন জগলাধ প্রীতে কিবে এমেছিলেন, তখন উড়িয়াৰ রাজ, প্রতাপক্ষর তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে অভাস্ত উৎকলিত <u>श्रम्भाष्ट्रिल</u>न

> ব্যোক ৫ কটক হৈতে পত্ৰী দিল সাৰ্বভৌম-ঠাঞি ৷ প্রভুর আজ্ঞা হয় যদি, দেবিবারে মাই 🛚 🗈 🗈

শ্ৰোকাৰ্য

মহারাক্ত প্রত্যপক্ষর তার রাজধানী কটক থেকে সাবতীয় ভট্টাচার্যকে চিঠি লিখে ব্যানিয়েছিলেন বে, জ্রীটেডন্য মহাপ্রচু যদি আদেশ দেন তাহলে ভিনি ওাকে দর্শন করতে ध्यांमदबन् ।

(祖)中 年-20

ভট্রাচার্য লিখিল,—প্রভুর আজ্ঞা না হৈল। পুনরপি রাজা ভারে পত্রী পাঠাইল 🏿 ৬ 🕦 প্রভার নিকটে আছে যত ভক্তগণ : মোর লাগি' जी-সবারে করিছ নিবেদন u 9 n সেই সৰ দয়ালু মোরে হঞা সদয় ৷ মোর লাগি' প্রভূপদে করিবে বিনয় য় ৮ ম তাঁ-সৰার প্রসাদে মিলে জ্রীপ্রভুর পায় : প্রকৃত্পা বিনা মোর রাজ্য নাহি ভায় 🛭 🔈 🗓 यमि स्मारत कृशां मां कतित्व स्नीतहति । রাজ্য ছাড়ি' যোগী হই' হইব ডিখারী ॥ ১০ ॥

ৰোকাৰ্থ

সেঁই পত্রের উপ্তরে ভট্টাচার্য লিখলেন যে, ত্রীচৈতন্য মহাপ্রভুর আদেশ পাওয়া গেল মা। তখন রাজ্য কাঁকে আর একটি পত্র লিখলেন। সেই পত্রে মহারাজ্য প্রতাপরুদ্র সার্বটোম ভট্টাচার্বকে শিখেছিলেন, "আপনি মহাপ্রভুর সমস্ত ভন্তদের কাছে আমার জন্য নিকোন করবেন কার্য যেন আমার প্রতি সদয় ছবে মহাপ্রভুর কাছে বিনীতভাবে অনুরোধ করেন। ভাদের কৃপার প্রভাবেই কেবন স্থামি শ্রীচৈতন্য মহাপ্রভূর জীপাদপরে আত্রয় লাভ করতে পারি। মহাপ্রভুর কৃপা ছাড়া আমি রাজ্য-শাসনে উদাসীস। গৌরহরি যদি আমাকে ৰূপা না করেন ভাহলে রাজা ছেড়ে আমি যোগী ছয়ে ডিখন-বৃত্তি অবলম্বন कबुन।"

> গ্রোক ১১ ভটাচাৰ্য পত্ৰী দেখি' চিন্তিত হঞা ! ভক্তপণ-পাশ গোলা সেই পত্ৰী লঞা 11 ১১ ৪ শ্লোকার্থ

সার্বভৌম ভটাচার্য এই চিঠিটি পেয়ে চিস্তিত হয়ে সেই চিঠিটি নিয়ে ভক্তদের কাছে গেলেন।

জোক ২০]

(割本 52

সবারে মিলিয়া কহিল রাজ বিবরণ । পিছে সেই পত্রী সবারে করাইল দরশন ॥ ১২ ॥ গ্রোকার্থ

সমস্ত অক্তদের তিনি রাজায় কথা কললেন এবং তারপর ছাঁছের সকলকে ভিনি সেই চিঠিটি দেখালেন।

গ্লোক ১৩

পর্ত্তী দেখি' সবার মনে হইক বিশ্বন । প্রভূপদে গল্পপতির এক ভক্তি হয়! ১৩ ম শ্লোকার্থ

সেই চিঠিটি পড়ে, শ্রীচৈতন্য মহাপ্রভুর জীপালপরে মহারাজ প্রভাপরতের এত তক্তি দেখে তারা সকলে অত্যন্ত বিশ্বিত হলেন।

**প্রোক ১৪** 

সবে কহে,—প্রাঞ্ তাঁরে কণ্ডু না মিলিবে । আমি সব কহি যদি, দুঃখ সে মানিবে ॥ ১৪ ॥ গোলার্থ

সমস্ত শুকুরা তথম বললেন, "ঐতিভলা মহাপ্রভু কোনমতেই রাজার সঙ্গে সাকাং করবেন না, এবং আমরা যদি তাঁকে অনুরোধ করি তাহলে তিনি দুংখ পাবেন।"

গোক ১৫

সার্বভৌম করে,—সকে চল' একবার । মিলিতে মা কহিব, কহিব রাজ-ব্যবহার ॥ ১৫ ॥ গোলার্থ

সার্বভৌম ভট্টাচার্য তখন তাঁদের বললোন, "চল, আমরা সকলে একবার মহাপ্রভুর কাছে যাই। তাঁকে আমরা রাজ্যর সঙ্গে মিলিড হতে বলন লা, কেবল রাজার ভগবস্তুক্তির নিষ্ঠা বর্ণনা করব।"

শ্লোক ১৬

এত বলি' সবে গোলা মহাপ্রভুর স্থানে । কহিতে উন্মুখ সবে, না কহে বচনে ॥ ১৬ ॥ শ্ৰোকাৰ্থ

এইভাবে সক্ষয় করে জারা সকলে ঐটিচতন্য মহাপ্রভূর কাছে গেলেন। যদিও ভারা মহাপ্রভূকে অনেক কিছু বলতে উন্মুখ ছিলেন, কিন্তু ভবুও জারা কিছুই বলতে পারকেন না।

শ্ৰোক ১৭

প্রভূ করে, কি কহিতে সবার আগমন? দেখিয়ে কহিতে চাহ,—না কহ, কি কারণ ? ১৭ ৷৷ প্রোকার্থ

ভব্ন প্রীচৈতন্য মহাপ্রভু বলদেন,—"ভোমনা সকলে আমাকে কি বলতে এসেছ? ভোমাদের বেশে যনে হছে যেন ভোমরা কিছু বলতে চাও, অর্থচ কিছু বলত্ না কেন?"

শ্লোক ১৮

নিজানন্দ কহে,—জোমায় চাহি দিবেদিতে । না কহিলে রহিতে নারি, কহিতে ভয় চিতে ॥ ১৮ ॥ শ্লোকার্থ

তখন নিজানত প্ৰাঠু বললেন, "আমরা ভোমাকে কিছু বলতে চাই। যদিও তা না বলে আমরা থাকতে পার্নাছ না, তবুও দেকথা বলতে আমাদের ভয় হচ্ছে।

> শ্লোক ১৯ যোগ্যাধোগ্য তোমায় সব চাহি নিবেদিতে। তোমা না মিলিলে রাজা চাহে যোগী হৈতে ॥ ১৯ ॥ শ্লোকার্থ

"এই বিষয়টি তেখেকে নিবেদন করার যোগ্য না অযোগ্য তা আমি জানি না, তবে আসরা সকলে ভোষাকে বলতে চাই যে, ভোমার দর্শন না পেলে মহারাজ প্রভাপরুত্র যোগী হয়ে থেকে চান।"

শ্ৰোক ২০

কাশে সূত্ৰা লাই' মুঞি হইৰ ভিখারী । রাজ্যভোগ নহে চিত্তে বিনা গৌরহরি ॥ ২০ ॥

ল্লোকার্থ

> রোক ১৯৮ রাজা, রাজমহিষীবৃন্দ, পাত্র, মিত্রগণ । নীলাচলবাসী হত ছোট-বড় জন ॥ ১৯৮ ॥

> > হোকার্থ

মহারাজ প্রতাপরুদ্র, গ্রার মহিন্দীবৃদ্ধ, পাত্র, মিত্র, এবং নীলাচলের ছোট বড় সমস্ত অধিবাসীরাই প্রীক্রগরাগদেবকে সেখানে ভোগ নিবেদন করেছিলেন।

লোক ২০৩ বিভাগমাপদেবের রখার্যে বীটেডন্য মহাপ্রভূর নৃত্য

256

নানা-দেশের দেশী খড যাত্রিক জন । নিজ নিজ-ভোগ তাহাঁ করে সমর্পণ 🏗 ১৯৯ 🗈 শ্ৰোকাৰ্থ

নানা দেশ থেকে যত জীর্যযাত্রী এসেছিলেন, ভারাও নিজের হাতে তৈরি করে ভোগ निरकान कार्विक्रसम्।

শ্লোক ১৯৯

শ্ৰোক ২০০

আৰো পাছে, দুই পাৰ্মে প্ৰস্পাদ্যান-বনে \ বেঁট যাতা পায়, লাগায়,—নাহিক নিয়মে 🐧 ২০০ 🗓 श्चाकार्ष

রধের আগো, রখের পিছনে, রখের দু'পাশে, পুরস্পাদ্যানে, বনে, যে যেখানে পেরেছিলেন সেবানেই শ্রীজগুয়াপদেবকে ভোগ নিকোন করেছিলেন। ভাতে কোম বাধাধরা নিয়ম हिन नाः

**রোক ২০**১

ভোগের সময় লোকের মহা ভিড় হৈল ৷ মৃত্য ছড়ি' মহাপ্রভু উপবদে গেল ॥ ২০১ ॥ आकार्थ

ভোগের সময় লোকের মহাশ্রীড় হল। ডখন শ্রীচৈতন্য মহাপ্রত্ মৃত্য বন্ধ করে নিকটবর্তী **डेन्दरन (भरनन**।

(ब्रांक २०२

প্রেমাবেশে মহাপ্রড় উপরন পাঞা ! পুচ্পোদ্যানে গৃহপিণ্ডায় রহিলা পড়িয়া ॥ ২০২ ॥ গোকার্থ

উপবনে গিয়ে ঐটিচন্দ্র মহাপ্রত প্রেনাবেশে পুস্পোদ্যানে একটি গৃহপিণ্ডার উপর পড়ে बॅडेरनन।

> (**割** 本 200 নত্য-পরিক্রমে প্রভুর দেহে ঘন ঘর্ম । সুগন্ধি শীতল-বায়ু করেন সেবন ॥ ২০৩ ॥

#### শ্লোকার্থ

নৃত্য করে শ্রীচৈতনা মহাপ্রকু পরিশ্রাক্ত হয়ে পড়েছিলেন এবং ভার সারাদেহে প্রচুর পরিমাধে ঘর্ম নির্মত হছিলে। ভাই তিনি সুগন্ধি শীতন বায়ু মেবন করছিলেন।

শ্লোক ২০৪

যত শুক্ত কীর্তনীয়া আসিয়া আরামে। প্রতিবৃক্ষতদে সবে করেন বিশ্রামে ॥ ২০৪ ॥

শ্ৰোকাৰ্থ

যে সমস্ত্র ভক্তরা কীর্ত্তন করছিলেন, তারা সকলে সেখানে এসে প্রতিটি কৃক্তের ভলয়ে বসে বিপ্রায় করতে লাগলেন।

**स्थिक २०४** 

এই ড' কহিল প্রভূর মহাসংকীর্তন। জগনাথের আগে হৈছে করিল নর্তন । ২০৫ ॥

হোকাৰ

এইজাবে আমি জীতৈতন্য মহাপ্রকৃত্ব মহাসংকীর্তন এবং জীজগায়াধদেবের রধায়ে বেডাবে তিমি নৃত্য করেছিলেন, ভা বর্ণনা করলায়।

শ্লোক ২০৬

রথারেতে প্রভূ থৈছে করিলা নর্তন। চৈতন্যাষ্ট্রকে রূপ-গোসাঞি কর্মাছে বর্ণন ॥ ২০৬ ॥ শোকার্থ

রথাত্রে শ্রীটেডন্য মহাপ্রড় শেভাবে নৃত্য করেছিলেন, শ্রীটেডন্যাউকে শ্রীল রূপ নোস্বাক্ষি ভা বর্ণনা করেছেন

ভাৎপর্য

ত্রীরূপ গোস্বামী তার স্থানমালা নামক গ্রম্থে তিনটি 'চেডনাাউকে' রচনা করেন, ভার মধ্যে এই নিম্নলিখিত শ্লোকটি প্রথম জউকের সপ্তম গ্লোক।

(学)年 409

রথারুত্স্যারাদধিপদবি নীলাচলপতে-রদলপ্রেমোর্মিস্ফুরিতনটনোক্লাসবিবশঃ । সহর্যং গায়ঞ্জি পরিবৃত-তনুর্বৈক্ষবজনৈঃ স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥ ২০৭ ॥ রবার্রচমা—গরমেশন ভগবানের, যিনি রথের উপর স্থিত ছিলেন, আরাদ্—সম্যান, অধিপদিনি—প্রধান পরে, নীলাচলপতে নীলাচলপতি শ্রীজগরাথ, রদন্ত—মহান্, লোমেমি—ভগবং প্রেমের ভরন্ন, শুনুরিত ঝা প্রকাশির হ্রেছিল, নটনোলামবিবলঃ—নৃতা করার অপ্রাকৃত আনন্দে বিহুল হয়ে, সহর্ষম্—মহা আনাদে, গামাছিঃ—যিনি গান গাইছিলেন, পরিবৃত্ত —পরিবৃত, তন্—দেহ, বৈশ্ববজনৈঃ—ভক্তদের ছারা, স চৈতলাঃ—সেই শ্রীচৈতনা মহাপ্রভু, কিম্—কি, মে আমার, পুনর্গি—পুনরায়, দুশো দৃষ্টি, নামাতি—শ্রনেশ করবেন; পদম্—পথ।

#### खनुवाप

'রখানাড়-নীলাচলপতির সম্পূর্যে ভগবংশ্রেম-সমূদ্রের ভনকে নৃত্যজনিত উল্লাসে বিবশ হরে আনদের সঙ্গে সংকীর্তমকারী এবং বৈধাবদের স্বারা যিনি পরিবৃত, সেই শ্রীচৈডনাদের কি পুমরার আয়ার গৃষ্টিপথে আসবেন ?

क्षिक २०४

ইহা বেঁই ওনে সেই শ্রীতৈতন্য পায় ৷ সূদ্দ বিশ্বাস-সহ প্রেমডক্তি হয় ৷৷ ২০৮ ৷৷ শ্রেক্যর্থ

ক্রীজসক্ষথনেবের রখাগ্রে শ্রীতৈভন্য মহাগ্রভূর নৃত্য-কীর্তন বিদানের এই বর্ণন্য যিদি শ্রবণ করবেন তিনিই শ্রীতৈতন্য মহাগ্রভূকে পাবেন তিনি সৃদৃঢ় বিশ্বাসসহ জগবানের প্রেমভন্তি লাভ করবেন।

> শ্লোক ২০৯ শ্ৰীরূপ-নমূনাথ-পদে বার আশ ৷ তৈতন্যচরিতাম্ভ করে কৃষ্ণাস I ২০৯ ॥ শ্লোকার্থ

শ্রীল রূপ গোষ্টামী কবং শ্রীল রধুনাথ দাস গোষ্টামীর শ্রীপাদপরে আমার প্রগতি নিবেদন করে, এবং উচ্চের কৃপা প্রার্থনা করে, উচ্চের পদায় অনুসর্পপূর্বক আমি কৃষ্টাদাস শ্রীচেতন্য-চরিতামূত বর্ণনা করছি।

देखि—'बीक्षनमाथस्त्रस्य तथाटा व्येटिष्ठमा यदाद्यपृत मृद्या' नर्गनाकाती बीटिष्ठमा कतिषामृष्ठ श्रद्धत्र यथानीकात्र त्रद्यापम्य शतिरक्षरमत्र प्रक्षितकास्त्र प्राप्तम्य मर्माख्र।

# চতুর্দশ পরিচ্ছেদ

# হেরা-পঞ্চমী যাত্রা

মহারাজ প্রতাপরুদ্ধ বৈষ্ণব্রেশ ঘারণ করে একাকী উদ্যানে প্রবেশ করে প্রীমন্ত্রাগবতের লোক পাঠ করতে করতে প্রীচেতন্য মহাপ্রভূর পাদসম্বাহন করতে লাগলেন। প্রেমাবেশে প্রভূ তাঁকে আলিজন দান করে কৃপা করদেন। ভক্তদের সঙ্গে মহাপ্রভূ বলগতি-ভোগের প্রসাদ সেবন করলেন। তারগার রথ দা চলায়, রাজা অনেক মন্ত হন্দী লাগিয়েও রথ চলোতে না পারায়, মহাপ্রভূ কৃষাং মাথা দিয়ে রথ ঠেকে চালালেন ভক্তরা সেই দানা রয়েগে দন্তি টানতে লাগলেন ওতিচার লাছে আইটোটার মহাপ্রভূর বিশ্বাম স্থান করা হল প্রীজগর থানে সুন্দরাচলে বসঙ্গে মহাপ্রভূর বৃদ্ধানন লীলা শ্যুত্তি হল। ইন্তুদ্ধে সারোবরে তাঁর অন্তর্গ্র পার্বাচলে বসঙ্গে মহাপ্রভূত্ব জ্বারাথ বালেভ অবন্থিতি এবং পদার্থী দিবনে 'হেরাগঞ্চানী'-লীলা দর্শনে গ্রীসরূপ দায়োদরের সঙ্গে) লক্ষ্মী ও গোলীদের প্রভাব নিয়ে অনেক কথোপকথন হারছিল প্রীয়াতী রাধারাণীর ভাবের সর্বোৎবর্মাতা প্রীজ্বনপ দায়োগরের মূখ থেকে ওনে মহাপ্রভূত প্রমানন লাভ করেছিলেন গ্রীজগ্রাহালিকের রথবাতার সময় প্রীচেতন্য মহাপ্রভূত্ব কুলীন গ্রাহ্বাসী ধাহান্দপ বসু ও সভারাজ্য গাঁকে প্রতিবছর গ্রীজগ্রাহাপনেরর 'লট্রাজারী' জানবার জন্য আঙ্গেশ দিয়েছিলেন

শ্ৰোক ১

গৌরঃ পশ্যয়াত্মবৃদ্ধৈঃ শ্রীকান্ধীবিজ্ঞয়োৎসবম্ । শ্রুদ্ধা গোপীরসোক্ষাসং ক্ষষ্টঃ প্রেম্পা ননর্ড সঃ ॥ ১ ॥

শৌরঃ—গ্রীচৈতনা মহাপ্রভু, পশ্যন্—দর্শন করে; আখা-বৃদ্ধৈঃ—ভার পার্যদদের সঙ্গে; শ্রীকন্ত্রী—লগ্নীদেবীর, বিজয়োৎসবয়—বিজারোৎসব; শ্রুড়া—শ্রবণ করে, গোপী— গোপিকাদের, রসোক্রাসম্—রসের উল্লাস, হাউ।—অভান্ত আনদিত হয়ে, প্রেম্ণা—পরম শ্রীতি সংকারে, নমর্ত—নৃতা করেছিলেন, সঃ—তিনি, শ্রীটেতনা মহাগ্রস্থু।

অধ্বাদ

তার ভত্তদের সঙ্গে লক্ষ্মীদেবীর বিজয় উৎসব দর্শন করে এবং ব্রজগোপিকাদের রসোল্লাস শ্রবণ করে হাউচিত্তে শ্রীগৌরচন্ত নৃত্য করেছিলেন।

শ্লোক ২

জয় জয় গৌরচন্দ্র শ্রীকৃষ্ণটেতন্য । 'জয় জয় নিত্যানন্দ জয়াদ্বৈত ধন্য ॥ ২ ॥ গ্রোকার্থ

গৌরচন্দ্র শ্রীকৃঞ্চচৈতন্য মহাপ্রভু জয়যুক্ত হউন। শ্রীনিত্যানন্দ প্রভু জয়যুক্ত হউন। ধন্য শ্রীঅধ্যৈত প্রভু জয়যুক্ত হউন 200

মিধা ১৪

গ্লোক ও

জয় জয় শ্রীবাসাদি গৌরভক্তগণ ৷ জয় শ্রোত্যগণ,—যাঁর গৌর প্রাণধন ॥ ৩ ॥ শ্লোকার্থ

ন্ত্রীবাস ঠাকুর প্রমুখ প্রীটেডন্য মহাপ্রভুর ভক্তরা জয়মুক্ত হউন। প্রীটেডন্য মহাপ্রভুর মানের প্রাণধন সেই প্রোভাগন জয়মুক্ত হউন।

(副章 B

এইমত প্রস্তু আছেন প্রেমের আবেশে।
হেনকালে প্রতাপক্তর করিল প্রবেশে॥ ৪॥

প্রীতিভন্য মহাপ্রভু যখন প্রেমাবিট হয়ে উদ্যানে বিখ্যাম করছিলেন, তখন মহারাজ প্রভাপরুত্ত সেখানে প্রবেশ করদেন

> শোক ৫ সার্বভৌম-উপদেশে ছাড়ি' রাজবেশ । একলা বৈফব-বেশে করিল প্রবেশ ॥ ৫ ॥ ভোকার্থ

সার্বটোয় ভট্টাচার্যের নির্দেশ অনুসারে, রাজ্যবেশ পরিভ্যাল করে কৈলগ্রেশ ধারণ করে তিনি একা উদ্যানে প্রদেশ করলেন।

#### তাৎপর্য

আন্তর্জাতিক কৃষ্ণভাষনান্ত সংযের সদস্যরা, পাশ্চাত্য দেশে কথনও কথনও বৈহাববেশ ধারণ করে জনসাধারণের কাছে গ্রন্থ বিতরণ করতে অসুবিধা বোধ করেন কেননা পাশ্চাত্য দেশের মানুষেরা বৈষ্ণবদেশের সঙ্গে পরিচিত নন তাই ভক্তরা আমাকে জিল্লাসা বারেছিল তারা গ্রন্থ বিতরপের জন্য পাশ্চাত্য দেশের পোশাক পরতে পারে কিনা। মহারাজ প্রতাপকত্রকে দেওয়া সার্বভৌম ভট্টাচার্বের উপদেশ থেকে আমনা কুমতে পারি যে, সুবিধার জনা, বেশ পরিবর্তন করা যেতে পারে আমাদের সদস্যরা ধানন জনসাধারণের সঙ্গে সাক্ষাৎ করার জনা অথবা আমাদের গ্রন্থ করার জন্য, তাঁছের পোশাক পরিবর্তন করে, তার কলে ভগবস্তুন্তির নিয়মণ্ডলি ভঙ্গ হয় না। প্রকৃত উদ্দেশ্য হচ্ছে কৃষ্ণভাবনামৃত আনোলনে প্রচার করা এবং সেইজন্য যদি তাদের পাশ্চাত্য দেশের মানুবদের মতো পোশাক পরতে হয়, তাতে কোন বাধা নেই।

শ্লোক ৬

সক ভাজের আজ্ঞা নিল যোজ হাত হঞা । প্রভূ-পদ ধরি' পড়ে সাহস করিয়া ॥ ৬ ॥ শ্রোকার্থ

অভ্যন্ত বিনীতভাবে হাত জোড় করে মহারাজ প্রভাগরুর সমস্ত ভক্তদের অনুমত্তি নিদেন ভারপর সাহস করে শ্রীকৈডন্য মহাপ্রভূব শ্রীপাদপদ্দ স্পর্শ করকেন।

প্লোক ৭

আঁখি মুদি' বাভু প্রেমে ভূমিতে শ্যান। নৃপতি নৈপুণো করে পাদ-সন্থাহন। ৭ ।। গোকার্থ

প্রীচৈতন্য মহাপ্রভূ প্রেমাবিউ হয়ে চোখ বন্ধ করে যখন মাটিতে ওয়ে ছিলেন তখন মহারাজ প্রতাপরুদ্ধ তাঁর পাদসম্বাহন করতে ওক করলেন

গ্লোক ৮

রাসলীলার ঝোক পড়ি' করেন স্তবন । "জয়তি তে২ধিকং" অধ্যায় করেন পঠন ॥ ৮॥

শ্লোকার্থ

মহারাজ প্রতাপক্ষর শ্রীমন্তাগনত থেকে রাসলীলার শ্রোক উচ্চারণ করতে করতে পাঠ করতে সাগলেন। তিনি "জনতি তে২ছিকং" শ্রোকটি দিয়ে গুরু হ্রেছে যে অধ্যারটি সেই অধ্যায়টি আনৃতি করতে লগেলেন

ভাহপর্য

*শ্রীমন্ত্রাগনতের দশম ব্যক্ষের একক্রিশ* অধ্যায় থেকে যা *গোপী-গীডা* নামে পরিচিত।

গোক ১

শুনিতে শুনিতে প্রভুর সন্তোষ অপার । 'বল, বল' বলি' প্রভু বলে বার বার ॥ ৯ ॥ লোকার্থ

সেই প্লোক ওনে প্রীটেডস্য মহাপ্রভুর অসীম আনন্দ হল, এবং তিনি ব্যরবার কলতে লাগনেন, "বল, বল"

প্লোক ১০

"তব কথামৃতং" শ্লোক রাজা যে পড়িল। উঠি' শ্রোমাবেশে প্রভু আলিঙ্গন কৈল। ১০ ॥

#### শ্লোকার্থ

মহারাজ প্রভাপরুদ্র যথন "তব কথামৃতং" শ্লোকটি আবৃত্তি করলেন তখন শ্রীটেডন্য মহাপ্রভু উঠে প্রেমাবেশে তাকে আলিঙ্গন করলেন।

#### হৌক ১১

তুমি মোরে দিলে বহু অমূল্য রভন । মোর কিছু দিতে নাহি, দিলুঁ আলিজন ॥ ১১ ॥

<u>রোকার</u>

শ্রীতৈত্তন্য মহাপ্রস্থ রাজাকে বললেন, "তুমি আমাকে বছ অমূল্য রন্ধ দান করকো, কিন্তু ভার প্রতিদানে ভোমাকে দেবার মডো আমার কিছু মেই, তাই আমি ভোমাকে আমার আলিছন লম করলাম।"

#### শ্লোক ১২

এত বলি' সেই শ্লোক পড়ে বার বার । দুইজনার অঙ্গে কম্প, নেত্রে জলধার ॥ ১২ ॥ শ্লোকার্থ

এই বলে প্রীচৈতন্য মহাপ্রস্কু নার বার সেই স্লোকটি পাঠ করতে লাগ্লেন তথক প্রীচৈতনা মহাপ্রস্কু এবং রাজা, উভয়েরই অল প্রেম্বেশে কম্পিত হচ্ছিল এবং তালের চোখ দিয়ে জলের ধারা বইছিল।

#### গ্রোক ১৩

তৰ কথামূতং তপ্তজীবনং, কবিভিন্নীড়িতং কন্ম্যাপহম্। শ্ৰবণমঙ্গলং শ্ৰীমদাততং, ভূবি গুণন্তি যে ভূৱিদা জনাঃ॥ ১৩॥

তব—ভোমার, কথামৃতম্—কথারূপ অমৃত; তপ্তজীবনম্—বিরহতাপঞ্জিউদের প্রাণধ্যন্ত্রণ, কবিভিঃ—মহান উরত ব্যক্তিদের হারা, উড়িতম্—জারাধিত; কথায়াপহ্য্—সনরকম পাপ দ্রা করে, শ্রবণ মঙ্গলম্—শ্রবণকারীর স্ববিধ মঙ্গল সাধন করে, শ্রীমৎ—সর্বিধ পালমার্থিক শক্তি সমন্বিত; আতত্তম্—সারা জগৎ জুড়ে প্রচার করে, ভূবি—জড় জ্বগতে, গৃণক্তি—কীর্তন করেন এবং প্রচাব করেন, যে—মারা, ভূরিনাঃ—সর্বশ্রেষ্ঠ দাতা জ্বনাঃ —ব্যক্তিগল

#### অনুবাদ

"হে প্রাভূ, বছজন্মের বছ সৃকৃতিকারী মানুষেরা জগতে এসে, তোমার প্রেমতপ্ত ব্যক্তিদের জীবনম্বরূপ, কবিদের সমীত কল্মনাশী, প্রবণমঙ্গল, সর্বতাপক্রিস্ট, সর্ব ব্যাপক ভোমার কথামৃত সারা জগৎ জুড়েঁ প্রচার করেন। তাঁরা সর্বশ্রেষ্ঠ দাতা।" ভাহপর্য

হেরা-পঞ্চমী যাত্রা

এই প্রোকটি *শ্রীমন্তাগবড* (১০/৩১/৯) থেকে উদ্ধৃত।

(計) >8

'ভূরিদা' 'ভূরিদা' বলি' করে আলিঙ্গন । ইঁহো নাহি জানে, ইহোঁ হয় কোন্ জন ॥ ১৪॥ শ্লোকার্ধ

'ভ্রিদা' ভ্রিদা' বলে শ্রীটেডনা মহাপ্রকু রাজাকে জালিকন করলেন। ডিমি ডখন জানডেন না, কাকে ডিমি আলিজন করছেন

(स्रोंक ५४

পূর্ব-সেবা দেখি' জাঁরে কৃপা উপজিল ৷ অনুসন্ধান বিনা কৃপা-প্রসাদ করিল ৷৷ ১৫ ৷৷

পূর্বে রাজার দেবা দর্শন করে জীতৈতন্য মহাপ্রভুৱ ভার প্রতি কৃপার উদ্ধা হয়েছিল। ভাই কোনরকম অনুসন্ধান না করেই ডিসি ভাকে কৃপা প্রসাদ দান করেছিলেন।

ক্লোক ১৬

এই দেখ, চৈতনোর কৃপা-মহাবল । তার অনুসদান বিনা করায় সফল । ১৬ ।। শ্লোকার্থ

শ্রীতৈতন; মহাপ্রভুর কৃপা কত বলবান। রাজ্য সম্বন্ধে কোন অনুসন্ধান না করেঁই তিনি সবকিছু সফল কম্লিয়েছিলেন

#### ভাহপর্য

শ্রীটিতনা মহাগ্রভুর কৃপা এতই নদবান যে তা আপনা পেকেই কার্যকরী হয়। কেউ
বদি শ্রীকৃষের দেবা করেন, ডাহদে ভার সেই সেবা বিফল হয় না। চিন্নয় ভার ভার
হিসাব থাকে, এবং যথা সময়ে তা ফলপ্রসূ হয় সে সমক্ষে ভগবন্গীতায় (২/৪০)
বলা হরেছে— করমপাসা ধর্মসা তারতে মহতো ভয়াৎ—"ভগবানের সেবা কথনও বিফল
হয় না। এবং সেই পথে অল্প অগ্নসন হলেও তা মহাভয় থেকে ক্লা করে।"

এই জগতের সবচাইতে অধ্যংগতিত মানুধদের শ্রীচেতন্য মহাপ্রভু সবচাইতে শক্তিশালী ভগবন্ধতির পত্না প্রদান করেছেন এবং শ্রীচৈতন্য মহাপ্রভুব কুপায় যিনি তা গ্রহণ করেন, তিনি তৎক্ষণাৎ চিন্ময় স্তারে উল্লীত হন শ্রীমন্তাগবতে মির্দেশ দেওয়া হয়েছে যাঁলেঃ সংকীর্তন প্রায়ের্যজন্তি হি সুমেধসঃ (ভাঃ ১১/৫/৩২)

মিধা ১৪

কৃষ্ণভাবনামৃত আন্দোলনের ভক্তদের অবশাই শ্রীচৈতন্য মহাপ্রভুর কৃপা লাভ করতে হবে, তাহলে তার ভগবন্তক্তি অচিরে সার্থক হবে মহারাজ প্রতাপরুদ্রের তাই হয়েছিল শ্রীচৈতন্য মহাপ্রভুর নজারে আসতে হবে, এবং নিষ্ঠাভরে ভগবানের সেবা করলে মহাপ্রভু তাকে ভগবদায়ে ফিরে মাবার দোগা পাত্র বলে বিকেনা করবেন মহারাজ প্রভাপরুদ্রের শ্রীচৈতন্য মহাপ্রভুর সঙ্গে সাক্ষাৎ করার সুযোগ হয় নি, কিন্তু তাঁকে জগল্লাথের রথযাত্রার পথ বাঁটে দিছে দেখে মহাপ্রভু তাঁর প্রতি প্রসন্ন হয়েছিলেন। বৈধন বেশে মহারাজ প্রতাপরুদ্র যখন মহাপ্রভুর সেবা করছিলেন, তখন তিনি তাঁকে তাঁর পরিচয় পর্যন্ত জিজ্ঞাসা করেন নি। পক্ষান্তরে, তাঁর প্রতি কৃপাপরারাণ হয়ে তিনি তাঁকে আলিছন করেছিলেন।

শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী দেখাতে চেয়েছেন যে মহারাজ প্রতাপক্ষরের প্রতি শ্রীচেতন্য মহাপ্রত্ব কৃপার কুলনা হয় না, তাই তিনি 'দেখ, চৈতন্যের কৃপা মহাবল' বলে সে কথা বৃদ্ধিয়েছেন। প্রবোধানক সরস্কতীও সে সম্বন্ধে বলেছেন—হং—ফার্কণ্য-কটাক্ষ-বৈজ্ব-বভাম্ (তৈতনা-চন্দ্রাম্বত—৫) শ্রীচৈতন্যে অতি অর কৃপাও পারমার্থিক জীবনে অগ্রসর হওয়ার মহাসম্পদ। তাই গ্রীচৈতন্য মহাপ্রভুর কৃপার অবশ্যই কৃষ্ণভাবনামৃত আলোলনের প্রসার হবে। শ্রীচেতন্য মহাপ্রভুর কৃপা লাভ করে গ্রীল লগে গোস্বামী বলেছিলেন—

भरमा महावकानामा कृष्यद्यमञ्जामाराजः । कृष्यमा कृष्यरिकजना नास्त्रः स्मीवस्तित नमा ॥

"কৃষ্ণপ্রেম-প্রদাভা মহাবদান্য শ্রীকৃষ্ণতৈতনা মহাগ্রভূকে আমি প্রণতি নিবেদন করি তিনি শ্রীকৃষ্ণ বয়ং এখন গৌরাদ রূপে প্রকাশিত হয়েছেন।" শ্রীল লোচন দাস ঠাকুরও গোয়েছেন, "পরম কর্মণ পূর্থ দুইজন, নিতাই গৌরচন্দ্র" তেমনই শ্রীল নরোভম দাস ঠাকুর গেয়েছেন—

> ব্রজেন্ত্রনন্দন থেই, শচীসূত হইল সেই, বলরাম হইল নিতাই । দীন-হীন মত ছিল, হরিদামে উদ্ধারিক, ভার সাক্ষী জগাই-মাধাই ॥

কলিবুগোর সমস্ত ভাধঃপতিত জীবদের উদ্ধার করার জন্য মহাপ্রভু অবতীর্ণ হয়েছেন ভগবদ্ধামে ফিরে যাবার জন্য কৃষ্ণ-ভক্তদের কর্তব্য হচ্ছে, নিরন্তর শ্রীচৈতন্য মহাপ্রভুর কৃপা ভিক্ষা করা

> শ্লোক ১৭ প্রভু বলে,—কে ভূমি, করিলা মোর হিত? আচয়িতে আসি' পিয়াও কৃষ্ণলীলামুড? ১৭ য়

গ্রোকার্থ

শ্রীতৈতন্য মহাপ্রভূ বললেন, "তুমি কে? আমার এড উপকার করলে। আচন্ধিতে এখানে এসে তুমি আমাকে কৃষ্ণ-লীলামৃত পাদ করালে।"

শ্লোক ১৮

রাজা কহে,—আমি তোমার দাসের অনুদাস।
ভূত্যের ভূত্য কর,—এই মোর আশ। ১৮।।
ভোতার্থ

রাজা উত্তর দিলেন, "হে প্রভু, আমি আপনার দাসের অনুবাস। আমাকে আপনি আপনার মৃত্যের মৃত্যু হবার সৌজাগ্য প্রদান করুন, সেইটিই আমার একমাত্র অভিসাধ।"

ভাবের সর্বপ্রেট বাসনা হচ্ছে পর্যােশ্বর ভগবানের দাসের অনুদাস হওয়া। সরাসরিভাবে ভগবানের দাস হবার বাসনা করা উচিত নয়। সেই অভিলাব বথাযথ নয় নৃসিংহদেব যথন প্রহ্লাদ মহারাজকে বর দান করেছিলেন, তখন প্রহ্লাদ মহারাজকন্য কোন কিছু না চেয়ে ভগবানের দাসের অনুদাস হওয়ার প্রথম করেছিলেন স্বর্গের দেবতাদের কোষাধ্যক্ষ কুবের যথন এব মহারাজকে বর দিতে চেয়েছিলেন, তখন এব মহারাজ অন্তর্গন প্রকৃত্র পরিবর্গে তিনি কেবল ভগবানের দাসের অনুদাস হওয়ার আভিলান করেছিলেন খোলা বেচা শ্রীধর ছিলেন শ্রীটেতনা মহারাভ্রক অভিলান অভিলান করেছিলেন খোলা বেচা শ্রীধর ছিলেন শ্রীটেতনা মহারাভ্রক অভি দরির এক পার্বন, কিন্তু মহারাভ্রক যথন তাকে বর দিতে চেয়েছিলেন, তখন তিনিও প্রার্থনা করেছিলেন, যাতে তিনিও ভগবানের দাসের অনুদাস হতে পারেন অভ্যাব, পরাধের ভগবানের দাসের অনুদাস হতে পারেন অভ্যাব, পরাধের ভগবানের দাসের অনুদাস হতে পারেন অভ্যাব,

শ্লোক ১৯ তবে মহাপ্রস্থৃ তীরে ঐথর্ষ দেখাইল । কারেহ না কহিবে' এই নিথেখ করিল ॥ ১৯॥ গ্লোকার্থ

তথন, ঐটিচতন্য মহাপ্রভু রাজাকে তাঁর কিছু দিব্য ঐশ্বর্য দেখালেন, এবং তাঁকে নিধে। করলেন সেকথা কাউকে বলতে।

श्लोक २०

'রাজা'—হেন জ্ঞান কভু না কৈল প্রকাশ । অন্তরে সকল জানেন, বাহিরে উদাস ॥ ২০ ॥

প্ৰোক ২৭

#### গ্লোকার্ঘ

তাকে যে মহারাজ প্রতাপরুদ্ধ বলে তিনি চিনতে পেরেছেন জা তিনি বাইরে প্রকাশ করলেন না। অন্তরেতে তিনি সবকিছু জানতেন, কিছু বাইরে তিনি মেভার প্রকাশ করলেন না.

# ধ্যোক ২১ প্রতাপক্ষরের ভাগ্য দেখি ভক্তগণে : রাজারে প্রশংসে সবে আনন্দিত-মনে ॥ ২১ ॥

রোকার্থ

মহারাজ প্রতাপক্ষদকে এইভাবে গ্রীটেডন্য মহাপ্রভুর বিশেষ কৃপা লাভ করতে দেখে সমস্ত ওজরা রাজ্যর সৌভাগ্যের প্রশংসা করতে লাগলেন

#### ভাহপর্য

এইটিই বৈধ্যবের চরিত্রের বৈশিষ্ট্য। লাউকে শ্রীচেতন্য মহাপ্রভুর বিশেষ কৃপা লাভ করতে দেখলে বৈষদা তার প্রতি স্থাপিয়ারণ হন না। যখন শুদ্ধ ভত্তির স্তরে উরীভ হন, ভখন শুদ্ধভত্ত অভ্যন্ত আনন্দিত হন দুর্ভাগ্যবশতঃ, তথাকথিত কিছু বৈষদা কাউকে শ্রীচেতন্য মহাপ্রভুর কৃপা লাভ কাবতে দেখলে স্থাদিত হন। শ্রীচেতন্য মহাপ্রভুর বিশেষ কৃপা লাভীত ভগবানের বাণী প্রচার করা যায় না সেকথা প্রতিটি বৈষ্ণবই জাতান, কিছে শ্রেণ কিছু ইর্মা-পরায়ণ মানুয় সারা পৃথিবী জুড়ে এই কৃষ্ণভাবনায়ত আলোলানের প্রচার সহ্য করতে পারছেন না তারা ভগবানের শুদ্ধ ভঙ্ত প্রচারকের দোষ দর্শন করে এবং শ্রীচেতন্য মহাপ্রভুর শ্রাণী সার্থক করে যে অপূর্ব সেকা তিনি করছেন সেজন্য ভার প্রশংসা না করে তার নিজা করেন

#### শ্ৰৌক ২২

দশ্বৰৎ করি' রাজা বাহিরে চলিলা । যোড় হস্ত করি' সৰ ডক্তেরে বন্দিলা । ২২॥

হোকার্থ

মহারাজ প্রতাপরুদ্র শ্রীতৈওল্য মহাপ্রভুকে দশুবৎ প্রণত্তি নিবেদন করে সেখান থেকে বিদায় নিলেন, এবং হাত জোড় করে সমস্ত ভক্তদের বন্দনা করলেন।

শ্লৌক ২৩

মধ্যাক করিলা প্রভু লঞা ভক্তগণ । বাণীনাথ প্রসাদ লঞা কৈল আগমন ॥ ২৩ ॥

#### গ্লোকার্থ

ভারপর, বাণীনাথ প্রসাদ নিয়ে সেখানে এলেন, এবং শ্রীটেডন্য মহাপ্রস্থ সমস্ত ডক্তদের নিয়ে মধ্যফেকালীন প্রসাদ সেবা করলেন।

শ্লোক ২৪

সার্বভৌম-রামানক বাণীনাথে দিয়া । প্রসাদ পাঠাল রাজা বহুত করিয়া ॥ ২৪ ॥ কোকার্থ

মহারাজ প্রতাপরত সার্বটোম ভট্টাচার্য, রামাদক রায় এবং বাধীলাথকে দিয়ে প্রচুর পরিমাণে প্রসাদ পার্তিয়ে ছিলেন .

য়োক ২৫

'বলগতি ভোগে'র প্রসাদ—উত্তম, অনন্ত । 'নি-সকড়ি' প্রসাদ আইল, যার নাহি অন্ত !! ২৫ ॥ ভোকার্থ

অপর্যাপ্ত পরিমাণে 'বলগণ্ডি' ভোগের অতি উত্তম প্রসাদ এবং সেই সন্দে 'মি-সকড়ি' প্রসাদ আমা হল।

त्योक २७

ছানা, পানা, পৈড়, আম, নানিকেল, কাঁঠাল । নানাবিধ কদলক, আর বীজ-তাল ॥ ২৬ ॥ নোকার্থ

হানা, ফচেন রস, ভাব, আম, মারিকেল, কাঁঠাল, মান্তিধ কলা এবং তালের শাঁস আনা হল

ভাহপর্য

এইটিই জগ্যাথদেবের প্রসাদের প্রথম তালিকা।

শ্লোক ২৭

নারক, ছোলক, টাবা, কমলা, বীজপ্র ৷ বাদাম, ছোহারা, দ্রাক্ষা, পিগুখর্জুর ৷৷ ২৭ ৷৷ শ্লোকার্য

সেঁহ সজে ছিল নারজ, ছোলজ, টাবা, কমলালেবু, বীজপুর, বাদাম, শুদ্ধ ফল, দ্রাক্ষা এবং শুদ্ধ খেজুর

শ্লোক ৩৬

ক্লোক ২৮

মনোহরা লাড়ু আদি শতেক প্রকার ৷ অমৃতত্তটিকা-আদি, ক্ষীরসা অপার ॥ ২৮ ॥

শ্লোকার্থ

মনোহয়া-লাড়ু অমৃতণ্ডটিকা-আদি শত শত প্রকারের মিষ্টি ছিল, আর ছিল অপর্যাপ্ত পরিমাণে ক্ষিত্র

শ্লোক ২৯

অমৃতমণ্ডা, সরবতী, আর কুম্ড়া-কুরী । সরামৃত, সরভাজা, আর সরপুরী ॥ ২৯ ॥

লোকার্থ

আর ছিল পেঁপে, সরবতী লেব্, কুমড়া-কুরী, সরাম্ত, সরভাজা এবং সরপুরী।

ক্লোক ৩০

হরিবল্লন্ড, সেঁওড়ি, কর্প্র, মালভী । ডালিমা মরিচ-লাড়ু, নবাড, অমৃতি ॥ ৩০ ॥ ঝোকার্থ

আর ছিল হরিবল্লান্ড (যিয়ে ভাজা একপ্রকারের মিষ্ট রুটি), সেঁওডি, কর্ণুর ও মালতী ফুলের তৈরি মিষ্টি, মুগের লাড়ু, নবাত (চিনির রমে পড় একপ্রকার মিষ্টায়), অমৃতি (জিলিপি-জাতীয় খৃতপর মিষ্টি)

মৌক ৩১

পল্লচিনি, চন্দ্রকান্তি, খাজা, খণ্ডসার । বিমরি, কদ্মা, ডিলাখাজার প্রকার ॥ ৩১ ॥

টোকার্থ

আন ছিল পশ্বটিনি, চন্দ্ৰকান্তি (কলাইয়ের ভালে গ্রন্থত সরু চাক্লি, বা চন্দ্রাকৃতি ফুল বঙ্জি), বাজা, বঙ্গার, বিমরি (চালভাজার চাক), কদ্যা, তিলাবাঞ্জা (বাজার সঙ্গে বিয়ে ভালা তিলের মিশ্রণে প্রস্তুত মিষ্ট দ্রব্য বিশেষ)।

গ্ৰোক ৩২

নারজ-ছোলজ-আশু বৃক্ষের আকার । কুল-ফল-পত্রযুক্ত খণ্ডের বিকার ॥ ৩২ ॥

শ্লোকার্থ

আর ছিল মিছরির তৈরি কমলা, লেবু, আম ইত্যাদি ফল এবং সেইওলি ফুল ও পাতাযুক্ত ছিল। শ্লোক ৩৩

দধি, দৃগ্ধ, ননী, তক্র, রসালা, শিখরিণী । স-লবণ মুদ্গান্ধ্র, আদা খানি খানি । ৩৩ ॥ শ্লোকার্থ

আর ছিল দমি, দৃধ, ননী, খোল, ফলের রস, শিখরিশী, লবণ রেশানো মূগের অছুর এবং আনার টুকরো।

শ্লোক ৩৪

লেমু-কুল-আদি নানা-প্রকার আচার । লিখিতে না পারি প্রসাদ কতেক প্রকার ॥ ৩৪ ॥ গ্রোকার্থ

আর ছিল লেবু, কুল ইড্যাদির নানা প্রকার আচার। জগরাথদেবের সে সমস্ত প্রসাদ আমি লিখে লেম করতে পারছি না।

ভাৰপৰ্য

২৬-৩৪ শ্লোকে এম্বনার শ্রীস্তগরাধনেকে নিবেদিত বিবিধ প্রসাদের ধর্ণনা করেছেল তিনি যথাসাধ্য তা ধর্ণনা করার চেষ্টা করেছেন, কিন্তু ত্রেশেনে তিনি স্থীকার করেছেন থে মধ্যমণচাবে ভা বর্ণনা করা তার পঞ্চে সত্তব নয়

শ্লোক ৩৫

প্রসাদে প্রিত হইল অর্থ উপবন । দেখিয়া সন্তোব হৈল মহাপ্রভুর মন ॥ ৩৫ ॥ শ্লোকার্থ

সেই উপরনের অর্থানে প্রসাদে পূর্ব হয়ে গেল, এবং তা দেখে গ্রীতৈত্ন্য মহাপ্রভু মনে মনে অত্যন্ত সম্ভন্ত হলেন

শ্লোক ৩৬

এইমত জগলাথ করেন ভোজন । এই সুখে মহাপ্রভুর জুড়ায় নয়ন ॥ ৩৬ ॥ ভোকার্থ

এইভাবে জগদ্বাথদেবকে ভোজন করতে দেখে প্রীচৈতন্য মহাপ্রভুর নম্বন সম্পূর্ণরূপে ভৃপ্ত হল, তাৎপর্য

প্রীটৈতনা মহাপ্রভূব পদাস্ক অনুসরণ ফরে, জগগ্নাথদেব অথবা রাধাকৃষ্ণকে নিদেদিও বিবিধ প্রকার ভোগ দর্শন করেই সম্পূর্ণজনে তৃগু হওয়া উচিত। বৈষ্ণবের পক্ষে নিজের উদর

শ্ৰোক ৪৪1

পৃতিব জন্য বিবিধ প্রকারের খাদ্যদ্রব্য আকাধ্চা করা উচিত নয়। পক্ষান্তরে ভগবানের শ্রীবিগ্রহকে নিবেদিত বিবিধ প্রকার খাদান্তব্য দর্শনেই তার তৃপ্তি। শ্রীল বিশ্বনাথ চক্রবাতী ঠাকুর শ্রীগুর্লন্টকমৃন্য লিখেছেন—

> ठपूर्विथ श्रीक्षावश्यमापदात्त्रमृत्तान् इतिक्छम्भवान् । कृरेक्थ कृतिः कक्षकाः मरैमव वरम करता श्रीकृतभावविषय ॥

"শ্রীওকদেব সর্বদা শ্রীকৃষরকে চড়বিধ ,চর্বা, চ্বা, লেহা ও পেরা) অভি উপাদের ভোগ নিবেদন করেন ত্রকদেব যথন দেখেন যে ভত্তেরা সেই ভগবৎ-প্রসাদ সেবা করে তৃপ্ত হয়েছেন তথন তিনিও তৃপ্ত হন। সেই প্রমারাধ্য ওফদেবের শ্রীপাদপয়ে আমি আমার প্রণতি নিবেদন করি "

ভগবানের ভোগ নিবেদন করার ভাগা শিমাদের মানাবিধ অভি উপাদের থাবারবা প্রস্তুত করতে নিয়োগ করা প্রীশুক্তনেবের কর্তব্য এই ভোগ নিবেদন করার পর ভা ভগবানের প্রসাদরূপে ভাজদের বিভারণ করা হয়। এই ধরনের কার্যকলাপ গুরুদেবকে ভৃত্তিদান করে, যদিও ভার নিজের বিবিধ প্রকার প্রসাদের প্রয়োজন হয় না। ভগবানকে ভোগ নিবেদন করতে দেখে এবং ভারপর প্রসাদ বিভারণ করতে দেখে তিনি গভীর ভৃত্তি এবং ভালক কন্তুভ্ব করেন।

শ্লোক ত৭

কেয়াপত্ৰ-দ্ৰোণী আইল বোঝা পাঁচ-সাত। এক এক জনে দশ দোনা দিল,—এত পাড়॥ ৩৭॥ খোলার্থ

পীচ-সাত বোঝা কেয়াপাতার ভোলা নিয়ে আসা হল: এবং প্রত্যেক্ষকে দশ-সন্টি করে সেই ডোলা দেওয়া হল।

> শোক ৩৮ কীর্তনীয়ার পরিশ্রম জানি' গৌররায় । তাঁ-স্বারে খাওয়াইতে প্রভুর মন ধায় ॥ ৩৮ ॥ শোকার্থ

কীউনীনাদের পরিশ্রম উপলব্ধি করে শ্রীটেডন্য মহাপ্রত্ তাদের প্রচুর পরিমাণে ভোজন করাতে ইচ্ছা করলেন

> শ্রোক ৩৯ পাঁতি পাঁতি করি' ভক্তগণে বসাইলা । পরিবেশন করিবারে আপনে লাগিলা ॥ ৩৯ ॥ শ্রোকার্থ

সমস্ত ভক্তদের সারিবদ্ধভাবে বসিয়ে শ্রীকৈডন্য মহাপ্রভু নিজেই প্রসাদ বিভরণ করতে লাগলেন প্লোক ৪০

প্রভু না খাইলে, কেহ না করে ভোজন ৷ স্বরূপ-গোসাঞি তবে কৈল নিবেদন ৷৷ ৪০ ৷৷ শোকার্থ

কিন্তু, শ্রীটৈতন্য মহাপ্রভু প্রসাদ এহণ না করায় ভড়েরাও ভোজন করছিলেন না; চখন স্বরূপ দায়োদর গোস্বামী মহাপ্রভুকে নিবেদন করলেন

শ্ৰোক ৪১

আপনে বৈস, প্রজু, ভোজন করিতে । জুমি না থাইলে, কেহ না পারে থাইতে ॥ ৪১ ॥ শোলার্থ

শ্বরূপ সামোদর বললেন, "প্রভূ, ভূমি দয়া করে ভ্রোছন করতে বস ভূমি যদি না খাও ডাহলে অন্য কেউ তো খেতে পারবে সা।"

स्थिक 84

তবে মহাপ্রভু বৈসে নিজগণ লঞা । ভোজন করাইল সবাকে আকণ্ঠ প্রিয়া ॥ ৪২ ॥

প্ৰোকাৰ্থ

ভখন শ্রীটেডনা মহাপ্রভু উরে পার্যদদের নিয়ে বসলেন, এবং সকলবে আকণ্ঠ পূর্ব করে। ভোজন করালেন।

> শ্লোক ৪৩ ভোজন করি' বসিলা প্রভূ করি' আচমন । প্রসাদ উবলিল, খায় সহস্রেক জন । ৪৩ ॥ শ্লোকার্থ

জোজনাস্তে শ্রীচৈতন্য মহাপ্রত্ আক্ষন করে বসলেন , এক উদ্বর প্রসাদ ছিল যে হাজার হাজার মানুষকে তা বিতরণ করা হল

(割) 88

প্রভুর আজ্ঞায় গোবিন্দ দীন হীন জনে ৷ দুঃখী কাঙ্গাল আনি' করায় ভোজনে ॥ ৪৪ ॥

শ্লোকার্থ

প্রীটেচতন্য মহাপ্রভুর আন্তায় গোবিন্দ দীন-হীন দৃঃবী কাঙাল্দের ভেকে এনে প্রচুয় পরিমাণে ভোজন করালেন।

ল্লোক ৫০

**শ্লোক** ৪৫

কাঙ্গালের ডোজন-রম্ব দেখে গৌরহরি ৷ 'ইরিবোল' বলি' তারে উপদেশ করি ॥ ৪৫ ॥ শ্রোকার্থ

কাজলেদের ভোজন-ব্রন্ধ দেখে, প্রীচৈতন্য মহাপ্রস্তু 'হরিবোল' বলে তাদের মিবানাম কীর্তন করতে উপদেশ দিলেন।

ভাৎপর্য

গ্রীল ভণ্ডিবিনোদ ঠাকুর গেনেছেন—

মিছে মায়ার বলে, যাচ্ছ ভেসে,
খাচ্ছ হাবুভূবু ছাই ৷
জীব কৃষ্ণদাস, এ বিশ্বাস,
করলে ত' আর দুখে নাই ॥

"মারার প্রভাবে সকলেই ভবসমুদ্রের তরাস ভেসে যাতে এবং নিরন্তর হাবুড়বু খাছে।
কিন্তু কেউ যদি শ্লীকৃষ্যকে তার নিতা প্রভু কপে জানতে পেরে তার নাসপ্থ বরণ ধারে,
তাহরে সে এ ভব-সমুদ্র থেকে তথকণাথ উদ্ধার লাভ করে এবং তথন আর কোন
দুঃগ থাকে না।" শ্লীকৃষা এই জড় জগততে তিনটি ওণের নারা গরিচালিত ফরেন এবং
তার ফলে জীবনের তিনটি তরও রয়েছে—উচ্চ, মধ্য এবং নিম্ন যেই স্তরেই জীব
মার্বিভিত হউবা না কেন তাকে ভব-সমুদ্রে হাবুড়ুবু থেতে খেতে তেনে যেতে হয়। কেউ
ধনী হতে পারে, কেউ মধ্যুদির হতে গারে, আনার কেউ দরিত্র ভিফুক হতে পারে—
ভাতে কিছু খায় আরে না। জীব যতক্ষণ স্বাড়া-প্রকৃতির তিনটি ওণের হারা প্রভাবিত
থাকে, ততক্ষণ তাকে বিভাগে দুঃধ ভোগ করতে হয়।

(利) 本 8 6

'হরিবোল' বলি' কাঙ্গাল প্রেমে ভাসি' যায় । ঐছন অন্তুত লীলা করে গৌরবায় ॥ ৪৬ ॥

য়োকার্থ

"হরিবোল" বলা মাত্রই কাঞ্চালেরা স্কাবৎ-চোমে মগ্ন হলেন। এইভাবে শ্রীটেডনা মহাপ্রফু অতুত লীলাবিলাস করেছিলেন।

তাৎপর্য

ভগবং-প্রেম অনুভব করার অর্থ হচ্ছে চিম্ময় স্তরে অধিষ্ঠিত হওয়া কেউ যদি চিম্ময় স্তরে স্থিত হতে পারেন, তাহলে তিনি অবশ্যই তার প্রকৃত আলয় ভগবদ্ধামে কিরে যাবেন। চিম্ময় জগতে ধনী বা দরিম্র বলতে কিছু নেই সশোপনিষদে সপ্তম মন্ত্রে তা প্রতিপঞ্জ হয়েছে— যক্ষিন্ সর্বাণি ভূতানি আম্মেনাভূদ্ বিজ্ঞানতঃ । তথ্য কো মোহঃ কঃ শোক একত্বম্ অনুপশ্যতঃ ॥

"যিনি সর্বদা সমস্তে জীবকে গুণগতভাবে ভগবানের সঙ্গে এক চিৎ স্ফুলিস রাপে দর্শন করেন, তিনিই প্রকৃত তত্ত্বেপ্তা তিনি কখনও মানার প্রভাবে মোহাচ্চ্য হন না।"

त्यांक ६५

ইহাঁ জগগাথের রথ-চলন-সময়। গৌড় সৰ রথ টানে, আগে নাহি যায়॥ ৪৭॥ শ্লোকার্থ

এনিকে, উদ্যানের বাইবে, যথন শ্রীজগলাথলৈবের রথ চলার সমায় হল, তখন সমস্ত গৌড়েরা রথ টানতে লাগলেম, কিন্তু রথ চলল না।

> শ্লোক ৪৮ টানিতে না পারে গৌড়, রথ ছাড়ি' দিল । পাত্র-মিত্র লঞা রাজা ব্যগ্র হঞা আইল ॥ ৪৮॥ শ্লোকার্য

গৌড়েরা যখন দেখলেন যে তারা রথ টানতে পারছেন না, তখন তারা সেই প্রচেষ্টা থেকে বিরত হলেন। তখন অভান্ত ব্যব্র হরে রাজা তার পাত্র-মিত্রদের নিয়ে সেখানে একেন

> শ্লৌক ৪৯ মহামল্লগণে দিল রূপ চালাইতে । আপনে লাগিলা, রূপ না পারে টানিতে ॥ ৪৯ ॥ শ্লোকার্থ

রাজা তপন মহামাশ্রদের দিয়ে রখ টানাতে লাগলেন এবং তিনি নিজেও তাদের সঙ্গে যোগ দিলেন, তবুও রখ চলল মা।

শ্লোক ৫০

ব্যপ্ত হঞা আনে রাজা মন্ত-হাতীগণ। রথ চালহিতে রথে করিল যোজন ॥ ৫০ ॥ শ্রোকার্থ

অত্যস্ত উৎকণ্ঠিত হয়ে রাজ্য তখন মন্ত-হাতীদের আনিয়ে, তাদের দিয়ে রথ টানাবার চেস্টা করলেন। [মধ্য ১৪

শ্লোক ৬১]

hB¢

শ্লোক ৫১

মন্ত-হস্তিগণ টানে যার যন্ত বল ! এক পদ না চলে রথ, ইইল অচল ॥ ৫১ ॥ শ্লোকার্থ

তাদের সমস্ক শক্তি দিয়ে মত-হত্তীরা রথ টানতে লাগলেও কিন্তু রখ একটুও নড়ল না।

শ্ৰোক ৫২

শুনি' মহাপ্রজু আইলা নিজগপ লঞা । মত্তহন্তী রথ টানে,—দেখে দাকাঞা ॥ ৫২ ॥

টোকোর্থ

সেই সংবাদ পেয়ে প্রীটেডনা মহাপ্রভূ জার পার্যদদের নিয়ে সেখানে এলেন, এবং দীড়িয়ে দীড়িয়ে দেখলেন যে মন্ত্র-ক্ষীয়া রথ টানছে,

গ্রোক ৫৩

অক্শের যায় হস্তী করয়ে চিৎকার । রথ নাহি চলে, লোকে করে হাহাকার ॥ ৫৩ ॥

অদুশের আঘাতে হাতীওলি চিংকার করছিল, কিন্তু ডা সত্ত্বেও রথ চলছিল না, এবং সেথানে সম্বেত সমৃত্ত লোকেরা তথ্য হাহাকার করছিল

রোক ৫৪-৫৫

তবে মহাপ্রভূ সব হন্তী যুচাইল। নিজগণে রথ-কাহি টানিবারে দিল॥ ৫৪॥ আপনে রথের পাছে ঠেলে মাধা দিয়া। হড় হড় করি, রথ চলিল ধহিয়া॥ ৫৫॥

য়োকার্থ

তথন শ্রীটেডনা মহাপ্রস্থ সমস্ত হাতীওলিকে রখ থেকে খুলে দিলেন এবং তাঁর পার্যদদের রখ টানবার জন্য বথের দড়ি দিলেন, এবং তিনি নিজে রথের পিছনে গিয়ে মাধা দিয়ে রখ ঠেলতে লাগলেন। তথন হড় হড় করে রখ এপিয়ে চলল

> শ্লোক ৫৬ ভক্তগণ কাছি হাতে করি' মাত্র খায় । আপনে চলিল রথ, টানিতে না পায় ॥ ৫৬ ॥

শ্লোকার্থ

হেরা-পঞ্চমী যাত্রা

রথ আপনা থেকেই চলছিল, তাই ভক্তরা কেবল রখের দড়ি হাতে নিয়ে ছুটে চলছিলো। ডাঁরা রথ টানবার সুযোগ পাচিছলেন না

্লোক ৫৭

আনক্ষে কররে লোক 'জয়' 'জয়' ধ্বনি। 'জয় জগলাথ' বই আর নাহি শুনি॥ ৫৭॥ শেকার্থ

রথ যখন এইভাবে এগিয়ে চলতে সাগল তখন সকলে আন্দে 'জয়' ধ্বনি দিতে লাগলেদ; এবং 'জয় জগলাথ' ছাড়া আর কিছু তখন শোনা যাহিলে না।

গৌক ৫৮

নিমেৰে ড' গোল রথ গুণ্ডিচার ছার । টেতন্য-প্রতাপ দেখি' লোকে চমৎকার ॥ ৫৮ ॥

য়োকার্থ

অল্লকশ্যের মধ্যেই রথ গুণ্ডিচা মন্দিরের ছারে গিয়ে শৌছিল জীতৈতন্য মহাপ্রভূব প্রতাপ দর্শন করে সকলে চমধ্যুত ছুলেন।

শ্লৌক ৫৯

'জন গৌরচন্দ্র', 'জর শ্রীকৃষ্টেচতন্য'। এইমত কোলাহল লোকে ধন্য য ৫৯॥

য়োকার্থ

'জর গৌরচজ' জয় শ্রীকৃষটেডন্য' বলে সমস্ত লোকেরা উচ্চছরে স্তীচৈতন্য মহাপ্রভুর মহিমা কীর্তন করতে সাগলেন।

গ্লোক ৬০

দেখিয়া প্রতাপক্ত পাত্র-মিত্র-সঙ্গে। প্রভুর মহিমা দেখি প্রেমে ফুলে অঙ্গে। ৬০ ॥ শ্রেকার্থ

শ্রীটেডন্য মহাপ্রভুর মহিমা দর্শন করে মহারাজ প্রতাপক্ষম ভার পাত্রমিত্র সহ পুলকিও হলেন

শ্ৰোক ৬১

পাত্বিজয় তবে করে সেবকগণে । জগদাথ বসিলা গিয়া নিজ-সিংহাসনে ॥ ৬১ ॥

শ্ৰোক ৭১]

#### হোকার্থ

শ্রীজগন্ধাথদেবের সেবকেরা তথম ভাঁকে রখ থেকে নামান্দেন এবং শ্রীজগন্ধাথদেব তথম তার সিংহাসনে গিয়ে বসলেম

প্লোক ৬২

সুভদ্রা-বলরাম নিজ-সিংহাসনে আইলা । জগদাথের সানভোগ ইইতে লাগিলা ॥ ৬২ ॥

ধ্যোকার্থ

সূর্যন্তা দেখী এবং বলরামও জাঁদের নিজ নিজ সিংহাসকে বসলেন। তারপর শ্রীজগরাথদেশকে সান করিয়ে ভোগ নিবেদ্য করা হল।

টোক ৬৩

আদিনাতে মহাপ্রড় লঞা ডক্তগণ : আনন্দে আরম্ভ কৈল নর্তন-কীর্তন ॥ ৬৩ ॥ শোকার্থ

ভখন ত্রীতৈওন্য মহাপ্রভু মন্দিরের আদিনায় তার ভক্তদের নিয়ে মহাদক্ষে মৃত্য করতে। তাক করতে

(創本 68

আনন্দে মহাপ্রভুর প্রেম উথলিল । দেখি' সব লোক প্রেম-সাগরে জাসিল ॥ ৬৪ ॥ শ্লোকার্থ

আনদেন তখন মহাপ্রভুষ প্রেম উদ্বেশ হয়ে উঠল, এবং তা দেখে সমস্ত লোকেরা ভগবং-প্রেমের সমস্তে নিম্নজিত হলেন।

শ্লোক ৬৫

নৃত্য করি' সন্ধ্যাকালে আরতি দেখিল। আইটোটা আসি' প্রভূ বিল্লাম করিল। ৬৫॥ লোকার্থ

নৃত্য করে সন্ধাবেলা শ্রীতৈতন্য মহাপ্রভু আরতি দর্শন করলেন, এবং তারপর আইটোটা নামক স্থানে গিয়ে বিপ্রাম করলেন।

> শ্লোক ৬৬ অদৈতাদি ভক্তগণ নিমন্ত্ৰণ কৈল । মুখ্য মুখ্য নৰ জন নৰ দিন পাইলা। ৬৬ ॥

#### শ্লোকার্থ

আছৈত আচার্য প্রমুখ নয়জন মুখ্য ভক্ত সম্বাদিন জীচৈতন্য মহাপ্রভুকে ভারের গৃহে নিমন্ত্রণ করার সৌভাগ্য লাভ করলেন।

শ্লোক ৬৭

আর ভক্তগণ চাতুর্মাস্যে যত দিন। এক এক দিন করি' করিল বস্টন ॥ ৬৭ ॥

য়োকার্থ

আন্য সমস্ত ভাত্তরা, চাতুর্যাস্থ্যের সময়, এক এক দিন করে প্রীটেডন্য মহাপ্রভূতি নিমন্ত্রণ করার দিন কটন করে মিলেন।

শ্লোক ৬৮

চারি মাসের দিন মূখ্যভক্ত বাঁটি' নিল । আরু ভক্তগণ অবসর না পহিল । ৬৮ ॥

अविष

মুখ্য ডক্তেরা চারিমানের দিন বেঁটে নিলেন: অন্য ডক্তেরা ডাঁকে নিমন্ত্রণ করার সুযোগ পেলেন না

শ্ৰোক ৬৯

এক দিন নিমগ্রণ করে দুই-ডিনে মিলি'। এইমত মহাপ্রভুর নিমগ্রণ-কেলি ॥ ৬৯॥ গোলার্থ

খোহেতু তারা এক এক দিন করে শ্রীচৈতন্য মহাপ্রকৃষ্ণে তাদের গৃহে নিমন্ত্রণ করার সূযোগ পেলেন না, ভাই তারা দুই-তিম জনে মিলে এক এক দিন শ্রীচৈতন্য মহাপ্রভূকে নিমন্ত্রণ করদেন। এইডাবে শ্রীচৈতন্য মহাপ্রভূ নিমন্ত্রণ দীলা-বিলাস করেছিলেন।

(創本 90

প্রাতঃকালে স্থান করি' দেখি জগরাথ। সংকীর্তনে নৃত্য করে শুকুগণ সাথ।। ৭০ ॥ শ্রোকার্থ

সকালবেলা স্থান করে শ্রীটেডন্য মহাপ্রস্থ শ্রীজগয়াথদেবকে দর্শন করতে বেডেন, এবং ভারণর তিনি তাঁর ভক্তদের সঙ্গে সংকীর্ডন করে নৃত্য করতেন।

শ্ৰোক ৭১

কভু অস্থৈতে নাচায়, কভু নিত্যানন্দে। কভু হরিদাসে নাচায়, কভু অচ্যুতানন্দে ॥ ৭১ ॥ [মধ্য ১৪

886

#### শ্লোকার্থ

নীচৈতন্য মহাপ্ৰভূ কৰ্মনও অধৈত আচাৰ্যকে নাচাতেন, কৰ্মনও নিজানন্দ প্ৰভূকে, ক্ৰথনও হ্ৰিদাস ঠাকুৰকে, আবাৰ ক্থনও অচ্যুডানন্দকে

শ্লোক ৭২

কছু ব্রেম্পরে, কছু আর ভক্তগণে । বিসন্ধ্যা কীর্তন করে গুণ্ডিচা-প্রাঙ্গণে ॥ ৭২ ॥ ধ্যোকার্থ

কখনও প্রীচৈতন্য মহাপ্রভূ ৰৱেম্বার পণ্ডিড এবং অন্য ভক্তদের নাচাডেন এইডাবে তিনি টিসন্ক্যা গুণ্ডিচা মন্দিরের প্রাস্তবে নৃত্য-কীর্তন করতেন

গ্লোক ৭৩

বৃদ্দাবনে আইলা কৃষ্ণ—এই প্রভুর জ্ঞান । কৃষ্ণের বিরহ-স্ফুর্ডি হৈল অবসান । ৭৩ ॥ গ্রোভার্থ

ভখন এটিচতন্য মহাপ্রভু অনুভব করডেন যে জীকৃষ্ণ বৃদ্যাবনে ফিরে এসেছেন। ভাই ভখন জীর বিন্যাহন অবসাধ হয়েছিল।

শ্লোক ৭৪
নাধা-সলে কৃষ্ণ-সীলা—এই হৈল জানে।
এই রঙ্গে মগ্ন প্রভু ইইলা জাপনে ॥ ৭৪ ॥

শ্লোকার্থ

তখন শ্রীটেডন্য মহাপ্রত্ন অনুভব করতেন যে, রাধারাণীর সদ্দে শ্রীকৃফের পুনরায় মিলন হয়েছে, এবং সেই রসে তিনি নিয়ন্তর মহা ছিলেন।

শ্লোক ৭৫

नारनाम्गारन खखनात्म वृष्मादन-नीमा । दिखमूग्नप्र'-मरत्रादरत्न करत्न खलरथना ॥ ५৫ ॥

শ্লোকার্থ

ওতিচা মন্দিরের বিভিন্ন উদ্যানে তিনি ভক্তদের সঙ্গে বৃন্দাবনশীলা বিলাস করেছিলেন, এবং ইন্দ্রেদ্যাস'-সরোবরে জলকেন্দি করেছিলেন।

গ্রোক ৭৬

আপনে সকল ভড়ে সিঞ্চে জল দিয়া ! সব ভক্তগণ সিঞ্চে চৌদিকে বেড়িয়া ॥ ৭৬ ॥

#### গ্লোকার্থ

মহাপ্রভূ নিজে ভক্তদের গানে। জল ছিটিয়ে দিলেন, এবং সমস্ত ভক্তরা তখন চতুর্দিক থেকে মহাপ্রভূকে বেস্টন করে তাঁর গায়ে জল ছিটালেন।

শ্লোক ৭৭

কড় এক মণ্ডল, কড়ু অনেক মণ্ডল । জলমণ্ড্ক-বাদ্যে সৰে ৰাজায় করতাল ॥ ৭৭ ॥ শ্লোকার্থ

ভখন ভারা একটি মণ্ডলে, আবার কথনো বহু মণ্ডলে ইটিডেন্য মহাপ্রভূকে ঘিরে জলের মধ্যে বাঙে যেডাবে ভাকে, সেইগ্রাহে শব্দ করে ভালি দিতে দিতে জলকেনি করেছিলেন।

क्रीक १४

দূই-দূই জনে মেলি' করে জল-রণ। কেহ হারে, কেহ জিনে—প্রভু করে দরশন । ৭৮ ॥ শ্লোকার্থ

দৃহজ্ঞন দৃইজ্ঞা করে তাঁরা জলে রণ-কেলি করতে লাগলেন, কেউ হারল এবং কেউ জিতল, শ্রীকৈতন্য মহাপ্রক্ত তা দর্শন করলেন

গোক ৭৯

অহৈছত-নিজ্যানশে জল-ফেলাফেলি। আচার্য হারিয়া পাছে করে গালাগালি॥ ৭৯॥ শ্লোকার্থ

আছৈত আচার্যের সঙ্গে নিড্যানন্দ প্রভুর পরস্পরের গায়ে গুল গ্রুড়ে জলকেশি হতে লাগল, এবং অধৈত আচার্য হেরে পিয়ে পরিহাস হলে নিড্যানন্দ প্রভূকে গালাগালি দিতে লাগলেন

গ্লোক ৮০

বিদ্যানিধির জলকেনি স্বরূপের সনে। গুপ্ত-দত্তে জলকেনি করে দুইজনে। ৮০॥ শ্লোকার্থ

স্থারপের সঙ্গে বিদ্যানিধির এবং মুরারি গুপ্তের সঙ্গে বাসুদেব দক্তের জল-কেলি হতে লাগল।

লোক ১১)

শ্লোক ৮১

শ্রীবাস-সহিত জল খেলে গদাধর । রাঘব-পণ্ডিত সনে খেলে বক্রেন্ধর । ৮১ ॥

ছোকার্থ

ব্রীবাস পণ্ডিতের সঙ্গে গদাধর পণ্ডিত এবং রাখব পণ্ডিতের সঙ্গে ব্যব্ধর পণ্ডিতের জাল-কেলি হতে লাগল।

গ্লোক ৮১

সার্বভৌম-সঙ্গে খেলে রামানক-রার । গান্ধীর্য গেল দোঁহার, হৈল শিশুপ্রায় ॥ ৮২ ॥ আলার্থ

সার্বজীম ভট্টাচার্যের সঙ্গে রামানন্দ রায়ের জল-কেলি হতে লাগল। তারা তানের গান্তীর্য হারিয়ে শিশুর মতো আচরণ করতে লাগলেন।

ঞোক ৮৩-৮৪

মহাপ্রস্কু তাঁ দোঁহার চাঞ্চল্য দেখিয়া।
গোপীনাথাচার্যে কিছু কহেন হাসিয়া ॥ ৮৩ ॥
পণ্ডিত, গন্তীর, দুঁহে—প্রামাণিক জন।
বাল-চাঞ্চল্য করে, করাহ বর্জন ॥ ৮৪ ॥

ক্লোকাৰ্থ

সার্বভৌম ভট্টাচার্যের সজে রামানন্দ রায়ের শিশু সুলভ চপলতা মর্শন করে মৃদু হেসে শ্রীচৈতনা মহাপ্রভু গোলীনাথ আচার্যকে বলনেন—"এরা দুই জনেই মহাপণ্ডিত, গন্তীর এবং প্রামাণিক ব্যক্তি; এদের এই শিশু সূপত চপলতা ভাগে করতে বল।"

(制神 古企

গোপীনাথ কৰে,—তোমার কৃপা-মহাসিধু ৷ উছলিত করে মবে ভার এক বিন্দু ॥ ৮৫ ॥ ধোকার্ধ

গোপীনাথ আচার্য উত্তর দিলেন, "আমি বুরতে পারছি যে ভোমার কৃপারূপ মহাসমুদ্রের এক বিন্দু এদের হৃদয়কে এইভাবে উদ্বেলিত করেছে

> শ্লোক ৮৬ মেরু-মন্দর-পর্বত ডুবায় যথা ডথা । এই দুই—গণ্ড-শৈল, ইহার কা কথা ॥ ৮৬ ॥

প্লোকার্থ

"ভোমার কুপা-সমূদ্রের একটি কিদ্ মেরু ও মন্দর পর্বতকে ডুবাতে পারে। এরা দুইজন তো সেই তুলনায় ছোট ছোট দুইটি পাহাড়ের মতো। স্তরাং এরা দুইজন যে নিমজ্জিত হয়েছে ভাতে আর আশ্চর্য হবার কি আছে

শ্লোক ৮৭

শুষ্কতর্ক-খলি খাইতে জন্ম গোল যাঁর । তাঁরে লীলামৃত পিয়াও,—এ কৃপা ভোমার ॥ ৮৭ ॥ রোকার্থ

ভর্ক সরবের খোলের মতো গুদ্ধ, তা খেয়ে যার জীবদ গেল, তাকে তুমি লীলারপ অমৃত পান করাও; এমনই তোমার কৃপা "

শ্লোক ৮৮

হাসি' মহাপ্রভূ তবে অধৈতে আনিল । জলের উপরে তাঁরে শেষশায়া কৈল। ৮৮ ॥

ন্ধীটোডন্য মহাপ্রভূ তখন মৃদু হেনে অধৈত আচার্যকে ভেকে আদলেন এবং তাঁকে জলেন। উপর শেষ-শায়া করালেন।

শ্ৰোক ৮৯

আপনে তাঁহার উপর করিল শমন। 'শেষশায়ী-লীলা' প্রভু কৈল প্রকটন ॥ ৮৯॥ প্রোকার্য

জনের উপর ভাসমান শ্রীঅধৈষ আচার্য প্রভুর উপর শরণ করে শ্রীচৈতন্য মহাপ্রভু 'শেষপায়ী-শীলা' প্রকট করণেন

> প্রোক ৯০ অবৈত নিজ-শক্তি প্রকট করিয়া। মহাপ্রভু লঞা বুলে জলেতে ভাসিরা॥ ৯০॥ ধোকার্থ

স্থীয় শক্তি প্রকট করে অধৈত আচার্ম প্রভু জীচৈতন্য মহাপ্রভুকে নিয়ে জনের উপর ভেসে বেড়াতে লাগলেন।

८६ कक्षि

এইমত জলক্ৰীড়া কৰি' কতক্ষণ । অহিটোটা অহিলা প্ৰভু লঞা ভক্তগণ ॥ ৯১ ॥ [মধ্য ১৪

হেরা-পঞ্চমী যাত্রা

শ্ৰেক ১৯]

260

শ্লোকার্থ

এইভাবে কিছুক্ষণ জল-ক্রীড়া করে শ্রীচৈতন্য মহাপ্রড় তার ভক্তদের নিয়ে আইটোটায় গোলেন।

শ্লৌক ৯২

পুরী, ভারতী আদি হত মুখ্য ভক্তগণ । আচার্যের নিমন্ত্রণে করিলা ভোজন ॥ ৯২ ॥

শ্লোকার্থ

শরমানক পুরী, রক্ষানক ভারতী এবং শ্রীতৈতন্য মহাপ্রভুর অলা সমস্ত মুখ্য ভতেত্রা শ্রীতবৈত আচার্য প্রভুর নিমন্তবে তার স্থানে প্রমান এহণ করলেন

গোক ৯৩

বাণীনাথ আর যত প্রসাদ আনিল ৷ মহাপ্রভুর গণে সেই প্রসাদ খাইল ৷৷ ১৩ ৷৷

আর বাধীনাথ যে প্রসাদ এনেছিলেন, শ্রীতৈতন্য মধাপ্রভূর ভব্তেরা তাও প্রবৃণ করলেন

গোক ১৪

অপরাত্নে আসি' কৈল দর্শন, নর্তন । নিশাতে উদ্যানে আসি' করিলা শয়ন ॥ ৯৪ ॥

শ্লোকার্থ

অপরাছে শ্রীটেডন্য মহাপ্রভূ থাওঁচা মন্দিরে গিয়ে শ্রীজগরাথলেবকে দর্শন করে নৃত্য করপেনঃ এবং রাত্রিবেলা উদ্যানে শরন করপেন

গোক ১৫

আর দিন আসি' কৈল ঈশ্বর দরশন । প্রাঙ্গদেশ নৃত্য-গীত কৈল কতকল ॥ ৯৫ ॥

য়োকার্থ

তার পরের দিন, শ্রীচৈতন্য মহাপ্রভু গুণ্ডিচা মন্দিরে গিয়ে শ্রীজগল্লাধনেবকে দর্শন করতোন, এবং মন্দির প্রাক্তণ কিছুক্ষণ নৃত্য-রীত করলেন।

শ্লোক ৯৬

ভক্তগণ-সঙ্গে প্রভু উদ্যানে আসিয়া। বৃন্দাবন-বিহার করে ভক্তগণ সঞা ॥ ৯৬ ॥ হোকার্থ

ভক্তদের সঙ্গে নিয়ে উদ্যানে গিয়ে শ্রীচৈডন্য মহাপ্রস্থ বৃদ্ধাবন-লীলা বিহার করেছিলেন। ভাৎপর্য

শ্রীল ভক্তিনিদ্ধান্ত সরস্বতী ঠাকুর এই সূত্রে উল্লেখ করেছেন যে, এই বৃন্দারন বিহার—পরকীয়া রমে শ্রীকৃষেজা রজগোলিকানের সঙ্গে দ্বীলাবিলাস নয়। শ্রীজগরাথ পূরীর উদ্যানে শ্রীচেতন্য মহাগ্রন্থ শ্রীদার্থকর মজে পরস্তীর সঙ্গে ভোজ্লীলা করেন নি তিনি নিজেকে শ্রীকেটী রাধারাণীর দাসী বলে মনে করে, তার সেব্য আশ্রয়-বিগ্রহ শ্রীরাধার সঙ্গে প্রিয়তম শ্রীকৃষেজা মিদানে আনন্দমাগরে মন্য—এই রসে মন্ত অবস্থাতেই তার ভক্তদের নিয়ে তিনি বৃদ্দাবনবিহার' দ্বীলাবিলাস করেছিলেন জগরাথ পূরীর উদ্যানে শ্রীচেতন্য মহাগ্রন্থর এই 'বৃদ্দাবন-বিহার'-এর সঙ্গে গৌরাল নাগরীবাদের লার্যকলাপের কোন সংস্পর্য নেই।

শ্লোক ৯৭

বৃক্ষবারী প্রফুরিত প্রভুর দরশনে। ভূজ-পিক গায়, বহে শীতল প্রমে ॥ ৯৭॥

নোকার্থ

সেঁই উদ্যানের বৃক্তরাজি জীটেডম্য মহাপ্রভূতে দর্শন করে খুব প্রফৃল্লিত হল, মৌমাছি এবং পাধীরা বান বাইতে লাবল; এবং শীতল বায়ু বঁইতে লাবল।

শ্লোক ৯৮

প্রতি-বৃক্ষতলে প্রস্তু করেন নর্তন। বাসুদেব-দত্ত মাত্র করেন গায়ন ॥ ৯৮ ॥ শোকার্থ

প্রতিটি স্কেন তলায় শ্রীটৈতনা মহাপ্রভু নৃত্য করলেন, এবং বাস্দেব দত্ত কেবল তথন গান গঠিছিলেন।

রোক ১৯

এক এক বৃক্ষতলে এক এক গান গায় ৷ পরম-আবেশে একা নাচে গৌররায় ৷৷ ৯৯ ৷৷ শ্লোকার্থ

বাসুদের দন্ত এক একটি বৃক্ষের তলায় এক একটি গান পাইলেন এবং শ্রীটেতন্য মহাপ্রভূ ভগবং-প্রোমে আবিষ্ট হয়ে একা নাচলেন

পোক ১০৮]

শ্লোক ১০০

তবে বক্তেশ্বরে প্রভু কহিলা নাচিতে । বক্তেশ্বর নাচে, প্রভু জাগিলা গাইতে ॥ ১০০ ॥ ধ্যোকার্থ

ভারপর শ্রীচৈতন্য মহাপ্রভূ বফ্রেম্বর পণ্ডিভকে নাচতে বললেন। বফ্রেম্বর পণ্ডিভ যখন নাচতে লাগলেন, তথন তিনি গান গরিতে শুরু করলেন।

> শ্লোক ১০১ প্রভূ-সঙ্গে স্বরূপাদি কীর্তনীয়া গায়।

দিক্বিদিক্ নাহি জ্ঞান প্রেমের বন্যায় ৷৷ ১০১ ৷৷

স্বরূপ-সামোদর প্রমুখ কীর্জনীয়ারা শ্রীতৈতন্য মহাপ্রভুর সংক্ গান গাইতে লাগলেন, এবং ভগবং-প্রেমের বন্যায় তারা সকলেই তথম দিক্বিদিক জান পূন্য হয়ে পড়েছিলেন।

्रभाक ३०३

এই মত কতকণ করি' বন-জীলা । নরেন্দ্র-সরোবরে গেলা করিতে জলখেলা ॥ ১০২ ॥ শ্লোকার্থ

এইভাবে কিছুক্তন 'বন দীলা' বিহার করে তারা জলানীড়া করতে নরে<u>ল-সরো</u>বরে গেলেন

গ্রোক ১০৩

জলক্রীড়া করি' পুনঃ আইলা উদ্যানে। ভোজনলীলা কৈলা প্রভু লঞা ডক্তগণে॥ ১০৩॥ শ্লোকার্থ

জল-ক্রীড়া করে তারা পুনরায় উদ্যানে এলেন এবং তথম শ্রীচৈতন্য মহাপ্রভূ ভক্তদের নিয়ে 'ডোজন-সীলা' করলেন

(前年 208

নৰ দিন গুণ্ডিচাতে রহে জগরাথ। মহাপ্রভু ঐছে নীলা করে ভক্ত-সাথ ॥ ১০৪ ॥

শ্লোকার্থ

নয় দিন ধরে গুণিচা মন্দিরে জগন্নাখনেবের সঙ্গে অবস্থান করে শ্রীচৈডনা মহাপ্রভূ তাঁর ভক্তদের সঙ্গে নিয়ে এইভাবে নীলা-বিলাস করেছিলেন, (制本 706

'জগন্নাথ-বল্লড' নাম বড় পুতপারাম । নব দিন করেন প্রভু তথাই বিশ্রাম ॥ ১০৫ ॥ গ্লোকার্থ

মেই নয় দিন প্রীটেডনা মহাপ্রস্কু 'জগদাখ-বায়ড' নামক এক বিশাল প্রদেশাদ্যানে বিশ্রাম করেছিলেন।

ধ্যাক ১০৬-১০৭
'হেরা-পঞ্চমী'র দিন আইগ জানিয়া ।
কাশীমিশ্রে কহে রাজা স্বস্থ করিয়া ॥ ১০৬ ॥
কল্য 'হেরা-পঞ্চমী' হবে লক্ষ্মীর বিজয় ।
ঐত্যে উৎসব কর যেন কড় নাহি হয় ॥ ১০৭ ॥
ধ্যোকার্থ

'বেরা-পঞ্চমি'র দিন নিকটবর্তী হরেছে জেনে মহারাজ প্রতাপরুদ্ধ কাশী মিশ্রকে বললেন, "কাল হেরা-পঞ্চমী বা লক্ষ্মীবিজয় উৎসব হবে এমনভাবে এই উৎসবের আয়োজন করতে হবে মা পূর্বে কখনও হয়নি।"

#### ভাৎপর্য

রথযাত্রার পরের পঞ্চমী তিথিকে 'হেরা-গঞ্চমী' যগে। শ্রীজগরাথদের তাঁথ পত্নী লক্ষ্ণীদেবীকৈ ছেড়ে বৃন্দাবন গিয়েছিলেন সেই বৃন্দাবন ছয়ে এই ওতিচা মন্দির শ্রীজগরাথদেবের বিরহে বাাকুল হয়ে লক্ষ্ণীদেবী শ্রীজগরাথদেবের অদেবণে ওতিচা মন্দিরে গিয়ে শ্রীজগরাথদেবকে দর্শন করেন তাই ঐ দিনটিকে 'হেরা-গঞ্চমী' বলা হয় ঐদিন শ্রীজগরাথকে হারিয়ে লগ্দীদেবী তাঁকে গুঁজতে যান যলে আবার 'অতিবাড়ি'-রা তাকে 'হারা-পঞ্চমী' বলা 'হেরা' শন্দির অর্থ ছয়েছ 'দর্শন করা' এবং লক্ষ্ণীদেবী পঞ্চমী তিথিতে শ্রীজগরাথদেবকে দর্শন করতে গিয়েছিলেন বলে তাঁকে 'হেরা-পঞ্চমী' বলা হয়

শ্লোক ১০৮ মহোৎসব কর তৈছে বিশেষ সম্ভার । দেখি' মহাপ্রভুর থৈছে হয় চমংকার ॥ ১০৮ ॥ শ্লোকার্থ

মহারাজ প্রতাপরুদ্র বললেন, "এত আড়ম্বরে এই মহোহসব কর, যাতে তা দেখে মহারাড়া অভ্যস্ত আনন্দিত এবং বিশ্বিত হন।

**አ**ድዓ

মিধ্য ১৪

ঠাকুরের ভাণ্ডারে আর আমার ভাণ্ডারে ।
চিত্রবন্ত্র-কিন্ধিনী, আর ছব্র-চামরে ॥ ১০৯ ॥
ধবজাবৃদ্ধ-পতাকা-ঘন্টায় করহ মণ্ডেন ।
নানাবাদ্য-নৃত্য-দোন্সায় করহ মণ্ডেন ॥ ১১০ ॥
বিশুণ করিয়া কর সব উপহার ।
রথমাত্রা হৈতে যৈহে হয় চমংকার ॥ ১১১ ॥
সেইত' করিহ,—প্রভু লঞা ছক্তগণ ।
সভহদে আসিয়া যৈহে করেন দরশন ॥ ১১২ ॥

"ঠাকুরের ভাণ্ডারে আর আমার ভাণ্ডারে যত চিত্রিত বস্ত্র, কিছিনী, তুর, চামর, ধবজা, পতাকা এবং ঘণ্টা রয়েছে, সেই সমস্ত সংগ্রহ করে উৎসবের সজ্জার আয়োজন কর। এবং বাদ্যায়ন্ত ও নৃত্যাণীত সহকারে লক্ষ্মীদেবীর দোলা নিয়ে যাওয়ার আয়োজন কর। বিশ্বণ পরিমাণে প্রসাদের আয়োজন কর, যাতে ভা রথবাত্তার মহোৎসব থেকেও চমৎকার হয় এমলভাবে সমস্ত আয়োজন কর বাতে প্রীটেডকা, মহাপ্রভূ ভার ডক্তদের নিয়ে সম্ভদ্যে ভাগায়াথদেবকা দর্শন করতে পারেন।"

শ্লোক ১১৩ প্রাক্তাকালে মহাপ্রস্থ নিজগণ সংগ্রা । জগনাথ দর্শন কৈল সুন্দরাচলে যাঞা ॥ ১১৩ ॥ শ্লোকার্থ

সকালবেলা শ্রীটেডনা যহাপ্রভু তার পার্বন্দের সঙ্গে নিয়ে সুন্দরাচলে রীজগরাধনেবক্ষে দর্শন করবেন

#### ভাৎপর্য

সূদ্যাচল হচ্ছে ওতিচা মদির। পুরীতে গ্রীক্ষণলাথদেবের মন্দিরকে বলা হয় 'নীলাচল', তেমনই গুডিচা মন্দিরকে বলা হয় 'সুদ্রাচল'

(刻本 228

নীলাচলে আইলা পুনঃ ভক্তগণ-সঙ্গে ৷ দেখিতে উৎকণ্ঠা হেরা-পঞ্চমীর রঙ্গে ৷৷ ১১৪ ৷৷ শ্রোকর্থে

ভার পার্যদদের নিয়ে শ্রীচৈতন্য মহাপ্রভু হেরা-পঞ্চমীর মহেত্ৎসব দর্শন করার জন্য নীলাচলে ফিরে এলেন, শ্ৰোক ১১৫

কাশীমিত্রা প্রভূরে বহু আদর করিয়া ৷ স্বগণ-সহ ভাল-স্থানে বসহিল লএগ ॥ ১১৫ ॥ শ্রোকার্থ

তেরা-পঞ্চমী যাত্রা

অত্যন্ত সমাদন করে কাশীমিশ্র শ্রীচৈতন্য মহাপ্রভূকে তার স্বজনসহ ভাল স্থানে নিয়ে কমাদেন।

ক্লোক ১১৬

রসবিশেষ প্রভূর শুনিতে মন হৈল। ঈষৎ হাসিনা প্রভূ স্বরূপে পৃছিল ॥ ১১৬ ॥ শ্লোকার্থ

জীতৈতন্য মহাপ্ৰভু ভগৰজুজিন বিশেষ রস সহত্যে গুনতে ইচ্ছা করে ঈবং হেসে বরপ-সামোদরকে জিজাসা করণেন।

(関本 224-224

যদ্যপি জগন্নাথ করেন ছারকার বিহার । সহজ্ঞ প্রকট করে পরম উদার ॥ ১১৭ ॥ তথাপি বৎসর-মধ্যে হয় একবার । বৃদ্দাবন দেখিতে ভাঁর উৎকণ্ঠা অপার ॥ ১১৮ ॥

"যদিও শ্রীক্ষণায়াপদের তার স্থাক্ষাবিষ্ণ পরম উদারতা প্রকাশ ক্ষরে ক্ষরকায় বিরাজ করেন, তথাপি বছরে একবার তিনি বৃদ্ধাবদ দর্শন করার জন্যে অভ্যস্ত উৎকণ্ডিত হন।"

য়োক ১১৯

বৃদ্দাবন-সম এই উপবন-গণ। তাহা দেখিবানে উৎকণ্ঠিত হয় মন ॥ ১১৯ ॥ গোলার্থ

গুণিচা মন্দিরের উপবনগুলি দেখে খ্রীচৈতন্য মহাপ্রভু বললেন, "এই সমস্ত উপবনগুলি কুলাবন খেকে অভিয়, চাই ভা পুনরায় দর্শন করার জন্য গ্রীভগ্নার্থদেব উৎকণ্ঠিভ হন,

গ্লোক ১২০

বাহির ইইতে করে রথযাত্রা-ছল। সুন্দরাচলে যায় প্রভু ছাড়ি' নীলাচল ॥ ১২০ ॥

গ্ৰোক ১৩২ী

#### রোকার্থ

"রথমাত্রায় যাওয়ার ছলে শ্রীজগদ্বাথদের নীলাচল ছেড়ে বৃন্ধারন খেকে অভিন্ন সুদরাচল **७**िका यकिटन पान

(स्रोक ५२५

নানা পুজ্পোদ্যানে তথা খেলে রাত্রি-দিনে ৷ লক্ষ্মীদেবীরে সঙ্গে নাহি লয় কি কারণে? ১২১ ॥ গ্রোকার্থ

"মেখানকার পুষ্পোদ্যানগুলিছে ডিনি দিন-রাড তাঁর দীলা-বিলাস করেন; কিন্তু ডিনি দক্ষীদেশীকে তার সঙ্গে নিয়ে যান দা কেনং"

**ा**ष्ट्रीक ३३३

বরূপ করে,—গুন, প্রভু, কারণ ইহার । বৃন্দাৰন-ক্ৰীড়াতে লক্ষ্মীয় নাহি অধিকার ৷৷ ১২২ ৷৷

হরূপ-সাম্যোদর উত্তর দিলেন, "প্রভূ, ভার কারণ হচ্ছে, জগবাদের বৃদ্ধাবন দীপায় অংশগ্রহণ করার অধিকার সন্ধ্রীদেবীর নেই।

টোক ১২৩

বৃদ্ধাবন-সীলায় কৃষ্ণের সহায় গোপীগণ। গোপীগণ বিনা কৃষ্ণের হরিতে নারে মন ॥ ১২৩ ॥ CHARLE

"বৃদ্যাবন দীলায় কোবল এজগোপিকারাই জীকুজের সহায়। এজগোপিকারা ছাড়া কেউই প্রীকৃষ্ণের চিত্ত আকর্বণ করতে পারেদ মা।"

(創布 ) 28-528

প্রভূ কছে,—যাত্রা-ছজে ক্রের গমন ৷ সুভদ্রা আর বলদেব, সঙ্গে দৃই জন ॥ ১২৪ ॥ গোপী সঙ্গে যত লীলা হয় উপৰ্যে ৷ নিগৃঢ় কৃষ্ণের ভাব কেহ নাহি জানে ॥ ১২৫ ॥ অতএব কুঞ্জের প্রাকট্যে নাহি কিছু দোব । তবে কেনে লক্ষ্মীদেবী করে এত রোষ? ১২৬ গ শ্ৰোকাৰ্থ

ন্ত্রীচৈতন্য মহাপ্রভূ বঙ্গলেন, "রথযাত্রার হলে ত্রীকৃষ্ণ সৃভদ্রা ও বলদেরের সঙ্গে নৃন্ধারনে যান। সেখানকার উপবনে এজগোপিকাদের সঙ্গে তিনি যে নীলাবিলাস করেন, ভার নিগুঢ় ভাৰ কেউই জানে না। শ্ৰীকৃঞ্চের এই শীলায় কোন দোষ নেই, তাহলে লক্ষ্মীদেবী কেন এড রোখ প্রকাশ করেন?"

গ্রোক ১২৭

স্বরূপ করে.—প্রেমবতীর এই ড' স্থভাব। কান্তের উদাস্য লেশে হয় ক্রোখভাব 🛭 ১২৭ 🏗

স্থরূপ দামোদর উত্তর দিলেন, "এইটিই প্রেয়বজীর স্বভাব, কান্ত যদি তার প্রতি লেশমাত্র वैदाजा क्षेत्रमीन करहत, फाक्ट्रम खीत हिस्स दागरथत जन्मांत एत।"

> (前を ラグターラの) হেনকালে, খচিত যাহে বিবিধ রতন ৷ मृतरर्गत क्वीरनामा कति' ब्यारतार्ग n ১২৮ n ছত্র-চামর-ধবজা পড়াকার গণ। নানাবাদ্য-আগে নাচে দেবদাসীগণ ॥ ১২৯ ॥ ভারল-সম্পট, ঝারি, ব্যজন, চামর ৷ সাথে দাসী শত, হার দিব্য ভূষাত্মর ॥ ১৩০ ।। অন্টোকিক ঐশ্বৰ্থ সঙ্গে বহু-পরিবার । ক্রন্দ হঞা লক্ষ্মীদেবী অহিলা সিংহ্রার ॥ ১৩১ ॥

খ্রীট্রৈডনা মহাপ্রস্ক এবং স্থরূপ দায়োদর নগদ এইডাবে আলোচনা করছিলেন, তথদ विविध त्रज्ञ-शिष्ठ ज्ञर्जित हिल्लामा बारताद्य करत कुक रहा मधीराची जिल्ह्यास এলেন সেই চতুর্দোলা ছব্র, চামর, ধ্বজা এবং পতাকা দিয়ে অতান্ত সুন্মরভাবে সন্ধিত ছিল: এবং নালাবিধ বাদ্যযন্ত্র সহকারে দেব-সাসীয়া সেই চড়র্দোলার সম্মুখে নৃত্য কর্ম্বিলেন, লক্ষ্মীদেবীর শত শত দাসী দিব্য অলক্ষারে ভূষিত হয়ে ভায়ল সম্পূর্ট, জলের স্কারি, ব্যক্তন, চামর বহুদ করছিলেন। এইভাবে তার পরিকর সহ অসৌকিক ঐশ্বর্থ প্রকাশ করে ক্রন্ধ হয়ে দক্ষীদেবী নিহেয়ারে এলেন।

শ্ৰোক ১৩২

জগনাথের মুখ্য মুখ্য যত ভূত্যগণে । व्यक्तीरमवीत मामीश्रग करतन वश्ररम ॥ ১৩২ ॥

ভারপর জগন্নাথদেবের মুখ্য মুখ্য সমস্ত সেবকদের লক্ষ্মীদেবীর দাসীরা বন্ধন করলেন।

শ্লোক ১৩৩ নান্ধিয়া আনিয়া পাড়ে লক্ষ্মীর চরণে । চোরে যেন দহ্য করি' লয় নানা-ধনে ॥ ১৩৩ ॥

ভারা তাদের বেঁথে লক্ষ্মীদেবীর কাছে নিয়ে এলেন। তোরের সমস্ত ধন-সম্পদ জোর করে ছিনিয়ে নিয়ে দেয়ন তাকে দশু দান ক্রা হয়, তাদেরও ঠিক সেইভাবে দশুদান করা ইচ্ছিল।

: ভাৎপর্য

শ্রীজগরাথদের যে সময় রখে বারো করেন, সেই সময় তিনি লক্ষ্ণীদেরীকে বলে যান, "আমি কালাই ফিরে আসব।" দুই তিন দিন বিগত হবার পরেও জগারাথদের ফিনে না আসায়, তাঁর এতি কাডের উদাসা দর্শন করে প্রেমবতী লক্ষ্ণীদেরী স্বাভাবিক ভাবেই কৃষ্ণ হন তথন সমস্ত দাসীদের নিয়ে বিমানে সম্জীভূত হবা লক্ষ্ণীদেরী শ্রীমন্দির গেকে বেরিয়ে আসেন। লক্ষ্ণীদেবীর পরিচারিকারা জগমাগদেবের প্রধান প্রধান পরিচারকদের বিধে লক্ষ্ণীদেবীর কাছে নিয়ে আসেন।

গোক ১৩৪

অচেতনবৎ ভারে করেন ভাড়নে। দানামক গালি দেন ভণ্ড-বচনে ॥ ১৩৪ ॥ শোকার্থ

প্রীজনমাধনেরের পরিচারকোরা ঘর্ষন কার্স্মীদেবীর প্রীপাদপত্তে অতেভনবং পড়িত হন, তথন সাক্ষ্মীদেবীর পরিচারিকারা পরিহাস হঙ্গে তাদের নানভাবে গালি দেন।

> শ্লোক ১৩৫ লক্ষ্মী-সঙ্গে দাসীগণের প্রাগন্ত্য দেখিয়া । হাসে মহাপ্রতুর গণ মুখে হল্ত দিয়া ॥ ১৩৫ ॥ খোকার্থ

শক্ষ্মীদেবীর দাসীদের এই প্রাণদ্ভ্য দর্শন করে শ্রীচৈতন্য মহাপ্রভূর পার্যদেরা হাত দিয়ে মূখ দেকে স্থানতে লাগলেন

> শ্লোক ১৩৬ দামোদর কহে,—ঐপ্রে মানের প্রকার । ব্রিজগতে কাহা নাহি দেখি শুনি আর ॥ ১৩৬ ॥ শ্লোকার্থ

স্বরূপ-দামোদর বললেন, "এই ধরনের মান ত্রিজগতের কোথাও দেখিনি অধবা ওনিনি

গ্রোক ১৩৭

মানিনী নিকৎসাহে ছাতে বিভ্যণ ! ভূমে বসি' নখে লেখে, মলিন-বদন ॥ ১৩৭ ॥ শ্লোকার্থ

"প্রেমিকা অবহেলিত হয়ে। বিফল মনোরথ হলে, ছাউমান ভরে নিরুৎসাহে ভার বিভূষণ পরিতা।গ করে বিষয় বদকে ভূমিতে বদে স্বর্থ দিয়ে লেখে।

> পূর্বে সত্যন্তামার শুনি এবস্থিধ মান । পূর্বে সত্যন্তামার শুনি এবস্থিধ মান । ব্রজে গোপীগণের মান—রসের নিধান ॥ ১৩৮ ॥ শ্লোকার্থ

"পূর্বে আমি প্রীকৃষ্ণের স্বচাইতে অভিমানিমী মহিনী সত্যন্তাথার এই প্রকার মান প্রদর্শনের কথা ওনেন্দি, এবং সমস্ক অপ্রাকৃত নসের আধার ব্রজগোপিকাদেরও এই প্রকার মান প্রদর্শন করার কথা ওমেন্ডি

> শ্লোক ১৩৯ ইহো নিজ-সম্পত্তি সব প্রকট করিয়া। প্রিয়ের উপর যায় সৈন্য সাজাঞা ॥ ১৩৯॥ শ্লোকার্থ

"কিন্তু লক্ষ্মীলেবীকে ভিন্ন প্রকার মান প্রদর্শন করতে দেখছি। ডিনি ডার ঐশর্য প্রকাশ করে, সৈন্য-সামন্ত নিয়ে, প্রিয়কে আক্রমণ করতে চলেছে। "

#### ভাৎপর্য

স্বরূপ-দামোদৰ গোস্থায়ী সাম্বীদেবীর এই উদ্ধৃত্য দর্শন করে ব্রন্ধগোপিকাদের প্রেমের উৎকর্ম শ্রীচিতনা মহাপ্রভূকে জানাবার জান্য বদালেন, "প্রভূ স্বামীদেবীর এই ধরনের মানের প্রকার আয়ি কথনও ব্রিজ্ঞগতে শুনিনি। প্রিয়া মানিনী হলে উৎসাহহীন হয়ে ভূগণাদি পরিত্যাগ করে মলিন বদনে ভূমিতে বসে নথ দিরে লেখেন। ব্রজ্ঞে গোপীদের এই প্রকার মান এবং প্রবাসিনী সভাভামারও এই প্রকার মানের কথা শোনা গোছে কিন্তু লাগ্রীদেবীর মান ভার বিপরীত দেবছি ইনি তার উপর প্রকাশ করে সৈন্য সাজিয়ে প্রিয়ের উপর আক্রমণ করতে যাজেন "

(制) 580

প্রভূ কহে,—কহ ব্রজের মানের প্রকার। স্বরূপ কহে,—গোপীমান-মদী শতধার॥ ১৪০॥ [भया ১৪

#### শ্ৰোকাৰ্থ

শ্রীচৈতন্য মহাপ্রভু বললেন, "বৃদ্ধাবনের বিবিধ প্রকার মানের কথা দয়া করে আমাকে বল " স্বরূপ-দামোদর উত্তর দিলেন, "ব্রজগোপিকাদের মান শতধারা সমন্বিত নদীর মতো।

রোক ১৪১

নায়িকার স্বভাব, প্রেমবৃত্তে বছ ভেদ । সেই ভেদে নানা-প্রকার মানের উদ্ভেদ ॥ ১৪১ ।। শ্লোকার্ব

নানিকার স্বভাব ও প্রেমবৃত্তি—সানা প্রকার, সেই ভেদ অনুসারেই প্রতি নারিকার মানের উদয় হাা।

ক্লোক ১৪২

সম্ভেক্ গোপিকার মান না যায় কথন ৷ এক-দুই-ভেদে করি দিগ্-সরশন ৷৷ ১৪২ ৷৷ গোলার্থ

'বজাগোপিকাদের মান সম্যুক্তপে বর্ণনা করা সম্ভব নয়, কয়েকটি পার্থক্য প্রদর্শন করায় মাধ্যমে আমি দিগ্-সর্শন করম্বি

(創本 580

মানে কেহ হয় 'ধীরা', কেহ ড' 'অধীরা' । এই তিন-ডেদে, কেহ হয় 'ধীরাধীরা' ॥ ১৪৩ ॥

মানিনীগণ প্রধানতঃ ডিনভাবে বিভক্ত—'বীরা', 'অধীরা', এবং 'বীরাধীরা',

ক্লোক ১৪৪

'ধীরা' কান্তে দূরে দেখি' করে প্রভাগান। নিকটে আসিলে, করে আসন প্রদান॥ ১৪৪॥

য়োকার্থ

ধীরা নায়িকা কান্তকে দূর থেকে আসতে দেখে, তংক্ষণাৎ উঠে দাঁড়িয়ে তাঁকে অভিনদন জানান; এবং কান্ত কাছে এলে তাঁকে বসতে আসন দেন

শ্লোক ১৪৫

হাদয়ে কোপ, মুখে কহে মধুর বচন । প্রিয় আলিন্সিতে, ভারে করে আলিন্সন 11 ১৪৫ ॥

#### শ্লোকার্থ

"ধীরা নায়িকা তার হাদয়ের ত্রোধ প্রকাশ না করে মুখে মধুর বচনে কথা বলেন। যখন তার প্রিয় তাঁকে আলিঞ্জন করতে চান, তিনিও তৎক্ষণাৎ আলিক্ষন করেন

শ্লৌক ১৪৬

সরল ব্যবহার, করে মানের পোষণ ৷
কিল্পা সোমুষ্ঠ-বাক্যে করে প্রিয় নিরসন ॥ ১৪৬ ॥
ভোলার্থ

"ধীরা নামিক। সরল ন্যথহারে তাঁর মান পোষণ করেন; অথবা ঈবৎ-হাস্যপরিহাসযুক্ত বাক্যের দারা বা ব্যাজস্তুতি বাক্যের দারা প্রেমিকের আচরণের প্রতিহাদ করেন

গ্লোক ১৪৭

'অধীরা' নিষ্ঠুর-বাকে; করয়ে ভর্থসন । কর্পোৎপলে ভাড়ে, করে মালায় বন্ধন ॥ ১৪৭ ॥ শ্লোকার্থ

"অধীরা নামিকা কখনও নিচুৰ বাকেঃ প্রিয়কে ভর্তনা করেন, কখনও ভার কর্মের দ্বারা তাড়না করেন এবং কখনও ভাঁকে ফুলের মালা দিয়ে বাঁধেন

**জোক ১৪৮** 

'ধীরাধীরা' বক্র-বাক্যে করে উপহাস । কভু দ্বুভি, কভু নিন্দা, কভু বা উদাস ॥ ১৪৮ ॥ শ্লোকার্থ

"ধীনাধীনা নায়িকা কখনও ব্রেগক্তিন দারা প্রিয়াকে উপহাস করেন, কখনও ওঁরে স্থান্তি করেন, কখনও তাঁর নিন্দা করেন, আবার কাখনও উদাস হন।

(関本 585

'মুগ্ধা', 'মখ্যা', 'প্রগল্ডা',—ডিন নায়িকার ভেদ ।
'মৃগ্ধা' নাহি জানে মানের বৈদগ্ধ্য বিভেদ ॥ ১৪৯ ॥ শ্রোকার্থ

''নামিকা' তিন প্রকার.—'মুগ্ধা', 'মধ্যা' এবং 'প্রগল্ডা'। মুগ্ধা নায়িকারা মান-চাতুরোঁ কোন প্রকার ভেদই জানেন না

(副本 )化0

মুখ আচ্ছাদিয়া করে কেবল রোদন 1 কান্তের প্রিয়বাক্য গুনি' হয় পরসন্ন য় ১৫০ ॥

গ্ৰেক ১৫৮]

গ্লোকার্থ

'মৃগ্ধা নায়িকা মুখ আছে।দন করে কেবজ রোদন করেন, এবং কান্তের প্রিয় বাক্য শুন অত্যস্ত প্রসন্ন হন

> হোক ১৫১ 'মখ্যা' 'প্রগল্ভা' খরে ধীরাদি বিভেদ । তার মধ্যে সবার স্বভাবে তিন ভেদ ॥ ১৫১ ॥ গ্লোকার্থ

"বে সমস্ত নারিকা—'মধ্যা' ও 'প্রগল্ডা', তারা ধীরাদি ভেদে ভিন প্রকার।

(स्थिन ३०२

কেহ 'প্রখরা', কেহ 'মৃদু', কেহ হয় 'সমা'।
'ব-সভাবে কৃষ্ণের বাড়ায় প্রেম-সীমা ॥ ১৫২ ॥
ধ্যোকার্থ

